ামিওপ্যাথি মতানুষায়ী গার্হস্থা চিকি প্রণালী।

देवंग्र-कूलक

শ্রীহরিক্ষ মল্লিক কর্তৃক

সঙ্গলিত !

४वर्तिनी अवश (काम्लानि षाता उ

,

Calcutta:

P. Roy & Co. PRESTERS. No. 67, EMAMBARI & JANE, BENTINCK ST

1870.

[यना किन है।को जाहे कान।।

व किंव अभागिका अस्तिकार गण्डे जिल्ला के तासिकात निजय स्था পतीकात अकत्व

পরীক্ষার প্রকরণ		,	(A)
টের গতিব প্রকার ভেদ	,	•••	22
et .,	. ,	• • •	>0
বিজু< শৃকাণ		•••	1. P
বকার জ্বর		•••	\$8
শক্রাস স্বা শেষ		***	2 &
পুণা নিৰ্ণয়			59
बर्ध्य	• •	•••	٩
ামজুব	• •	•••	ش 7
এ দম্নের চিকিৎসং		•••	ኔ አ
াসন্ত, ক্যোগাৰ চিকিৎস।		***	ঐ
१ ^{थक्} वमरन्त्रत हिक्टिस्	, .	•••	३ ०
শ্বাছক এ 🙀	•		٤5
াসন্ত রোগের পর্মিশফ চিকিৎস।	• • •	>14	२२
⊽ल तमञ्ज .	• •		ટ્રેડ

্বাগাদির নাম
নামিকার ক্ষী
নামিকার ক্ষী
নামিকার ছারা
নামিকার ছিং
পালিপাম্ । এ
মুখ রোগা
মাট্রে কোড়া
ভাইতে রক্তামিকা
নাট্ হইতে রক্তামিকা
নাট্ হইতে রক্তামিকা
বসমা প্রদাহ

'জহল প্রদাহের স্থাতি ক্রেটার

्रक्र ह

মুখে প্রগন্ধ	a to dominate state a section of	rest as the	
ি বি যাওন জন ্ত বুড়ি	The second secon		
ঘ্টের কেদন। অর্থাং কিক্		•••	95
शब द शिष्	• •	•••	१२
গলার ভিতর পাকা	• •		9 0
জত বিশি ষ্ট গল ার বেদন:		•••	47
ষরভঞ্	• •	•••	b- F
প্রাচীন করভন্ত	• •	• • •	b-3
कक दहार्ग्य (•••••	•••	৮২
मछत्त कक नम्न इहेल माथ। धतः	• •		۶۶
িংখাস ফেলিতে কক	•••		৮০
মন্তকে কফ বদ্ধাত্	• •	•••	في
কাৰ বোগ	• •		46
শামাল কাশীর চিকিৎফ		7	٠, ۵

		পুরাকে ট
		৯৩
		٩
		86
		50
		৯৬
		. ৯৮
		15.02
		705
		200
		<u>e</u>
क्रिकार क्रिका		509
क्रीकः त्वृत्त्		208
শ্লীহ। রন্ধি		Š.
শ্ৰচীন জ	•••	555
शकीर्ग ८४।११		٩
অমুপিত্ত,		228
প্রকারান্তর অর্থাৎ শূল ব্যাধি		5 2 a
কোষ্ঠবদ্ধ	• • •	224
সশঃ :	•••	, 75 0
হারীয	•••	3 20
যক্তং		258
যক্তের জড়ত	•••	र्
তৰুণ যুক্ত হুদ্ধি	***	5 ÷ Œ
যক্লতের ক্ষেটিক	• • •	25.8
প্রাচীন থক্কৎ রোগ	•••	ऽ२१
কামলা রোগ	• • •	<u>.</u>

(@ ; ·)	
্রেগ্রাদির নাম ্' ক্রান্ত্র	
সামশূল	
অভি সাব	
গ্রামাশ্র	
ভেদ বমি অর্থাৎ ওলাউঠ। •	
শাতিসারিক ভেদ	
রসাশিত ভেদ	
অঙ্গঞাছ বিশিষ্ট ভেদ 👵 .	
শুকা ভেদ	
প্রথব ভেদ	
অগক্তিক রসান্ত্রিত ভেদ রোগ 🐍	
গ্যাশ্রাশিত ভেদ রোগ	
্ভদ রোগের অবস্থান্তরের বিশেষ চিকিৎস।	
ভেদ রেগগের লক্ষণাত্রসারে চিকিৎসা	
গ্ৰহণৰ	
-श्वर	
বিকাংসুন	••
খেঁচনি বা খিল লাগা	(4)
गए [.]	५ ७ १
নানাখিধ মি এ লক্ষণানুষায়ী চিকিৎস।	<u>ه</u>
ভেদ বমির পরেতে যে উপসূর্গ উপস্থিত হয় তাহার ব্যবস্থা ও চিকিৎসা	249
Certais	১৬১
বক্ষঃস্তুলের শোখঃ	(A)
डेमरीय (भाग्यः वा ख्रालामरी	
বাত রোগ	১৬৫
এস্থিত	Á
প্রাচীন প্রস্থি বাতের চিকিৎসা	১৬৭

		পত্র ক্ষ
		291
		\$ <i>%</i> ;
		Š
		395
		ė
		<u> </u>
		5.98
		: 9a
		599
		750
		D
•		565
		১৮৬
		159
mas.		シャケ
মুখ্যান		262
কুইনাইন্ নোস জন্ত রে গেব চিকিৎসঃ	• • •	: %:
পারা দোষ জ্যু রোগ	• • • •	220°
মাায়েশিয়া বা এপ্দন্ দল্ট্, ব্যবহার জন্স রোগের চিকি	ī€ Я }	26:1
ছুল বিশিষ্ট কীটাদির আঘাত বা দংশন		229
তা্ঘাত	••	1596
মোচ্ডানি বা মচ্কিয়া য ওব:	•••	299
ক্ত		200
কাট। যায়ের চিকিৎস্।		\$ 0 \$
ছিল্ল ক্ষত অর্থাৎ ভেঁড়া ঘায়ের চিকিৎস।		٨
है। है। बारवर दिकिश्मा	•	ده د

८क्कार्यामित स्थाप्त स्थाप्त स्थाप्त स्थाप्त स्थाप्त स्थापता स्था		
খোঁচা ঘারের চিকিৎসঃ		
গুলির ঘায়ের চিকিৎস:		
চর্ম রোগ্		
इकुकुर्छ		
ক্ষোটক সর্থাৎ ফোড়।		
রক্তবর্ণ ব্রণ		
কণ্ডু অৰ্থাৎ চুল্কম		
পাচ্ড়া		
। निर्देशकः इस्त		. •
্পাড়া ব বাল্স ই প।		₹ \$
স্থেরণ ক্ষত	. ***	\$ 5
গ।সুলহ(র), ব। জুর।		* *
স্থালে চিকিৎসঃ	• • •	> >
আর্ত্তব রোধের চিকিৎস।	•••	7.5.5
श्रमद	•••	३ ∶
कम्ंिखन		` २ २
সাভাব⊹ডিশ্যা	• • •	२८
পেচুয়ার পাওয়া এক প্রকার বায়ে রোগ	•••	३७
গর্ৱ, ,,		२ ७
অন্তরপতানস্থায় কর্ত্বা বিধি	•••	Ğ
পর্বকালীন চিকিৎস।	•••	₹8
গৰ্ত্তকালীন কোষ্ঠানৱোধের চিকিৎস।	•••	\$ '8
গৱকালীন মূচ্ছ।		₹8
গর্ত্তকালীন দন্তরোগ		٠ ২ 8
গাৰুকালীন বদন ফুলিলে ডিকিৎস	•••	₹8
গর্ত্তকালীন শিরা ফোল	•	" ૨૪

		श्ट्रीका ।
শ্র বেদ্ম শ্র		\$ 8b
•		<u>A</u>
, পব সময়ের চিকি ^ই স	• • •	\$ 8 0
নে পুর্বকালের তিক্তিস		२ त ७
•• ••		\$ G X
लक्ष (कामा) मावक कुल कुल कुरि ५ रसं उपकार किर्करमा	• • • •	३ प प
Fam. griding	• •	२४५
- Marie Company (1984)	• • •	<u>e</u>
भू विनिद्दे		÷ 0.5
ত্যারণতা (অ্থতি প্রভাবের বেম ধাবণে শক্তি নং থাক		छे
প্রস্বের ্রুর যে সকল রোগ উৎপত্ন চইয়া গতেক	•••	٥ ور ډ
স্ক্রেন্স হেইলে ভিংহার চিকিংংস:		ī.
ভুঞাতিশ্য≀	•	; w;
্সুর ত্বর (অর্থাং গুন্ জুর।		১ ৬২
প্রসূত্রের পর জরায়ু ২ ইতে দেব আ ত্তের বিসমত	• .	ş %৩
স্তিকাৰস্থয় অভিমান		২৬৪
अमर् दर भार रम्भेक्तनः		ग्रह
শিশুর চিকিৎস	* > *	২ ৬৬
সভুজ⊹ত শিশুর স্তরুপি≀ে অনিচছ⊹	•••	<u>3</u>
স্তর এদাহ অর্থাৎ স্তন কেন্দ্র পুনকা	• • •	२७५
স্তন্য তাৰ বা স্তৰ্গের সম্পাত:		३ 9 0
দিছাজাত শিশুর চিকিৎসঃ	• • •	२ १ ५
শিশুর নাতিক্ষুটন নাইকেল্ড	•••	२९३
শিক্রি সমিদ্রে	•••	÷ 98
শৌ্শবংশস্থার প্রীজ্ঞা	•••	٩
শিশুর চফুঃ ফোল†	•••	ڕڎؘ

•	
ें _(र्व) ा(चित्र स .म ा	、 对為"表"。
শিশুর মন্তকে শোসাবদ্ধ	
স্মৃত্যজাত শিশুর অনিক্রে ও রোদন প্রায়ণতা	```
শিশুর টুদ্ব স্ফ্রীততঃ	्रवृष
শিশুর হ্রন্ধ কৃষ্কু ভি	> 95-
িশশুর কে⊹ষ্ঠবদ্ধত: ••• •••	٠, >١-،
শিশুর ফাভাবিক কে'ষ্ঠবন্ধত,	** \$ 65
শেশ্বাবর্জার অভিষাধ	272 brz
মানুত্র অধারণাভা : : : : : : : : : : : : : : : : : :	२ <i>७</i> ०
শিশুৰ মৃত্যাৰৱেগৰ	··· ₹৮9
শিশুর ক্মলং রুগেয়	> 124
শেশুর দাঁতি লাগা	२ ৮৮
নন্ত উঠিবার সম য়ের রোগ	. 250
र्नास्टर जल देशार	
িল্বিঃ লোগঃ মস্তাকে জনভাবেং	>59
শিশুর স্থাস কশে রোগ্ অর্থাৎ ইমপানি৷	೨००
্শ্ৰাৰ প্ৰিল ভুৱ	৩০২
্রা রোগ বহুকাল স্থায়ী বা গ্রন্থভজনক হইলে তাহার চিকিৎস	i 909
শিশুর ক্ষয় (রাগ্	৩১৮
এই পুস্তাকে যে সকল ঔষ্ধ ব্যবহৃত হইল তাহাদিগোর বিশেষ	સુલ ૭૪૭
এই প্রাস্থে যে সকল ঔষধ ব্যবহৃত হইয়াছে তাহার নির্ঘণ্ট	૭ ૧૧
্ৰত্যান্তে,যে সকল কঠিন শব্দ ব্যবস্থাত হইয়াছে তাহার অর্থ	Φ α 9

ं गूथवन्न ।

÷ং প্রা(গাক্।সংমাকে বিং ম(বের গে) মূল মুচনম ঃ

মনুষা লোক মাত্রেই সংসার মধ্যে বহুবায়াশ সহকারে উপরোক্ত বর্গ ্তুফার সংসাধন প্রত্যাশার বিচরণ করিতেছেন, কিন্তু তার্গার উৎকৃষ্ট মুন, সারোগা। এই রপ সামাদিগের দেশস্ত প্রাচীন মুনিগা কুর্ক হিরীয়ত इरेफ़ाइफ, १८० मामा निर्वनिया उछ-दिक्या-दिशादन शांख्यान छ खीकाह করিয়াছেন। সত্এব সেই আরোগা বিধান উদ্দেশে এতদেশীয় প্রাচীন চিকিংসা বিজ্ঞাবিৎ পণ্ডিতগণ বভবিধ যত্ন পূর্বক ক্ষিনিশ্চয়, দ্ব্য গুণ পরিক্ষা, প্রভৃতি করিয়। দেশের পরম মন্ত্রের মূল সংস্থাপন করিয়। গিয়া-ছিলেন। ভন্তংগ ধ্রন্তবি, দিবে।দাস, চরক, প্রভৃতি সুনি এবং পণ্ডিত্র্যণ আয়ুক্ষেদ, চরক, স্বাঞ্চতাদি প্রাস্থ্য প্রণায়ন। দ্বার। জীবের কতই উপকার সাধন করিয়াছেন তাহা বর্ণন কর। যায় না, কিন্তু বর্ত্তমান কালে এতৎ প্রদেশের ছার্ছারাকশতঃ তাদুশ প্রাস্থ সকলের অপ্লোচনা, পাঠ, এবং তদনুসারে টিকি-সঃ করণাদি, প্রায় বিল্পু ছওয়ার উপক্রম হইয়াছে, একণে যে ক্রত জন অঃমাদিণের বৈজ্ঞ কুলতিলক চিকিৎস। বিজ্ঞা-বিশারদ, 'চিকিৎসকু মাত্র জীবিত আছেন, তাঁহার লোকান্তর গত হইলেই বোধ হয় আর তাদৃশ চিকিৎসার উৎক্ষা দৃষ্ট হইবে না, স্ততরাং দেশ, কাল, পাত্র বৈষ্মাৰশ**তঃ, আমাদিগকে বিজ**্তীয় চিকিৎসা প্রণালীর শরণ লইতে হই-্তছে। অপিচ চরক বলিয়াছেন ''তদেব যুক্তং ভৈষজাং যদারোগ্যায় কস্পতে। সচৈব ভিষজাং শ্রেকো রোগেভোন যঃ প্রমোচয়েও॥'' যদ্ধারণ সারোগা হয় তাহাই উপযুক্ত ঔষধ এবং যিনি রোগ হইতে মুক্ত করেন্ তিনিই চিকিৎসক্ষাণের মধ্যে শ্রেষ্ঠ। অতএব এক্ষণে বাহাতে অপ্পায়াশে নিশ্চয় রূপে রোগ আরোগ্য হয়, সেই মৃতই প্রাহ্ন।

ব্লুকালাবধি এতৎ প্রদেশে আয়ুর্কোদী মতানুষায়ী চিকিৎসা প্রকরণ প্রচলিত জাছে অনুষ্ঠ যুবনাধিকার কালে কিয়ৎকাল পর্যান্ত ইউনানি ' হুকিমি) মউ প্রতিদ্বা হইয়াছিলেন এবং পরেতে অপ্পকাল মধ্যে উপ-বৈক্তি উভয় মতকে নিরংপ্রোয় করিয়া রাজ-সহায় এলোপদাণি, (ডাক্তরি) মত প্রবল রূপ ধারণ করিয়।ছিলেন, ইত্যবসরে সদৃশ ব্যবস্থা। হোমিও প্রাাথি। মভ প্রকাশিত হইয়া সকলকে চমৎক্বত করিয়াছেন। কিন্তু এতন্মতে সাংসারিক নিতান্ত প্রয়োজনীয় চিকিৎসা প্রকরণ স্মার্নেশিত কোন পুস্তক বঙ্গভাষার প্রচারিত না থাকায় তাদৃশ অভাব কণঞ্চিৎ প্রকারে দূরী করণা-ভিলাবে, কএক জন পর হিতৈষী বিশিষ্ট ভদ্র লোক, বিশেষতঃ এবং প্রথ-মতঃ আমার পরমবন্ধু শ্রীযুক্ত কুমার ব্রজেন্দ্রনারায়ণ দেব বাহাছরের অত্য-রোধে এই গ্রেম্ব প্রণয়ন রূপ মহৎ ব্যাপারে হস্তক্ষেপ করিতেছি, কিছু ইছাতে আমি কত দূর রুতকার্য্য ছইব তাহা নির্দ্ধেশ করিতে পারি না, কারণ ইহ। মাদৃশ জনের পক্ষে ''প্রাংশুগম্যে ফলে লেখভগতুদান্তরিব বামনঃ'' ইত্যাদির স্থায় হুরাশা, তবে কেবল এই মাত্র ভরসা করিতে পারি, যখন আমি সাধারণের উপকার উদ্দেশে ইহাতে প্রব্ত হইতেছি, তখন সহৃদয় মহানুভাব ব্যক্তি মাত্রেই যে আমাকে উৎসাহ প্রদান করিবেন তাহাতে অনুমাত্র ও সংশ্য় নাই।

সদৃশ ব্যবস্থা একটা নব প্রকাশিত মত, অস্তাপি ইহার তাৎপিব বিশেষ রূপে সর্ব্বসাধারণে অবগত হইতে পারেন্ নাই, তজ্জ্য এতমতের উপস্থিত প্রতিদ্বনী এলোপ্যাথি, মতের সহিত এমতের চিকিৎসাপ্রণালীর দোষ গুণের তারতম্য বিষয়ে কিঞ্চিৎ সমালোচনা করিতে বাধ্য হইতেছি, এক্ষণে পাঠক মহোদমগণ সমীপে এই মাত্র সবিনয়ে প্রার্থনা যে, তাঁহার। পক্ষ-পাত শুন্য হইয়া বিচার করিলেই আমি চরিতার্থ হইব।

এতৎ প্রদেশে যাঁহ।দের এলোপ্যাথি মতে একান্ত ভক্তি আছে উাহাদের মধ্যে অনেকেই (নিৰুপক্ষ, যতার্থ বাদী, প্রতিষ্ঠাপত্র-প্রাপ্ত, ডাক্তর গণও) মৃক্তকণ্ঠে স্বীকার করেন্ যে প্রাচীন রোগের পক্ষে উক্ত মতের ঔষধ কোন প্রকারে ফ্রদায়ক হয় না, অতএব তাদৃশ বিষয় পরিত্যাগ করিয়: শ্বরাদি তরুণ রোগের চিকিৎসায় উক্ত মতারুসারে যে আশু প্রতিকার কারিণী শক্তি প্রদর্শিত ছইয়া থাকে, তাহারই ই্র্যান্ট্রেয় প্রয়ত্ত ছইতেছি।

এলোপার্যাথি মতের চিকিৎসায়, জ্বর রোগের, প্রথমাবস্থায়, স্থালাইন্
মিক্সচর্ প্রভৃতি ভেদক ঔষধ প্রয়োগ দ্বারা বিরেচন করাইয়া জ্বর বিরাম
কালে (বিরতি না হইলেই ঘোর বিপদ) বহু পরিমাণে পুনঃ পুনঃ কুইনাইন্
সেবন করাইয়া জ্বর নিলারণ করা রীতি আছে, তজ্ঞপ, উপদংশ রোগে
গ্রাধিক পরিমাণে পারা সেবন দ্বারা অতিরিক্ত লালা নিঃসর্গ্রন করাইয়া ক্ষত
আরোগ্য করা নিয়ম প্রচলিত আছে। উক্ত উভয় প্রক্রের রোগে উভয়
প্রকার উয়প, আশু বিশেষ উপকার দায়ক হইলে ও পরেতে যে নানাবিধ
শ্বীর নাশকরোগ উৎপন্ন করিয়া থাকে তাহা বোধ হয় এতৎ প্রাদেশে
কাহারই অবিদিত নাই।

প্রবাদ আছে যে কুইনাইন্ দ্বারা প্রথমতঃ জ্ব, বন্ধ হইয়া পরেতে
নিয়ম লন্ত্রন করিলে পুনর্বার প্রকাশিত হয়, কিন্তু বন্ধুতঃ তাহা নহে।
অধিক পরিমাণে সেবন করিলে, কুইনাইন্ একটা স্বতন্ত্র রোগ রূপে পরিণত
ছইয়া তাহার আনুসঙ্গী পরাতন জ্ব, প্লীহা, যয়ৎ, কামলা, শোগঃ, অজীর্ণ,
অতিসার, রক্ত ক্ষয়, ইত্যাদি নানাবিধ রোগ উৎপন্ন করে। এই রূপে
অপর উসধ পারা, অধিক পরিমাণে ব্যবহৃত হইলে, প্রথমতঃ উপদংশের
ক্ষৈত আরোগ্য করিয়া স্বয়ং একটা স্বতন্ত্র রোগ রূপ ধারণ করতঃ সর্বাঞ্চে
ক্ষত, পিনস্, চক্ষুঃ, কর্ণ, এবং মুখ রোগ, বাত প্রভৃতি নানাবিধ শরীরনাশক
ফর্দম্য রোগ সকল উৎপন্ন ক্রায়।

উপরেক্ত উভর প্রকার ঔষধ জন্ম বিরুতিজ রোগ সকলের প্রতীকার করিতে হইলে এলোপ্যাথি মতে বহুকাল পর্যান্ত বিরেচক ঔষধ ব্যবহার করান রীতি প্রচলিত আছে, কিন্তু তদ্বার। রোগী, ক্রমশঃ ক্ষীণ হইরা আমৃত্যু নানাবিধ যাতনা ভোগ করিতে থাকে। এতং প্রেদেশে এলোপাথি মতের চিকিৎসারবিন্তীর্ণতা নিবন্ধন প্রায় সকলেই উক্ত ঔষধ্বন্ধ জন্ম বিরুত্বি এবং তন্ত্রিবারণের উপায়, উক্ত মতামুসারে যে নিতান্ত অকিঞ্ছিৎ কর তাহা বিশেষ রূপে অবগত আছেন, অতএব তদ্বিষয়ে অধিক আন্দোলন করণের প্রয়েজন্মভাব। বকন্ত পরিশেষে ইহাও উল্লেখ করা কর্ত্তব্য হইতেছে যে কর্কনাইন্ এবং পারা, অধিক পরিমাণে শরীরে প্রবেশ করিলে, তাহারা কেবল ভুক্ত-দ্রব্য-বাহক-প্রণালী বা পাকস্থলীতে নিবন্ধ থাকে না যে বিরেচন দ্বারা নির্গত হইতে পারে। তাহারা দেহ মধ্যে প্রবিষ্ট হইয়া শিরা, স্ক্রম-শিরা, খদনী, স্নায়ু, অস্থ্যাবরক-স্ক্রম-ত্বক্, অস্থি, মর্জ্ঞা, পর্যন্ত আক্রমণ করিয়া থাকে, অতএব পৃথিবী মধ্যে অস্থাপি ও এমত কোন প্রকার বিরেচক ঔষধ আবি্ছক হয় নাই যে, তাহাদিগকে বিরেচন দ্বারা শরীর হইতে নিঃস্ত

সনৃশ ব্যবস্থা মতে জ্বর নিবারণ জন্ম প্রথমতঃ বা চিকিৎসার কোন কালে বিরেচক ঔষধ ব্যবহার করাইয়া রোগীকে অবসন্ন করারীতি নাই। হরের প্রবলাবস্থার অত্যপ্প পরিমাণে লক্ষণানুযায়ী ব্যবস্থের ঔষধ সেবন করাইলে কিয়ৎকালের মধ্যে জ্বর নিবারিত হইয়া রোগী ক্রমশঃ সবল হইতে থাকে এবং পরেতে কোন প্রকার ঔষধ জন্ম বিরুতি বা প্রাচীন জ্বরাদি কদাচই প্রকাশিত হয় না। তজপ উপদংশ রোগা, লক্ষণানুসারে ঔষধ সেবন করিলে লাল নিঃসরণাদি না হইয়া, অত্যাশ্চর্যা রূপে নিরাক্ত হয়, এবং পরেতেও কোন প্রকার ঔষধ জন্ম উপস্থিত হয় না। এতন্মতেও কুইনাইন্ এবং পারা, রোগা বিশেষের লক্ষণানুসারে ব্যবহৃত হইয়া থাকে, কিন্তু তাহা এরূপ অনুমাত্র মাত্রায় যে তত্তৎ ঔষধ দ্বারা কেবল উদ্দেশ্য রোগাই নিবারিত হয়, অথচ তাহারা কোনমতেই শরীরের মন্ত্র বিশেষ আত্রয় করিয়া বিক্লতি জন্মার না। অতএব উভয় মতের মধ্যে যাহার ঔৎকর্ষ্য সংস্থাপিত হইতেছে তাহা নিকপেক্ষ পাঠকগণ বিচার পূর্ব্বক দ্বির করিবন আমার অধিক প্রতিবাদের প্রয়োজনাভাব।

সদৃশ ব্যবস্থা মত, এতৎ প্রদেশে নবাগত, এবং রাজসহায় বিহীন স্থতরাং ইহাকে উন্মূলিত করিবার মানসে এতৎ প্রদেশীয় অনেকানেক বুদ্ধি-মান, লোক ও বিশেষ রূপে দোষ গুণের পরীক্ষা না করিয়া এলোপ্যাথি মতের প্রতি অচলা ভক্তি বশতঃ নানাবিধ প্রতিবাদ করিয়া থাকেন্, অতএব ভত্তৎ বাক্য উদ্ধৃত করিয়া কিঞ্চিৎ প্রত্যুত্তর প্রদাশে বাধ্য ছইতেছি। বোধ করি উদার-স্বভাব পাচক মছোদয়গণ স্বীয় স্বীয় উদার্গ্য জনা করিবেন।

কেহ কেছ বলিয়া থাকেন্ হোমিওপান্থি মতের ঔষধের মাত্রা এমত সম্পাযে তাহাতে কোন মতেই রোগ নিরাক্ষত হইতে পারে না, কেবল বিশ্বাসে অথবা পথা ব্যবস্থার কাঠিনা প্রযুক্ত বা শ্বভাবতঃই কালেতে সারোগা হইয়া থাকে ইতাাদি।

যে স্থলে দেখা যাইতেছে যে (ইতরেতর জ্ঞানাভাব সত্তেও) শিশুর এবং পশুর রোগ সকল অপ্পায়াসে এমতের ঔষধ প্রায়োগ দ্বারা নিবারিত হইতেছে, তথন বিশ্বাসে আরোগ্য হয়, এরপ কদাচই বলা যাইতে পারে না

আমি হ্বরং চিকিৎসা কার্য্য আরম্ভ করিয়া বহু সংখ্যক দরিক্র লোকের । যাহাদের পথ্য ব্যবস্থানুসারে চলিবার কোন মতেই সন্তাবনা নাই) এই মতের ঔষধ দারা চিকিৎসা করিয়া দেখিয়াছি, অনেকেই অত্যাশ্চর্য্য রূপে আরোগ্য লাভ করিয়াছে, অতএব পথ্য ব্যবস্থার কাঠিন্য প্রযুক্ত আরোগ্য হয়, ইহা কি প্রকারে বলা যাইতে পারে? আর ও যদি তাহাই সত্য হইত তাহা হইলে দেশস্থ ধনীগণ, যাহারা অনায়াসে আহার পরিচ্ছদাদির নিয়মানুসারে চলিতে পারেন, তাহাদের আর চিকিৎসার প্রয়োজন ছিল না। বিবেচনা করিয়া দেখিলে আমাদিগের প্রদেশে পূর্ব্বে যে আয়ুর্বেদী মতে চিকিৎসাত হইয়া এককালে আরোগী হইত, সে মতে যে প্রকার উপবাস প্রভৃতি কঠিন নিয়মাদি আছে, তাহার সহিত ইহার পথ্য ব্যবস্থার তুলনা করিলে, ক্রমাদের নিয়ম যে কত গুণ সহজ তাহা পাঠক গণ অনুভব করিবেন।

এতং প্রাদেশে যে সময়ে তাড়িংবার্তাবহ প্রকরণ প্রকাশ ছিল না, তং-কালে কোন বিদ্বান্ ব্যক্তি এতদ্বিষয়ের আশ্চর্য গুণ প্রকাশ করিলে অনেকানেক বুদ্ধিমান্ লোকও অলীক জ্ঞান করিয়া উপহাস করিতেন। পরে যজ্ঞা কালের গতিতে এক্ষণে তাহার গুণ বালকেও অবগত হইয়াছে, স্তরাং তিছিবরে আর কাহারই সংশার জন্মেনা, তদ্রপ সদৃশ ব্যবস্থা মতের তাৎপর্যা-নভিজ্ঞ জনগণের নিকণি সম্প্রতি হাস্থাম্পদ হইলেও যে কালেতে ইহা সংসার মধ্যে বিস্তীর্ণ হইরা বহু মন্ধলের আকর হইবে, তাহাতে অমুমাত্র ও সংশার নাই।

এক্ষণে পাঠকগণ সমীপে বিনয় পুরসংর আমার এই মাত্র নিবেদন যে তাঁহারা অন্যান্ত নাট্য, কাব্য, উপস্থাসাদি বিস্তন্ত পুন্তকগণের ন্যায় গ্রন্থ খানি পাঠান্তে পরিত্যাগ না করিয়া, এতন্তাযায়ী ঔষধ সকল নিখিত লক্ষণানুসারে প্রয়োগ করতঃ কি প্রকার ফলদায়ক হয়, তাহা দর্শনপূর্বক পক্ষপাত শৃত্য হইয়া বিচার করিবেন।

আমি এতচ্চাস্থ প্রণয়ন জন্য পরিশ্রমের ক্রটি করি নাই। ইহা কোন প্রস্থাবিশেষের অনুবাদ মাত্র নহে। চিকিৎসা বিজ্ঞাবিশারদ, লরি, হেরিং, ক্লেপল্, জস্লিন্, মর্গ্যান্, জার্, হস্ক্রিস্ প্রভৃতি প্রস্থ কর্তৃগণের প্রস্থ সকলের আশ্রয় লইয়া চিকিৎসা দারা স্বয়ং যাদৃশ ফল দেখিয়াছি তাহাই এতৎ পুস্তকে সন্নিবেশিত করিয়াছি এবং ভিন্ন দেশীয় আহার পরিচ্ছদাদির নিয়ম, এতৎ প্রদেশীয় লোকের প্রতি কোন মতেই বিধেয় হয় না, তজ্জ্য প্রচলিত বৈজ্ঞক মতের পথ্য ব্যবস্থার সহিত সদৃশ ব্যবস্থার পথ্য নিয়মের প্রক্য করিয়া পথ্যাদির নিয়মাবধারণ করিয়াছি।

পরিশেষে যে সকল ব্যক্তি পুস্তক প্রণয়ন বিষয়ে আমার সাহায়। করিয়াছেন তাঁহাদিগকে ধন্য বাদ না দিয়া এবং তাঁহাদের নিকট ক্লভ্জত। স্বীকার না করিয়া প্রস্তাবনা পরিসমাপ্ত করিতে পারিলাম না।

মহামাত সাগাঁর ৬ রাজা রাধাকান্ত দেব বাহাছ্রের পৌত্র মহামুতাব শ্রীযুক্ত কুমার ব্রজেন্দ্রনারায়ণ দেব বাহাছুর তাঁহার কর্মোপর্স ছ আমাদি-গের বাস প্রামে অবস্থিতি সময়ে, প্রথমতঃ বহু তর্কের পর, সদৃশ ব্যবস্থা মতের গুণ পরীক্ষায় যত্র শীল হওনের জন্ত স্বয়ং পুস্তক এবং ঔষধাদি প্রদান করতঃ আমাকে উপদিষ্ট কলে। আমি তদবধি বহু সহত্র লোকের চিকিৎসা করিয়া ক্রমশঃ আশ্চর্যায়িত হইতে লাগিলাম! কিয়ৎকাল গতে উক্ত মহামা প্রতম্মতের বঙ্গভাষায় এক থানি সম্পূর্ণ গার্হস্থা চিকিৎসার উপযোগী পুস্তক লিখিতে আমাকে নিতান্ত অনুরোধ করিলেন, কিন্তু তৎকালে আমি চিকিৎসা কার্য্যে অত্যন্ত ব্যাপৃত থাকায়, এবং লেখক অন্তার স্বাহত্তে লেখা অত্যন্ত ত্রুহু বিবেচনায়, অত্যুপমাত্র লিখিরাই ক্ষান্ত থাকিলাম। অনন্তর স্বীয় কার্য্যোপলক্ষে জেলা রাজণাহী বোয়ালিয়াতে আমার অবস্থিতি কালে তত্ত্ত্য কএকটা বিশিষ্ট ভদ্রলোক, বিশেষতঃ লোকনাথ স্কুলের প্রধান শিক্ষক জীযুক্ত বাবু জীশচন্দ্র রায় মহোদয় এবং বোয়ালিয়া গবর্গমেণ্ট স্কুলের অন্যতর শিক্ষক জীযুক্ত কারু বেণীমাধব সরকার, এতহ্নত্ত্যে লেখকের কর্মের ভার গ্রহণ করিয়া পুনর্বার অনুরোধ করাতে পুস্তক আরম্ভ করিলাম এবং তাঁহাদের প্রযত্ত্বে অত্যোপকাল মধ্যে সম্পন্ন হইল। কিন্তু আমার ত্রর্দ্ধ প্রযুক্ত কেহই সংশোধনের ভার গ্রহণ করিলেন না, স্তরাং পুস্তকে যে কিছু দোষ লক্ষিত হইবে তাহা কেবল আমারই জানিবেন। ভরসা করি ধীরগণ, স্বীয় স্বীয় গুণে সংশোধন করিয়া লইবেন।

১২৭৭ স|ল।) ১০ই আখিন। শ্রীহরিকৃষ্ণ মল্লিক।
মহেরপুর জেলা নদীয়া।

उन्निम्मि ।

मृत्यं वाव**ऋ। अर्थाः ८१। मिछ्नांशि**दं मरक्क्य विवदन्।

এই চিকিৎসা প্রণালী প্রায় তিন হাজার বংসর পূর্বে পরম পণ্ডিত ডিমোক্রাইটস্ কর্তৃক প্রথম কপিত হইয়া পরেতে হিপক্রেটিস্ কর্তৃক স্থিরীক্কত হয়। তদনন্তর ইউরোপ: মহারাজ্যের অধীন জর্মানী মহাপ্রদেশের অন্তঃগত স্যাক্স-নির অন্তর্ত মাইসন্ নগরে ১৭৫৫ সালের ১০ই এপ্রেল দিবসে হানিম্যান নামক মহাত্মার জন্ম হয়। উক্ত মহাত্মা ল্যাটীন, গ্রীক, ফরাষি, ইংরাজি, জর্মন্ প্রভৃতি ভাষায় পারদর্শী ছিলেন। ১৭৯০ সালে গোমরণ নগরে তাঁহার অবস্থিতি কালীন ঔষধের শক্তি বিষয়ে চিন্তা উপস্থিত হয়। তাহার আদিম রুক্তান্ত এই যে এলোপ্যাথি মতের ঔষধের রোগ নিরাকরণ শক্তির বিষয়ে চিন্তা করিতে করিতে প্রথমতঃ কিছু ু স্থির করিতে না পারিয়া স্বাস্থ্যাবস্থায় কুইনাইন সেবন দারা **मिथित्नन (य, जनाता ज्**त छे९भन इय़। ज९भटत जनाना ঔষধের ঐৰপ পরীক্ষা করিয়া পর্য পণ্ডিত চিকিৎসাবিদ্যা-विभातम प्रशासा जित कतिलान या, या ममूनत छेवथ चळ्न শরীরে সেবন করিলে যাদৃশ রোগ উৎপন্ন করায়, তাদৃশ লক্ষণা-ক্রান্ত রোগ সেই ঔষধ দ্বারা নিরাক্কর্ত হয়। তথন এই মতে কিচিৎসা করিতে আরম্ভ করিলেন। অনুম্বর পরীক্ষা করিয়া দেখিলেন ষে ঔষধের ভাগ যত অপ্প পরিমধ্যে দেওয়া য়য় তত্ই অধিক উপকার করে। পরে এই মতেঁর চমংকারিত।

দর্শনে আমেরিকা ও ইউরোপ খণ্ডস্থ বহুতর চিকিৎসা বিদ্যা বিশারদগণ ঘাঁহারা পূর্বে এলোপ্যাথি মতের এম ডি, উপাধি প্রাপ্ত হইয়া ছিলেন, তাঁহাদিগের মধ্যেও অনেকে এই মত প্রাহণ করিয়া নানাবিধ ঔষধ প্রকাশ ও তৎসম্বন্ধীয় গ্রন্থাদি প্রস্তুত করিয়াছেন এবং করিতেছেন। এক্ষণে তদনুসারে এ মতের চিকিৎসা দেশ বিদেশে চলিতেছে।

হোমিওপ্যাথিক্ উষধ।

এই মতে চারি প্রকারে ঔষধ ব্যবহৃত হইয়া থাকে যথা—

১। (টিস্চর্) আবক।

২। (পিলিউল্) বড়ি।

৩। (প্রবিউল্) ক্দ বটীকা।

৪। (ট্রাইটিউরশেন্) গুঁড়া।

অনুপান জল।

তাহাও চারি প্রকারে ব্যবস্ত হইয়া থাকে; মথা;—

প্রথম। কলের দারা নির্মনীকৃত জল

ছিভীয়। ঝণার জল।

তৃতীয়। রাফীর জল।

চতুর্থ। গরম জল শীতল করিয়া।

এই সকল নিয়ম পুস্তকে লিখিত আছে। যদ্যপিও উক্ত প্রণালী মত পর পর ক্রমশঃ জলের গুণের তারতম্য আছে কিন্তু সকল স্থানে সকলের দ্বারা তাদৃশ জল প্রাপ্ত হওরা কঠিন বিবেচনায় আমি যাধারণ পরিষ্ঠ জলে ঔষধ মিশ্রিত করিয়া দেখিয়াছি যে ঔষধের কোন প্রকারে গুণের লাঘব হয় না। পুস্তক মধ্যে পুনঃ পুনঃ প্রত্যেক ঔষধের মাত্রা লিখিতে হইলে অভিশয় বাহুলা হয়, তৃজ্জনা এই নিয়ম নির্দ্ধারণ করা যাইতেছে যে, যে নকল স্থানে ঔষধের মাত্রাক্র বিশেষ নিয়ম লিখিত হইল না, সেই সেই স্থানে নিমু লিখিত মতে ঔষধের মাত্রা নির্দ্ধিক করিতে হইবে। অর্থাৎ বদ্যাপি আরক ঔষধ হয়, তাহা হইলে শিশুর প্রতি এক কোঁটার অর্দ্ধিক ভাগের এক ভাগ। বালকের প্রতি এক কোঁটার অর্দ্ধিক ওষধ হয় তাহা হইলে শিশুর প্রতি এক কোঁটা। বদ্যাপি বিদ্ধিক ঔষধ হয় তাহা হইলে শিশুর প্রতি এক কোঁটা। বদ্যাপি বিদ্ধিক ঔষধ হয় তাহা হইলে শিশুর প্রতি তিন ভাগের এক ভাগ। বালকের প্রতি অর্দ্ধিক ব্যক্তির প্রতি একটা।

যদ্যপি ক্ষুদ্র বটিকা হয়, শিশুর প্রতি একটী, বালকের প্রতি ছুইটা এবং তদুর্দ্ধ বয়স্ক ব্যক্তিগণের প্রতি তিন বা চারিটী।

যদি গুঁড়া হয় তবে শিশুর প্রতি এক গ্রেনের তিনভাগের এক ভাগ ও বালকের প্রতি অর্দ্ধ গ্রেন্ এবং তদূর্দ্ধবয়ক্ষের প্রতি এক গ্রেন্।

উক্ত প্রকার আরক ভাগ করিবার উপায় এই যে, পরিমিত জলে মিশ্রিত করিয়া সেই জল চুই কিয়া তিন ভাগ কবিয়া নইলে অনায়াসে হইতে পারিবে।

যদ্যপি সদৃশ ব্যবস্থার অনেকানেক গ্রন্থে জলের পরিমাণ নির্দারিত ইইয়াছে, কিন্তু তাহতে ইংরাজী মাপেরগ্লাস আব-শ্যক, কিন্তু তাদৃশ গ্লাস সকলের পক্ষে সকল সময়ে স্থলভ নহে। স্থতরাং আমি তাদৃশ বিধিতে আবদ্ধ

[•] এস্থলে ইহাও জানা কর্ত্তব্য যে আড়াই বংসর বয়স্ককে শিশু বলিরা গণ্য করিতেহইবে, ও তদুর্দ্ধ চতুর্দ্দ বর্ষ পার্মিত বয়স্ককে বাসকরপে পরিগণিত হইবে।

থাকিতে অশক্ত হইরা এই নিরম নির্দারণ করিয়া ফল প্রাপ্ত হইরাছি যে প্রত্যেক মাত্রার শিশুর প্রতি অর্দ্ধ ভোলা, বালকের প্রতি এক তোলা, তদুর্দ্ধ বয়ক ব্যক্তিগণের প্রতি তুই তোলা পরিমাণ। অর্থাৎ যে কয়েক বার ঔষধ সেবন করিতে হইবেক উক্ত পরিমাণে তত গুণ জল একটা পাথরের কিয়া কাঁচের বাটীতে, বা চীনের বাটীতে রাখিয়া সেই কয়েক মাত্রার পরিমাণ মত ঔষধ তাহাতে দিলে প্রস্তুত হইবে এবং কয়েক গুণ তাহার উপর বর্ত্তিবে। মিশ্রিত হইলে ফ্রণকাল পরে প্রস্তুত জল তিন বা চারি ঘন্টা অন্তর এক এক বার সেবন করিবে।

এ স্থলে ইহাও জানা কর্ত্তব্য যে ঔষধে কোন প্রকারে হস্ত কিয়া অন্ধুলি স্পর্শ না হয়। তাহা হইলে ঔষধের গুণ নই ইইলে ঔষধের প্রণ নই ইইলে। অপিচ ঔষধ প্রত্যেক বার সেবনের পর পাত্র আচ্ছাদিত করিয়া যে স্থানে স্থার্যের কিরণ বা বায়ুনালাগে এনত স্থানে রাখিতে হইবে, আর যদ্যপি তামাক ব্যবহার করা অভ্যাস থাকে তাহা হইলে ঔষধ সেবনের এক ঘন্টা অত্রে কিয়া পরে ব্যবহার করিবে। সদৃশ ব্যবস্থার পুস্তক সকলে যে প্রকার আহার পরিচ্ছদের ব্যবস্থা লিখিত আছে, তাহার সহিত এতৎ প্রদেশীয় আহার পরিচ্ছদের কোন মতেই ঐক্য হইতে পারে না। কারণ যে সকল প্রদেশ হইতে এই হোমিওপ্যাধি মত প্রচারিত হইয়াছে সে দেশের আহার্যা ক্রেয় এবং এতং প্রদেশের ভৌজ্য ক্রেয়া আনক বিভিন্নতা, তজ্জনা আমি এতং প্রদেশীয় আয়ুর্কেদী মতানুন্যুয়ী স্বয়ং ব্যবস্থা করিয়া যে প্রকারে কল প্রাপ্তি হইয়াছি সেইবাপ আহারের ব্যবস্থার নিয়ম বন্ধ করিয়া রোগ বিশেষের

চিকিৎসার বৃত্তান্ত লিখিয়া পরিশিক্টে আহারের ব্যবস্থা সনিবেশিত করিলাম। ব্যবস্থা মধ্যে এই নিয়ম সকল অবশ্যই পালন করিতে হইবে, থেলঙ্কার ঝাল্, পিয়াজ, त्रसून, जाना, विक्र, हां विनाही, न्तक, रेगांव, जायकन, প্রভৃতি গরম মসলা সকল পাকের সহিত অথবা পানে কোন মতে ব্যবহার করিবে না, বিশেষতঃ কপূরি এই মতে এক কালীন বর্জ্জিত। কার্ম তদ্ধারা ঔষধের গুণ একেবারে বিনষ্ট হুইয়া যায়। কোন প্রকার মাদক ক্রব্য অর্থাৎ বাহাতে নেশা হয়, তাহা ব্যবহার করিবে না। ফলের মধ্যে যদি মধুর রস বিশিক্ট স্থপক ফল হয়, এবং তাহা ভক্ষণ করিলে পীড়া বিশেষকে রুদ্ধি না করে, তাহা ব্যবহার করা যাইতে পারে। শিশুর চিকিৎসা করিতে হইলে, তুগ্ধ কোন মতে নিষেধ করা যাইতে পারে না, এমত স্থলে কিয়া রোগ বিশেবে যে স্থলে সাধারণের প্রতি দুগ্ধ ব্যবস্থা হইবে, তৎকালে হোমিওপ্যাথির মতানুযায়ী ছ্পা জাল দিয়া প্রস্তুত করিবে, অর্থাৎ ছুগা ছাঁকিয়া কড়া বা অন্য পাত্রে অগ্নির উত্তাপে চড়াইয়া কিঞ্চিৎ পরে তাহাতে ক্ষুদ্র কুদ্র বিষ্ণ উপিত হইলেই নামাইয়া সর অন্তর করিয়া কেবল ছুগ্ধ অথবা তাহাতে মিস্রি দিয়া ব্যবহার করিবে। আর যে শিশু কেবল মাতৃস্তন্য পান দারা পোবিত হয়, তাহার ধাত্রীকে শিশুর চিকিৎসার নিয়মানুসারে সাবধান থাকিতে रुरेद- v ·

সদৃশ ব্যবস্থার ঔষধ জলে মিগ্রিত হইলে তাহার গুণ অই প্রহরের অধিক থাকে না। অতএব এক দিনে যে পরিমানে ঔরধ ব্যবাহর করিতে হইবে তাহার অতিরিক্ত প্রস্তুত করিয়ারাখিবেনা।

হোনিওপ্যাধিমতের ঔষধ প্রয়োগের নিয়ম।

চিকিৎসায় প্রবৃত্ত হইবার প্রথমে রোগ নির্ণয় করা আবশ্যক। তাহার নিয়ম এই যে, আদৌ রোগীর অবয়ব দর্শন করিবেক অর্থাৎ জিহ্বা, চক্ষুঃ ও বর্ণ পরীক্ষা করিবেক, দ্বিতীয়তঃ স্পর্শন দ্বারা অর্থাৎনাড়ী দেখিয়া পরীক্ষা করিবেক. অবশেষে প্রশ্নের দারা অর্থাৎ রোগীর আন্তরিক উপস্থিত যাতনা কি প্রকার এবং তাহা কি কি কারণ হইতে উৎপন হইয়াছে জিজ্ঞাসা করিয়া রোগ নির্ণয় করিবেক। কারণ যে সকল লক্ষণ আপাতত দেখা যায়, তাহার আদিকারণ ধরিয়া চিকিৎসা না করিলে কোন মতে রোগ আরোগ্য হওয়া সম্ভাবিত নছে। অতএব সেই কারণ ধরিয়া উপস্থিত লক্ষণের সহিত ঐক্য করিয়া যে ঔষধ ব্যবস্থা হইবে, সেই ঔষধ প্রয়োগ করিবে। বদ্যপি তিন চারি নাত্রা প্রয়োগের পর লক্ষণের কোন প্রকার ক্রাস না হয়, তবে পুনর্ব্বার বিশেষ করিয়া রোগের পরীকা করিয়া অন্য ঔষধ ব্যবস্থা করিবে। ঔষধ পুনঃ পুনঃ পরিবর্ত্তন করা কোন মতে বিধেয় নহে। এক ঔষধে যদি কিঞ্চিৎ উপশম বোধ হয়, তবে তাহার কার্য্য কিছু কাল অপেকা कतिया (मिथ्रा, यमि आत लक्षरात द्वाम ना करत ज्वा आत উষধের ব্যবস্থা করিবে। আর যদি ক্রমশই উপশম করে, (महे अवध वावहात कताहित्व। तारातत लक्का ममुम्स चस्र हिं छ इहेटल जात अवध स्मवन कताहित्व ना ।

হোমিওপ্যাধিক ঔষধ রাখিবার নিয়ম্।

শুষধ সকল ছিপি দ্বারা বিলক্ষণ আবদ্ধ করিয়া বাক্সের ভিতর রাখিয়া রৌদ্রের উন্তাপ না লাগে, এবং শীতল বায়ু বাহিত হর, অথচ অক্সকার থাকে এমত স্থলে বাক্স রক্ষা করিবে। উক্ত ছিপি উত্তম ৰূপ বৃদ্ধ থাকিলে বহু কালেও উবধের গুণের বৈলক্ষণ্য হইবে না। যদ্যপি দৈবাৎ কোন শিশি ভগ্ন হইয়া যার, এবং তাহাতে যে উষধ ছিল তাহা অন্য শিশিতে রাথিবার প্রয়োজন হয়, তাহা হইলে প্রথমতঃ সেই শিশি শীতল জলের দ্বারা উত্তমৰূপে পরিষ্কৃত করিয়া পুনর্বার উষ্ণ জলে তিন চারি বার ধৌত করিয়া সূর্য্যের উদ্ভাপে এবং অগ্নির উদ্ভাপে শুষ্ক করণান্তর তাহাতে উষধ রাথিবে এবং ছিপি পরিষ্কার করার পক্ষে ও ঐ নিয়ম করিতে হইবেক, যদ্যপি তুই উষধ এক কালীন জলে মিশ্রিত করিয়া এইৰূপ চিহ্নিত করিয়া রাথিতে হইবে যে কোন প্রকারে অম না হয়।

যদি কোন ঔষধের প্রতি কোন প্রকার সন্দেহ জন্মায়
অর্থাৎ যদি ঔষধ বিবর্ণ হয় কিয়া শিশিতে দাগ ধরে, কি ঔষধে
ছিপির গুড়া পড়ে, কি উহার নাম উঠিয়া কি মুছিয়া যায়, তাহা
.হইলে ঐ ঔষধ এক বারে পরিত্যাগ করাই পরামর্শ দিল্ধ।
এক ঔষধের ছিপি অন্য ঔষধের শিশিতে ব্যবহার করা কোন
মতে উচিত নহে, যে হেতু ছিপি অত্যন্ত সছিদ্র, উহাতে ঔষধের
অংশ এরপে প্রবেশ করে যে তাহা কোন রূপে বিশুদ্ধ করা যায়
না স্কৃতরাং উহা একে বারেই পরিত্যাগ করা উচিত।

যে স্থানে প্রস্তুত ঔষধ থাকিবে সেথানে কোন প্রকার গন্ধু দ্ব্য থাকিবে না, এবং সেই স্থান পরিষ্কৃত্, শীতল, শুদ্ধ, এবং অন্ধকারময় হইবে। এ মতানুষায়ী ঔষধ ব্যবহার কালে অন্য কোন প্রকার ঔষধ সেবন করিবেক না। এবং শরীরের উপরে ও এই মতের ব্যবস্থামুষায়ী দ্রব্য ভিন্ন অন্য , কোন প্রকার দ্রব্য ব্যবহার করা কর্ত্ব্য নহে। এই মতানু-যায়ী কপূর্রের আরক অন্য সমুদ্য় ঔষধ হইতে দূরে রাখিতে , হইবে।

স্থান বিধি।

স্বাস্থ্য বিধানের নিমিন্তে যে ৰূপ ঔষধ, পথ্যের প্রয়োজন, তদ্ধেপ স্থানও একটি প্রধান। অতএব তদ্বিয়ে কিঞ্চিৎ লেখা কর্ত্ত্য। নব অরে কোন প্রকারে স্থান করিলে অরের ভোগ কালের আধিক্য হয়, অতএব তাহা কোন মতেই বিধের নহে। কোন স্থান প্রদাহ বিশিউ হইলে শীতল জল অপেক্ষা উষ্ণ জলে স্থান অনেকাংশে উপকার করে। স্থান করিয়া অধিক কাল আর্দ্র বিশ্বে থাকিবে না, এবং জলে দশ মিনিটের অধিক কাল থাকাও কর্ত্ত্ব্য নহে। এবং স্থানের সাধারণ নিয়ম এই যে, অত্যন্ত স্থর্যোর উক্তাপ এবং জল অতি শীতল থাকে এমত সময়েও জল কিঞ্চিৎ উষ্ণ ও উপরে অত্যন্ত শীত বোধ এ প্রকার কালে স্থান করিয়া শীঘ্র অঙ্গ মার্জ্বনা দ্বারা শরীর এবং মস্তক নির্জ্জল করিয়া গাত্রে বস্ত্রান্থত করিবেক। কোন মতে রোগীর পরিশ্রেম না হয়।

রোগ পরীক্ষার প্রকরণ।

চিকিৎসায় প্রবৃত্ত হ্ইবার পূর্বের রোগ পরীক্ষা, তদনন্তর শুষধ পথ্যাদি ব্যবস্থা। সদৃশ ব্যবস্থার মতানুসারে বিজ্ঞবর গ্রন্থ কর্ত্তারা যে ৰূপ লিথিয়াছেন তদনুসারে রোগ পরীক্ষার নিয়মাদি বিশেষৰূপে লিখিতে হইলে অত্যন্ত, বাছল্য হয় অতএব নিতান্ত প্রয়োজনীয় প্রকারমাত্র এতদগ্রন্তে সন্নির্বেশিত করা গেল।

প্রাচীন গ্রন্থকর্ত্তাগণ পরীক্ষা তেন প্রকার করিয়াছেন; প্রথম দর্শন, দ্বিতীয় স্পর্শন, তৃতীয় প্রশ্ন।

দর্শন—রোগ়ীর অবয়ব, বিশেষতঃ চক্ষু, জিহ্বা, ত্বক্ ইত্যাদি, এবং মূত্র পুরীষাদির বর্ণ দর্শন।

স্পর্শন—রোগীর শরীর বা বিশেষ কোন স্থানে হস্ত দারা। শীতোফাদি উপলব্ধি এবং হস্ত বা যন্ত্রাদি দারা স্থাপিওের ও নাড়ীর গতির জ্ঞান।

প্রশ্ব—প্রথমতঃ রোগীর যে কারণে রোগোৎপত্তি হইয়াছে তাহা বিশেষ ৰূপে জিজ্ঞাসা দ্বারা পরিজ্ঞাত হওয়া। রোগীর ধাতৃ (অর্থাৎ বাতপিত্ত কফাদি জনিত) জ্ঞাত হওয়া এবং তাহার পিতা মাতা অথবা পূর্ব্ব পুরুষগণের শারীরিক স্বাস্থ্য বিষয়ে অনুসন্ধান করা ইত্যদি।

দর্শন—রোগার অবয়বাদি দর্শনের বিষয় বিশেষ বিশেষ
প্রকরণে লিথিত হইয়াছে অতএব তদনুসারে পরীক্ষা করিবে।
এই ক্ষণে মূত্র পরীক্ষা বিষয়ে এ স্থানে কিঞ্চিৎ লেখা যাইতেছে।
যৎকালে মূত্র, হরিদ্রাবা রক্তবর্ণ হয় তৎকালে রোগ উপস্থিত হয়
জানিবে। বদ্যপি রক্তবর্ণ হইয়া নাড়ীর তীব্র গতি রাখে তাহা
হইলে আন্তরিক উত্তাপ রুদ্ধি হইয়া কোন প্রকার প্রদাহ বিশিকী
স্থর বিদ্যমান আছে বোধ করিবে। যদ্যপি জাক্রানের বর্ণের
ন্যায় হয় তাহা ইইলে কামলা রোগ স্থির করিবে। যদি গাঢ়
এবং ক্রক্ষবর্ণ হয় তাহা হইলে শ্রীরের ভিতর কোন প্রকার
প্রদাহ বিশিষ্ট পচা অবস্থা ঘটিয়াছে, এবং তাহা গাঁলিবার সম্ভব

আছে বিবেচনা করিবে। যদ্যপি পুঁজ মিশ্রিত থাকে তাহা হইলে
শরীরের ভিতরে কোন স্থানে পুঁজ হইয়াছে বিবেচনা করিবে।
বদ্যপি শিশুর মূত্র ছুপ্নের ন্যায় দেখা যায়, তাহা হইলে অস্ত্র নাজ্
মধ্যে কুমি হইয়াছে জানিবে। যদ্যপি রক্ত মিশ্রিত হয়
তাহা হইলে মূত্রস্থলীতে প্রদাহ হইয়াছে বিবেচনা করিবে।
বদ্যপি পিছেল হয়, তাহা হইলে মূত্রস্থলী হইতে শ্লেমাবৎ
পদার্থ নির্গত হইতেছে অথবা মূত্রস্থলীর উপরিভাগ কোন
প্রকার অবাস্তর পদার্থ দারা বন্ধ হইয়াছে জানিবে।

স্পর্শন—শরীরের স্থান বিশেষে হস্ত দ্বারা স্পর্শ করিয়া যে প্রকারে পরীক্ষা করিবে ভাহা বিশেষ বিশেষ প্রকরণে লিখিভ হইয়াছে। ভদনুসারে পরীক্ষা কর্ত্তব্য। এইক্ষণে নাড়ীর বিষয়ে কিঞ্চিৎ উল্লেখ করা যাইভেছে।

নাড়ীর পরীক্ষার নিয়ম—রোগীর সহিত প্রথমতঃ আলাপ দারা তাহাকে অন্যমনক করিয়া তদনন্তর স্থির ভাবে স্বীয় অঙ্গুলি দারা রোগীর নাড়ী স্পর্শ করিয়া গতি অনুধাবন করিবে। কদাচ বাস্ত হইয়া বা হঠাৎ নাড়ী পরীক্ষা করিবেক না।

স্বভাবতঃ নাড়ীর গতির নিয়ম। যুবকব্যক্তিদিগের পূর্ণাবস্থায় স্থাস্থ সময়ে বিশেষতঃ দীর্ঘাকৃতি পুরুষ হইলে নাড়ী দৃঢ়
এবং চাপিলে সহজে ধমনী (শিরা) মধ্যে প্রবিষ্ট হয়, কিন্তু
পূর্ণ সমগতি বিশিষ্ট, এবং এক মিনিটে ৭০ হইতে ৭৫ বার
পর্যান্ত আঘাত হয়। স্থল থর্বাকৃতি পুরুষের স্বাস্থ্যাবস্থায় ৭০
হইতে ৭৮ বার পর্যান্ত এক মিনিটে আঘাত হয়। দীর্ঘাকৃতি
যুবতী স্ত্রীলোকের নাড়ী ৮০ হইতে ৮৫ বার পর্যান্ত এক মিনিটে
'আঘাত করে। কিন্তু পুরুষের ন্যায় তাহার নাড়ী সবলা বা
পূর্ণা হয় না। সাত বৎসর হইতে চতুর্দশে বর্ষ বয়য় স্থাস্থ বাল-

কের নাড়ী ৮০ হইতে ৮৬ বার এক মিনিটে আঘাত করে।
তাহার ন্মান বয়ক অর্থাৎ দন্ত নির্গৃত হওয়ার কাল হইতে
সপ্তম বর্ষ পর্যান্ত স্থূল বালকের নাড়ী এক মিনিটে ৮৬
হইতে ৯৬ বার পর্যান্ত আঘাত করে। সদ্যজাত শিশুর
দন্ত নির্গত হওয়া কাল পর্যান্ত স্বাস্থ্যাবস্থার নাড়ী এক
মিনিটে ১০০ হইতে ১২০ বার পর্যান্ত আঘাত করে।
ব্রামাবস্থার প্রথম কালে স্কুস্থ শরীরে পুরুষের প্রায় ৭০ ও
স্ত্রীলোকের ন্যুনাধিক ৭৫ বার নাড়ী এক মিনিটে আঘাত
করে। বৃদ্ধাবস্থায় পুরুষের ৫৫ হইতে ৬৫ বার পর্যান্ত,
এবং স্ত্রীলোকের ৬৫ হইতে ৭০ বার পর্যান্ত এক মিনিটে নাড়ী
আঘাত করে।

নাড়ীর গতির প্রকার ভেদ।

পৌনঃপুন্য নাড়ী—এতদ্বারা নাড়ীর পৌনঃপুন্য গতি, । অর্থাৎ নাড়ীর স্বাভাবিক গতি অপেক্ষা কঞ্চিৎ বেগ বুঝাইবে।

মৃত্ন নাড়ী—এই শব্দদারা নাড়ীর স্বাভাবিক গতি অপেক্ষা ধীরগতি অবলয়ন করিয়াছে জানিবে।

বেগবতী নাড়ী—ইহা দ্বারা ধমনী মধ্য দিয়া যে প্রকার ক্রত গতিতে রক্তশ্রোত প্রবাহিত হয় তাহা বুঝাইবে।

कठिना नाड़ी--- श्रांस बाता मृष् ताथहरा।

কোমলা নাড়ী—স্পর্শ করিলে ধমনীর মধ্য দিয়া অতি কোমল ভাবে রক্ত পরিচালিত হইতেছে বৈাধ হয়।

বলবতী নাজী—যে নাজ়ী চাপিলে অঙ্গুলির নীচে হইতে
বলের সহিত ঠেলিয়া উঠে।

ছর্মলা নাড়ী—যাহা চাপিলে উপরে উঠিতে পারে না।

পূর্ণা নাড়ী —্যে নাড়ী সংযুক্ত ভাবে প্রত্যেক বার অঙ্গু-লির অগ্রভাগে সমান অধিীত করে।

অনিয়মিত নাড়ী—যে নাড়ী সময়ে সময়ে আঘাত করে এবং সময়ে সময়ে করে কা।

অসমান নাড়ী—বে নাড়ী সমুট্রে সময়ে স্থির না হইয়া প্রত্যেক বার কথন কথন কঠিনা কখন কোমলা, কথন চুর্বলা, নানাবিধ রূপে আঘাত করে। নাড়ীর গতি বিশেষের দ্বারা রোগ নির্ণয় করিবার জন্যে প্রত্যেক প্রকরণের লক্ষণ মধ্যে যেথানে যে প্রকার লিখিত লইয়াছে, তদনুসারে নাড়ীর গতি বিবেচনা করিয়া চিকিৎসা করিবেক।

अपृण वावका क्रिकेट मा मीलिका।



,জুর। *

যাবতীয় তীব্র রোগের ষহিত ছার বিদ্যমান্ থাকে।

নবজ্র লকণ।

প্রথমতঃ শীত বোধ, তাহার পর উষ্ণতা, নাড়ীর তীব্র গতি, ও পিপাসা অস্থিরতা ও দ্রৌর্বল্য হইয়া থাকে।

ঔষধ—একে নাইট্, পূর্ণমাত্রা, তিন ঘন্টা অন্তর এক এক বার ।

মস্তকে উত্তাপ, মুখ রক্ত বর্ণ, মাথাধরা, বিশেষতঃ কাঁপনি, ঘাড়ের শীর টানা, প্রলাপ, চক্ষুঃ রক্তবর্ণ, অন্তর্দাহ, ও বাহ্য দাহ, অতিরিক্ত পিপাসা।

ঔষধ—বেলাডোনা, পূর্ব্বাক্ত মতে।

একজ্বরী, মাথা ধরা, মাথা ফাটিবার মত বোধ হয়, উঠিতে ভ্রমি, ও পেট কসিয়া ধরা, হাত পা কামড়ান, কিঞ্চিৎ উৎকাশী।

ঔষধ—ব্রাযোনিয়া, ঐরূপ।

[•] সমন্ত রোগের মধ্যে জুর সর্ব প্রধান, তজ্জন্য চিকিৎসা বিদ্যা বিশারদর্গণ ইহার চিকিৎসাই প্রথমতঃ লিখিয়াছেন, তাত এব আমিও তদস্সারে জুর চিকিৎসা লিখিয়া পরেতে ক্রমণঃ মন্তক হইতে চরম পর্য্যন্ত নানাবিঞ্চ রোগের ইচিকিৎসা প্রকরণ লিখিয়া তদনন্তর স্ত্রীলোকের ও চিকিৎসা প্রণালী স্বতপ্রক্রণে লিখিলাম।

রাত্রিতে জর রৃদ্ধি, নাড়ী কঠিন, পিপাসা ও মুখনোষ, দক্ষিণ পার্ষে বেদনা।

উষধ—ক্যাস্থ্যার।ইডিস্, পূর্মাতা।

करा नाह करा भी उ ताथ, शखरनम तक वर्ग इहेरन।

ঔষধ — প্রথমতঃ একোনাইট, পূর্ণমাত্রা দিয়া তাহার তিন ঘন্টা পরে কামোমিল। পূর্ণমাত্রা দিয়া পুনর্কার ঐ একোনাইট তিন ঘন্টা অন্তর ও তাহার তিন ঘন্টা পরে পুনর্কার ক্যামোমিলা এই রূপে রোগের লক্ষণ সকল বিদুরীত হওয়া পর্যান্ত উপর্যাপরি রূপে দিবেক।

বিকার জ্ব .

সামান্য শীত বোধের পর উষ্ণতা, সর্বাঙ্গে বেদনা, মাথা ধরা, কপালে শীতল ঘর্মা, শরীরে শীতল বাতাস অসহ্য, অপ্পানিদা, নিদ্রাকালীন দীর্ঘ নিশ্বাস ত্যাগ, ও ভয়ানক স্বপ্পাদেশন, চেতন কালেও উহা দেখা, মুথে তিকুরস, আহারে অনিচ্ছা, গা বমি বমি করা, জিহ্বার উপর হরিদ্রাক্ত এবং জিহ্বা শুষ্ক, পেট্ ভার, কোষ্ট বন্ধ, উভয় পার্শের পাঁজেরের নিচেটেনে ধরা।

ঔষধ—ব্রায়োনিয়া, পূর্ণমাত্রা, তিন ঘণ্টা অন্তর এক এক বার।

অগির উত্তাপে ও গরম বোধ হয় না, হাড় হইতে মাংস পৃথক হওয়ার ন্যায় যাতনা বোধ হয়, জিহ্বার উপর সাদা, শ্লেমা বমন, শ্যাকেন্টক, হাত পায়ের শক্তি হীন হয়, এই লক্ষণ সকল রাত্রিতে রুদ্ধি হয়।

ঔষধ-রদ্ ক্লিকোডেগুন্, ঐরপ।

উদর ভার হইয়া জলবৎ হরিদ্রা বর্ণ অথবা কিঞ্চিৎ সরুজ

বৰ্ণ পিচ্ছিল মল বিরেচিত হয়, অপ্প উষ্ণ গাত্র—অধিক কম্পা, অথবা তৎ বিপরীত, অর্থাৎ অপ্প কম্পা,—অধিক উষ্ণতা ।

छेषधं—ই शिकाकुश्रान¹, शूर्सव€।

পুনঃ পুনঃ কম্প, এবং উপরোক্ত লক্ষণাক্রান্ত ক্ইলে: কিয়া অধিক অশ্রু পাত হইলে

उँयध—शंत्मिष्टिलां, शूर्ववरः।

প্রস্রাব অবরোধ।

শরীর হরিদ্রা বর্ণ, পকাশয়ে বেদনা বোধ, পুনঃ পুনঃ প্রস্রা-বের বেগ, অপ্প প্রস্রাব, মস্তকের ও মুথের অত্যন্ত জালা, ভাবি দুর্ভাগ্যের চিন্তা।

ঔষধ---ডিজিটেলিস্ মাত্রার বিগুণ ছয় ঘণ্টা অন্তর।

কোষ্টের বেগ অথচ বদ্ধ, পেট ক্সিয়া ধরা, হাত পায়ে চেঁচা আঘাত বোধ, রাত্রিতে অস্থিরতা এবং প্রলাপ, প্রাতঃ-কালে রোগের বৃদ্ধি।

ঔষধ—নক্স ভমিকা, পূর্ব্ববং মাত্রা ঐরূপ।

চক্ষুতে ঘোর দর্শণ, কর্ণের ভিতর ভোঁ ভোঁ শব্দ, অগপ শুনিতে পাওয়া, হরিদ্রা কিয়া সাদা বর্ণ জিহ্বা, মুখ শুদ্ধ এব িক্ত, জল্বৎ রেচন, প্রস্রাব ধূমবর্ণ, নিদ্রা-হীনতা।

उष्य- हायना, माळा श्रूर्वदः ।

শীতের পর অত্যন্ত জ্বালা; কঠিন, অত্যন্ত তীব্রগতি বিশিষ্ট নাড়ী; চর্মা, মুখ, ও জিহ্বা গুষ্ক; অতি পিপাসা, রক্তবর্ণ প্রস্রাব, ঘন শ্বাস, রাত্রিতে রৃদ্ধি, কিঞ্চিৎ প্রলাপণ

उषध-এकानाइए, शूर्वाम

ঘাড়ের শীর দপ্ দপ্ করে, চক্সু বিক্ষারিত করিয়া চতুর্দিগে দৃষ্টিপাত, ভয় বোধ, পলায়নের ইচ্ছা, অত্যন্ত প্রলাপ, বাহ্য জ্ঞান রহিত, বিছানা ধরিয়া টানা, গলায় বেদনা, কর্ণ মূল ফুলা। ঔষধ—বেলাডোনা, পূর্মবং

মুখের মাংস পেশী টানিয়া ধরা, ইতন্ততঃ অঞ্চ চালনা, অনর্থক হাস্য।

ঔषध—धुर्भानियम्, अक्रश ।

সমস্ত শরীরে কাঁটা বেঁধার ন্যায় বোধ, এবং সতত প্রলাপ, পুনঃ পুনঃ প্রস্রাবের বেগ।

ঔষধ—হায়োসায়ামস্, ঐরপ।

ঐকাহিক অর্থাৎ বিরতি জ্ব-প্রথমে আসিয়া পরে ছাড়িয়া পুনর্ববার অর্থাৎ পর দিনে ঐ সময়ে আইসে।

উষধ--ইপিক্যাকুয়ানা, নক্স ভামিকা, পলেসটিলা, ইহার যে কোন একটা পুর্ণমাত্রা তিন ঘন্টা অন্তর।

দ্বাহিক জ্বর—অর্থাৎ এক দিন পর এক দিন আইসে। উষধ—এন্টিমোনিয়ম্ ক্রুডম্, ক্যাল্কেরিয়া, লাইকোপোভিয়ম্, ফ্যাফিসেগ্রিয়া, পূর্ববং।

ত্যাহিক জ্বর—অর্থাৎ ছুই দিবস পরে এক দিবস হয়।

ঔষধ—বিরামের ছই দিবস, আর্সেনিকম্, জ্বের দিবস একোনাইট্, পুর্নাতা তিন ঘন্টা অন্তর। অথবা লাইকোপোডিয়ম্, প্রতাহ দেওয়া যাইবেক।

প্রাতঃকালে হইলে

ঔষধ—কামেণ্মিলা, কাংল্কেরিয়া, ই্যাফিসেগ্রিয়া।

বিকা**লে হইলে** ঔষধ—ইচাকিসেগ্রিয়', সিপিয়া। রাত্রিতে হইলে।

ঔষধ—মর্কিউবিয়স্, কার্বোবেজিটেবিলিস্।

বিরতি জ্বের শোথ হইলে।

ঔষধ—অরম্ মেটালিকম, চারি বার করিয়া পূর্ণমাতা

পথ্য নিৰ্ণয়।

জ্বর কালীন কিঞ্চিৎ পরিমাণে শীতল জল মাত দিবে,
জ্বরের কিঞ্চিৎ ক্রাস হইলে, তৎকালে, যব এক ছটাক,
থেঁত্লাইয়া এক সের জলে সিদ্ধ করিয়া আর্দ্ধ সের থংকিতে
নামাইয়া, ছাঁকিয়া, সেই কৃথি ছই ঘণ্টা অন্তর আর্দ্ধ পোওয়া
করিয়া দিবে

দ্বিতীয়তঃ—ঐ কৃথ এক ছটাক আতপ চাউল ঐৰপ জলে দিদ্ধ করিয়া উক্ত প্রকারে দিবে।

তৃতীয়তঃ—অরোরুট্ তুই তোলা অর্দ্রর গরম জলে ফেলিয়া ঐৰপ।

চতুর্থতঃ—দেগো (সাগুদানা) সিদ্ধ করিয়া ঐরপ। পঞ্চম—জর ছাড়িলে অন্ন, মৎসের ঝোল।

निष्यथ ।

ত্বন তিন দিবস, অমুদ্রব্য সাত, দিবস, ল্ক্ষা মরিচ ও উগ্র গরম মসলা সাত দিবস। তামাক অলপ প্রিনাণে জর্মণি উষধ সেবনের অন্ততঃ এক ঘণ্টা পূর্বের বা পরে।

হাম জর।

প্রথমে জর বোধ, শুষ্ক কাশী, চক্ষুং রক্তবর্ণ, গাত্তে ক্ষুদ্র চিহ্ন অর্থাৎ মশার কামড়ের ন্যায় দেখা যায়, প্রথমতঃ ঘাড়ে এবং মুখেতেই প্রকাশিত হয় পরেতে সকল শরীরে ব্যাপ্ত হয়।

উষধ—একোনাইট, এবং পলেসটিলা, উপর্যুপরি রূপে অর্থাং প্রথমে একোনাইট, একমাত্রা, পরে তিন ঘন্টা অন্তর পলেসটিলা, এক মাত্রা অরের লাঘব কাল পর্যান্ত এইরূপ চলিবে।

শ্লেষার আধিক্য বোধ হইলে।
ঔষধ—পলেগটিলা, পূর্ণমাত্রা তিন ঘণ্টা অন্তর এক এক বার।
হাম উঠিবার পূর্বের বক্ষঃস্থলে কফ বোধ হইলে।
ঔষধ—ইপিক্যাকুয়ানা, পূর্ববং।

অত্যন্ত মাথাধরা ও চক্ষুতে আলোক অসহ্য এবং নাসিক। ও চক্ষুঃ দ্বারা জল ত্র ব হইলে, ও শুষ্ক কাশী ও ঘাড়ের বেদন। বোধ হইলে।

उवध-इउल्लामग्रा श्रुक्ररः।

গলায় বেদনা বোধ, চক্ষু: অত্যন্ত ক্ষীত, মান্তিকে জ্বালা বোধ হইলে।

উষধ—বেলাডোনা ঐরপ।

যদি চক্ষুর স্বেত ভাগে যা বোধ হয়,

উষধ--- मर्किউরিয়স্, ছয় घछ। অন্তর এক এক বাব।

निःश्वाम প্রস্থানে অত্যন্ত কফ বে:४ इटेटन ।

चिषत---द्वारप्तर्शनिष्ठाः, डिल घन्छै। অন্তর এक এ**क বার।**

হাম দমনের চিকিৎসা।

সানান্যতঃ হাম দমন ... • ব্রায়োনিয়া।

ঐ হাম দমনের পর ।

উদর ভঙ্গ হইয়া হাম নির্গত হইলে ... পলেসটিলা।

কাঠ বমি হইলে ইপিক্যাক্য়ান।

শিশুর ঐরপ বমন হইলে... • ক্যামোমিলা।
গলা সুলিলে একোনাইট্-হেপার-সলকর।
অতিসার অথবা কর্ণ পথে রক্ত নির্গত হইলে ... সলফর, পদেসটিলা

কর্ণ মূল ফুলিলে আর্ণিকা, ডলেকমেরা।
শরীরে ক্ষুদ্র ব্রণ নির্গত হইলে ... নক্ল-বনিকা, আর্মেনিকন্।

বসন্ত রোগের চিকিৎসা।

এই রোগ ছই প্রকার, পৃথক্ এবং প্রবাহক, মন্থরিকা পরস্পর কেহ কাহার গায়ে না লাগে তথন পৃথক্, এবং যখন পরস্পর একত্রিত হইয়া এক চাপ মত হইয়া যায়, তথন ইহাকে প্রবাহক বলা যায়।

লক্ষণ—এই রোগ হঠাৎ উপস্থিত হয়। প্রথমতঃ শীত বোধ হইয়া কম্প হয়, পরেতে জ্বর লক্ষণ প্রকাশিত হইয়া অত্যন্ত মাথা ধরে। মাজায় এবং পশ্চাৎ ভাগে গুরুত্ব যাতনা বোধ হয়, ও সামান্যতঃ প্রান্তি বোধ হয়। তৃতীয় দিবসে মস্থাবিকা প্রকাশিত হয়, কফের লক্ষণ অর্থাৎ হাঁচি, কাশী প্রভৃতি ও ইইয়া থাকে।

পূথক বসন্তের চিকিৎসা।

এই রোগের প্রথমাবস্থায় যখন অস্থিরতা মাত্র থাকিয়া জর অতি প্রবল ভাব ধারণ না করে ভৎকালে।

ঔষধ —কফি, অর্দ্ধ মাত্রা ছয় ঘণ্টা অন্তর চারি মাত্রা পর্যান্ত দিবে।

যদ্যপি উক্ত ঔষধ চারি মাত্রা দেওয়ার পর জ্বের লাঘব হয়, এবং অত্যন্ত পিপাসা চর্মের উক্তাপ ও শুষ্কতা, নাড়ী বেগ-বতী থাকে তাহা হইলে।

ঔষধ—একোনাইট্ পূর্ব্ববং, (এই ঔষধ চিকিৎসার সমস্ত কালীন মধ্যে মধ্যে ব্যবস্থা করা কর্ত্তব্য)।

যদ্যপি বক্ষঃস্থল চাপিয়া ধরা বোধ হয়, ও বমনেচ্ছা, বমন, বা বিরেচন হয় তাহা হইলে।

अवंध—इिश्वकाकुशाना, शूर्व माळा ছয় घणी अस्तत ।

যদ্যপি বসিয়া থাকার **অবস্থায় মন্ত**কের পশ্চান্তারে, এবং মাথায় প্রথরতর যাতনা বোধ হয়, ও অঙ্গ চালনে ক্ষণিক নির্ত্তি হয়, তাহা হইলে।

ঔষধ---রস্-টক্সিকোডেন্ডুন্ অর্দ্ মাত্রা ছয় ঘন্টা অন্তর।

এই রোগ বালকের হইলে, যদ্যপি নিঃশ্বাস প্রশ্বাসে কট বোধ হয়, উদর ভঙ্গ হইয়া গাঢ় সবুজ বর্ণ মল নির্গত হয়, পেট-কাম্ডায়, বমি হয়, রাত্রিতে কাশী হয়, তাহা হইলে।

ঔষধ--- कार्यामिला অर्द्ध गाँव। हुই चली असुत्र।

যদ্যপি অত্যন্ত অলস বোধ হয়, মুথ ফুলিয়া অর্দ্ধ নয়ন মুদ্রিত করিয়া নিঃশ্বাস ত্যাগ করে, এবং নিয়ত ইতস্ততঃ হস্ত বিক্ষেপ করে তাহা হইলে।

় ঔষধ—ওপিয়ম্, পূর্ণমাতা তিন ঘন্টা অন্তর জিল্পার নীচে রাখিয়া চুসিবে।

প্রবাহক বসন্তের চিকিৎসা।

জ্বরের অত্যন্ত প্রবলতার সময় একোনাইট্ এবং সল্কর, তিন ঘন্টা অন্তর অর্দ্ধ মাত্রা পরিমাণে উপর্যাপরি দিবেক।

আর যদাপি চক্ষু: ফুলে, গলার এবং নাকে বেদনা বোধ হয়, কাশী, স্বর-ভঙ্গ, অত্যন্ত বেগের সহিত অতিসার হইয়া রক্ত নিঃসরণ হয়, তাহা হইলে।

े ঔষধ—ম কিউরিয়স্, অর্দ্ধ মাতা ছুই ঘন্টা অন্তর। ।

মসূরিকা প্রকাশিত হইবার পূর্বের অথবা পরে, বিশেষতঃ যদ্যপি বমন বা বমনেচ্ছা থাকে, এবং রাত্রিতে লক্ষণ সকল বৃদ্ধি হয় তাহা হইলে।

उष्य-পल्मिणिना शृर्वावर।

ষদ্যপি পূর্ব্বোক্ত ঔষধ দ্বারা বমনাদি নিবারিত না হয় অতিশয় পিপানা, মুখ শোষ থাকে, জিহ্বা অপরিষ্কৃত এবং বলের অত্যন্ত হ্রাস হয়, বিশেষতঃ যদ্যপি সম্প্রিকা গাঢ় কটা বর্ণ, এবং অত্যন্ত তুর্গন্ধ বিশিষ্ট হয়, তাহা হইলে।

উষধ—আর্দেনিকম্, অর্দ্ধ মাতা তুই ঘণ্টা অন্তর।

যদ্যপি বসম্ভ পাকিয়া গলা-ঘায়ের ন্যায় বোধ হয়, মস্থরিকা গাঢ় কটা বর্ণ হয়, এবং তাহা হইতে অত্যন্ত তুর্গন্ধ নির্গত হয়, তাহা হইলে।

ঔषध-कां रवीरविकारितिलम्, शूर्वतर ।

যদ্যপি স্থর ভঙ্গ, কাশী, গলার বার্হিরে বেদনা, এবং চর্ম্মে উত্তাপ থাকে তাহা হইলে।

ঔষধ—হেপার, পূর্ণমাত্রা চারি ঘন্টা অন্তর।

মম্ব্রিকা পূর্ণ হইলে, যখন শুষ্ক হইতে আগরস্ত হয়, তখন

সম্পূর্ণ রূপে চিহ্ন অন্তর্হিত করিবার নিমিত্তে, এবং অন্য রোগ উৎপাদনের কারণ নিবারণ জন্য।

ঔষধ—সল্ফর, এবং রস্-টক্সিকোডেগুন ক্রমশঃ বা উপর্যুপরি রূপেদ্বিগুণ মাত্রায় প্রত্যত্ প্রাতঃকালে সেবন করিবেক।

যদ্যপি মুস্থরিকা প্রকাশিত হইয়। হঠাৎ অন্তহিত হয়, এবং মস্তিষ্ক পীড়িত হয় তাহা হইলে।

্উষধ—কুপ্রন্, অর্দ্ধ মাত্রা প্রভাকে ঘন্টায়, যে পর্যান্ত মস্থরিকা পুন-র্মার নির্গত না হয়, আরও এই অবস্থায় ব্রায়োনিয়া, বিশেষ উপকারক হয়।

বসম্ভ রোগের পরিশিই্ট চিকিৎসা।

এই রোগে যদ্যপি বায়ু-প্রবাহক-প্রণালীর উপরিভাগ ফুলিয়া উঠে তাহা হইলে।

ঔষধ — একোনাইট, হেপার সল্ফর, স্পঞ্চিয়া, এই ঔষধ সকলের মধ্যে যে কোন একটা, পূর্ণ মাত্রা প্রত্যেক ছুই ঘণ্ট। অন্তর দিবেক। এবং উক্ত প্রকার রোগে বেলাডোনা, ল্যাকিসিস্, মর্কিউরিয়স্, বা আন্তর্মনিকম্ ও উক্ত প্রকারে ব্যবস্ত হইয়া থাকে।

যদ্যপি বসন্ত রোগ নিবারণের প্র কোন স্থান ফুলিয়া ক্ষোটকের ন্যায় হয় তাহা হইলে, তাহার চিকিৎসা ক্ষোটকের চিকিৎসার ন্যায় করিবেক।

ষদ্যপি এই রোগের পর কাশী হয়, তাহা হইলে বেলা-ভোনা, বা মর্কিউরিয়স্, বা,আর্সেনিকম্, পুর্ণমাত্রা রাত্রি এবং প্রাক্তঃকালে, প্রত্যহ এক এক বার।

যদ্যপি এই রোগের পর অতিসার হয়, এবং যদ্যপি

জিতিসারের লক্ষণ কখন থাকে ও কখন থাকে না, এমত ইয় তাহা হইলে

ঔষধ— চায় না, বা ফস্ফরস্, দিগুণ নাত। প্রত্যুহ প্রাতঃকালে এক এক বার করিয়া দিবেক।

পথ্য ব্যবস্থা—এই রোগে পথোঁর বিষয়ে বিশেষ মনোযোগ রাখা কর্ত্তবা। কারণ তাহার যদ্যপি কিছু ভারতম্য হয়,
তাহা হই ল সামান্য হইতে ভয়ানক অবস্থা হইতে পারে।
ভাতএব জর যথন অভান্ত প্রবল থাকে, তৎকালে কেবল-মাত্র.
জর কালীনের ব্যবস্থা মত পথ্য ব্যবস্থা করিবেক, কিন্তু পরেতে
কিঞ্চিৎ বলকারক অথচ সহজে পরিপাক হয় অর্থাৎ মাংসের
কৃথি ইত্যাদি অপে পরিমাণে ব্যবহার করিবেক। আর ও
যে পর্যান্ত ক্ষত থাকিবে সে পর্যান্ত দ্বা আমিষ খাদ্য এক
কালীন বার্ক্তিক করিবেক।

জन বসন্ম

লক্ষণ—এই রোগ আকারে সাধারণ বসন্তের ন্যায়, কিং বসত্ত হইতে অধিক পরিমাণে নম্র ভাব ধারণ করে ইহাতে প্রায় ঔষধ ব্যবহারের প্রয়োজন করে না। এই রোগে জ্বঃ অত্যন্ত প্রবল বেগ ধারণ করে। এই রোগ সামান্য বসং অপেক্ষা অতি অপ্প কালে, মস্থরিকার ন্যায় প্রকাশিত হয় তাহাও প্রায় তৃতীয় দিবসে হইয়া চতুর্থ বা পঞ্চম দিবসে কোটিছ না রাথিয়া অন্তর্হিত হয়।

জল বসন্তের চিকিৎনা।

এই রোগে জ্বর যথন অত্যন্ত প্রবল থাকে তৎ কালে ঔষধ—একোনাইট্ অর্দ্ধনাত্রা, পাঁচ ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি জ্বর লক্ষণ প্রকাশ না থাকিয়া কেবল অত্যন্ত অস্থিরতা মাত্র থাকে, তৎ কালে

ঔষধ —কফি পূৰ্ব্ববৎ।

যদ্যপি এই রোগে সমস্ত শরীর আক্রমণ করে তাহা হইলে

ঔষধ--বেলাডোনা, পূর্ব্ববৎ।

য়দ্যপি বসন্ত হইতে জল নির্গত না হইয়া গাঢ় ঈবৎ হরিদ্রা বর্ণ ক্লেদ নির্গত হয়, এবং প্রস্রাবে কট থাকে তাহা হইলে। ঔষধ—মর্কিউরিয়স,, অর্দ্ধনাতা চারি ঘন্টা অন্তর।

এই রোগ দমন করিতে হইলে সামান্যতঃ বসন্ত নিব!-রণের বে ব্যবস্থা করা হইয়াছে তদনুসারে ব্যবস্থা করিতে হইবেক।

পথ্য ব্যবস্থা—এই রোগে যখন জর বিদ্যমান্ থাকে তৎ কালে জর কালীন পথ্য ব্যবস্থার ন্যায় ব্যবস্থা করিবেক, পরে, ক্রমশঃ আরোগ্য লক্ষণ উপস্থিত হইলে আমিষ, ছুগ্ধ এবং মিষ্ট এক কালীন বর্জ্জন করিয়া কেবল উদ্ভিক্জ দ্রব্য মাত্র পথ্য করিবেক।

প্রাচীন জ্বরের চিকিৎসা।

্ অতিরিক্ত ক্ষ্ধা, নাসিকা দার দিয়া অতিরিক্ত জলস্রাব, পাণ্ডু বর্ণস্থ, কোষ্ঠ বন্ধ, অথবা অতিসার, শুষ্ক কাশী, চুর্বলতা,

महुग रारेष्ट्रा हिकिश्मा मीशिका।

হস্ত পদাদি শ্রান্ত ও ভার বোধ, শেষ বেলায় ছার বোধ, বাঁম গণ্ডে রক্ত বর্ণ চিহ্ন, 'এবং পিপাসা থাকিলে,।

ঔষধ-সন্কর, প্রাতঃকালে দ্বিগুণ মাতা এক বার করিয়া।

শরীরে উষ্ণ বোধ পিপাসা বিহীনতা, মুখ রক্ত বর্ণ, চর্ম্মের শুষ্ণতা, চক্ষ্র দৃষ্টির অর্পতা, সর্বাদা আপন স্বাস্থ্য বিষয়ে চিন্তা, কিঞ্চিৎ আহারের ব্যতিক্রম হইলে অজীর্ণ বোধ, রাত্তিতে ঘর্মা, নাসিকা দ্বারা রক্ত আবি, অথবা নাসিকা রক্তবণ, পেট ফুলা, অত্যন্ত কোষ্ঠ বন্ধ, অথবা অতিসার হইলে।

ঔষধ – ক্যাল্কেরিয়া, দ্বিগুণ পরিমাণে প্রাতঃকালে অনাহারে এক এক বার সেবন করিবে।

অতিরিক্ত কোষ্ঠ বদ্ধ এবং লোম বিশিষ্ট স্থানে কুষ্কুড়ী ইত্যাদি হইলে।

ঔষধ—ক্যাক্রেরয়া, বিশুণ মাত্রা সাত দিবস পর্যান্ত সেবনের পর, লাই-কোপোডিয়ন্ প্রাতঃকালে এক বার ও সন্ধ্যা কালে এক বার করিয়া সেবন করিবেক।

উদর ভঙ্কের সহিত অত্যন্ত অলস বোধ থাকিলে। ঔষধ—আর্দেনিকম্ উক্ত প্রকারে সেবন করিবে।

গ্**লা**য় বেদনা, প্রস্রাবের অধারণতা এবং রাত্রিতে বিছা-নায় প্রস্রাব করার পক্ষে।

ঔষধ—বেলাডোনা উক্ত প্রকার।

প্রকারান্তর প্রাচীন জর।

সদত চিন্তা যুক্ত, কিঞ্চিৎ উষ্ণ বোধ অথবা কেবল শীত বোধ, নাড়ী স্থামা, দ্ৰুত গামিনী, কিঞ্চিৎ উৎসাহে, অত্যস্ত বেগ- বঁতী হয়, জ্বরের লক্ষণ সকল প্রাভঃকালে, অথবা পেট থালি থাকা অবস্থায় রুদ্ধি, ও আহার করিলে হ্রাস হয়।

ঔষধ—চায় ্ন', ছই প্রহরের সময় এক বার ও রাত্রিতে এক বার।

উষ্ণতার পরিবর্ত্তে শীত বোধ, সর্ববাঙ্গে ঘর্মা হয় না, মাথা ধরা, কেবল কপাল ও পা ঘামে, নানাবিধ স্বপ্লের দ্বারা নিদ্রার ব্যাঘাত, শীঘ্র চুল উঠিয়া যাওয়া, স্মরণ শক্তির হানি, পিচুটির দ্বারা চক্ষু বদ্ধ হইয়া থাকা, এবং পেট ফাঁপা থাকিলে।

্ উষধ-—ন্ট্যাকিনেগ্রিয়া, বাত্রিতে শাননের পূর্বের এক বার।

নাজীর অসমান গতি, বাহা শীতলতা, অত্যন্ত র্থা বাচলিতা, দাঁজেইলে মাথা ঘোরে, নাসিকার এবং হস্ত পদাদির অগ্রভাগ শীতল।

উষধ—বেরাটুম্ প্রাভঃকাল হইতে ছয় ঘনী অস্তর ভিন বার।

প্রাচীন জ্বরের পথা।

লঘু পাক দ্রব্য সময়ের অতিক্রম না করিয়া, (এক কালে অধিক পরিমাণে না হয়) আহার করিবেক। এবং শুরু পাক দ্রব্যাদি বিশেষতঃ অমু, লঙ্কা মরিচের ঝাল, গরম মসালা, শাকাদি ও নেশা মাত্র বর্জ্জন করিবে, এবং অভ্যাস থাকিলে, তামাক অপ্প পরিমাণে ব্যবহার করিবেক।

শিরো রোগ

মাথা ঘোরা বমনেচ্ছা, বমন, উদ্পার, ও অস্পৃষ্ট দৃষ্টি,
এবং যদি রাল্ল হইতে উৎপন্ন হয়, তাহা হইলে।
উষধ—একোনাইট্, পূর্ণাতা তিন ঘণ্টা অন্তর।

স্ত:কর শিরা টানিয়া ধরা, অর্দ্ধ মস্তকে জালার ন্যায় যাতনা বোধ, মুথ রক্ত বর্ণ, চক্ষুতে অন্ধকার দৃটি অথবা দর্শনে এক দ্রুবা দুইটা বোধ হয়, কান ভৌ ভোঁ করে তাহা হইলে।

উষদ—বেলাডোনা, ঐরুপ।

ষদ্যপি পান দোষে অথবা বাগ হইতে উৎপন্ন হইয়া থাকে, অভ্যন্ত মাথা ধরা, (বিশেষতঃ ললাটে) বোধ হয়, এবং কাশীতে কিয়া নিম্নে দৃষ্টি করিতে অভ্যন্ত রুক্তি হয়, ও কোঠ বন্ধ থাকে, । ভাহা হইলে।

ঔषध-- नङ्ग-विका, खेज्ञल।

क्वित शान पान कना हहें ति, এवः छेशदताक छैयदा चारताना ना रहेता।

ঐষধ-ক্যাল্কেরিয়া প্রভাহ প্রাতঃকালে এক বার বিগুণ মাতা।

ভয় হইতে অথবা অলস স্বভাব প্রযুক্ত উৎপন্ন হইলে, এবং অতিরিক্ত পিপাসা, মুখ শোষ, অমু উদ্গার ও বমনেচ্ছা থাকিলে।

ঔষধ—ওপিয়ন্, অর্দ্ধ মাতা চারি ঘন্টা অন্তর।

উঠিতে মাথা ঘুরিলে . . . ক্যামোমিলা।
শয়ন কালীন হইলে . . . রস টান্ধিকাডেন্পুন্
বিসয়া থাকার কালে হইলে . . প্রেসটিলা।
নাসিকার দারা রক্ত আবে জন্য . . সল্ফর।
মূচ্ছিত হইলে . . . ক্যামোমিলা।

এই সকল ঔবধ পূর্ণমাত্রা চারি বা ছয় ঘন্টা অন্তর ব্যবহার করিবেক।

भिंदः भृत ।

যদি মাথাধরা নিয়ত থাকে অথবা সময়ে সময়ে উপস্থিত হয়, ও চক্ষুতে আলোক অসহ্য হয়, সমস্ত মস্তক অথবা এক দিকে ধরিয়া থাকে, এবং মাথার তালুতে অর্থাৎ চাঁদিতে অত্যস্ত উত্তাপ বোধ হয় রোগির অনিক্রা ও প্রলাপ পর্যান্ত হয়, উদ্যার উঠে ও বমনেছ। হয়, এবং উদরে যাতনা বোধ থাকে তাহ। হইলে।

ं ঔষধ—বেলাডোনা, পূর্ণমাত্রা চারি ঘন্টা অন্তর এক এক বার।

পূর্ব্বোক্ত লক্ষণঅন্তর হইয়া যদি কেবল একপার্শ্বে অর্থাৎ আধ কপালিয়া মাথাধরা হয়, অথবা মুখের অর্দ্ধ দিক শীতল বোধ হয়, এবং মস্তকের ভিতর ভোঁভোঁ করে তাহা হইলে।

खेयध-क्षांिन!, श्रुक्तवर।

যদি পূর্ব্বোক্ত ঔষধ সেবনের পর কিঞ্চিন্মাত্র উপশম বোধ হয় এবং রাত্রিতে রৃদ্ধি হয়, ও অতিশয় ঘর্মা হয়, তাহা হইলে। ঔষধ—মর্কিউরিয়স, পূর্মবং।

দ্রীলোকের রজঃস্থলা কালে, অথবা সন্তান প্রসবের পর, পাণ্ডুরোগাক্রান্ত হইলে, কিয়া স্থেত প্রদর থাকিলে, মন্তকে অস্ত্র বিস্থার ন্যায় যাতনা বোধ হইলে, ও যদি সমস্ত মন্তকে বা এক পাশ্বে, অথবা চক্ষুর নীচে যাতনা বোধ হয়, ও আলোকে অভ্যন্ত কন্ট বোধ হয়, এবং কোঠ বন্ধ থাকে তাহা হইলে।

ঔষধ—দিপিয়া, প্রাতঃকালে এবং স**ন্ধা**ন্কালে এক এক বার পূর্ণমাত্রা।

উপরোক্ত ঔষধে বিঞ্চিৎ উপশম বোধ হ**ইলে, এবং** বাতনা রাত্রিতে রৃদ্ধি হইলে।

खेराथ—(देशात-मलहत, श्र्वारः।

যদি মন্তক কাটীয়া যাওয়ার ন্যায় বাতনা রোধ হয়, এবং মন্তকের উভয় পার্ম হইতে বেদনা আরম্ভ হইয়া নাসিক। পর্যান্ত, কিয়া দন্ত পর্যান্ত আক্রমণ করে ও পুনঃ পুনঃ ঘর্ম হর্ম, তাহা হইলো।

উষধ—माहे निभिग्ना शूर्विवर।

যদি একটা নির্দ্ধারিত স্থানে যাতনা থাকে, কিয়া প্রত্যহ আহারের পর বা প্রাতঃকালে কপালে বোধ হয়, বৈকালে একবারে দূর হইয়া সন্ধ্যা সময়ে, পুনর্বার তীব্র হইয়া আহনে, এবং মস্তকের উভয় পাশ্বে চাপিয়া ধরার ন্যায় বোধ হয়, তাহা হইলে।

ঔषধ--द्वारशानिशा, शूर्सवर।

শরীর কিঞ্চিৎ চালিত হইলেই যাতনা রৃদ্ধি হয়, মাধা নোয়াইতে কিয়া চক্ষুতে আলোক দেখিতে অসহ্য ক্লেশ হয়, যাতনা এমত একটি ক্ষুদ্র স্থানে আবদ্ধ থাকে বে একটী মঙ্গুলির দ্বারা ভাষা আচ্ছাদিত করা যায়, ও চক্ষুতে আরম্ভ হইয়া মস্তকের পশ্চান্ডাগে এবং স্কন্ধাদেশ পর্যান্ত আক্রমণ করে, বিশেষতঃ যদি মদ্য পানাদি দোষে উৎপন্ন হইয়া থাকে ভবে।

उष्य-नक्म्-विमका, श्र्ववरः।

যদাপি যাতনা কর্ণ এবং নাদিকার মূল পর্যান্ত ব্যাপ্ত থাকে, আহারের পর নিশ্চিন্ত থাকিতে ইচ্ছাকরে, কিঞ্চিৎ চালনাতেই বৃদ্ধি হয়, প্রত্যেক পাদ বিক্ষেপে মন্তকে দপ্ দপ্ করে, অথবা মন্তকের ভিতর জল থাকিবার ন্যায় ভার বোধ হয় তাহাঁ হইলে।

७४४-- तंग- हे क्निरक्तिष्ड खून् श्रूक्तदर !

স্ত্রীলোকের মাসিক স্ত্রীধর্মের কালাতীত জন্য হইলে।

্উষধ-পল্সেটিলা, পূর্ববং।

্রত্বলতা জন্য সমান্যতঃ অভ্যস্ত যাতনা বিশিষ্ট মাথা ধরা হইলে।

ঔষধ—চায়্না, উপরোক্ত মতে।

যদ্যপি অন্তর্দাহের সহিত বমন, অথবা বমনেচ্ছা লক্ষিত, হয় তাহা হইলে।

ঔষধ—বেরাট্রম, পূর্ববং।

যদি মস্তকের পশ্চাদ্ভাগে এবং চক্ষুর গহ্বরের ভিতর অথবা উপরে যাতনা বোধ হয়, তাহা হইলে।

উষধ-ল্যাকিসিন, ঐরপ।

প্রাচীন মাথাধরা হইলে অন্যান্য ঔষধ প্রযোগের পর,—
ঔষধ—সম্কর, ঐ রূপে ব্যবহার করিবে।

পথ্যব্যবস্থা—যে সকল দ্রব্য লঘু পাক অথচ বল কারক হয়, তাদৃশ দ্রব্য দিবসে, রাত্রিতে ঠিক এক সময়ে পথ্য করিবে। রাত্রি জাগরণ করিবেক না, এবং প্রত্যন্থ প্রত্যাব্য শ্যা ত্যাগ করিবেক।

অপস্থার অর্থাৎ মৃগী রোগ।

লক্ষণ—রোগী আক্রান্ত হইলে জ্ঞান শূন্য হয়, মুথে কোঁপড়া উঠে, কিয়ৎকালপরে পুনর্বার চৈতন্য হয়, এবং 'ছুর্বলতা ও ক্ষীণতা তথবা মস্তকে ভার বোধ হয়। এই রোগ অতি ভয়ানক, পুনঃ পুনঃ ইহাদারা আক্রান্ত হইলে মৃত্যু ঘটিয়া থাকে, যদ্যপি যৌবনাবস্থার পূর্বের উপস্থিত হয়, তাহা হইলে, এই চিকিৎসার প্রণালী অনুসারে চিকিৎসা করিলে অতি অপপ আয়াসে আরোগ্য হইতে পারে। আর যদি যৌবনাবস্থা গভ হইয়া হয় কিয়া পৈতৃক দোষ জন্য হয় তবে বহুকাল বিলম্বে আরোগ্য হয়।

যদি সবল শারীরে

উৎপদ্ম হয়

দে বিলা বা শোনিত

ক্ষয় জন্য হইলে,

বিদ কুমি জন্য হয়.....

বিদ কুমি জন্য হয়.....

প্রিষ্ঠিয়ন ।

বিদ্যাধি মনোবেগ জন্য ... প্রিষ্ঠিন বাইরোস।।

সম্বাক আঘাত জন্য হয়

কিন্তিলস, সাই কিউটাবাইরোস।।

সদ্যোৎপন্ন অপস্থার রোগের চিকিৎসা।

হস্ত পদাদির অগ্রভাগ শুড় শুড় করে ও মুখ এবং মুথের মাংসপেদী আপনি চালিত হয় মুথ রক্ত কিয়া পাণ্ডুবর্গ, চক্ষু আর্দ্ধ মুদ্রত, ঢোক গিলিতে কট বে'ধ, মুথে কোঁপ্ড়া উঠা, স্বীয় চেট্। ভিন্ন মল ও মূত্র নিঃসরণ, বোধ শুন্যভা, নিদ্রা হীনতা অথবা গাঢ় নিদ্রাকালীন স্কৃষৎ হাস্ত্র, এবং চম্কিয়া রোদনের সহিত জাগরিত হওয়ার পক্ষে।

ঔষধ—বেলাডোনা অদ্ধিমাত্র। চারি ঘণ্টা অস্তর এক এক বার।

মুথ কিঞ্ছিৎ নীল বর্ণ, এবং ফুলা চক্ষু ঠেলিয়া বাহির হও-আর ন্যান্ন, কিঞ্ছিৎ জলীয় দ্রব্য পান করিতেই রোগের উপসর্গ উপস্থিত হওয়া দম্ভ কড় মড় করা, অজানতঃ প্রস্রাব হওয়া এবং গাঢ় নিদ্রার সহিত নাসিকা ডাকার পক্ষে।

ঔষধ—হামোনায়েমন্ পূর্ববং।

মুথ কথন রক্ত বর্ণ এবং কথন পাপ্তু বর্ণ হয়, ফোঁপ্ড়া উঠে, নিঃশ্বাস প্রশ্বাদের অবরোধের ন্যায় কফ, পুনঃ পুনঃ হাঁই, অত্যন্ত বিরক্তির সহিত দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ এবং প্রত্যহ রোগাক্রান্ত হওয়া, তাহা হইলে।

ঔষধ—ইগ্নেশিয়া, প্রথমতঃ ছয় ঘন্টা অন্তর এক দিবস পরেতে বার ঘন্টা অন্তর এক সপ্তাহ।

রোগী চীৎকার করিরা উঠে মস্তক পশ্চান্তাগে নিংক্ষেপ করে, হস্ত পদাদির গতিহীনতা, বমন, অত্যন্ত ঘর্ম হইলে ও কোষ্ঠ বন্ধ থাকিলে, কিঞ্চিৎ রাগ বা মনোবেগ উপস্থিত হইলে রোগে আক্রান্ত হয় তাহা হইলে।

ঔষধ—নক্স-বমিকা, অর্দ্ধমাত্রা এক এক বার রোগের বেগ নিবারণ কাল পর্যান্ত তিন বা চারি ঘন্টা অন্তর এবং পরেতে হুই বেলা হুই বার করিয়া সাত দিবস পর্যান্ত।

ষদ্যপি রোগ রাত্তিতে কিয়া সন্ধ্যার সময় উপস্থিত হয়, রোগী অত্যন্ত হস্ত পদাদি চালনা করে, অজ্ঞান হয়, নিঃশ্বাস বন্ধ হওয়ার ন্যায় গাঢ় নিদ্রা হয় ও ক্রন্দন করে, তাহা হইলে।

ঔষধ—ওপিয়ম্ পূর্ব্বং।

স্ত্রীলোকের রজঃস্বন্ধ সময়ে উপস্থিত হইলে। • উষধ—ক্ষিউলস্পূর্মবং।

মস্তক পশ্চাদিনে নিকেপ করা, শরীরের উর্জ ভাগে ও

मृष्य रावऋ। हिकिएमा मी्शिका ।

'উদর অত্যন্ত চালিত করা, জ্ঞান হীনতা, এবং উজ্জুল কোন পদার্থ দেখিলে রোগ উপস্থিত হওয়ার পক্ষে।

छेष्य- क्यारमानियम् श्र्विव ।

প্রাচীন অপস্মার রোগের চিকিৎসা।

রোগের আক্রমণ কাল উপস্থিত হইবার পূর্বের কোন ক্ষুদ্র জন্তু শরীরের ভিতর বেড়াইতেছে এমত বোধ হয়, এবং শীতল ও প্রবল বায়ুতে রোগ উপস্থিত হয় তাহা হইলে।

ঔষধ—সল্ফর্, দিগুণ মাত্রা প্রাতঃকালেও সন্ধ্যাকালে।

উক্ত লক্ষণাক্রান্ত হইয়া যদ্যপি প্রাতঃকালে মাথাধরা থাকে এবং উক্ত ঔষধের দার। কিঞ্চিৎ নিরুক্তি হয়, পরেতে।

ঔষধ—সাইলিশিয়া, সাত দিবস পর্যান্ত পূর্বাবং।

যদি প্রতি মাসান্তে রোগ উপস্থিত হয়, হস্ত পদাদির অঙ্গুলি চালিত হয়, ও বাক্-রোধ হয়, মুখ দিয়া লালা ও ফোঁপ্ড়া নির্গত হয়, তাহা হইলে।

उवध-कु श्रम् शृर्वा ४९।

রোগ আক্রমণ করিবামাত্র চীৎকার করিয়া পতিত হয়, জ্ঞান শূন্য হয়, চরণ শীতল, মাথা ভার এবং বুক ধদ্ ধদ্ করে এমত হইলে।

ঔष४—ें नार्गाकिनिम्, श्रृक्तव९।

যদ্যপি পেট কাম্ভায়, সম্পূর্ণ অজ্ঞান হয়, মুখে কোঁপ্ডা উঠে তাহা হইলে।

· ঔषध-- याहें किछि । - वाहे द्वामा, भूर्वव ।

বোগাক্রান্ত হইলে কর্ত্তবা বিধি।

রোগিকে হেলান্ দিয়া বসাইয়া রাখিবে, নিকটে এমত কোন দ্রবা না থাকে যে পতিত হইলে আঘাত প্রাপ্ত হইতে পারে; জিহ্বা রক্ষা করিবার নিনিত্তে মুখের ভিতর কাপড় দিবেক, এবং বদনে শীতল জল সেচন করিবেক।

পথা নিৰ্ণয়।

সহজে বাহা পরিপাক হয়, এবং বলকারক হয়, এমত দ্রব্য আহার করিবেক, মাদকদ্রব্য এক কালীন নিষেধ, এক এক বার অণ্প পরিমাণে আহার করিবেক, শারীরিক বা মানসিক কোন পরিশ্রম করিবেনা, এবং স্থান ও বায়ু পরিবর্ত্তন করা বিশেষ উপকারী হয়।

নিলোম অর্থাৎ চুল উঠিয়া যাওয়া রোগের চিকিৎসা।

যদি অত্প বয়সে ট।ক্ পড়ে তাহা হইলে ভলুকের চর্বির' পোমেটম্ মর্দান, এবং প্রভাহ সেই স্থান কাষাইবেক।

যদি জর হইয়া উঠিয়া যায়, তাহা হইলে প্রাতঃকাশে,
তবং সন্ত্যাকালে ঝর্ণার জলে মস্তক ধৌত কবিবের, বনি স্থাত্র
স্বতন্ত্র টাক্লকিত হয় তাহা হইলে সেই সভাগ হলে ও তার্তঃ
টস্থ কিয়দূর পূর্যান্ত ক্রের দারা কামাইবেক, এবং একটি
প্রোজ অন্ধ কর্তুন করিয়া তদ্ধারা ঐ স্থান সন্ধার সময়ে দ্র্যা
করিবেক।

ममुण वावन्। हिकिएम। मीशिका।

যদাপি ছর্কলতা জন্য হয় ... দকিউরিয়ন্-বাইবন্।

যদাপি অভান্ত ঘর্ম জন্য হয় ... নকিউরিয়ন্-বাইবন্।

যদাপি অভিরিক্ত কুইনাইন

সেবন জন্য হয়

হদাপি অধিক প্রিনান।
পারা সেবন জন্য হয়

অভান্ত ছঃখ এবং কন্ট জন্য হইকে ক্টাবিলেসিগ্রা, এসিড্মফ্লারকম্।

সন্তাপ জ্বের পর হইলে ক্যাক্লেক্রিয়া, সাইলিশিয়া,
লাইকোপোডিয়ন্।

উক্ত ঔষধ সকল পূর্ণ মাত্রায় প্রত্যহ রাত্রিতে এক এক বার সেবন করিতে হইবেক। এক এক ঔষধ ছয় কিয়া আট মাত্রা সেবনের পর যদি আরোগ্য বোধ না যয়, ক্রমে উক্ত সমুদ্য় ঔষধ ঐ রূপে ব্যবহার করিবে, তাহাতেও যদি আরোগ্য না হয়, তবে তিক্ত বাদামের তৈল এক ফোটা, ছই তোলা মিফ বাদা-মের তৈলে মিশ্রিত করিয়া অগ্নির উক্তাপে গরম করিয়া ঐ ঐ স্থানে লাগাইবেক।

চক্ষুঃবোগ।

সমুদর ইক্রিয় মধ্যে চক্ষ্য সর্বোৎকৃষ্ট পদার্থ, অতএব তাহাতে পীড়া বোধ হইলে, কোন প্রকার, তার গুণ বিশিষ্ট ঔষধ উপরে দিয়া তাহার হানি করা বিধেয় নহে। চক্ষুতে বেদনা উপস্থিত হইলে কেবল শীতল জল সেচন করিবেক, যদি শীতল জল অসহ্য হয়, তবে তংপবিবর্ত্তে কৃঞ্চিং উষ্ণ জল সেচন করা বিধেয়, এবং এক খানী কৃদ্র বস্ত্রখণ্ড ছিন্, চারিক্রা, করিয়া উক্ত জলের দ্বারা ভিজাইয়া তাহার উপরে ক্ষেয়া আর

চক্ষুং নীরস হইলে পরিষ্কৃত জলপাইয়ের তৈল, দেওয়া বিধেয় বদ্যপি সমস্ত চক্ষুং রক্তবর্ণ হয়, এবং যাহাকে চক্ষুর প্রদাহ বল যায় তাদৃশ হয়, তথন তাহাতে কোন শীতল দ্রব্য প্রয়োগ ন করিয়া বস্ত্রথপ্ত মধ্যে তুলা পুরিয়া একটী ক্ষুদ্র গদি প্রস্তুত করতঃ তাহার উপরে বাঁধিয়া দিবে, এবং নিমু লিখিত লক্ষণানুসারে ঔষধ সেবন করাইবে।

চক্ষু-ফুলার সহিত যদি জর বিদ্যমান্ থাকে, এবং শুদ্ধ অথবা অত্যন্ত জল আব ও রক্ত বর্ণ হয়, আলোক অসহ্য এবং অত্যন্ত জালা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্পূর্ণ মাত্রা প্রথমে চারি বা ছয় ঘন্টা অন্তর এক এক বার দিবেক (যে পর্যান্ত জ্বর লক্ষণ নিবারিত না হয়)।

চক্ষ্র শ্বেত ভাগে এবং পাতার কিনারার ও কোণে যদি
ফুলা বোধ হয়, আলোক নিতান্ত অসহ্য হয়, চক্ষ্র গহররে অত্যন্ত
যাতনা বোধ হয়, সন্ধ্যাকালে ঝাপ্সা দেখা যায়, দর্শন করিলে
দৃষ্ট বস্তু ছুইটা দেখায়, িশেষভঃ যদ্যপি মাথা ধরা থাকে,
শ্লেষা আব হয়, রাত্রিতে কাশী রুদ্ধি হয়, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, অর্দ্ধমাত্রা, ছয় ঘণ্টা অন্তর।

কোন দিকে দৃষ্টি করিতে হইলে চক্ষুর ভিতর বালি থাকার ন্যায় বোধ হয়, বাতাস লাগিলে চুল্কায়, চক্ষুং গোলাপি বর্ণ, অগ্নির আলোক অসহ্য, শ্বেত-ভাগে ফুচ্মুড়ী ও ঘা বোধ হয়, কিঞ্জিয়াত্র শীতলে যাতনা বৃদ্ধি হয়, বিশেষতঃ চক্ষুর পুর্তুলিকার পীড়া বোধ হয়, তাহা হইলে।

ৈ ঔষধ—মর্কি উরিয়স্ পূর্ব্বোক্ত মতে প্রাতঃ এবং সক্ষাণকালে এক এক বার।

যদি হাত্যন্ত যাতনা থাকে এবং চকুঃ কর্ কর্ করে, ও

্পাতা চুল্কায়, শ্বেত ভাবে ফুচ্চুড়ী ও ঘা বোধ হয়, এবং পুঁজের ন্যায় পদার্থ নির্গত হয়, ও চক্ষ্ণ অাটিয়া থাকে, তাহা হইলে।

ঔग्ध-- मत्कत् अर्द्धमाजां हम्र वा बात्र घंकी अस्त ।

যদি চক্ষুতে রক্তবর্ণ শিরা দেখায়, চক্ষুর ভিতর শুড়্ শুড়্ করে এবং চুল্কায়, সন্ধ্যা ও প্রাতঃকালে কিঞ্চিৎ জ্বর বোধ হয়, চক্ষুর পাতা বদ্ধ হইয়া থাকে, এবং প্রাতঃকালে যাতনা রুদ্ধি হয় তাহা হইলে।

ঔযধ—নক্স-বনিকা, অৰ্দ্ধমাত্ৰা ছয় ঘণ্টা অন্তর এক এক বার দিবেক !

যদ্যপি অত্যন্ত জ্বালা থাকে রোগীকে অস্থির করে, এবং পাতার কিনারা, ভিতরের দিকে যুরিয়া পড়ে তাহাহইলে। উষধ—আর্ফেনিকন্ চারি ঘণ্টা অন্তর এক এক বার দিবেক।

চক্ষুর শ্বেতভাগ অত্যন্ত ফুলিয়া উঠে এবং গোলাপি বর্ণ হয়, চাপিয়া ধরার ন্যায় যাতনা হয়, কটু জল আব হয়, ও রক্ত নিশ্রিত শ্লেমার ন্যায় পদার্থ নির্গত হয়, শিরা সকল টানিয়া ধরে, শ্বেত ভাগের স্থানে স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র ড়ী দেখা যায়, পুত্তলি-কার উপর শাদা দাগ দৃষ্ট হয়, এবং নাসিকার দ্বারা অত্যন্ত জল আব হয়, অত্যন্ত মাথা ধরা, এবং সন্ধ্যাকালে যাতনা বৃদ্ধি হয় তাহা হইলে।

ঔषध—इউष्ट्रिमियां, शृर्वद ।

যদি চক্ষ্ণ হইতে জল স্তাব হয়, আলোক অসহ্য এবং রক্ত বর্ণ দেখা যায়, তাহা হইলে।

ঔষধ—ইপ্রেশিয়া, অর্জমাতা পরিমাণে আট ঘণ্টা অন্তর এক এক বার দিবেক।

সন্ধানিলে, কিঞ্চিৎ শীত বোধ হইয়া জরু হয়, মন্দান্নি থাকে, চক্ষুতে কণ্টক বিস্তার ন্যায় যাতনা বোধ হয়, আলোক দৃষ্টি করিলে, কিয়া বাতাস লাগিলে, অত্যন্ত জল আব হয় সন্ধ্যাবললে যাতনা বৃদ্ধি হয়, তাহা হইলে।

্ ৃ উষধ — পলেসটিলা, অর্জ্বমাতা ছয় ঘন্টা অস্তর এক এক বার করিয়া তিন চারি দিবস সেবনে যদি সম্পূর্ণ আরোগ্য বোধ না ছয়, পরেতে উষধ, এসিডম্-নাইট্রিকম্পূর্ণমাত্র। বার ঘন্টা অস্তর এক এক বার দিবেক।

চক্ষুরোগের শান্তি হইয়া যদি কিঞ্চিৎ শেষ থাকে অর্থাৎ কিঞ্চিৎ যাতনা, এবং চক্ষুর কোণে পিচুটী জমা হয়, তাহা হইলে।

ঔষধ—এতিমানিয়ম্-ক্রুডম্ পূর্ণ মাত্রা প্রাতঃ এবংসক্ষার সময় এক এক বার করিয়।

প্রাচীন চক্ষুঃপীড়া।

ঐ পীড়া যদি বহুকাল থাকে এবং অধিক যাতনা না থাকে তাহার পক্ষে।—

উষধ—হেপার অর্দ্ধনাতা পরিমাণে ছই বেলা দিবেক আর ও আনেনিকন্, নলকা, ক্যালেকবিয়া এই তিন ঔষধের মধ্যে অন্যতর একটি প্রতাহ পূর্ণনাতা প্রাতঃ এবং নন্ধাকোলে এক সপ্তাহ পর্যান্ত সেবন করিয়া কিছু উম্পন্ম ইটলে তাহার ছয় দিন পরে পুনর্কার ঐ রূপে চালাইবেক, এথনোত এবধের ছারা রোগীর ধাতু পরিবর্তিত হইবে।

স্নোত্মা জন্য চক্ষঃ রোগ।

যদি চক্ষুর পাতার লোম অর্থাৎ ভোঁয়া উঠিয়া যায় এবং চুল্কাইলা দা হয়, ভাহা হইলে।

বধ—সলকর, বা আদেনিকম্, প্রভাহ প্রাভঃকালে দ্বিগুণমাতা ফ্রিয়া দিবেক। উক্ত ছুই ঔষধের দ্বারা আরোগ্য না হইলে, ঔষধ মর্কিউরিয়স্, ইউফুেশিয়া, প্রেসটিলা, এসিড্ম্-নাইট্রিকম্, হেপার্।

আঘাত জন্য চকুরোগ। .

বাহ্য আঘাতের দারা চক্ষু ফুলিলে, এবং তাহার সহিত জ্বর বিদ্যমান্থাকিলে প্রথমতঃ।

ঔষধ—একোনাইট্ অর্দ্ধনাত্রা চারি ঘন্টা অন্তর।

জর লক্ষণের বিরতি হইলে, বার ঘন্টা পরে, আনি কা, আর্দ্ধমাত্রা ছয় ঘন্টা অন্তর দিবেক। আর আনি কা অমিশ্র আরক, পাঁচ ফোটা দেড় ছটাক জলে মিশ্রিত করিয়া সেই জলের দ্বারা প্রত্যহ তিন বার করিয়া চক্ষুঃ ধৌত করিবেক। যদ্যপি তুই দিবসে আরোগ্য না হয় তাহা হইলে।

ঔষধ—সল্ফর্ প্রাভঃকালে এবং সন্ধ্যাকালে পূর্ণমাত। পরিমাণে সেবন করিবেক, ঐ রূপ পাঁচ দিন পরে যদি আরোগ্য না হয় ভাহা হইলে, ক্যাল্কেরিয়া, এক মাত্রা করিয়া প্রভাহ প্রাভঃকালে।

চক্ষুর ভিতর কোণের নালি ঘ।।

চক্ষ্র যে কোণ নাসিকার গোড়ায় থাকে তাহার মধ্যে একটা থলিয়া আছে, তদ্ধারা জল ও শ্লেমা চক্ষ্ণ হইতে নাসিকা দার দিয়া আব হয়, সেই থলিয়াতে কোন প্রকার প্রদাহ উপস্থিত হইলে সেই পথ অবরোধ হইয়া নাসিকার দার দিয়া জলাদি আব রোধ হয়, এবং নিয়ত অক্রপূর্ণ ও পিচুটির দ্বারা বদ্ধ হইয়া চক্ষ্ণরোগ উপস্থিত হয়, এই রোগ দৌর্বল্যবা শ্লেমাধিকা শরীরে উপস্থিত হইলে, হহু দিনে আরোগ্য হয়।

চিকিৎসা।

যদি এই রোগ অম্পকাল উপস্থিত হইয়া থাকে, অত্যন্ত প্রদাহ, ও যাতনা থাকে তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, অদ্ধামাত্রা ভিন ঘণ্টা অন্তর।

যদ্যপি রোগীর শ্লেষাধিক্য ধাতু হয়, এবং এই রোগ সন্ধ্যাকালে, বা রাত্রিতে বৃদ্ধি হয়, কিম্বা অন্ধীর্ণ রোগ থাকে তাহা হইলে।

ঔষধ—পলেসটিলা, কিষা নক্স-ব্যাহ্বা পূর্ণমাতা প্রভাহ প্রাভঃকালে ও সন্ধ্যাতে এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি পিক্তাধিক্য ধাতুতে হয়, এবং প্রাতঃকালে, রৃদ্ধি বোধ হয় তাহা হইলে।

ঔষধ—নক্স-বমিকা পূর্ণমাত্র। প্রত্যহ প্রাতঃকালে ও সন্ধ্যাকালে এক এক বার করিয়া দিবেক।

ষ্ণ্যপি অধিক দিন স্থায়ী অর্থাৎ এই রোগ প্রাচীন হয় তৎপক্ষে।

ঔषধ--- गांटे निभिग्ना, এবং मन्कत्र, अर्फ्रमाळा छूटे दिना।

রক্তবর্ণ চক্ষ্য।

এই পীড়া আঘাত বা পতন হইতে, কিয়া বমন, কাশী, কোন প্রকার বেদনাদি হইতে উৎপন্ন হইলে ইহা প্রায় আপনিই আরোগ্য হইয়া থাকে, যদি আরোগ্য না হয়, তাহা হইলে।

ঔষধ—আর্ণিকা, ছই বেলা পূর্ণ মাত্রা এবং আর্ণিকার অমিশ্র আরক ছয় ফেটো এক ছটাক জলে মিশ্রিত করিয়া ভদ্মারা প্রত্যহ তিন বার করিয়া চকুঃ ধৌত করিবেক। যদাপি ঘাড়ের শিরা দপ্ দপ্ করে, মুথ কোলে, এবং মস্তকে যাতনা বোধ হয়, আরও যদি কেবল কোন আঘাতে দ্বারা উৎপন্ন হইয়া থাকে তাহা হইলে।

ঔषध—्दिनाष्डाना, भूर्व मोळ। চाরि घल्छा, अस्रत दिवन कतिदिव ।

চক্ষুঃ দিয়া রক্তভাব।

উষধ —বেলাডোনা, কামে মিলা, নক্ল-বমিকা, ইহার মধ্যে অনা-ভর একটী ঔষধ পূর্ণ মাত্র। প্রতাহ স্বায়ং এবং প্রাতঃকালে, এক এক বার করিয়া সেবন করিবেক।

অল্ল দৃষ্টি।

যদ্যপি চক্ষুরোগ উপস্থিত হইয়া তাহা নিবারিত হওয়ার পর অপ্প দুটি হয়।

ঔষধ—সল্ফর, পূর্ণ মাত্রা প্রতাহ প্রাতঃকালেও সন্ধাকালে এক এক বার করিয়া।

যদাপি বিকার জার হইতে মুক্ত হওয়ার পর দৃষ্টির অপ্পতা হয়, অথবা চক্ষুঃ নীরস জন্য উক্ত উপসর্গ উপস্থিত হয়, তাহা হইলে।

ঔষধ—এসিডম্-কস্ফরিকম্ পূর্ক্রবং।

যদ্যপি পারে। দোষ জন্য হয় তাহা হইলে।

ঔষধ—এদিডম্-নাইট্রিকন্বা সল্কর পূর্ক্রবং।

পথা ব্যবস্থা—যে পর্যান্ত চক্ষুরোগ প্রবল থাকে সে পর্যান্ত কোন প্রকার মৎস্য মাংস ব্যবহার করিবেক না, চর্বণে অভিশয় কঠিন দ্রব্য আর শাকাদি, অমু, মাসকলাইর দাইল, প্রভৃতি বর্জন করিবেক। চক্ষু আলোক হইতে সর্বতোভাবে রক্ষা করিবিক, অধিক কাল এক বস্তুর উপর দৃষ্টিপাত করিবেক না।

আঞ্চিনা অর্থাৎ চক্ষুত্রণ।

চক্র পাতার কোণেতে এই ত্রণ উৎপন্ন হয়, ইহাতে অত্যন্ত প্রদাহ এবং সাধারণতঃ জ্ব বোধ হইয়া থাকে।

যথন স্থানীয় প্রদাহ অত্যস্ত প্রবল থাকে, এবং জ্বরের সহিত সংযুক্ত থাকে।

ঔষধ —পলে্দটিলা, পূর্ণ মাত্রা প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে।

যদ্যপি অত্যন্ত ফুলিয়া উঠিয়া পুঁজ হইবার উপক্রম হয়; ও দপ্দপ্করে, তৎকালে চক্ষুত্রণ পাকাইয়া শীঘ্র কাটাইবার নিমিত্ত।

ঔষধ—হেপার্, অর্দ্ধমাত্রা তিন ঘণ্টা অন্তর ছয় বার দিবেক।

যদ্যপি প্রদাহের হ্রাস হইয়া কেবল শ্বেত বর্ণ ও কঠিন একটা ত্রণের ন্যায় অবশিষ্ট থাকে তাহা হইলে।

ঔষধ—ফ্টাফিসেগ্রিয়া, পূর্ণ মাত্রা প্রভাহ প্রাতঃ ও সন্ধাকালে। (কিন্তু এই ঔষধ পূর্ব্বোক্ত কোন প্রকার ঔষধ সেবনের ছুই দিবস পরে আরম্ভ করিবেক।)

পথ্য ব্যবস্থা—পূর্ব্বোক্ত চক্ষ্রোগের পরিশেষে যে প্রকার
নির্দ্ধারিত করা হইয়াছে তদমুসারে পথ্য ব্যবস্থা করিবেক,
কেবল হঠাৎ শীত হইতে গ্রীয় এবং গ্রীয় হইতে শীত, ও
অত্যন্ত আলোক, অতি শীতল বায়ু বহন অথবা কুজ্ঝটিকার
সময়ে গৃহ হইতে কদাচ বহির্গমন করিবেক না।

कर्वद्रांश।

কর্ণের ভিতর এবং বহির্ভাগের প্রদাহকে কর্ণ **শূল বলা** যায়।

ৈ কৰ্ণমূল।

কর্ণের মূলস্থানে যে গুঠলি থাকে তাহা ফুলিলে। ঔষধ—মর্কিউরিয়স্-বাইবস্ চারি ঘণ্টা অন্তর পূর্ণমাত্রা পরিমাণে সেবন করিবেক।*

यमापि श्रामा विभिष्ठे इड्रा फूनिया तुळवर्ग इय जाहा इड्रेटन।

छेषध—रिकारणांना शृक्षिरः।

যদাপি ফুলা হঠাৎ অন্তর্হিত হইয়া মস্তকে আক্রমণ করিবার উপক্রম বোধ হয়।

उषध-जारमानिमा, शूर्वर ।

এই রোগের শেষ চিহ্ন নট করিবার নিমিত্ত। উষধ—সন্ফর, পূর্ববৎ।

কর্ণের ভিত র ফুলা।

যদ্যপি কর্ণশ্লের সহিত জ্বর লক্ষণ বিদামান্ থাকে।
ঔষধ—প্রথমে একোনাইট, পূর্ণমাতা ছয় ঘণ্টা অন্তর এক এক বার
দিবেক।

পরেতে জার লক্ষণের বিরাম হইলে যদ্যপি মুখ রক্তবর্ণ হয়, ও কিলক বিধার ন্যায় যাতনা বোধ হয়, কিঞ্চিৎ মাত্র শব্দ শ্রবণে কটি বোধ, ও জার লক্ষণ বিদ্যমান্ থাকিয়া মন্তিক্ষের প্রদাহ থাকে ও রোগী প্রলাপ বলিতে থাচক তাহাহইলে।

ঔষধ — বেলাডোনা অর্দ্ধনাত। অর্দ্ধ ঘন্টা অন্তর এক এক বার-করিয়া দিবেক।

अहे अवद्यतं जिम हाति माजादलहे आत्र जादताना हहेदवक।

কর্ণের ভিতরের যাতনা যদঃপি গওদেশ এবং দন্ত পর্যান্ত ব্যাপ্ত হয়, ও কর্নের অভ্যন্তরে শীত বোধ, ও রক্ত্র মধ্যে ঘা হুইয়া রস নির্গত হয়, এবং গুঠলি ফুলে তাহা হুইলে।

ঔষধ -- মর্কিউরিয়স্, পূর্ণ মাত্র। ছয় ঘণ্টা অন্তর এক এক বার।

ষদাপি উক্ত ঔষধের দারা রসংস্তাব নিঃশেষিত না হয়, এবং কাণ্ভোঁভোঁ করে তাহা হইলে।

उषध-मन्कत, भूर्वदः।

যদ্যপি কর্ণের বহির্জাগ পর্য্যন্ত ফুলিয়া উঠে, এবং অভ্য-ন্তরে কিলক বিদ্ধ হওয়ার ন্যায় যাতনা বোধ হয়, ও অভিরিক্ত পরিমাণে রসঃস্রাব হয়, তাহা হইলে।

'अवस - পरतमिना, भूर्व माज। हाति घर्ना अस्त । *

কর্গ শূল।

যে কর্ণ স্বভাবতঃ ভিজা থাকে ও যাহা হইতে সময়ে সময়ে রসঃনির্গত হয় তাদৃশ কর্ণে বেদনা হইলে।

ঔষধ—পলে্সটিলা, অর্দ্ধমাত্রা পরিমাণে প্রত্যেত্র ঘন্টায় সেবন-করিবেক।

যদাপি কর্ণ শুষ্ক থাকে ও ললাটে, মস্তকের উভয় পাখে, এবং বদনের অস্থিতে ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা ব্যাপ্ত হয়, ও সেই যাতনা প্রাতঃফালে রুদ্ধি হয় তাহা হইলে।

उध्य-नक्र-विका, श्रुक्तवर।

अहे छेक् ' बीरमाक निरंगत शरक विरंगर छेशकाती

যদ্যপি জলে ভিজাতে বা শ্লেষা জন্য উৎপন্ন হইয়া থাকে তাহা হইলে।

ঔমধ —ডল্কেমেরা, পূর্কাবং॥

ছুরিকা বিদ্ধা করার ন্যায় যাতনা বোধ হয়, কোন শব্দ সহ্য হয়না এমত হইলে।

উষধ-ক্যামোদিলা, অর্দ্ধ মাত্রা ঐ রূপ।

্উচ্চ শব্দ অসহ্য বোধ হইলে।

ঔষধ—সার্ণিক', পূর্ণাতা ছয় ঘন্ট। অন্তর।

উক্ত ঔষধ প্রয়োগের পর যদি কিছু শেষ থাকে তাহা দূর করিবার নিমিত্তে।

ঔষধ—সল্ফর পূর্বাবৎ

কৰ্ হইতে রসঃআৰ অৰ্থাৎ কাণ্ গলা।

কর্ণের ভিতর কেবল ঈষৎ উষ্ণ জল দিয়া পরিষ্কার করিবে, অন্য কোন পদার্থ বা পিচ্কারি দেওয়া কোন মতেই বিধেয় নহে।

চিকিৎসা

যদাপি এই উপসর্গ উপস্থিত হইবার পুর্বের কর্ণে কোন প্রকার প্রদাহ হইয়া থাকে, এবং তজ্জুন্য ইহা উপস্থিত হওয়া লক্ষিত হয়, অথবা কর্ণ উষ্ণ ও রক্ত বর্ণ হয় তাহা হইলে।

ও্রধ-প্রেনটিলা, পূর্ণ মাত্র। প্রভাহ প্রাভঃকালে ও পদ্মাকাল।

যদ্যপি উক্ত ঔষধ সেবনের ছুই দিবস পরে, উপশম বোধ না হয়, তাহা হইলে।

· ঔষধ—মর্ক উরিয়দ্, পূর্ব্বোক্ত প্রকারে ছয় দিবস পর্যান্ত দিয়া তাহার চারি দিবস পরে সলফর্, ঐ রূপে দিবেক।

स्त्रिया कना कान् श्ला।

কর্ণদার দিয়া যে রস নির্গত হয় তাহ। যদ্যপি পুঁজের ন্যায় না হইয়া শ্লেমার ন্যায় দেখা যায় তাহা হইলে।

ঔষধ — বেলাডোনা, মর্কিউরিয়স্, প্রেনটিলা, বা সন্ফর্, ইহার অনাতর একটা ঔষধ পূর্ণমাত্রায় প্রভাহ প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে, সেবন করিবেক।

ষদ্যপি কর্ণ হইতে তুর্গন্ধা, জলবৎ রস্, বা পুঁজঃ নির্গত হয় তাহা হইলে।

উষধ-কটিকম্, বা কার্বো বেজিটেবিলিস্, পূর্ববং।

যদাপি এই রোগ বহু কাল স্থায়ী হইয়া প্রাচীনত্ব প্রাপ্ত হয়, তাহা হইলে।

ঔষধ—হেপার্, সাইলিশিয়া, বা সলফর্, দ্বিগুণ মাতা পরিমাণে প্রতাহ প্রাতঃকালে, এক বার করিয়া সেবন করিবেক।

যদ্যপি কর্ণ দিয়া রক্ত পড়ে তাহা হইলে।

় ঔষধ —মর্কি উরিয়ন্, পলেসটিলা, বা সাইলিশিয়া, প্রাতঃকালে ও সন্ধানিকালে এক এক ব্রি।

যদাপি কর্ণ দিয়া রক্ত্ মিশ্রিত পদার্থ আব হয়, এবং তাহা পারা দোব জন্য উৎপন্ন হইয়া থাকে।

উষধ— হেপার, এদিডম্-নাইট্রিক্ম, দাইলিশিয়া, ইহার মধে যে

,কোন একটা ঔ্ষধ পূর্ববং বা সলফর্, দ্বিগুণ মাত্রা প্রভাহ প্রাতঃক। দেন এক বার করিয়া।

যদ্যপি কর্ণের ভিতর অস্থিতে ঘা হইয়া পাতলা ছুর্গক ক্লেদ নির্গত হয়, এবং তাহাতে রক্ত মিশ্রিত থাকে, তাহা হইলে।

ঔষধ—অরম্-মেটালিকম্, ন্যাট্রম্-মিউরিএটিকম্, সাইলিশিয়া, বা সহফর্, পূর্ববিৎ।

কোন অন্যায্য উপায়ের দারা কর্ণ হইতে রসংস্কাব বন্ধ করিলে যদ্যপি অন্য কোন প্রকার রোগ উৎপন্ন হয় তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, ব্রায়োনিয়া, অধ্বা সহফর্, পূর্ববং সেবন করিবেক।

কর্বের ভিতর শব্বোধ বা কাণ্ভোঁ ভোঁ করা।

এই উপদর্গ যদ্যপি কাণ্ গলা, বা কর্ণ শূল, বা বধির ভার দহিত সংযুক্ত থাকে এবং কখন কখন মাথা ধরে ভাহা হইলে, ও বিশেষতঃ যদি শ্লেষা জন্য হয়, ও প্রাতঃকালে বৃদ্ধি হয় তৎপক্ষে।

ঔষধ—নক্স-বমিকা, পূর্ণ মাত্রা প্রত্যন্থ তিন বা চারি বার করিয়া। যদ্যপি উক্ত লক্ষণাক্রাস্ত হইয়া সন্ধ্যাকালে বৃদ্ধি বোধু হয় তাহা হইলে।

ঔষধ—পতেসটিলা, পূর্ববং। রাত্রিতে রৃদ্ধি হইলে। ঔষধ—ডক্ষেমেরা, পূর্ববং। উক্ত উপদর্গ থাকিয়া যদি রোগীর অতিরিক্ত ঘর্ম হয়» তাহা হইলে।

- ঔषध--- मर्कि উরিয়ন - वाहरतम्, পূর্ববং।

यमाপि উক্ত উপসর্গ উপস্থিত হইয়া ঘর্মা না হয় তাহা হইলে।

ঔষধ-ক্যামোমিলা, পূর্ববং।

এই রোগের সহিত যদ্যপি জ্বর থাকে এবং কর্ণের ভিতর গান করা বা যস্ত্রের শব্দের ন্যায় সোঁ সোঁ শব্দ বোধ হয় তাহা হইলে,

ঔষধ -- চায় না, পূর্বাবং।

যদ্যপি উক্ত প্রকার শব্দ অতিরিক্ত পরিমাণে বোধ হয় তাহা হইলে।

खेष४-कार्दा-विकारितिलम्, भूकावर ।

যদ্যপি প্রত্যেক বার পদবিক্ষেপ কালীন কর্ণের ভিতর দপ্দপ্করিয়া শব্দ হয়, ও রোগার হস্ত পদাদি কাম্ডায় তাহা হইলে।

अध-किक्र, श्रुक्तरः।

বধিরতা অর্থাৎ শ্রবণ শক্তির অল্লভা।

যদ্যপি বধিরতার সহিত কর্ণের ভিতর গানের শব্দের ন্যায়, বা ঝন্ ঝন্, টন্ টন্ ইত্যাদি নান।বিধ শব্দ বোধ হয় তাহা হইলে।

ঔষধ—বের টুম্, দ্বিগুণ মাত্রা প্রতাহ প্রাভঃকালে এক বার করিয়া। যদ্যপি মন্তকে রক্ত বন্ধ জন্য অথবা কর্ণ রক্ত্র মধ্যে রক্ত বন্ধ হওয়াতে এই উপসর্গ উপস্থিত হইয়া থাকে তাহা হইলে। ঔষধ—বেলাডোনা, বা সক্ষর, পূর্ণনাতায় পূর্ববং।

यमािशः **এই উপসর্গের সহিত কাণ্ গলা** থাকে তাহা

ঔষধ—পবেদটিলা, মর্কিউরিয়স্, ইহার অন্যর্তর একটা ঔষধ পূর্ব্বং সেবন করিবেক।

যদাপি মন্তকে জল বদ্ধ জন্য এই উপদর্গ হইয়া তাহার সহিত গলায় বেদনা থাকে তাহা হইলে।

ঔষধ—ক্যামোমিলা, আমে নিক্ম্, ইহার অন্যতর একটা ঔষধ উক্ত প্রকারে দেবন করিবে।

যদ্যপি শরীরের কোন স্থানের ঘা, বাছিক কোন প্রকার ঔষধ দারা নিবারণ করাতে বধিরতা উৎপন্ন হইরা থাকে তাহা হইলে।

ঔষধ—সল্ফর্, বা এন্টিনোনিয়ন্-ক্রুডন্ পূর্ব্বং।

ষদ্যপি জিহ্বার নীচে ফুলিয়া এই রোগ উৎপন্ন হয় তাহা হইলে।

ঔষধ—ইটাফিসেগ্রিয়া, বা মর্কি উরিয়ন -বাইবন্, প্রবং ।

সহকারী বিধি।

ঈষং উষ্ণ জল পিচ্কারি দ্বারা টানিয়া কর্ণে দিয়া কর্ণ পরিষ্কার করাইবেক, এভদ্ভিন্ন স্থান্য কোন প্রকার ক্রব্য কর্ণের ভিতর দেওয়া বিধেয় নহে।

পথাব্যবস্থা—কর্ণরোগের তরুণাবস্থায় জর কালীন যে

প্রকার পথ্য উক্ত হইয়াছে সেই ৰূপ ব্যবস্থা করিবেক। আর যদি প্রগাঢ় জ্বর, বা হাম, বা বসস্ত, রোগের অন্তে কর্ণ হইতে আব হয়, তৎকালে সহজে পরিপাক করা যায়, এবং বলকারক হয়, ও সামান্য ৰূপে পাক করা এমত দ্রব্য মাত্র ব্যবহার করা বিধেয়, মৎস্য, তুগ্ধ, অমু, শাকাদি, কলাইর দাইল, মিন্টান্ন, এবং যাহাতে শরীরের রক্তকে উষ্ণ করে এমত মস-

নাসিক। রোগ।

নাসিকার স্ফীতভা।

যদ্যপি নাসিকা কোন আঘাতের দারা কোলে তাহা হইলে।

ঔষধ—আর্ণিকা, পূর্ণ মাতা বার ঘন্টা অন্তর এক এক বার সেবন করিবেক এবং আর্ণিকা অমিশ্র আরকের ৪০ চলিস ফোটা অর্দ্ধ ছটাক জলে মিশ্রিত করিয়া সেই জলদারা দিবসের মধ্যে তিন বার ধৌত করিবে।

যদ্যপি কোন প্রকার পার। ঘটিত ঔষধ সেবন জন্য হয়, তাহা হইলে।

ঔষধ-—হেপার, এসিডম্-নাইট্রিকম্, বেলাডোনা অথবা সলফর এই কএকটা ঔষধের মধ্যে যে কোন একটা ঔষধ পূর্ববং নিয়মান্ত্রসারে, সেবন করিবেক।

यमाि शिव-वीर्या मना शान खना इत जाहा हहेता। अवध—नक्र-धिमका, नां। किनिन, आर्तिनक्म, वा नक्कत् शूर्व वार्वम् । मण्ड (नंदन कित्रवक । যদ্যপি কারণ লক্তি না হয় তাহা হইলে। ঔষধ—বেলাডোনা, মর্কি উরিয়স্, হেপার্, বা পলেসটিকা পূর্ববং ব্যবস্থা মতে সেবন করিবেক।

উক্ত কএক প্রকার ঔষধের মধ্যে বিশেষ ব্যবস্থা।—

নাসিকা রক্ত্র কুলিয়া অত্যন্ত জ্বালা হয়...বেলাডোনা।

নাসিকা চুল্কায় এবং রক্ত বর্ণ হয় ...মির্কি উরিয়স-বাইবস্।

যদি কোলার সহিত কাল দাগ থাকে ...সন্ফর্।

নাসিকার উপরে লাল দাগ থাকে ...এসিডম্—কস্করিকম্

যদি নাসিকার অপ্রভাগ লাল হয় ...রস-টক্সিকোডেগুন।

যদি ভামু বর্ণ লাল হয় ... আস্সেনিকম্।

নাসিকা দারা রক্ত আব।

ষদ্যপি বাহ্য আঘাত কিয়া পতনের দ্বারা নাসিকা হইতে রক্ত আব হয়, এবং নাসিকাও কপাল চুল্কায় তাহা হইলে ঔষধ—আর্ণিকা পূর্ণমাত্রা অর্দ্ধ ঘন্টা অন্তর এক এক বার সেবন করিবেক,

যদি জ্রীলোকের রজস্বলা কালীন অপ্প আব জন্য নাসিকা দারা রক্ত আব হয়, এবং রক্ত কথন বন্ধ ও কথন আব হয়, আরও যথন বৈকালে বা সন্ধ্যাকালে, বা চুই প্রহর রাত্তির পূর্বের আব হইতে সারম্ভ হয় তৎকালে।

ঔষধ—পলেমটিলা, পূর্ণ মাত্রা ছয় ঘণ্টা অন্তর এক এক বার।

পূর্ব্বাক্ত উমধের দ্বারা কোন মতে রক্ত বদ্ধ না হয়, এবং হঠাৎ বন্ধ করিবার আবশ্যক হইলে যে দিকের নাসিকা

দার দিয়া রক্ত আব হইতে থাকে সেই দিকের হস্ত উর্দ্ধে তুলিয়া কিয়ৎকাল রাখিলে রক্ত বন্ধ ছইবেক, বদ্যপি মদ্যাদি পান জন্য রক্ত আব হয় তাহা হইলে গরম জলে হাত ডুবাইয়া, পরেতে জল হইতে উঠাইয়া স্থির ভাবে রাখিবেক, ইহাতেও যদি নিবারণ না হয় তবে পৃষ্টাস্থি অর্থাৎ মেরুদণ্ডের উপর প্রাক্তর কিয়া লোহ নির্মিত কোন শীতল পদার্থ কিয়ৎকাল ধরিয়া রাখিবেক।

নাসিকার ভিতরের অস্থিতে হা আর্থাৎ পিনস্রোগ।

यमाि छेपार्भ हरेट वह तांश छेरपन हरेगा थात्क, এবং রোগী পূর্বের পারা ব্যবহার না করিয়া থাকে, তাহা रुरेल।

ঔষধ-মর্কিউরিয়ন্, পূর্ণ মাতা প্রাতঃকালে এক বার করিয়া দশ मिन योवए मिवन कतिरतक।

যদি পারা দোষে কিয়া, শ্লেয়া জন্য হইয়া থাকে তাহা रहेटन।

ঔषध--- वत्रग्-(मर्वे विक्रा शृक्तरः।

যদ্যপি পারা দোষ জন্য হইয়া সমুদয় নাসিকাকে, আক্র-মণ করে এবং অরম্ নামক ঔষধে আরোগ্য বোধ না হয়, তাহা হইলে।

अवध--- श्री अप-- नार्रे हिं कम् , मन्यन्त्र, कारिक्कतिय्रा वा नार्रे निर्माया ইহার অন্যতর একটা ঔষধ পূর্ণ মাত্রা প্রত্যহ রাত্রিতে এক বার এবং প্রাতঃকালে এক বার করিয়া সেবন করিবেক।

পারা দোষ জন্য পিনস্ হইলে, নিম্নোক্ত ঔষধ সকল ব্যবহার হইয়া থাকে যথা, হেপার্-সলফুর, কার্বো-বেজিটেবিলিস্, ল্যাকিসিস্, এসিডম্-ফস্ফরিকম্।

পথ্যব্যবস্থা—যদ্যপি আঘাত জন্য নাসিকা রোগ হয় তাহা
হইলে, তুই দিবস পর্যান্ত লয়ু আহার করিয়া থাকিবেক, কোন
প্রকার মাদক দ্রব্য কিয়া যাহাতে শোণিত উত্তেজিত করে স্থাহা
ব্যবহার করিবেক না, কিন্তু যদ্যপি ঐ রোগ পারার দোরে কিয়া
অন্য কোন আঘাত জন্য ঘটিয়া থাকে তাহা হইলে যে পর্যান্ত আরোগ্য না হইবে সেকাল পর্যান্ত উক্ত প্রকার আহার এবং
ব্যবহারের নিয়ম রাখিতে হইবেক কোন প্রকারে শুরুপাক
দ্রব্যের দারা পাকস্থলিকে ভারায়িত করিবেনা, আহারের নিয়ম
কাল এক সময়ে রাখিবেক, অলপ রাত্রিতে শয়ন এবং প্রত্যুধে
গাত্রোপান করিতে ক্টি করিবেনা।

পলিপস্।—(এক প্রকার নাসিকা রোগ)

নাসিকার মধ্যে উভয় পাশ্বে ঝিন্তুকের মধ্যস্থ পদার্থের ন্যায় উদ্ভূত হইয়া নাসিকার ছুই দার হইতে বাহির হয়। তাহাদিনের গোড়া অণ্প পরিসর এবং অগ্রভাগ বিস্তৃত। যথন এই রোগদারা আক্রান্ত হইয়া উভয় নাসিকার দার বন্ধ হয়, তথন রোগী অতি কফে নিঃশ্বাস ত্যাগ করে। ইহার চিকিৎ-সার নিমিন্ত নিমুলিখিত ঔষধ সকল ক্রমশ্বঃ প্রয়োগ করিবেক।

যথা—ক্যান্কেরিয়া, ফস্করস্, ফ্যাকিসেগ্রিয়া, সিপিয়া, সাইলিশিয়া, পূর্ণ সাত্রা প্রত্যহ প্রাতঃকালে এবং মধ্যাহ্ন কালে এক বার ক্রিয়া। নাসা-রোগ, যাহা সকলেই বিশেষ ৰূপে জ্ঞাত আছেন ভাহার স্বতন্ত্র চিকিৎসা করিবার প্রয়োজন নাই তজ্জন্য অরের চিকিৎসা করিলেই আরোগ্য হইবে। নাসা ভাঙ্গা, অর্থাৎ কোন প্রকার অন্তর বা অন্য প্রকরণ দ্বারা নাসিকা হইতে রক্ত বাহির করা বিধেয় নহে। অতএব ইহা নিবারণ জন্য—

ঔষধ—একোনাইট্ বেলাডোনা, বা পলেসটিলা পূর্ণমাতা তিন ঘন্টা অন্তর এক এক বার উপর্গারি বা স্বতন্ত্র স্বতন্ত্র সেবন করিবে।

মুখ রোগ।

এই রোগে মুখে তুর্গন্ধ ও মাঢ়ী রক্ত বর্ণ, উত্তাপযুক্ত অতি কোমল হয়, এবং মাঢ়ী দিয়া রক্ত আব হয়। কথন কখন ফুদ্ধুড়ীর ন্যায় ফুলিয়া উঠে, লাল কাটে, দন্ত চালিত হয়, চর্বাণ করিতে এবং গিলিতে অস্থথ বোধ হয়। অত্যন্ত তুর্বলতার সহিত কিঞ্চিৎ জর থাকে, এই রোগ উপস্থিত হইলে প্রথমতঃ

ঔষধ—মর্কি উরিয়স্ প্রাতঃকালে ও সন্ধাকালে এক বার করিয়া পূর্ণ মাত্রায় দিবেক।

যথন গলার গুঠলিতে বেদনা বোধ হয়, অথবা শীতল কোন পদার্থ সংলগ্ন হইলে যাতনা হয় তৎকালে।

ঔषध— ७ व्ल्क (मद्र) शृक्षद ।

যদি চর্বাণ কালীন দন্ত দিয়া রক্ত আব হয়, জিহ্বা চালনা করিতে কন্ট বোধ হয়, অথবা অধিক পরিমাণে লবণ দ্রব্য ভোজন, বা পারার দোষে এই উপসর্গ উৎপন্ন হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ---কার্বো-বেজিটেবিলিন্, বা ছেপার্, পূর্ববং।

যদ্যপি প্রথমোক্ত, ঔষধের দ্বারা কিঞ্চিৎ পরিমাণে উপশম বোধ হয় তাহা হইলে পরেতে।

खेयध-- এनिष्ठम्-नाहिष्ट्रिकंम् शूर्वरद।

যদ্যপি এই উপসর্গের সহিত মাট্রির উপরের মাংস ফুলিয়া উঠে তাহা হইলে।

ঔषध—ग्राकिताशा शूर्ववर।

্ যদি ঘা হয় ও মাঢ়ী রুষ্ণ বর্ণ, অতি কোমল-স্পর্শ হয় তাহা হইলে।

खेषध-हाग्र्ना, बदर ज्वाला थाकित्ल ज्ञार्त्म निकम् ,शृर्वद ।

যদ্যপি মাঢ়ির ঘা শীঘ্র আরোগ্য হইবার উপক্রম না দেখা যায়, এবং জিহ্বার উপর, ওপ্তে ও গগুদেশে এমত কোছা উঠে যে তজ্জন্য বাক্-শক্তির হানি, এবং চর্বণ করিতে অত্যন্ত কট জন্মায় তাহা হইলে।

ঔষধ—ন্যাট্ম-্মিউরিএটিকম্ ছয় ঘন্টা অন্তর এক এক বার।

পথ্যব্যবস্থা—মাঢ়িতে ঘা থাকা কালীন মৎস্যাদি বির্জ্ঞিত করিবেক, এবং লঘু পাক দ্রব্য নিয়মিত সময়ে পরিমিত রূপে আহার করিবেক। দম্ভ কাষ্ঠ দ্বারা দম্ভ মার্ক্ডন পরিত্যাগ করিবেক।

শাঢ়ির কোড়া।

লক্ষণ—মাট়ির উপর প্রদাহ যুঁক্ত অত্যন্ত য়াতনার সহিত কোড়া উৎপ্র হইয়া পাকিয়া পুঁক হইয়া নির্গত হয়ু। ্ধথন ফুলিয়া অত্যন্ত উজ্জ্বল রক্ত বর্ণ হয়, এবং তালু পর্যান্ত ফোলে তৎকালে।

. ঔষধ—মর্কি উরিয়স্, এবং বেলাডোনা, উপর্যুপরি রূপে। অথবা কেবল মর্কি উরিয়স্, অর্জ মাত্রা চারি ঘণ্টা অন্তর সেবন করিবেক।

যদ্যপি এই রোগ অজীর্ণ জন্য হয়, এবং জিহ্বার বিক্রতি, ক্ষুধার অপ্পতা, কোষ্ঠ বন্ধ এবং স্তব্ভিত হইয়া থাকে, অথবা থিট থিটে স্বভাব লক্ষিত হয় তাহা হইলে।

ঔষধ—নক্স-বমিকা, পূর্ণ মাত্রা প্রত্যন্থ প্রাতঃকালে, এবং সন্ধ্যাকালে ছুই দিবস পর্যান্ত দিয়া তাহার শেষ মাত্রার চারি দিবস পরে আবশাক হুইলে পুনর্মার ঐ রূপে চালাইবেক।

যদ্যপি উক্ত উপসর্গ উপস্থিত হইয়া তাহার সহিত পাকস্থালির দোষ থাকে, অর্থাৎ কখন কোষ্ঠ বন্ধ, ও কখন অতিসার
হয়, ও যদ্যপি রোগী মান স্বভাব বিশিষ্ট হয়, তাহা হইলে।
উষধ—প্রেস্টিলা, প্রস্তির।

যদাপি উক্ত ঔষধ প্রয়োগ দ্বারা কিঞ্চিৎ কমিয়া এক ভাবে থাকে তাহা হইলে।

ঔষধ—সম্কর্, পূর্ণ মাত্র। প্রত্যহ প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে এক এক বার চারি দিবস যাবৎ দিবেক।

যদ্যপি দন্ত ক্ষয় জন্য এই রোগ উপস্থিত না হইয়া থাকে এবং দপ্দপ্করে ও ক্রমশঃ ফুলিয়া উঠে ও ক্ষোটক উষ্ণ বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—হেপার, অর্ধ নাতা ৩ ঘন্টা অন্তর (যে পর্যান্ত রোগ শান্তি না হয়,) সেবন করিবেক।

े যদি এই রোগ দন্ত ক্ষয় নিমিক্ত হয় এবং পূর্ব্বোক্ত ঔষধ

•মধ্যে অন্যতর কোন উষধ প্রয়োগ করা হইয়া থাকে আর ষদ্যপি মাঢ়ী ফোলে এবং পুঁজ হয় তাহা হইলে।

ঔষধ—নাইলিশিয়া, রোগের তরুণাবস্থায় পুর্বোক্ত মতে সেবন করিবেক। পরে কিঞ্চিং উপশম ছইলে পূর্ণমাতা প্রাতঃকালে ও সক্ষ্যাকালে, এক এক বার দেবন করিবেক।

कान मस (बार्कन में। ७)

উঠিবার সময় অত্যন্ত যাতনার সহিত মাদী ফুলিয়া যদ্যপি তাহার সহিত উত্তেজিত জ্বর লক্ষণ বিদ্যমান্ থাকে তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, পূর্ণ মাত্রা চারি ঘণ্টা অন্তর (যে পর্যান্ত জ্বর লক্ষণ হ্রাস না হয়) সেবন করিবেক।

. যদি মাঢ়ী তৎকালে সম্পূর্ণ কোমল এবং বা হওয়ার ন্যায় বোধ হয়, তাহা হইলে।

ेश्यथ--आर्थिका, शूर्मदर।

যদ্যপি অভ্যন্ত ফোলা থাকে এবং তাহার সহিত মুখ ফোলে তাহা হইলে।

উমধ—বেলাডোনা, এবং ক্যামোমিলা, উপর্যুপরি, অর্দ্ধ মাত্রা চারি ঘন্টা অন্তর।

शृद्धां खेष ध्या धार्मा वार्चना, काला, ववः ध्यनार इत, किश्वः लाचव इहेल ववः मग्र वाहित हहेट विलय ७ कर्षे हहेला।

ঔষধ—ক্যান্টেক্রিয়া, পূর্নাতা প্রাতঃ এবং সন্ধ্যাকালে, এক সপ্তাহ পর্যান্ত সেবন করিয়া, অন্তাহ পরে যদি কিঞ্চিং অবশিত খাকে পুনর্কার এই উমধ ঐরপে ব্যবহার করিবে।

भाग़ी इरेट उक्त आत।

যদাপি মাড়ীর উপর মাংস র্দ্ধি হইয়া রক্ত আব হয়, তাহা হইলে।

ঔষধ—ফ্টাফিসেগ্রিয়া, পূর্ণ মাত্রা প্রান্তঃ এবং সন্ধ্যাকালে।

যদ্যপি পারা দোষ জন্য উৎপন্ন ইইয়া থাকে এবং মাঢ়ী যাতনা বিশিষ্ট ক্ষীত ও কোমল স্পর্শ হয় তাহা হইলে।

ঔষধ-নকিউরিয়স, পূর্বাবৎ।

ঐৰপ লক্ষণ থাকিয়া যদ্যপি এই রোগ পারাদোষ জন্য নিশ্চয় লক্ষিত হয় তাহা হইলে।

ঔষধ—কার্বো-বেজিটেবিলিস্, প্রথমতঃ পূর্নাতা বার ঘন্টা মধ্যে চারি বার সেবন করিয়া ভাহার ছই দিবস পরে, চায়ুনা ঐ রূপ চারি বার, এই রূপে উপযুগ্পরি রূপে দিবেক।

যদ্যপি উক্ত প্রকার চিকিৎসা দ্বারা কিছু মাত্র ভারোগ্য বোধ না হয় তাহা হইলে পর—

উষধ—হেপার, এবং এসিডম্-নাইট্রিকম্, উক্ত প্রকারে উপযুগ্ত-

যদি পূর্ব্বোক্ত ঔষধসকলে আরোগ্য বোধ না হয়, এবং কিঞ্চিন্মাত্র স্পূর্ণ অথবা ঘর্ষণ করিলে রক্তপাত হয়।

ঔষধ---এসিডম্-ফস্ফরিকম্ পূর্ণ মাতা রাত্রিতে এবং প্রাভঃকালে দিবেক।

যদি বৃহুকাল স্থায়ী এবং সহজে আরোগ্য হয় না ও মাঢ়ীতে ঘা হইয়া থাকে এবং সামান্য বা বিনা কারণে রক্ত আব হয় ভাহা হইলে।

ে ঔষধ—কৃষ্ঠিকম্, ন্যাট্রম-মিউরিএটিকম্, লাইকোপোভিরম্, ইহার অন্যত্ত, একটা ঔষধ পূর্ব্বোক্ত ব্যবস্থামত সেবন করিবেক। ষাহাদের এই রোগ পুনঃ পুনঃ বটিয়া থাকে তাহাদের সম্বস্কে এবং যে রোগ সহকে আরোগ্য হয়না তৎপকে।

ঔষধ—এলমিনা, বিপিয়া, মাইলিশিয়া, এবিড়ম্-সল্ করিক্যু, ইহার অন্যত্তর একটা ঔষধ প্রোভঃকালে এবং সন্ধারকালে পুর্নিতায় বেবন করিবেক।

পথাব্যবস্থা—যদ্যপি এই রোগ মামান্যতঃ দন্ত ক্ষয় বা জ্ঞান দন্ত উঠা কিয়া অজ্ঞানতা ৰূপে দাঁত তোলা জনা হয়, তাহা হইলে যে প্রয়ন্ত প্রদাহ অবস্থা থাকিবেক সে কাল পর্যান্ত পরিমিত ৰূপে আহার করিবেক এবং কোন মতে শীত রৃদ্ধি কারক বায়ু সেবন করিবেক না, বা শীতল জল মুখে দিবেক না, অপিচ এই রোগ প্রায় পাকস্থলির শক্তি হীনতা জন্য হইয়া থাকে অতএব গুরুপাক দ্বা কোন মতে আহার করিবেক না এবং মৎস্য মাংসাদি পরিত্যাগ করিয়া কেবল উদ্ভিজ্জ দ্বা মাত্র (কোন প্রকার গরম মসলা ইত্যাদি না দিয়া কেবল সামান্য প্রকারে প্রস্তুত করিয়া) ভোজন করিবেক।

দম্ভ রোগ।

দন্ত শূল প্রথমে দন্তে আরম্ভ হইয়া, মন্তক, কর্ণ, নীচের উপরের মাদী এবং মুখের অহি পর্যান্ত আক্রমণ করে।

· চিকিৎসা।

ষদ্যপি এমত যাতনা হয় যে রোগী রোদন করে, কম্পিত হয়, এবং এমত অস্থির হয় যে কার্য্যাকার্য্য বিবেচনা থাকেনা, আরও যায়পি যাতনা, কথন থাকে এবং কথন, থাকেনা, এমত হয় তাহা হইলে।

ঔষধ-ক্ষি, পূর্ণমাতা যাতনা বিবেচনায় ছই বা তিন্তু ঘণ্টা অন্তর!

বদাপি উক্ত লক্ষণাক্রান্ত হইয়া উক্ত ঔষধের দ্বারা যাতনার নির্ক্তিলা হয় এবং হিম জলে ঠেকিলে দপ্দপ্করে মন্তকে রক্ত বদ্ধ হয় মুখে জালার নাায় যাতনা বোধ হয় তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, পূর্ণ মাত্রা এক বা ছই ঘন্টা অন্তর।

যদ্যপি পূর্ব্বাক্ত ঔষধে বিশেষ বোধ না হয় এবং রোগী রোদন করিতে থাকে, অসহ্য যাতনা সময়ে সময়ে এবং রাত্রিতে বৃদ্ধি হয় তাহা হইলে।

उच्य-कार्यामिला, शूर्सवर । .

যদ্যপি কএসের দন্তে এমত যাতনা হয় যে, সেই দিগের
মুখের অন্থি সকল, মন্তকের পাশ্ব পর্যান্ত যাতনা যুক্ত হয়, দন্ত
ছিঁড়িয়া পড়ার ন্যায় বোধ হয়, দন্তের ভিতর দিয়া মাঢ়ী পর্যান্ত
চিবাইতে থাকে, চর্বাণ করিবার বাধা দায়ক হয়, এবং মাঢ়ী
কিঞ্চিং স্ফীত হয় তাহা হইলে

ঔষধ—নক্ল-বমিকা, পূর্ণমাতা এক, ছই, বা তিন, ঘণ্টা অন্তর দিবেক।

যদি দন্ত শূলের সহিত এক পাশ্বে মাথা ধরা এবং কর্ণ শূল থাকে ও ক্ষয় দন্তে এমত যাতনা বোধ হয় যে, তাহা বদনের বাম দিক্ হইতে কর্ণ পর্যান্ত বিস্তৃত হয়, বিদিয়া থাকিলে কর্ফ বোধ হয়, এবং ভ্রমণ করিলে কিঞ্চিং স্কুস্থ থাকে, তাহা হইলে। ঔষধ—প্রেস্টিলা, পূর্মবং।

যদি এমত যাতনা বোধ হয় যে, রোগীকে উন্মাদের ন্যায় করে এবং মাটাতে ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা বোধ হয়, ও চর্বাণ কালীন দম্ম লড়ে, শীতল বায়ুতে বৃদ্ধি বোধ হয় তাহা হইলে।

उवध-र्दारामारामम्, शूर्वद९।

```
यिन खत थीरक ... .. ... এरकानाहिष्
द्रोजिए इक्ति श्रेटल धर शिशांगा } अत्कानारेष्ठ्, त्रलांत्छाना,
  থাকিলে
লভিলে এবং রৃদ্ধি হওয়া বোধ হইলে ... ব্রায়োনিয়া
                               र् बैंटकानाइंग्रे, क्यारमार्मिला,
पर्विखेत्रियन् ।
ব†লকের হইলে
भीवन जल इक्ति श्टेल ... ... द्वारमानिम्ना, नक्क-विमर्ग मध्यत् ,
यिन मस कश्च इय ... ... त्वला एका ना, मिक डितियन,
यि नख दांश क्रेंग मांगे क्शंत्न... मिक्छितियम्, मङ्ग-विमिकां,
যদি মাটীর নীচের গুঠলি ফোলে...
                                                 ঐ
त्रांजिए भग्न करितन इक्ति त्रांधी कार्रामानिना, भारत्मिना,
                        .... निक छितियम, कम्कद्रम्,
 যদি শীতল হস্ত দস্তে দিলে আরাম
                             রস্-টক্লিকোডেণ্ডুন্, ব্রায়োনিয়া,
   বেধি হয় ... ...
যদাপি তাহার সহিত অতিশয় 

যাতনা থাকে ... ... ক্যামোমিলা, ডল্কেমেরা,
 यमानि क्लां विक थाक ... ... वारमानिमा, नक्न-विका, मब्कत,
যদি উষ্ণ দ্রব্য লাগিলে অধিক } বলাডোনা,এসিডম্-ফস্ফরিকম্,
 যদি আহার করিবার সময়ে কট ) মর্কিউরিয়স্, কার্বো-বেজিটে-
   रवाभ इब्र .. .... र्रे विलिम् खोरबानिया,
 यिन हार्शित आदाम त्याथ ह्य ... त्वला छोना, हाय ना, शत्मिष्टिना,
 यिन शमन कालीन इक्ति वाध दय ... ... ब्राप्यानिया, नङ्ग-विमिका,
 यित गयन काटन यांजना हिक्क रूप्त ... ... है श्रिमियां,
                             (तमार्डाना, नक्र-पिका, कार्रान
 यिन ८ छन. कार्रल हिक्क इस .... विकारिविनिम् 🏊
```

দন্ত উঠানের পর ষে যাতনা থাকে তাহা নিবারণ জন্য আর্ণিকা, (অশ্রিম আরক) পাঁত ফোটা এক পোওয়া শীতল জলেতে মিশ্রিত করিয়া তন্তারা পুনঃ পুনঃ কুল্কুচা করিবেক।

द्रमना थमार ।

(জিহ্বা প্রদাহের সহিত ফোলা)

লক্ষণ—জিহ্বাত্বালার সহিত কুলিয়া রক্ত বর্ণ হয়, সেই কোলা কথন কথন এমন রূদ্ধি হয় যে, মুখের গহরকে প্রায় অবরোধ করে, যদ্যপি চিকিৎসিত না হইয়া ক্রমশঃ বৃদ্ধি পায় ভাষা হইলে পরেতে পাকিয়া পুঁজ হইয়া গলিয়া যাইবার সম্ভব।

উৎপাদক निদান, অর্থাৎ যে কারণে উৎপন্ন হয়।

বাহ্য আঘাত জন্য, কটু দ্রব্য সংলগ্ন হওয়াতে, বা শ্লেষা জন্য, অথবা শরীরের অভ্যন্তরস্থ এক মন্ত্রে রোগ উপস্থিত হইরা অন্য মন্ত্রে নীত হওয়া।

চিকিৎসা।

যদ্যপি দম্ভ রোগ জন্য কিয়া দগ্ধ জন্য জিহ্বা কোলে তাহা হইলে।

ঔষধ—আর্ণিকা, (অমিশ্র সোরক) বিষ কোটা অর্দ্ধ ছটাক জলে মিশ্রিত করিয়া ভদ্মারা দিবা, রাতিতে তিন চারি বার জিহ্লা ধ্যেত করিবে।

বদ্যাপ ভক্ত মতে আরোগ্য মা হয় এবং রোগ কাচন হয় তাহা হইলে।

ঔষধ—এসিভিম্-ফস্ফরিকম্ পুর্ণ নাতা বার বর্তী অন্তর এক এক বার দিবেক। উক্ত ঔষধ দারা কিঞ্চিৎ আরোগ্য বোধ হইলে সর্বতো-ভাবে আরোগ্য করিবার নিমিস্ত।

ঔধয—সল্কর্, এবং সাইলিশিয়া, পূর্ণ মাত্রা, প্রাক্তঃকালে, এবংক সন্ধ্যাকালে উপর্যুপরি অথবা স্বতন্ত্র রূপে।

যদাপি কোন প্রকার অগ্নি দাহন জন্য হয়, এবং অতান্ত-জ্বালা করে তাহা হইলে।

ঔষধ—অটি কা, ইউরেন্স, অমিশ্র জারকের বিষ ফোটা এক পোওয়া জলে মিশ্রিত করিয়া ভদ্মারা হুই ঘণ্টা অন্তর এক এক বার জিল্লা ধৌত করিবেক।

ষদ্যপি কেবল অত্যন্ত কোলা থাকে এবং জিব্বা কঠিন হয় তাহা হইলে।

ঔষধ—মর্কিউরিয়স্, অর্দ্ধ মাতা ছই ঘন্টা অন্তর সেবন করিবেক। যদ্যপি উক্ত ঔষধের দ্বারা শীঘ্র উপশম বোধ না হয়, এবং ক্রমশঃ বৃদ্ধি হইবার উপক্রম হয়, তাহা হইলে,

উষধ—বেলাডোনা, পূর্ববৎ মাতা, কিন্তু চারি ঘন্টা অন্তর।

যদ্যপি অর্শঃ কিয়া বাতজ কোন ব্যাধি হঠাৎ নিবারিত হওয়াতে এই পীড়া উপস্থিত হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ-পল্নেটিলা, পূর্ণমাত্রা প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে চারি দিবস পর্যান্ত ।

বদ্যপি পাকিয়া গলিবার উপক্রম হয় তাহা হইলে।
ঔষধ—আর্নেনিক্ন, ল্যাকিসিস্ এই উভয় ঔষধের প্রথমোক্তনী
প্রয়োগ করিতে হইলে অর্জ মাতা চারি ঘন্টা অন্তর দিবেক, এবং
পরেতে ছয় ঘন্টা অন্তর শোষাক্ত ঔষধ পূর্ববং দিবে।

পথ্যব্যস্থা—দ্বৰ দ্বৰ অৰ্থাৎ যাহা চৰ্বণ ক্ৰৱিতে না হয়,
অথচ লঘু পাক হয়, এমত দ্বৰ্য কিঞ্চিমাত্ৰ উষ্ণ থাকিতে
থাকিতে ভোজন ক্রিবেক।

विश्वान।

थोठःकोत्न जिल्ल थोर्योपन } निक्यत्, ब्राट्सिनिय्यः, क्राट्स्क्रिया,
চর্মিত দ্রব্য তিক্ত বোধ হইলে কলোসিন্থিস্,
আহার্য্য এবং পানীয় উভয় ভিক্ত বোধ হইলে প্রেসটিলা, চায়্না,
ভোজন কিম্বা পানের পর ভিক্ত } ে বোধ হইলে } প্রেমটিলা, ব্রায়োনিয়া,
প্রাভঃকালে বা সন্ধ্যাকালে ভিক্ত) বোধ হইলে প্রেসটিলা, আর্ণিকা,
যদি তিন্ন তিন্ন সময়ে কিষা নিয়-) ভই ভিক্ত বোধ হয় ১ একোনাইট্বেলাডোনা,বেরাটুন্
্থিসিডম্-ফস্ক্রিকম্, নক্ক-বনিকা, যদি লবণ রস বোধ হয় কুপ্রম্, সল্ফর্,
कानीवात ममग्न यमि लवनतम } कार्त्व-विक्रिंग, किखेलम्, विश्व }
যদি অমুরস বোধ হয় বিষ্কা, নক্ষ্ম ক্রিকম্, নক্স-বনিকা
পাহোরের পর অনুরস বোধ হইলে সাইলিশিয়া,
জল পান করিলে, যদি অমুরদ বোধ হয় নক্ল-বনিকা সলকর্,
ছুগ্ধ পান করিবল যদি অনুরস } বোধ হয়, কার্থে-বেঞ্চিট্রিলিস্সলফর্,
যদি প্রাত-কালে অমুরস বোধ হয়, নক্ল-বমিকা সলকর্,

मृष्ण वावञ्च। हिकिश्म। मीशिक।।

कहें किया कवाय तम त्याथ इहेल कलवर आस्राप्त त्याथ इहेल चेंग्रीकिटम्श्रिया, हाय् ना, डामाकू डाल ना लागितल हेंग्र्याम्या, भरवमित्रा, भरवमित्रा, भल्मिणिता, यात्र वक्कालीन आस्राप्त मूना इय विद्यानिया, भल्मिणिता, त्वार्यानिया, भल्मिणिता, त्वार्यानिया, भल्मिणिता, विद्यानिया, माह्रिय-मिडेर्डि- स्वारी इहेल महिलिमिया, नाष्ट्रिय-मिडेर्डि- विवेक्स,

এই সকল ঔষধ লক্ষণামুষায়ী ব্যবস্থা পূর্ব্বক পূর্ণ মাত্রায় প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে এক এক বার সেবন করিবেক।

मूर्थ इर्शका।

নিদান—মুখ উত্তমৰূপে ধৌত না করা, মাটীতে কোন রোগ থাকা, মুখেতে ঘা থাকা, ও পারার দোষ, বিশেষতঃ এই রোগটী অজীর্ণ অর্থাৎ পাকস্থলির অস্বাস্থ্য জন্য হইয়া থাকে !

চিকিৎসা।

ষ্দ্যপি প্রাতঃকালে মুথে চুর্গন্ধ বোধ হয় তাহা হইলে। উষধ—নক্ল-বমিকা, এক মাত্রা শয়ন কালীন।

উক্ত ঔষধ দ্বারা যদ্যপি চারি দিনে আরোগ্য না হয়, তবে তাহার আট দিন পরে সাইলিশিয়া, প্রত্যহ প্রাতঃকালে, এক মাত্রা এক সপ্তাহ কাল পর্যাস্ত ব্যবহার করিবেক। শেষোক্ত ঔষধ প্রয়োগের অফাহ পরে যদি আুরোগ্য ব্যোধ না হয়, ভাহা হইলে।

ঔষধ—সল্ফর্, প্রাতঃকালে এক এক বার করিয়া সেকন করিবেক (১) পূর্ব্বাক্ত তিন ঔষধের দ্বারা যদ্যপি আরোগ্য না হয় তবে সক্ষর, দেওয়ার আট দিন পরে ক্রমেতে পুর্ব্বাক্ত তিন ঔষধ প্রয়োগের নিয়মানুসারে।

ঔষধ—আর্ণিকা, বেলাডোনা, সলফর্, ব্যবহার করিবেক।

ষদ্যপি আহারের পর মুখে তুর্গন্ধ বোধ হয় তাহা হইলে, ঔষধ—নক্ল-বনিকা, ক্যামোমিলা, এবং সন্ফর্, পূর্ব্বোক্ত নিয়মান্থ-যায়ী ক্রমান্বয়ে ব্যবহার করিবেক।

যদ্যপি এই উপসর্গ ব্লাত্রিতে উপস্থিত হয় তাহা হইলে, ঔষধ—পতেসটিলা, সম্ফর , পূর্ণ মাত্রা শয়ন কালে এক এক বার।

অতিরিক্ত পারা দেবন জন্য যদ্যপি মুখে তুর্গন্ধ হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ—কার্বো-বেজিটেবিলিস্, প্রত্যহ প্রাতঃকালে এক এক বার এক মাতা করিয়া ছয় দিন পর্যান্ত, তাহার এক সপ্তাহ পরে ল্যাকিসিস্, এক মাতা করিয়া রাতিতে ছয় দিন পর্যান্ত, তাহার এক সপ্তাহ অন্তর পুনর্কার ল্যাকিসিস, ঐ রূপে ব্যবহার করিবেক।

পথ্যব্যবস্থা—যদ্যপি এই রোগ মাঢ়ীর কোন পীড়া জন্য হয়, তাহা হইলে, যে কোন প্রকার উদ্ভিজ্জ দ্রব্য লবণ ভিন্ন অন্য দ্রব্যের দ্বারা প্রস্তুত হইয়া থাকে এবং লঘু ও সহজে পরিপাক-করা যায় এমত দ্রব্য ভক্ষণ করিবে।

শিরা যাতনা জন্য পীড়া।

লক্ষণ—এই ষাতনা চকুর নীচে তীব্র জ্বরের সহিত এবং কখন কখন কর্ণের সন্মুখে বোধ হয়, সেই স্থান হইতে মুখ-মণ্ডলের অর্ধ্বিক আক্রমণ করে, গণ্ড দেশের অস্থি সকল, নাসিকা, চৌয়াল কিয়া কর্ণের নিক্টস্থ অস্থি গণকে যাতনার সহিত বিদ্ধা করে কিয়া ঘাড়ের শিরা টাদিয়া ধরে এবং উভয় চোয়াল আঁটিয়া ধরে, চক্ষুর পাতা টানে, কিয়া চক্ষুতে অভ্যন্ত যাতনা বোধ হয়, মুখ রক্ত বর্ণ এবং প্রদাহ বিশিষ্ট হয়, যুতনা উপস্থিত হইবার পূর্বেব বদনের সেই দিক শুড় শুড় করে এবং কোন পদার্থ ভিতরে চালিত হইতেছে এমত বোধ হয় এবং রোগী সেই দিক ক্রমাগত রগ্ড়াইতে থাকে তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, পূর্ণ মাতা চারি ঘণ্টা অন্তর এক এক বার করিয়া দিবেক।

ষদ্যপি এই পীড়া দ্বারা আক্রান্ত দিক শীতল এবং স্তব্তিত হয় আর কর্নের নিকটস্থ অস্থিতে যাতনা বোধ, ভিতরে পিপী-লিকা গমনের মত বোধ হয়, এবং সন্ধ্যাকালে কিয়া রিশ্রামের সময়ে যাতনা অধিক হয়, চক্ষ্ণ দিয়া অশ্রু পাত হয়, এবং মুখ রক্ত বর্ণ থাকে তাহা হইলে।

खेषध-क्षां िना, शूर्वावर ।

পূর্বেবাক্ত লক্ষণ বিদ্যমান্থ।কিয়া যদ্যপি স্তম্ভিত হওয়া এবং শুড়্শুড়্করা না থাকে এবং বদনের দক্ষিণ দিক পীড়ায় আক্রান্ত হয় তাহা হইলে,

ঔষধ —লাইকোপোডিয়ম্, ছই মাত্রা করিয়া প্রত্যহ প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে সেবন করিবেক।

যদ্যপি তীর বিন্ধার ন্যায় যাতনা হয় এবং বদনের বাম দিক্
মাত্র আক্রমণ করে ও স্পর্শ মাত্রেই যাতনা রৃদ্ধি করে, এবং
মস্তক, কর্ণ, নাসিকা, দন্ত প্রভৃতি স্থান পর্যান্ত আক্রমণ করে
তাহা হইলে।

उष्य - कलाजिन् थिम्, शूर्वर ।

যদি অগ্নির জালার ন্যায় যাতনা বোধ হয় এবং চকুর চারি

দিকে ও মস্তকের উভয় পার্শ্বে যাতনা থাকে, রোগী অত্যস্ত তুর্বল হয়, পীড়িত স্থান শীতল-স্পর্শ হয়, এবং বাহ্য উব্ভাপ শ্বারঃ কিঞ্চিৎ উপশম হয়, তাহা হইলে।

ঔষধ -- আসে নিকম্ পূর্ণ মাত্রা চারি ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি পীড়া নির্দ্দিষ্ট সময়ে আক্রমণ করে কিঞ্চিৎ স্পর্শ মাত্রেই রোগ রৃদ্ধি হয়, পীড়িত স্থান স্তম্ভিত এবং শক্তি হীন হয়, রোগী অত্যন্ত অনর্থ বাক্য কহে এবং বদন পাণ্ডু বর্ণ ও কথন কখন রক্ত বর্ণ হয়, তাহা হইলে।

ঔষধ —চায়্না, যে সময়ে রোগ উপস্থিত থাকেনা সে সময়ে দিবদে তিন বার পূর্ণ মাত্রা সেবন করিবেক।

যদি এমত অসহ্য যাতনা হয় যে, রোগী জ্ঞান শূন্য হইয়া যায়, অত্যস্ত চুর্বেল এবং মুচ্ছিত পর্যাস্তও হয়, শ্যায় শ্য়ন করিলে, বা প্রাতঃকালে রুদ্ধি হয়, এবং অঙ্গ চালনা দ্বারা কিঞ্চিৎ উপশ্ম বোধ হয় তাহা হইলে।

ঔষধ -- বেরাটুম্ পূর্ণ মাত্রা চারি ঘন্ট। অন্তর।

যদাপি ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা হয়, কিঞ্চিন্মাত্র স্পর্শ দারা রুদ্ধি হয় এবং মস্তকের মধ্যস্থানহইতে মস্তকের উভয় পার্শ্বে কিয়া অঙ্গ পর্যান্ত আক্রমণ করে এবং অগ্নি দাহের ন্যায় বোধ হয় ও পীড়িত দিক্ চক্চকিয়া ফুচ্কুড়ির দ্বারা আরুত হয়।

ঔষধ —স্পাইজিলিয়া, পূর্ণ মাত্রা ভিন ঘন্টা অন্তর সেবন করিবেক।

যদ্যপি এই পীড়া অজীর্ণ অর্থাৎ পকাশয়ের ভাবান্তর জন্য হয় তাহা হইলো, নক্স-বিফিনা, পলেসটিলা, ব্রায়োনিয়ার, মধ্যে যে কোন একটা ঔষধ পূর্ণমাত্রা তিন ঘন্টা অস্তর রোগের তরুণা-বস্থায় ব্যবধার করিবেক এবং রোগের প্রাচীনাবস্থায় প্রাতঃ- কালে এবংসন্ধ্যাকালে এক এক বার দিবে, স্থারও এতাদৃশ লক্ষণে।

ঔষধ—ক্যামোমিলা, ইপিক্যাকুয়ানা, এবং লাইকোপোডিয়য় ও ঐ মতে ব্যবহৃত হইয়া থাকে।

ঐ রোগ ক্লমি জন্য হ**ইলে।** ঔষধ—বেলাডোনা, দিনা, পূর্ব্ববং।

এই উভয় ঔষধের অন্যতর একটা পূর্ণমাত্রায় প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে এক সপ্তাহ পর্যান্ত সেবন করিবেক।

যদ্যপি রোগী অত্যন্ত চুর্বেল হয় এবং রোগ শীঘ্র আরোগ্য হইবার উপক্রম না দেখা যায় তাহা হইলে।

खेयथ -- क्वत्रम्, मन्कत्, स्टानम्, श्र्वार ।

ঐ রোগ গর্ভ রোগের সহিত সংমুট্টথাকিলে।

উষধ—নক্ল-বমিকা, পালেদটিলা, বা প্ল্যাটিনা অর্দ্ধ মাত্রা চারি ঘন্টা আন্তর তরুণাবস্থায়, এবং পারেতে প্রাতঃকালে ও সন্ধ্যাকালে এক এক বার করিয়া সেবন করিবে। চায়ুনা, ইংগুশিয়া, এবং বেলাডোনা, ও এই প্রকার রোগে পূর্ব্বাক্ত মতে ব্যবহৃত হইয়া থাকে।

ঐ রোগ গ্রন্থি বাতের সহিত সংমুট থাকিলে।

ঔষধ—নক্স-বমিকা, রস্-টক্সিকোডেন্ড্র, কলোসিছিস্, বা কাইটকন্, ইহার জানাতর একটা ঔষধ রোগের ভরুণাবস্থায় ছয় ঘন্ট। অন্তর পূর্ণ মাক্রায় এক এক বার এবং পরেতে বার ঘন্ট। অন্তর এক এক বার দিবেক।

ঐ রোগ যদি অতিরিক্ত পারা ব্যবহার জন্য হইয়। থাকে, এবং কএসের দাঁতে নিয়ত দপ্ দপ্ করে ও অভ্যন্ত যাতনা বোধ হয়, আহার করিলে, বিশেষতঃ রাত্রিতে বৃদ্ধি বৌত্ হয়, কপালের শিরা ফুলিয়া উঠে ও রাত্রিতে অস্থিরতা হয়, তথ্না হইলে। ঔষধ—চায়্না, অর্দ্ধমাত্রা চারি ঘণ্টা অন্তর এক এক বার করিয়া িনেবন করিবেক।

ঁ উক্ত কারণে এই রোগ উৎপন্ন হইলে যদ্যপি দাঁত চাপিতে অত্যন্ত কট বোধ হয় ও শয্যাতে কি উক্ষ গৃহে গমন করিতে যাতনা রুদ্ধি হয় তাহা হইলে।

ঔষধ—হেপার্, পূর্ববং।

মুখের অস্থিতে, চোয়ালে, এবং সমস্ত দস্তে দপ্ দপ্ করা, টানিয়া ধরা বা দগ্ধ হওয়ার ন্যায় যাতনা বোধ হয়, চক্ষুঃ রক্তবর্ণ এবং কোলা দেখায়, কর্বে এবং কর্বের পশ্চান্তাগে কাম্ডায়, রাজিতে অনিদ্রা, প্রাভঃকালে ঢুলানি, শীতল জলে, বা শীতল দ্র্ব্য প্রয়োগে, যাতনা রুদ্ধি হয় তাহা হইলে।

ঔষধ—সল্ফর,, তরুণকালে পূর্ব্ববৎ, এবং প্রাচীনাবস্থায়, প্রাতঃ-কালে ও সন্ধার্কালে, এক এক বার করিয়া সেবন করিবে।

এই রোগে যদ্যপি পারা দারা দন্ত শূল এবং মাঢ়ী ফুলিয়া থাকে, ও অতি উষ্ কি শীতল কি লবণ দ্রুব্য মুখে দিলে বদনের অস্থিতে দপ্দপ্করা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ — কার্বে,-বেজিটেবিলিস**্, পূর্**রবৎ।

যদ্যপি বাহ্য আঘাত জন্য এই রোগ উপস্থিত হইয়া থাকে, জ্ব লক্ষণ, অস্থিরতা, ইত্যাদি বিদ্যমান্থাকে তাহা হইলে।

ঔষধ-একোনাইট্, পূর্ণমাতা ছয় ঘন্টা অন্তর দিবেক।

উক্ত ঔষধ্ প্রয়োগের দ্বারা দ্বর লক্ষণের কিঞ্চিৎ লাঘব হইলে, যদি আঘাত, ছেঁচা ঘা কিয়া কাটা, বা মাংস উড়িয়া বাওয়ার ন্যাংর হয় তাহা হইলে। ঔষধ—আর্থিকা, পূর্ণ মাত্রা প্রাভঃকালে ও স্বায়ংকালে এক এক বার চারি দিবস পর্যান্ত, তাহার চারি দিবস পরে যদি আব্শাক হয় : পুনর্মার ঐ রূপে চালাইবে।

পথ্যব্যবস্থা—যখন বাহ্যিক প্রদাহ প্রবল থাকে তৎকালে জ্বর কালীন বিহিত পথ্য বিধির অনুগামী হইবে। কোন প্রকার মাদক দ্রব্য বাশোণিত উত্তেজক বা গরম মসলা দ্বারা প্রস্তুত দ্রব্য কদাচ ব্যবহার করিবেক না, যখন এই পীড়া ছুর্বল শরীরে উপস্থিত হয় তৎকালে রোগার বল রক্ষার নিমিন্ত সহজে পরিপাক হয় এবং বলকারক যে দ্রব্য তাহা পথ্য দেওয়া বিধেয় এই পীড়া দ্বারা আক্রান্ত স্থানে শীতল জল অথবা বরক প্রয়োগ করিলে আরাম বোধ হয়, এবং কোন কোন অবস্থায় উষ্ণ জলে বস্ত্র ভিজাইয়া পীড়িত স্থানে প্রয়োগ করিলে যাতনার লাঘ্য হয়, উপরে তুলি দ্বারা ক্লোরোক্রম্ লাগাইলে উপশম হইবে।

খাড়ের বেদনা অর্থাৎ ফিক্।

এই বেদনা বাত হইতে উৎপন্ন হয় এবং ঘাড়ের মাংস-পেশী সকলকে অত্যম্ভ ঘাতনা বিশিষ্ট করে, ইহা প্রায় অত্যম্ভ বায়ুতে ঘাড় অনার্ত থাকিয়া বায়ু প্রবেশ জন্য এবং হঠাৎ ঘাড় ফিরাইতে উৎপন্ন হয়।

ঔষধं ÷ একোনাইট্, পরেতে বেলাডোনা, পূর্নাতা উপধ্যুপরি সেবন করাইলে আরোগ্য হইবে।

যদ্যপি ইহাতেও আরোগ্য না হয়, ক্কিউলস্, কিয়া ব্রায়োনিয়া, উক্ত রূপে বা স্বতন্ত্র স্বতন্ত্র ব্যবহার স্ক্রিবেক।

गमात्र शीषा।

लक्ष्म — ननात ভिতत প্রদাহ, निर्मित कर्फ, निःश्वाम श्रमां त्राह्म त्राह्म प्राप्त वाह्म प्राप्त श्रमां श्रमां

চিকিৎসা।

যথন ছার বিদ্যমান্ থাকে, পিপাসা, উষ্ণতা, ও পীড়িত স্থান রক্ত বর্ণ হয়, গিলিতে ক্ট বোধ, কথা কহিতে যাতনার রক্ষি হয় তৎকালে।

लेक्य- बरकानारे हें, अर्क गांवा हात्रि घन्छ। अस्त पिरवक।

ষদ্যপি গিলিবার সময় অভিশয় যাতনা বোধ হয় এবং সেই যাতনা কর্ণ পর্যাস্থ বিস্তীর্ণ হয়, গলা চাপিয়া ধরে, পুনঃ পুনঃ ঢোক গিলিঙে ইচ্ছা হয়, গলা শুদ্ধ, অভিশয় পিপাসা, কিন্তু পানীয় দ্রখ্যের ভয় থাকে, আর পানীয় পান করিলে নাসিকার দ্বার দিয়া নির্গত হয়, গলার ভিতর পিচ্ছিল, কিঞ্চিং শেত বর্ণ শ্লেমা জড়িত থাকে, তাহা হইলে।

ঔষধ —বেলাডোনা, পূর্ণমাতা পূর্ব্ববং।

যদ্যপি জিহ্বার নিমের গুঠলিতে এবং গলাতে গিলিবার সময় অত্যন্ত যাতনা বোধ হয় এবং কর্ণের সন্মুথের গুঠলি পর্যান্ত সেই যাতনার বিস্তার হয়, গলা জালা করে, গলাতে কঠিন শ্লেমা একত্রিত হয়, যাড়ের মাংসপেশী এবং গুঠলী ফুলে পুনঃ পুনঃ মাঢ়ী ফুলে, মুথ লালাতে পরিপূর্ণ হয় এই সকল যাতনা রাত্রিতে, ও সন্ধ্যাকালে র্দ্ধি হয় ও রাত্রিতে ঘর্ম হয়, তৎপকে।

ঔষধ—মর্কি উরিয়স্, অর্জ মাত্র। ছয় ঘণ্টা অন্তর অথবা বেলাডো-নার সহিত উপর্যাপরি ভাবে দিবেক।

যদ্যপি সমুদয় লক্ষণ নিজা হইতে জাগরিত হইলে, কিয়া গলার বহির্ভাগে চাপিলে রৃদ্ধি হয় এবং পূর্বে উপরোক্ত ঔষধ দারা কিঞ্ছিৎ লাঘৰ বোধ হইয়া থাকে, তাহা হইলে।

ঔषभ-ला। किमिन्, शूर्वव ।

যদ্যপি জিহ্বার নীচের গুঠলিতে শ্বেত বর্ণ কুষ্কুড়ি উঠে এবং গলার ভিতর অত্যন্ত স্থাল। ও কাঁট। বিন্ধার ন্যায় যাতন। থাকে ও অতিরিক্ত পিপাস। হয় তাহা হইলে।

ঔषध—कार्दा-दिक्षिटिविनिम शूर्व्यद ।

যদি গলার বাহিরে ঘা থাকে এবং শেষে।ক্ত ঔষধ প্রয়োগ করায় উপশম বোধ না হয় ভাহা হইলে।

ঔষধ-এসিডম্নাইট্রিকন্, পুর্ববং। 📍

যদ্যপি এই রোগ পাকস্থলির বিকার জ্ন্য ঘটিয়া থাকে। এবং গলার ভিত্তর ছড়িয়া হাওয়া ও ঢোক গিলিতে গলার উপরিভাগ চাপিয়া ধর। বোধ হয় এবং আল্-জিহ্বা ফুলে, শুষ্ক কাশী থাকে প্রাতঃকালে মাথা ধরে ও পঞ্জরের নিমু ভাগে কাশীবার সময় যাতনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ--- নক্ল-বমিকা, পূর্ণমাত্র। তিন ঘন্টা অন্তর।

গলার ভিতর এবং ক্রিন্থার নীচের শুঠলি ঘোরাল লাল বর্ণ এবং সেই স্থান অত্যন্ত ফুলা বোধ হয়, গলা শুদ্ধ অথচ পিপাসা থাকে না, গিলিবার সময় ভিন্ন ও গলাতে অত্যন্ত যাতনা বোধ হয়, সন্ত্যাকালে যাতনা বৃদ্ধির সহিত কম্প হয় এবং শ্লেষা গলায় জড়াইয়া থাকে।

उष्य-পट्मिंगिना, भूर्कारः।

ষদাপি এই রোগ স্ত্রীলোকের বা শিশুর হয়, এবং তরল ভিন্ন কোন প্রকার আহার্যা দ্রব্য গিলিতে কট্ট বোধ হয়, মুখ এবং গলা ছালা করে, গলা শুড় শুড় করে, স্বর ভঙ্গ থাকে, সন্ধ্যাকালে ছার বোধ হয়, মুখ বিশেষতঃ এক দিকের গণ্ড রক্ত বর্ণ হয় তাহা হইলে।

खेषध-कार्यामिला, शूर्खवर।

সর্বাদা গলার ভিতর শিপি দেওয়ার ন্যায় বোধ হয়, তালু এবং জিহ্বামুলের গুঠলি ফুলিয়া থাকে, গলার ভিতর কোন বাধা দায়ক পদার্থ থাকার ন্যায় বোধ হয়, কঠিন দ্রব্য অপেকা। জলীয় দ্রব্য গিলিতে কই বোধ হয়।

खेष४--- हेर्छानिया, भूर्व्ववर ।

ষদ্যপি বর্ষা বা অন্য কোন প্রকার শীতল সময় উপস্থিত হওয়াতে এই শ্লোগ উপস্থিত হয় তাহা হইলে।

্ ঔষধ-—ওল্কেমেরা, এক এক মাত্রা প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে।
যদ্যশি আলু জিহবা হৃদ্ধি হইয়া শ্লেমার দ্বারা আহত বোধ

ছয়, পুনঃ পুনঃ ঢোক গিলিতে ইচ্ছা হয়, এবং অনিদ্রা, অত্যন্ত অস্থিরতা, রোদন করিতে ইচ্ছা লক্ষিত হয়, তাহা হ**ইলোঁ।** ঔষধ—ক্ষি, পূর্মবং।

যদি পাকস্থলির বিকৃতি থাকে, জিহ্বা মলিন, ছরিদ্রাজ্তু পদার্থের দ্বারা আর্ত হয়, কোষ্ঠ বন্ধ এবং কপালে, মাথা ধরা বোধ হয়, অনিদ্রা, গলা শুদ্ধ, তালু রক্ত বর্ণ থাকে, গলায় ছড়িয়া যাওয়ার ন্যায় বোধ হয়, মন্তক লাড়িতে অথবা গলার উপরে চাপন দিলে স্ফ্রী বিক্ষার ন্যায় বোধ হয়, একং কাশীলে ফাণিক উপশ্য বোধ হয় তাহা হইলে।

ঔষধ—ব্রায়োনিয়া, পূর্ণাক। বার ঘন্টা অন্তর।

যদি উক্ত ঔষধে সম্পূর্ণ আরোগ্য না হয় এবং সন্ধানিকালে অভিরিক্ত অর বোধ হয়, গলার নীচে যাতনা বোধ হয় তাহা হইলে।

ঔষধ — রদ্-টক্লিকোডেন্ডুন্, পূর্ব্বং।

যদ্যপি খাদ্য দ্রব্য, অমু, লবণ, বা ঝাল বোধ হয়, এবং গিলিবার সময়ে কোঁৎ কোঁৎ করিয়া শব্দ হয় তাহা হইলে। ঔষধ—ক্ষিউসম্, পূর্ণনাতা হয় ঘণ্টা অন্তর।

গলার ভিতর পাকা।

গলার ভিতর ফুলিলে চিকিৎসিত না হইয়া যদ্যপি ক্রমশঃ বৃদ্ধি হইয়াক্ষোটকের ন্যায় হয় ও যাতনাতে হাঁ করাও ছঃসাধ্য বোধ হয় মুথে অত্যন্ত ছুর্গন্ধা, এবং রোগীকে ছুর্বল করে, তাহা হইলে।

ঔষধ—আংদে•নিকম্, অর্জ মাজ। প্রত্যেক ঘণ্টায় এক এক বীর: ক্রিয়া দিবেক। কোড়া শীঘ্ৰ পাকাইতে আবশ্যক হইলে। উন্ধ—হেপাৰ্, অৰ্দ্ধ মাত্ৰা ছুই ঘণ্টা অন্তর দিবেক।

উক্ত ঔষধ অপেক্ষা শীঘ্র পাকাইরা ফাটাইবার নিমিত্তে। ঔষধ—মাইলিশিয়া, পূর্ব্বেৎ।

কোড়া কাটিলে ছয় ঘণ্টা পরে ক্ষত শুখাইবার নিমিত্তে, ঔষধ—মর্কিউরিয়স্, সলফর্, অথবা হেপার্, দ্বিগুণ মাতা প্রতাহ প্রাতঃকালে এক এক বার।

পথ্য ব্যবস্থা।

জর বিদ্যমান্ থাকা কালীন জরের পথ্যানুসারে পথ্য করিবেক, পরেতে সহজে পরিপাক হয় অথচ কোন প্রকার উগ্র মসলাদির দারা প্রস্তুত না হয়, এমত দ্রব্য ভক্ষণ করিবেক রোগী কোন প্রকার তীব্র দ্রব্য মিশ্রিত জল দারা কুল্কুচা করিবেনা প্রথম ফুলার সময়ে এক খানি ক্রমাল বা বস্ত্র খণ্ড শীতল জলে ভিজাইয়া গলার উপরে লয় করিয়া দিবে তাহার উপর (ফুয়ানেল) বস্ত্র দিয়া বাঁধিয়া দিবে এবং তাহা যত বার গরম হইবে ততবার পুনঃ পুনঃ পরিবর্ত্তন করিয়া দিবে।

ফোড়া পাকাইবার নিমিত্ত, গরম তুগ্ধ মুখে করিয়া রাখা এবং গলার বাহিরে মশিনার পোল্টিস্ দেওয়া উপকারী হয়।

ক্ষত বিশিষ্ট গলার বেদনা।

এই রোগ অভ্যন্ত সংক্রামক এবং আর্দ্র ও গ্রীয় সময়ে উপস্থিত ইইয়া থাকে। ইহাতে প্রথমতঃ শীত বোধ, কম্প, পরে উষ্ণতা, তুর্বলতা, বমন, কখন কখন বিরেচনের সহিত বিদ্যমান্থাকে, চক্ষুং প্রদাহ বিশিষ্ট ও জল পূর্ণ, গণ্ড দেশ রক্ত বর্ণ, নাসিকা ফুলিয়া পাতলা, কটু জল আব হয়, নাড়ী অস্পষ্ট কিয়া অতিতুর্বলা এবং অসমান গতিবিশিষ্টা হয়, এবং যখন বাহ্য লক্ষণ অতি সামান্য থাকে তখন বিপদ জনক হয়, এবং বাই লক্ষণ অতি তীব্র হইলেও যদি ছয়, সাত দিবস পরের ঘর্ম হয় তখন ক্রমশংই আরোগ্য চিহ্ন উপস্থিত হয়।

চিকিৎসা।

যথন ছার অত্যন্ত প্রবল থাকে তাহার ক্রাস ক্রিবার নিমিতে।

ঔবধ-একোনাইট্, পূর্ণ মাত্রা তিন ঘণ্টা অন্তর।

় একোনাইট্, চারি মাত্রা প্রয়োগের পর যদি গলা শুদ্ধ, গিলিতে বাধাজনক বোধ হয় এবং গলা ফোলা ও রক্ত বর্ণ দেখায়।

ঔষধ—বেলাডোনা, অর্দ্ধ মাত্রা পরিমাণে ছই ঘণ্টা অন্তর দিবে।

পূর্ব্বোক্ত ঔষধ প্রয়োগের পর যদি গলা ভিজা বোধ হয়, ও শ্লেষ্মা উপস্থিত হয়, এবং রোগী পিত্ত বমন করে, তাহাহইলে ঔষধ—পদেশটিলা, পূর্ণমাত্রা চারি ঘন্টা অন্তর।

যদি অতিরিক্ত শ্লেষা আব হয় এবং তাহাতে শ্বাদ বন্ধ হওয়ার উপক্রম হয়, তাহা হইলে।

ঔषध--- नक्क-विका, शूर्वव ।

গলার ভিতরে ছোট ছোট ঘা ন্ধানিত হইলে।
ঔষধ—মর্কিউরিয়ন্, পূর্ণ নাতা ছাই ঘণ্টা অন্তর এক এক বার করিয়া দিবেক। উক্ত ঔষধ চারি বার প্রয়োগের পর, যদি আরোগ্য বোধ না হয়, ভাহা হইলে শেষ মাতার চারি ঘণ্টা পরে।

ঔषध-- এসিডয়-नाই ট্রিকন্, পূর্বব€।

যদ্যপি রোগী অত্যন্ত তুর্বল হইয়া যায়, বমন করে, এবং থা উজ্জ্বল দেখায়, বা মলিন হয়, দন্ত এবং জিহ্বা দিয়া কটাশিয়া বর্ণ দ্রব্য নির্গত হয়, নাড়ী অসমান, ও নিঃশ্বাস ফেলিতে কন্ট, চর্মা উষ্ণ, অত্যন্ত পিপাসা, অথচ রোগী একবারে অধিক জল পান করিতে পারেনা, ও গিলিতে অত্যন্ত কন্ট প্রকাশ হয়, তাহা হইলে।

ঔষধ—আর্মেনিকম্, আর্ক্ন মাত্রা প্রত্যেক ঘন্টায় এক এক বার করিয়া দিবেক।

যদাপি অত্যন্ত ভ্রানক অবস্থা উপস্থিত হয়, তাহা হইলে ঐ ৰূপ মাত্রা ১০। ১৫। ২০। মিনিট্ অন্তর দিবেক।

যদ্যপি বাহিরে কিঞ্চিৎ চাপিলে যাতনা রুদ্ধি হর, এবং ঘাড় বিবর্ণ ও অত্যন্ত ফুলিয়া উঠে, আর ঘায়ের চাম্ড়া উঠিয়া যায় ত.হা হইলে।

ঔষধ—লাকিসিস্, অর্দ্ধ মাত্র। চারি ঘন্টা অন্তর, অথবা (আর্মেনিকমের) সহিত উপর্যুপরি রূপে দিবেক।

যদ্যপি ঘা গলিতে আরম্ভ হয় এবং রোগী ক্রমশঃ ছর্ব্বল হইতে থাকে ও ছর্ব্বল কারক ঘর্ম হয় তাহা হইলে।

ঔষধ—চায় না অন্যান্য ঔষধ প্রয়োগের ছয় ঘন্ট। পরে অর্দ্ধ নাতা পরিমাণে চারি ঘন্টা অন্তর দিবেক।

এই রোগ; জন্য অভিসার নিবারিত হওয়ার পর যদি মুখে এবং গলাতে ছোট ছোট ঘা দেখা যায় তাহা হইলে।
উষধ—দক্ষ-বনিকা, পূর্ণ মাজ, তিন ঘন্টা অন্তর দিবেক।

উক্ত ঔষধের শেষ মাত্রার ছয় ঘণ্টা পরে যদি জলবৎ
তুর্গন্ধ পুঁজ অতিরিক্ত পরিমাণে ঘা দিয়া নির্গত হয়, এবং রোগী
এমত তুর্বল হয় যে নাড়ী বোধ হওয়া তুঃসাধ্য হয়, তাহা হইলে ৮

ঔষধ —কার্বো-বেজিটেবিলিস্, অর্জ্মাতা প্রত্যেক ঘণ্টায় দিবেক।

যথন এই রোগের সহিত অতিসার বিদ্যমান্ থাকে তথিনী; ঔষধ—সিকেল্, পূর্ণাতা, প্রত্যেক ঘন্টায় প্লই বার করিয়। দিবেক

ষদ্যপি পূর্ব্বোক্ত ঔষধ ব্যবহারের পর রোগী কিঞ্চিৎ বলাধান হয় এবং ঘায়ের চর্মা পরিষ্কৃত হইয়া যায় অথচ শীঘ্র শুখাইবার উপক্রম দেখা না যায় তাহা হইলে।

ঔষধ—এদিডম্-নাইট্রিকন্, পূর্ণনাত্রা দিবদে ভিন বার .করিয়া দিবেক।

উক্ত প্রকার অবস্থাতে থাকিয়া যদ্যপি মনদ ধাতু বিশিষ্ট রোগী হয় তাহা হ**ইলে**।

उषध-मन्कर्, भूर्भवर।

অপিচ পূর্ব্বোক্ত উভয় ঔষধ অপেক্ষা, এসিডম্-সক্ষ্রিকম্ এবং সিপিয়া, উক্ত ব্যবস্থা মতে অধিক উপকারক।

পথ্য ব্যবস্থা।

সাগুদ্ধনা, যব, তণ্ডুলের মণ্ড মাত্র দেওয়া উচিত কিন্তু যদি রোগী অত্যন্ত চুর্বল হইয়া থাকে তাহাকে মাংসের ক্বাথ প্রভৃতি বল কারক দ্রব্য দিবেক, রোগীকে সর্বাদা পরিষ্কার পরিচ্ছদে এবং পরিষ্কৃত স্থানে রাখিবে।

স্থর ভঙ্গ।

বায়ু-প্রবাহ-প্রণালীতে কোন প্রকার রোগ জন্য এই পীড়া উপস্থিত হইয়া থাকে ইহা প্রায় সামান্য কফ জন্য শ্লেয়া-বাহক-স্থান-ত্বক আশ্রা করে, তজ্জন্য এই রোগ শ্লেয়ার সহিত সম্বন্ধ রিথে।

ঁ চিকিৎস।।

যদ্যপি ঘন পীত বর্ণ বা তরল শ্লেক্সা, নাসিকা ও মুখ হইতে নির্গত হয় এবং সম্পূর্ণ স্থার বসিয়া যায় তাহা হইলে।

ঔষধ—প্রেনটিলা, পূর্ণমাত্রা স্বায়ং এবং প্রাতঃকালে এক সপ্তাহ সেবন করিবেক।

তাহাতে যদি আরোগ্য না হয় অথবা যদি কিঞ্ছ উপশম হয়, নাসিকা দারা জলবং শ্লেমা নির্গত হয়, এবং গলার ভিতর শুড় শুড়্বা দ্বালা করে এবং রাত্তিতে অতিরিক্ত ঘর্ম হয়, তাহা হইলে।

ঔষধ-মকিউরিয়স্, অর্দ্ধাতা। বার ঘণ্টা অন্তর দিবেক।

যদি শুষ্ক কাশী থাকে এবং নাসিকা স্থথাইয়া বদ্ধ থাকে ও প্রোতঃকালে রুদ্ধি বোধ হয় তাহা হইলে।

ঔষধ—নত্ন-বনিকা, পূর্মিতা রাতিতে এবং প্রাতঃকালে, এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি বক্ষঃস্থলের ভিতর চিন্ চিন্ করে নিঃস্বাস কেলিতে কফ, পুনঃ পুনং অতিশয় হাঁচি হয় মন্তকে শ্লেষা বোধ না থাকে কিন্তু নাসিকা দারা শ্লেষা নির্গত হয়, তাহা হইলে।

উষধ 🕳 রস - টক্লিকোডে গুন্, পূর্ণ মাতা চারি ঘন্টা অন্তর দিবেক।

যদি গলায় শ্লেমা একত্রিত হয়, রাজি এবং স্বায়ংকালে কাশী বৃদ্ধি ও সন্ধানিকালে জ্ব বোধ হয় তাহা হইলে।

ঔষধ—ক্যামোমিলা, পূর্ণ মাত্রা রাত্রিতে এবং প্রাতঃকালে ভিনী দিবস পর্যান্ত দিবেক। এই ঔষধ শিশুর পক্ষে বিশেষ উপকারী।

অতি মৃত্ব গভীর স্বর হইলে।

ঔষধ—ভোদেরা, পূর্ববৎ (যে পর্যান্ত লক্ষণের অন্তর না হয়)

যদি ক্রমশঃ আবোগ্য হইতে থাকে এবং স্থার ভঙ্গের সহিত গলার ঘড় ঘড়ানি থাকে বা যদি শীঘ্র আবোগ্য হই-বার উপক্রম বোধ না হয় ও স্থার প্রস্থায় বন্ধ হইয়া যায়, বিশেষতঃ শীত বা বর্ষা কালে এই রোগ উপস্থিত হইলে।

ঔষধ—সলফর্, পূর্ণমাতা রাতিতে এবং প্রাতঃকালে ছুই দিবস পর্যান্ত ব্যবহার করিয়া এক দিবস পরে পুনর্বারে ঐ রূপে ব্যবহার করিবেক।

প্রাচীন স্বর ভঙ্গ।

মদ্যপি স্থার ভঙ্গ বছ দিবসের হয় এবং প্রাতঃকালে ও মন্ধ্যাকালে ও কথা কহিতে রুদ্ধি বোধ হয় ভাহা হইলে।

ঔষধ-কার্বো-বেজিটেবিলিস্, পূর্নাত। স্বায়ং ও প্রাভঃকালে এক এক বার দিবেক।

যে রোগী অভিরিক্ত পরিমাণে পারা সেবন করিয়াছে ভাহার পক্ষে,

উষধ—হেপার, এরপ।

এতৎসম্বর্জে অন্য ঔষধ কটিকম্, ক্যান্কেরিয়া, ল্যাকিনিন্ উক্ত প্রকারে ব্যবহার করিবেক। পথাব্যবস্থা—কোন প্রকার মাদক দ্রব্য, বা রক্ত উষ্ণ কারক দ্রব্য, ব্যবহার করিবেক না। ছুগ্ধ, ও কাঁচা ঘৃত এবং দ্র্যি ইত্যাদিও বজ্জন করিবে, বিশেষতঃ রাত্রিকালের বায়ু এবং হঠাৎ শীত হইতে গ্রীয় বা গ্রীয় হইতে শীতে প্রবেশ করা, ও চীৎকার করিয়া কথা বলা এবং চরণ আদ্রু রাখা কর্ত্তব্য নহে, গলাকে অপে বস্ত্র দ্বারা আরুত রাখিবেক, যাহারা দাড়ি না কামায় ভাহাদের প্রায় এরোগ হয় না।

কফ রোগ।

এই রোগ সাধারণ লোকে বিজ্ঞাত আছেন অতএব ইহার বিশেষ লক্ষণ লিখিবার প্রয়োজন নাই।

চিকিৎসা।

এই রোগ প্রথমে উপস্থিত হইলে যদ্যপি তাহার সহিত কম্প এবং মাথাধরা থাকে তাহা হইলে।

ঔ্মধ—কর্পূরের আরক, এক ফোটা অর্দ্ধ তোলা চিনির মধ্যে দিয়া দশ মিনিট্ অন্তর এক এক বার সেবন করিবেক। এইরূপ ভিন বারের পর এক ঘণ্টায় হুই বার এবং পরেতে চারি ঘণ্টার মধ্যে হুই বার সেবন করিবেক।

যদি নাসিকার অন্তরস্থ, সূক্ষ্য-চর্ম কোলে এবং তাহার মধ্যে উষ্ণতা এবং যাতনা বোধ হয় ও জ্বর বিদ্যমান্ থাকে তাহা হইলে।

উষধ-এিকোনাইট্, অর্দ্ধ নাত্রা তিন ঘণ্টা অন্তর।

যদ্যপি রাত্রিতে নাসিকা শুষ্ক বোধ হয় এবং মাথা ভার ও সন্ধ্যাকালে মুখে উষ্ণ বোধ হয় তাহা হ**ইলে।**

ঔषध- नक्र-विमका, পূर्ववर ।

যদি রাত্রিতে নাক বন্ধা হইয়া নিজাকালে মুখ দিয়া বায়ু সঞ্চালন জন্য শুদ্ধ হইয়া পিপাসা হয় এবং কপালে জালা বৌধ-হয় তাহা হইলে।

ঔষধ—লাইকোপোডিয়ন্, পূর্ববং। এই ঔষধ, সকল প্রকার কফেতেই উপকার জনক হয়।

যদ্যপি এই রোগ দৈশিক দোষ জন্য হয় এবং ন।সিকা দিয়া অভিরিক্ত শ্লেষা আব হইয়া না সিকা ফোলে, কিয়া রক্তবর্ণ হয়, তাহা হইলে।

ঔষধ—মর্কিউরিয়ন্ অর্জনাতা স্বায়ং এবং প্রাতঃকালে চারি দিবস পর্যান্ত।

যথন নাসিকা দার মাত্র কেবল আক্রান্ত হয়, এবং কিঞ্চিৎ
চালিত হইলে মাথা ধরা বৃদ্ধি হয় কিয়া প্রাপ্তক্ত ঔষধে কিয়দংশ
উপকার করে বা না করে, তুথন উক্ত ঔষধের শেষ মাত্রার ছয়
ঘন্টা পরে।

ঔষধ—হেপার্, পূর্ণমাতা রাতি এবং প্রাতঃকালে এক এক বার করিয়া দিবে।

যদ্যপি নাদিকা দিরা অভিরিক্ত আব হয়, চক্কুর পাতা এবং চক্কঃ বুরক্তবর্ণ হয়, ও তদ্ধারা অভিরিক্ত কটু জল আব হয়, মস্তকে বিকৃতি বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—ইউফু শিয়া, পূর্ব্বং কিন্তু প্রাগুক্ত ওঁষধের ছয় ঘণ্টা পরে।

বদ্যপি মাথা ধরা ক্লাস না হয় মস্তক ও চক্ষুতে উষ্ণতা বোধ হয়, আণেব্রিয়ের অপেতা বা আধিব্যতা হয় তাহা হইলে। ঔষধ—বেলাডোনা, অর্দ্ধ মাতা চারি ঘণ্টা অন্তর যদি এক দিনান্তর নাসিকা বন্ধ হয় এবং অতি-প্রবাহিত বায়ু জন্য এই উপসর্গ উপস্থিত হইয়া থাকে তাহা হ**ইলে**।

ঔষধ—ন্যাটুন্-মিউরিএটিকন্, পূর্ণ মাত্রা রাত্রি এবং প্রাভঃ-কালে এক সপ্তাহ পর্যান্ত।

দাসিকা এবং নাসিকারক্ষ্ম অত্যন্ত কোলে, অতিরিক্ত জলবৎ শ্লেমা স্থাব হয়, ও আণের অপ্পতা হয় তৎ পক্ষে।

ঔষধ-ক্যালি-বাইক্রোম্যান, পুর্ববং।

যদি নাক বন্ধ থাকে এবং জলবং শ্লেমা নির্গত হয় এবং অগ্লির উত্তাপে যাতনার ক্লাস হয় পশ্চান্তাগে বেদনা বোধ ও অত্যন্ত তুর্বলৈতা থাকে তাহা হইলে।

উষধ—আমে নিকম্, ইপিকগর্মানা, ডল্কেমেরা, ক্রমান্বয়ে অর্দ্ধনাত্রা ভিন ঘণ্টা অন্তর সেবন করিবেক।

যদ্যপি গাঢ়, তুর্গন্ধা, সবুজ, হরিদ্রাক্ত, থানা থানা রক্তের সহিত মিশ্রিত শ্লেমা নির্গত হয়, আস্থাদন এবং আণ বোধের অভাব, মাথা ধরা, হাঁচি, সন্ধ্যার সময়ে শীত বৃদ্ধি, ও চক্ষুঃ দিয়া। জল আব হয় তাহা হইলে।

ঔষধ—পলেদটিলা, প্রাতঃ এবং স্বায়ংকালে পূর্যাবাতা দেবন করিবেক।

যাহাদের পুনঃ পুনঃ কফরোগ উপস্থিত হয় তাহাদের পকে। উষধ—গ্রাফাইটিন, ও সল্ফর্, উক্ত মতে ব্যবহার করিবেক।

मल्डरक् कक रक्ष इहेरल मोथांध्रता।

যদ্যপি মাথাধরা মন্তকের কফ বন্ধ জন্য উৎপন্ন হয় তাহা। হইলে।

ঔষধ—একোনাইট্, প্রেসটিলা, এবং চায়না, প্রথমোক্ত ঔষধ অর্দ্ধ নাকায় ছন ঘন্টা অন্তর ছই বার দিয়া যদাপি কিছু উপশন না হয় ভাহার তিন ঘন্টা পরে দ্বিতীয় ঔষধ ঐরপে ব্যবহার করিবে, তাহাতেও; উপশম না হইলে শেষোক্ত ঔষধ ঐরপে চারি দিন পর্যান্ত ব্যবহার করিবেক।

নিঃশ্বাস ফেলিতে ক্ষী।

যদ্যপি মন্তকে কফ বন্ধ জন্য নিঃশ্বাস প্রশ্বাদে কন্ট বোধ হয় তাহা হইলে।

ঔষধ —ইপিকাকুয়ানা, ব্রায়োনিয়া, এবং সক্ষর ইহার মধ্যে প্রথমোক্ত ঔষধ পূর্ণ মাতা তিন ঘটা অন্তর দিবেক, এই রূপে তিন মাতা শেষ হওয়ার ছই ঘন্টার মধ্যে যদি আবোগ্য বোধ না হয়, আর ছই ঘন্টা পরে দিতীয় ঔষধ ঐ রূপে ব্যবহার করিবেক। তাহার দিতীয় মাতার ছই ঘন্টা মধ্যে উপশম বোধ না হইলে, তৃতীয় ঔষধ পূর্ববং তিন দিবস পর্যান্ত ব্যবহার করিবেক।

মস্তকে কফ বদ্ধ ধাতু।

যাহার কফ হইলেই মস্তকে প্রায় বন্ধ হয় তাহার পক্ষে এবং শিশুর দাঁত উঠার সময়ে মস্তকে কফ বন্ধ হইয়া নিঃশ্বাস প্রশাসের কফ বোধ হয় তৎ পক্ষে, আরও সামান্যতঃ সময়ের পরিবর্ত্তন মাত্রে যাহার ধাতুতে এই রোগ উপস্থিত হয় তাহার পক্ষে,

ঔষধ—ক্যাল্কেরিয়া, অর্জ মাত্রা শয়ন ক†লীন ছই দিবস যাবঙ্ সেবনাস্তে চার্রি দিন পরে অবস্থা বিবেচনায় পুনর্কার, ঐ রূপে ব্যবহার করিবেক।

যদ্যপি উক্ত ঔষধে উপশ্বম বোধ না হয় তাহা হুইলে। উষধ—সাইলিশিয়া, ঐ রূপে ব্যবহার করিবেক। ্ বদ্যপি এই প্রকার ধাতু পাকস্থলির বিরুতি জন্য হয়, এবং রোগী নম্র ও মৃত্ন স্বভাব বিশিষ্ট হয় তাহা হইলে,

ঔষধ—পলেগটিলা, প্রভাহ পূর্ণ মাত্রা শয়ন কালীন এক এক বার দিবেক।

এতন্তির নিয়ত উক্ত নিয়ম মতে সল্ফর্, সেবন করিলে আরোগ্য হইবে।

পথ্য ব্যবস্থা— তুর্মা, ঘৃত, বা গরম ঘৃতপক্ষ দ্রব্যাদি এক কালীন বর্জন করিবে এবং পাকস্থলিকে ভারায়িত না করে এমত লঘু পাক দ্রব্য ভোজন করিবে, হঠাৎ সময়ের পরিবর্জন সময়ে বা শোঁতা অথবা প্রবল প্রবাহিত বায়ু মধ্যে বিচরণ করিবে না, আর বায়ুর গমনাগমন পথ অবরুদ্ধ থাকে এমত কুঠরিতে বাস করিবে না।

কাশ রোগ।

লক্ষণ—এই রোগে জ্বের সহিত বা তদ্যতিরেকে কাশ বিদ্যমান্ থাকে, শ্লেষা উপ্থিত হয়, অথবা শুদ্ধ কাশী হইয়া থাকে। এই রোগ যদ্যপিও প্রথমতঃ বিশেষ অপকার-জনক হয় না, কিন্তু ক্রমশঃ এতদ্বারা যন্ত্রণা উৎপন্ন হইতে পারে।

্ নিদান—শারীরিক বায়ু-প্রবাহক-প্রণালী মধ্যে অথবা কুন্-ফুন্যজ্রের রোগ জন্য, কিয়া সামান্য কফ ইত্যাদি হইতে উদ্ভ ত হয়।

সামান্য কাশীর চিকিৎসা।

অত্যন্ত কাশী যদ্যপি জ্বর লক্ষণের সহিত সংশ্লিষ্ট থাকে এবং প্রশ্বাস টানিবার সময় কিয়া কাশীর সময় বক্ষঃস্থুলের ভিতর যাতনা বোধ হয় তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, পূর্ণ মাত্র। ছয় ঘণ্টা অন্তর i

আর্দ্র শ্লেষা উঠা, এবং কিঞ্চিৎ হিম লাগিলে অতিরিক্ত শ্লেষা উঠা, অথবা নিঃশ্বাস প্রশ্বাসের প্রণালীতে শ্লেষা আগত হওয়া, স্বর ভঙ্গ এবং কখন কখন উজ্জ্বল রক্ত মিশ্রিত শ্লেষা রাত্রিকালে উঠা, দীর্ঘশাস টানিলে ঘং ঘং করিয়া কাশী হওয়ার পক্ষে।

উষধ—ভল্কেমেরা, অর্দ্ধ মাত্রা চারি ঘণ্টা অন্তর দিবেক।

রাত্রি কালে অপে শুষ্ক কাশী এবং শরীর অপে চালিত হইলে কাশী রুদ্ধি হয়, দিবারাত্রে শুষ্ক কাশী হয়, গলার ভিতর শুড় শুড় করে, এবং সাদা গাঢ় শ্লেষ্মা উঠে, পেটে অত্যন্ত যাতনা হয়, স্বর ভঙ্গ হয়, মাথা ধরা থাকে, কাশীর পর হাঁচি হয়, এবং মাড়ের ছুই দিকে বেদনা বোধ থাকে তাহা হইলে।

ঔষধ — বেলাডোনা, অর্দ্ধ মাতা তিন ঘন্টা অন্তর, ঐ রূপ চারি মাতা দেওয়ার পর কিঞ্চিং উপশম বোধ হইলে।

্বদ্যপি, উপরোক্ত লক্ষণাক্রান্ত হইয়া রাত্রিতে শয়ন কালীন রৃদ্ধিবোধ হয় এবং বসিয়া থাকিলে কিঞ্চিৎ উপশম হয়, ও গলা শ্লেষ্যা জন্য ঘড় ঘড় করে তাহা হইলে।

खेराध—ं शास्त्रा-मारसम्, जे क्रा

যদ্যপি গ্লার ভিতর ধুলা কিয়া পাখা থাকার ন্যায় বোধ হইয়া অপপ বা গাঢ় কাশী হয়, মন্তকে শ্লেষ্যা বন্ধ থাকে রাত্রিতে শয়ন কালীন, বা আহারের পর, বা প্রাভঃকালে বুদ্ধি বোধ হয়, এবং রোগী যদি কোমল স্বভাবান্থিত হয় ভাহা হইলে।

্র ঔষধ—ইপ্লেশিয়া, পূর্ণ মাত্রা প্রত্যহ দিবলে তিন কার করিয়া। ক্রিকেণ

ষদ্যপি শুষ্ক কাশী, রাত্রিতে রুদ্ধি হয়, এবং উক্ত ঔষধে শারোগ্য না হয় তাহা হইলে।

- ঔষধ--কোনিয়ম্, পূর্ণ মাত্র। পূর্ব্বোক্ত প্রকারে দিবেক।

যদ্যপি শ্লেষা জন্য শুদ্ধ, স্থর ভঙ্গ বিশিষ্ট কফ হইয়া প্রাতংকালে এবং সন্ধ্যাকালে রৃদ্ধি হয়, কিয়া দিবসে উপস্থিত হইয়া রাত্রিতে অপপ হয়, মুখ শুদ্ধ এবং উষ্ণ বোধ হয়, কিঞ্চিন্মাত্র শ্লেষা অতি কফে উঠে, গলা শুড় শুড় করে, এবং বিশেষতঃ স্থার ভঙ্গ হয়, ও পাকস্থলির নীচে অর্থাৎ বাম পঞ্জরের নিমু ভাগে বেদনা বোধ হয়, আহারের পর, ও পুস্তকাদি পাঠ করিতে কিয়া অনুধাবন করিবার সময় রৃদ্ধি হয়, এবং কখন কখন বমন হয় তাহা হইলে।

উষধ—নক্স-বিমিকা, পুর্ন মাতা ভিন ঘন্টা অন্তর (উপশম হওয়া কাল পর্যান্ত)

অতিশয় কম্পান্থিত শ্লেষা জন্য কাশী, সন্ধার প্রাক্তালে এবং রাত্রিতে বৃদ্ধি হয়, এবং কাশিতে কাশিতে বৃদ্ধি হয়, গন্ধ-কের ধুমার ন্যায় নিঃশ্বাস প্রশ্বাস অবরোধ করে, প্রথমে শুদ্ধ থাকিয়া পরেতে, কিঞ্চিৎ হরিদা বর্ণ, ঈষৎ শ্বেত বর্ণ শ্লেষা উঠে এবং তাহাতে লবণ কিখা তিক্ত আস্বাদন বোধ হয়, কিয়া শ্লেষ্যার সহিত রক্ত মিশ্লিত থাকে, বক্ষঃহলের ভিতর শ্লেষ্যা জন্য / শাই বা বৃদ্ধু শুদ্ধ হয়, কাশী উপস্থিত হইবার সময়

শাঘাত লাগার ন্যায় উদরে যাতনা বোধ হয়, কাশিতে কাশিতে আপনিই প্রস্রাব হইয়া যায়, তৎপক্ষে।

ঔষধ-প্রেসটিলা, পূর্ণ মাত্রা চারি ঘণ্টা অন্তর দিবেক।

শুক্ষ কাশী কথা কহিতে বৃদ্ধি হয়, রাত্রিতে যাতনা দায়ুক্ হয়, কিন্তু দিবসে, ও প্রাতঃকালে, বা সন্ধ্যাকালে, উপস্থিত হয়, শয়ন কালীন কাশী হয়, সময়ে সময়ে নিঃশ্বাস প্রশাস বদ্ধ হইবার উপক্রম হয়, কিন্তু অল্প পরিমাণে তিক্ত কাশ উঠে, অপিচ যদি বালকের উৎকাশী হইয়া স্বর ভঙ্গ, পিপাসা, গলা শুক্ষ ও সন্ধ্যার সময় জ্বর বোধ হয় তাহা হইলো। উষধ—ক্যামোমিলা, পূর্ণ মাত্রা চারি ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি কাশী, শীত কালে, বা যথন পূর্বে দিক ইইতে বায়ু বহে তজ্জন্য হয় এবং শুদ্ধ কাশী, স্বরভঙ্গ হয়, বা না হয়, গলা শুড় শুড় করে কিঞ্চিৎ আহার বা পান করিলে ও দিতীয় প্রহর রাত্রিতে রুদ্ধি বোধ হয়, বক্ষঃস্থলের ভিতর কণ্টক বিদ্ধের ন্যায় যাতনার সহিত মস্তকের উভয় পার্শ্বে অত্যন্ত মাথাধরা থাকে এবং দিবা রাত্রিতে কিঞ্চিৎ শুভ্র বা হরিদ্রা বর্ণ কাশ উঠে তাহা হইলে।

ঔষধ—ব্রায়োনিয়া, পূর্ণমাতা তিন ঘন্টা অন্তর দিবেক।

শুদ্ধ অপে কাশী, সন্ধ্যার প্রাক্তালে এবং ছুই প্রহর রাত্রির পূর্বের বৃদ্ধি হয়, কাশী হইবার পূর্বের বক্ষঃস্থলের ভিতর শুড় শুড় করে, স্থরভঙ্গ থাকে, ঘনশ্বাস হয়, প্রাভঃকালে চেতন হইলে কিঞ্চিৎ কাশী ও মুথ ভিক্ত হয়, ক্থন কথন বমন হয়, তলপেট বেদুনা করে, উরু দেশে যাতনা বোধ হয়, কাশের

সহিত উজ্জল রক্ত মিশ্রিত থাকে এবং পার্মে বেদনা হয় তাহা হইলে।

ঔষধ—রদ্-টক্সিকোডেন্ডুন্, পুর্নাতা প্রাতঃ এবং সন্ধ্যাকালে এক এক বার করিয়া দিবেক।

কফ জন্য কাশী, বিশেষতঃ রাত্রিতে রৃদ্ধি হয়, কাশিবার সময় মন্তকে এবং পকাশয়ে আঘাত বোধ হয়, কাশীর পর বমনেচ্ছা এবং বমিও হয়, শুষ্ক কাশী, কিয়া অতিরিক্ত গাঢ় কাশী, নিঃশ্বাস প্রশ্বাস অবরোধের ন্যায় কফ দায়ক হয় তাহা হইলে।

ঔষধ—ইপিক্যাকুয়ানা, পূর্ণমাত্রা চারি ঘন্টা অন্তর দিবেক। উক্ত ঔষধ শিশুর পক্ষে বিশেষ উপক'রী।

উক্ত প্রকার লক্ষণ সকলের উক্ত ঔষধের দ্বারা কিঞ্চিৎ লাঘ্য হইলে সম্পূর্ণ আরোগ্য করিবার নিমিস্ত।

थेयथ —कार्टिक्तिशा, शूर्कावर ।°

যদাপি কফ জন্য কাশী হয় তাহার সহিত স্থরভঙ্গ, নাসিকা দিয়া জলতাব, কিয়া অতিসার থাকে, অথবা শুদ্ধ কাশী, গলায় বা বক্ষঃস্থলে উত্তেজনা হইয়া উদ্ভব হয়, কথা কহিতে বৃদ্ধি বোধ হয়, এবং শিশুর পক্ষে ঐ ৰূপ হইয়া যদি নাসিকা দিয়া রক্ত পড়ে, বমন হয়, ও মাথাধরা থাকে তাহ হইলে।

ঔষধ —মর্কিউরিয়স্ অর্থ্ধনাত্রা প্রোতঃকালে এবং সন্ধ্যাকালে এক এক বার করিয়া দিবেক।

শুদ্ধ শ্বরভঙ্গ বিশিষ্ট কৃষ্, যাতনাতে প্রায় নিঃশ্বাস অবরোধ করে, এবং কাশিতে কাশিতে অবশেষে, চক্ষু দিয়া জল ঝরে, শরীরের কোন স্থান অনাত্বত থাকিলে কাশী আক্রমণ করে, রাত্রিতে রুদ্ধি হয়, কথা কহিতে বা মন্তক যুরাইতে, অথবা শিঁড়ির উপর চড়িতে, কাশী আরম্ভ হয়, এবং স্থরভঙ্গ থাকে ভাহা হইলে।

ঔষধ—হেপার, পূর্ণমাত্রা দিবদে তিন বার করিয়া দিবেক।

বায়-প্রবাহক-প্রণালিতে শ্লেষ্যা জড়িত ও তাহাতে জালা বোধ হয়, সন্ধ্যার সময় অথবা শয়ন করিলে কাশী হয়, এবং গন্ধকের ধূমার ন্যায় নিঃশ্বাস প্রশাস অবরোধ করে, নাসিকা দিয়া কটু পাতলা শ্লেষ্যা নির্গত হয়, হাঁচি এবং সামান্যতঃ সর্বাঙ্গে জালা থাকে তাহা হইলে, এবং শ্লেষ্যার সহিত রক্ত মিশ্রিত থাকিলে ও বৃদ্ধ ব্যক্তিগণের এই উপসর্গে গলা হইতে শ্লেষ্যা ছাড়া কঠিন বোধ হইলে কিয়া ফুস্ ফুস্ যন্ত্র শক্তিহীন বোধ হইলে।

ঔষধ—আর্দেনিকম্, অর্দ্ধাতা ছই ঘন্টা অন্তর দশ মাতা দিয়া যদি কিঞ্ছি উপশম বে।ধ হয় পরে (এন্টিমোনিয়ম্-টার্টেরিকম্) চারি ঘন্টা অন্তর ব্যবহার করিবেক।

যদি প্রাচীন কাশীর সহিত স্বরভঙ্গ থাকে, গভীর কাশীর সমর পঞ্জরের মধ্যে এবং বক্ষঃস্থলের মধ্যে যাতনা বোধ হয় হাসিলে বৃদ্ধি হয়, ভিজ্ শ্লেয়া উঠে, রাত্তিতে বৃদ্ধি হয়, ভুক্ত দ্ব্যে বমন হয়, নাসিকা বা মুখ দিয়া রক্ত পড়ে তাহা হইলে।

ঔষধ—ভোসেরা, পূর্ণমাতা সন্ধার সময় এবং প্রাতঃকালে এক এক বার করিয়া এক সপ্তাহ পর্যন্ত দিবেক।

শুদ্ধ কাশী দিবারাত্রে সমভাবে কণ্ট দায়ক থাকে, গাঢ় নিঃশ্বাস. টানিলে বা আহার করিলে কাশী উঠে, বমন উদ্রেক হয়, আপনি প্রস্রাব হইয়া যায়, উদরে বক্ষঃস্থলে এবং মাজায় বেদনা বোধ হয় কিঞ্চিং শ্বেতবর্ণ বা ঈষৎ হরিদোবর্ণ ছুর্গকা যুক্ত মিট বা লবণবৎ শ্লেষ্মা উঠে কিঞ্চিৎ ত্বর বোধ থাকে তৎ পক্ষে।

खेयध—मन्कर् शूर्कारः।

প্রশার ভিতর পাথা থাকার ন্যায় শুড় শুড় করিয়া রাত্তিকিয়া সন্ধ্যাকালে কাশী উঠে এবং গাঢ় হরিদ্রা বর্ণ কাশ নির্গত হয় তৎপক্ষে।

ঔষধ--काष्टिक्तिश পूर्वाद ।

শুষ্ কাশী, গলার ভিতর শুড় শুড় করিয়া, হাসিতে, কথা কহিতে বা পান করিতে উদ্ভূত হয় এবং বক্ষঃস্থলের ভিতর ছড়িয়া যাওয়ার ন্যায় যাতনা বোধ হয়, স্বরভঙ্গ, জ্বর ও মৃত্যু আশক্ষা থাকে, রক্ত মিশ্রিত শ্লেষা এবং যক্ষার ন্যায় কাশ উঠে তৎ পক্ষে।

ঔষধ--ফস্ফরস্।

আশু নিবারণের উপায় (মিস্রি বা বাবলার আঠা) মুধে রাথিয়া কাশীর সময় গলা ভিজাইবার নিমিত্তে চুসিবেক।

পথ্য ব্যবস্থা !

যদাপি কাশীর সহিত জ্বর বা অজীর্ণ রোগ থাকে তাহা

হইলে তৎকালে জ্বর কালীন পথ্যের ন্যায় পথ্য দিবে জ্বর
লক্ষণের প্রাস হইলে সহজে পরিপাক হয় এমত দ্বর্য আহার
করিবে, কোন উগ্র দ্রব্য, ছ্বা, ঘৃত, মাংসাদি, শাক, অমু, মাসকলাইর দাইল প্রভৃতি ভক্ষণ করিবেক না, স্নানে বা পানে,
কেবল শীতল জল মাত্র ব্যবহার করিবে।

শিশুর উৎকাশী।

লক্ষণ—এই রোগ শিশু কালে প্রায় সকলকেই আক্রমণ করে, অনেকের পক্ষে ইহা অংশতেই আরোগ্য হয় কিন্তু বছতর বিষয়ে ইহা অত্যন্ত কট দায়ক হইয়া মারাত্মক হইয়া উঠে, শিশুর নিঃশ্বাস প্রশ্বাস কালীন শাঁই শুই শব্দ হইয়া, বুকে শ্লেয়া একত্রিত হয়, পরেতে বমি হইয়া কিঞ্চিৎ কাল যাতনার লাঘব হয়।

প্রথম অবস্থার চিকিৎসা।

যথন বালকের জ্বর লক্ষণ বিদ্যমান্থাকে তৎকালো।
ঔষধ—একোনাইট্, ছইটা করিয়া ক্ষুদ্র বটিকা ভিন ঘণ্টা অন্তর
এক এক বার দিয়া জ্ব লক্ষণের লাঘ্য হইলে।

যদি তরল শ্লেষ। সহজে উঠে তাহা হইলে।

ঔষধ—ডল্কেমেরা, তিনটি ক্ষুদ্র বটিকা পরিমাণে ছয় ঘন্টা অন্তর এবং অতি শিশু হইলে এক একটি বটিকা চারি ঘন্টা অন্তর দিবেক।

যদি সরল কাশী, অশ্রুপাত, চক্ষুর চুর্বলতা, হাঁচি, কিঞ্চিৎ স্থরভঙ্গ, বমন উদ্রেক, এবং রাত্রিতে অতিসার থাকে তাহা হইলে।

ঔষধ-পেলেমটিলা, পূর্ব্ববৎ।

যদি শুষ্ক কাশী রাত্রিতে রূদ্ধি হয়, আর যদি বালকের গলরোগ থাকে তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, তিনটা কুদ্র বঢ়ীকা চারি ঘণ্টা অন্তর এবং অতি শিশুর প্রতি একটা কুদ্র বটিকা ঐ রূপ।

এ ৰপ লক্ষণাক্ৰান্ত হইয়া অতি তরল কাশী খাকে এবং

র।ত্রিতে বৃদ্ধি হয় তৎ পকে।

উধধ—হেপার্, পূর্ণমাত্রা রাত্রিতে এবং প্রাভঃকালে এক এক বার Conflict of the King Part 1 19 করিয়া। 🦥

যদি কাশীর সহিত ৰমন হয় এবং অর্ধ্ব রাত্রি হইতে প্রাতঃকাল পর্যান্ত কাশী হয়, রোগীর মুখ নীলবর্ণ হয় এবং मूथ ও নাসিকা দিয়া রক্ত পড়ে ভাহা হইলে।

ঔষধ---নক্ল-বমিকা, অর্জমাতা ডিন ঘণ্টা অন্তর দিবেক।

যদি শেষোক্ত লক্ষণ অর্থাৎ রক্ত পড়া অধিক হয় তাহা इइटन।

ঔষধ—আর্ণিকা, পূর্ণমাত্রা তিন ঘন্টা অন্তর দিবেক।

যদি নিঃশাস প্রশাস অবরোধের ন্যায় হইয়া অভ্যন্ত याज्ञा त्वाथ इत्र এवং त्वाशीत मूथ नीलवर्ग इत्र जाहा हहेता। **अवध—देशिकााकुशाना शृक्षव** ।

দ্বিতীয় অবস্থার চিকিৎসা।

যথন বালক অত্যন্ত তুর্বেল হইয়া যায় এবং কপালে শীতল ঘর্ম হয়, অত্যন্ত পিপাসা, আপনিই প্রস্রাব হওয়া, বমন, কিঞ্চিৎ ত্মর, নাড়ী ক্ষীণা, তুর্বলা, এবং দ্রুতগতি বিশিষ্টা থাকে **७९काटन** ।

ঔষধ—বেরাটুম্ ছুইটি কুদ্র বটিকা প্রভাকে বার কাশীর আক্রমণ হুইবার পর, ছুই ঘন্টা অন্তর দিবেক।

যখন পূর্ব্বাক্ত ঔ্বধ দিয়া অন্যান্য উপসর্গ নিবারিত ত্ইয়া কেবল বমনোজেক মাত্র থাকে। ঔষধঃ-কার্নো-বেজিটেবিলিন্ পূর্মবং।

যদ্যপি কাশী ও বমন, অত্যন্ত যাতনা দায়ক হয় এবং পুর্বোক্ত ঔষধ দিয়া নিবারিত না হয়, তাহা হইলে।

ঔষধ—কোনিয়ম্ অর্জমাতা রাতি এবং প্রাতঃকালে এক এক বার , করিয়া দিবেক।

প্রত্যেক বার আক্রমণের পর রোগী জ্ঞান শূন্য ইইয়া যায়, বক্ষঃস্থলের ভিতর সদত শ্লেয়ায় শাঁই শুঁই করিতে থাকে তৎ পক্ষে।

ঔষধ—কুপ্রমূ অর্দ্ধমাতা অর্দ্ধ ঘণ্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি বালকের ক্ষি দোষ থাকে অথবা কাশীর সময় । ধনুফকারের ন্যায় শরীরে টান্হয় তাহা হইলে।

अवध-निना, भूर्सद् ।

যথন আহারের পর কাশিতে কাশিতে বমন হইয়া ভুক্ত দ্রব্য উঠিয়া যায় তৎকালে।

ওষধ—ফেরম্-মেটালিকম্, পূর্নাতা প্রভ্যেক বার ব্যনের পর এক এক বার।

তৃতীয় অবস্থার চিকিৎসা।

এই রোগ যদ্যপি প্রাচীন বা বছ দিন স্থায়ী হয় তাহা হইলে, (সল্ফর্) বা (সিপিয়া) উপর্য্যুপরি বা স্বতন্ত্র স্বতন্ত্র রূপে পূর্ণমাত্রায় প্রত্যহ প্রাতঃকালে খালিপেটে দিবেক।

পথ্য ব্যবস্থা।

যদ্যপি জর বিদ্যমান্ থাকে তাহী হইলে পাতলা যবের মগু, বা অন্মণ্ড, ব্যবস্থা করিবেক, এবং জর লক্ষণ নিরাক্ষত হইলে, লঘু-পাক জব্য পথা দিবেক। ক্রমশঃ বল রুদ্ধি জন্য মাংসের.কৃথি ও দেওয়া যায়।

वकः इता त्रक वक्त।

লক্ষণ—বক্ষঃস্থলে ভার বোধ কিয়া চাপিয়া ধরা বোধ হয়, ও দপ্ দপ্ করে, হ্ছপেণ্ড থর্ থর্ করিয়া কাঁপে, অস্থি-রতা, এবং কিঞ্চিৎ দীর্ঘ স্থানের সহিত, কটে নিঃস্থান প্রস্থান হয়। এই রোগ প্রায় যৌবনাবস্থার পূর্বের বা তৎ কালের কিঞ্চিৎ প্রকাল পর্যান্ত ও দেখা যায়।

রোণের কারণ। পৈতৃক দোষ জন্য বা অত্যন্ত শীত বা উষ্ণতা শরীরে প্রবেশ, মাদক দ্বর্য ব্যবহার, তান্রকুট সেবন, দৌড়ান বা নৃত্য করা, ইত্যাদি কারণ হইতে ও অতিরিক্ত শারীরিক পরিশ্রম উল্ফেম্বরে বাক্য কথন, বা গান করা, বা হঠাৎ ঘর্মের অবরোধ জন্য, নিশ্চেট স্বভাব প্রযুক্ত, বা রজস্বলা কালীন বা অর্শঃ হইতে আবের হঠাৎ নিবারণ জন্য হইয়াথাকে।

চিকিৎসা।

যখন অভিরিক্ত পিপাসা উষ্ণতা হৃৎকম্প এবং অত্যন্ত কাশী থাকে।

উষধ—একোনাইট্, পূর্ণমাতা আট ঘন্টা অন্তর দিবেক।

উক্ত ঔষধ প্রয়োগের ছুই দিবস পরে, যদি অত্যন্ত উষ্ণতা, বক্ষঃস্থলে যাতনা, পুনঃ পুনঃ দীর্ঘ শ্বাস টানিতে ইচ্ছা থাকে, বা কাশের সহিত রক্ত মিশ্রিত হইয়া নির্গত হয় তাহা হইলে।

ঔষধ—মর্কিউরিয়ন, পূর্ণমাতা বার ঘণ্টা অস্তর এক এক বার দিবেক। জর লক্ষণের কিঞ্চিৎ শান্তি ইইলে বক্ষংস্থলে দপ্ দপ্ করা, বংকম্প, রাত্রিতে কিঞ্চিৎ কাশী, আন্তরিক উষ্ণতা, এবং অতিরিক্ত পিপাসা থাকে তৎপক্ষে।

ঔষধ—বেলাডোনা, পূর্ণমাত্রা আট ঘন্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি এই রোগ, নিশ্চেষ্টতা দোষ জন্য কিয়া আভাসিক মদ্যপান জন্য বা হঠাৎ অর্শঃ নিবারণ করাতে উপস্থিত হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ—নক্ল-বমিকা, পূর্ণমাত্রা প্রভ্যন্থ রাতিকালে শয়ন সময়ে এক এক বার করিয়া সেবন করিবেক।

যদ্যপি উক্ত ঔষধে, সম্পূর্ণ ৰূপে আরোগ্য বোধ না হয় ভাহা হইলে।

उषध-इं शिक्याक्शाना, शूर्वव ।

বক্ষংস্থান অবরোধের ন্যায় যাতনা বোধ হয়, জ্ঞান শুন্যতা এবং রোগীর বর্ণ উজ্জ্বল হয়, হৃৎপিও থর্ থর্ করিয়া কম্পান্থিত হয়, তৎপক্ষে।

ঔষধ — অরম - নেটালিকম্, অর্জনাত্রা চারি ঘন্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি বক্ষঃস্থলে রক্ত বদ্ধ হইয়া ব'ছা উত্তাপ থাকে, প্রশ্বাসে ক্ষী বাধ হয়, স্থার থর করে, সন্ধ্যার পূর্বের রোগের লক্ষণের রৃদ্ধি হয়, যদি স্ত্রী লোকের রজোবদ্ধ জন্য বা নাধারণতঃ অর্শঃ হইতে আব বদ্ধ জন্য ইয় তাহা হইলে।

্ ঔষধ-পলেসটিলা, পূর্ণমাত্রা থালিপেটে প্রভাই প্রাতঃকালে এক এক বার করিয়া দিবেক।

্বক্ষঃস্থলের ভিতর গুরুতর ভার বোধ ও চ**র্ম**পিয়া ধরা,

এবং কাশিলে রুদ্ধি, শয়ন করিলে নিঃশ্বাস কেলিতে কন্ট, আর যদি অর্শঃ নিবারণ জন্য এই রোগ উপস্থিত হইয়া থাকে, এবং (নক্স-ব্যাকা কিয়া প্রেসটিলা,) দ্বারা আরোগ্য না হয় ভাহা হইলে।

ঔষধ —সন্ফর্, দ্বিগুণ্মাত্রা প্রভাহ থালিপেটে প্রাভঃকালে এক এক বার করিয়া নিবেক।

যদি এই রোগ বছকাল স্থায়ী হয়, এবং হাসিতে, কথা কহিতে, শীঘ্র ইটিতে, বক্ষঃস্থাল যাতনা বোধ হয়, ও হৃদয় থর্ থর্ করিয়া কাঁপে এবং বক্ষঃস্থা হইতে গলা পর্যন্ত উত্তাপ বে,ধ হয় তাহা হইলে।

ঔষধ--- ফস্ফঃন্, পুর্নাতা রাতিতে এবং প্রাতঃকালে এক এক বার করিয়া দিবেক।

পথা ব্যবস্থা।

যে প্রকার কক্, কাশীর বিষয়ে লিখিত ছইয়াছে সেই ৰূপ, এবং যে কোন ক্রিয়া দ্বারা এই রোগ বৃদ্ধি করায় তাহা বর্জ্জন করিবেক, রোগী স্থির হইয়া সংযত ব্যবহারে চলিবে।

ब्रक्ट **रमन** द्वांश।

এই রোগে অধিক কিয়া অপ্প পরিমাণে শ্লেয়ার সহিত্ত
মিশ্রিত রক্ত, কাশিবার সময়ে উঠে। এই রোগ নানা প্রকার
হইয়া থাকে, প্রথমঙঃ শারীরিক বায়ুরজ্যের আচ্ছাদক-সূক্ষা
চর্মা হইতে রক্ত উথিত হয়। দিতীয়তঃ ফুস্ফুস্ যজ্যের
বিকৃতি হইলে, এবং তৃতীয়তঃ ঐ যজ্যের গহররের রক্তত্তনী
কাটিয়া যক্ষার অবস্থায় উপস্থিত হইয়া থাকে। যথন এই রোগ

ৰিজ্ঞাত কারণ হইতে উদ্ভূত জানা বায় তৎ কালে রোগী উচ্চ কথা বলা, বা অধিক কাল ঐ ৰূপে বাক্য কথন, কোন ব্যক্তিকে আহ্বান করা, গান করা, ফুংকার দ্বারা যন্ত্র বাদ্য করা, বাহু দ্বারা অধিক পরিশ্রম করা, দৌড়ান, অথবা উপরে উঠা, অর্থাৎ যে কোন প্রকারে নিঃশ্বাস প্রশ্বাসের অধিকাতা হয় বা বক্ষঃস্থল ক্লান্ত হয় এতাদৃশ কর্মা এক কালীন বর্জ্জন করিবেক।

লকণ—এই রোগ, নিংশাস প্রশাসে বাধা দায়ক না হইয়া প্রকাশিত হয়, অথবা ইছার প্রকাশের পূর্বেষ শুষ্ক কাশী বক্ষঃস্থল চাপিয়া ধরা, কম্প, হস্ত পদাদির অগ্রভাগের শীতলতা, অত্যস্ত দৌর্বল্য, এবং নাড়ীর উচ্চ গতি, পরেতে অত্যন্ত কট দায়ক কাশী, নাড়ী তীব্র গতি বিশিষ্টা, পরিষ্কৃত রক্ত বমন, এবং যক্ষার ন্যায় লক্ষণ উপস্থিত হইলো বক্ষঃস্থলে বেদনা, ও প্রবল জ্বর উপস্থিত হয়।

নিদান—ভীব্র বীর্য্য মাদক দ্রব্য সেবন, অসাধারণ পরিশ্রমের দ্বারা শরীরকে উত্তাপিত করা, অভ্যন্ত উষ্ণ সেবন, শুষির
যন্ত্র বাজান (অর্থাৎ ফুংকার দ্বারা যে যন্ত্র বাজাইতে হয়)
কোন স্থান হইতে হঠাৎ পতন, ফুস্ ফুস্ যন্ত্রে আঘাত, নাসিকার দ্বারা কটু বাস্পের দ্রাণ গ্রহণ করা, কক কিয়া কাশী,
অভ্যন্ত মনোবেগ, রজঃ বা অর্শঃ বা অন্য প্রকার স্রাবের
অবরোধাদি।

চিকিৎসা ৷

ষদ্যপি অত্যন্ত রক্ত উঠিতে থাকে তারা হইলে বাছর উপরিভাগে, (রোগী সহু করিতে পারে এমত করিয়া) এক ধার্নি সম্বাল ক্ষিয়া বাঁধিয়া দিবেক, এবং সেই দিগের উক্ল দেশেও সেইৰূপ বস্ত্ৰ বাঁধিবেক, রক্ত বন্ধ হইলে, রোগীকে হেলান দিয়া বসাইবেক এবং ক্রমশঃ বন্ধন খুলিয়া দিবেক, কোন প্রকার মানসিক অত্যাচার করিবেক না, আহারের পূর্বে নিদ্রা যাওয়া, এ রোগের পক্ষে উপকারক হয়।

যদ্যপি স্ত্রীলোকে। মাসিক রজঃ আব বা অর্শঃ দিয়া রক্ত আব বদ্ধ জন্য এই রোগ উপস্থিত হইয়া থাকে, এবং সন্ধ্যার পূর্বে অথবা রাত্রিকালে কম্প বোধ হয়, ও গাঢ় থানা থানা রক্ত উঠে, বক্ষঃস্থলের নিমে যাতনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—পক্তেমটিলা, পূর্ণমাত্রা প্রাতঃ এবং সন্ধ্যাক(লে এক সপ্তাহ পর্যায় দিবেক।

তাহার চারি দিন পরে পুনর্বার উক্ত প্রকারে এক সপ্তাহ পর্যান্ত চলিবেক, উক্ত ঔষধের ঐ ৰূপ ছুই সপ্তাহ সম্পূর্ণ হুইলে ভাহার চারি দিবস পরে।

ঔষধ — ককিউল্ম, সিপিয়া, বা সল্ফত্, ক্রমাণুয়ে ঐ রূপে দিবেক।

যদ্যপি গলার ভিতর শুড় শুড় করিয়া থানা থানা রক্ত উঠে, এবং পুনঃ পুনঃ দীর্ঘাদ টানিতে ইচ্ছা হয় তাহা হইলে। ঔষধ—ব্রায়োনিয়া, পূর্কবিং।

ষদ্যপি অর্শঃ দ্বারা আব বন্ধ হইয়া এই রোগ উৎপন্ন করায় কিয়া কোন প্রকার হঠাৎ রিপু প্রবৃদ্ধ হওয়াতে হইয়া থাকে এবং শুদ্ধকাশী, মাথাধরা, গলাতে অভ্যন্ত শুড়্শুড় করা ইত্যাদি লক্ষণ বিদ্যমান্থাকে তাহা হইলে।

ঔষধ—নক্ল-বমিকা, পূর্ণমাত্রা সন্ধ্যা এবং প্রাতঃকালে, পরেসটিলার ব্যবস্থামূসারে দিবেক।

বদ্যণি বাহু আঘাত দারা কিয়া বক্ষঃস্থলে অতিশ্র

মুঁদা লাগিয়া বা কোন ভারি বোঝা তুলিতে বা শুষির যন্ত্র বাজাইতে এই রোগ উপস্থিত হয়, বক্ষঃস্থলের ভিতর জালা, পশ্চাদ্রাগে এবং ঘাড়েতে ছেঁচা ঘায়ের ন্যায় বেদনা বেধি হয়, এবং গাঢ় বর্ণ রক্ত, কিয়া রক্তের দলা অতি কফে নির্গত হয়, উত্তাপ এবং অভ্যন্ত দৌর্ফ্রল্য থাকে তাহা হইলে।

ঔষধ—আর্ণিকা, এবং এসিডম্-সল্ফরিকম্, অর্ক্ষাতা ছই ঘন্টা অন্তর। প্রথমে আর্ণিকা ঐ মাত্রায় দিয়া পরেতে দ্বিভীয় ঔষধ ছয় ঘন্টা পরে দিবেক।

ঐরপ অত্যন্ত কঠিন রোগের চিকিৎসা।

যদাপি পুনং পুনং সময়ে সময়ে এই রোগ আক্রমণ করে এবং প্রত্যেক বার আক্রমণের পূর্ব্বে কম্প, নাড়ীর তীব্র গৃতি, হৃদয় থর থর করিয়া কম্পন এবং বক্ষঃস্থলে ছালা বোধ হয়়. মুথ রক্ত হীন দেথায়, শয়ন করিলে অস্থিরত। বোধ হয় তাহা হইলে।

ঔষধ—একোনাইট্ অর্দ্ধনাত। ছই ঘণ্টা অন্তর এক এক বার দিবেক।
যথন অস্থিরতা এবং হৃংপিণ্ডের থর্ থরানি পূর্বোক্ত ঔষধ দ্য় দেওয়াতেও বৃদ্ধি বোধ হয়, অত্যন্ত অস্থিরতা ও দ্বালা ধাকে, তৎকালো।

ঔষধ—আর্সেনিকম, অর্জমাত্রা প্রত্যেক ঘণ্টায় কিছা উপরোক্ত ঔষধের সহিত পুর্ব্বোক্ত মতে উপর্যুপরি রূপে দিবেক।

যদ্যপি রক্ত বমন এক বার হইয়া পুনর্বার উপস্থিত হয় তাহা হইলে।

अवथ—मग्मृत्र्भाज। ছয় चली असुत्र मित्तक।

वक्क वमत्तव शद्वत विकिश्म।

এই রোগ উপস্থিত হইয়া পরেতে কোন প্রকার ভয়ানক রোগ উপস্থিত না হয় তজ্জন্য।

ঔষধ—ফস্কংস্ পূর্নিতা রাত্রি এবং প্রাতঃকালে এক সপ্তাহ পর্যান্ত সেবন করিয়া ভাহার চারি দিন পরে সলফর্, দ্বিগুণ মাতা প্রভাহ প্রাতঃকালে এক এক বার চারি দিবস পর্যান্ত।

পথ্য ব্যবস্থা—শারীরিক এবং মানসিক স্থৈয় রক্ষা করিবে অধিক কথা ক হবে না এবং নিরামিষ-ভোজী হইবেক কোন প্রকার উগ্র দ্রব্য ব্যবহার করিবে না।

হাঁকু অর্থাৎ শ্বাসকাশ।

নিঃশ্বাস কেলিতে কফ, রোগ সময়ে সময়ে উপস্থিত হয়, বক্ষঃস্থলে চাপিয়া ধরে, কাশী হয়, এং গলা শঁই শুঁই করে ইত্যাদি। প্রকার ভেদ—প্রথমতঃ অপ্প অথবা কিছুমাত্র শ্লেমা থাকে নাঃ দ্বিতীয়তঃ অধিক শ্লেমা উঠে।

চিকিৎসা।

যথন এই রোগ ভীব্র রূপে ভরুণাবস্থায় থাকে, আর যথন রোগী গাঢ় নিদ্রা হইতে নিঃশ্বাস বন্ধ হওয়ার উপক্রম হইয়া জাগরিত হয়, অতি কফে ঘন শ্বাস বহে এবং বক্ষঃস্থলের ভিতর শাঁটে শুঁই করে এবং বদন শীতল ও পাঞুবর্গ, নিঃশ্বাস প্রশ্বাসের সময় গলার ভিতর ধুলা থাকা বোধ হয় তাহা হইলে।

া ওবধ—ইপিক্যাকুরানা, পুর্নাতা যদি আবশ্যক হয় ভবে অর্ধ্ব ঘন্টা অন্তর, এক এক বার কিয়া অল্প কট দায়ক হইলে এক কিয়া ছেই ঘন্টা

चातुत, शरहरा क्रमणः छेशणम राधि इटेर्ड चाद्र इटेर्न नमस्त्र हिस् कदिया मिरवक ।

যদাপি উক্ত ঔষধের তৃই মাত্রায় কিছু মাত্র উপশম বোধ
না হয়, এবং আসন মৃত্যু উপস্থিত হওয়ার ন্যায় যাতনা হর
অথবা কিঞ্জিলাত্র শরীর চালিত হইলে যাতনা বৃদ্ধি হয়, বিশেষতঃ
যদি শার্ম করিলে এই রোগের আক্রমণ কাল উপস্থিত হয়
এবং বক্ষঃস্থলের ভিতর শাই শুই করে তাহা হইলে।

ঔষধ—আদেনিকন্ রোগের তীব্রাবস্থায় অর্ধনাতা অর্ধ ঘণ্টা অন্তর অথবা কিঞ্ছিং লাঘবাবস্থায় ছুই বা তিন ঘণ্টা অন্তর দিবেক।

যদাপি উক্ত ঔষধের ছুই তিন মাত্রার পর উপশম বোধ না হয় এবং রাত্রিতে অথবা প্রাভঃকালে নিঃশ্বাস প্রশ্বাসের বাধা উপস্থিত হয় পাঁজরের নীচে যাতনা এবং দক্ষিণ পার্শ্বে হেলন করিতে না পারা, পুনঃ পুনঃ কাশী, কথা কহিলে কিয়া কিঞ্ছিং চাপিলে রোগ রৃদ্ধি হয়।

थेयथ – द्वारमानिमा, वर्ष्म गावा हाति घन्छ। व्यस्त ।

যদ্যপি উক্ত ঔষধের তুই মাত্রায় উপশম বেংধ না হয় এবং রাত্রিতে কণ্ঠাবরোধের উপক্রম ও বক্ষঃস্থলের নিমুভাগে কঠিনতা বােধ হয় এবং তাহার পূর্বে অস্থাকর স্থপ্প দর্শন হয়, আর যথন রােগের আক্রমণ কাল প্রাভাকালে অথবা আহাবের পর উপস্থিত হয়, পেট এবং পাকস্থলা ক্ষিয়া ধরে, পেট ফাঁপে, ক্থেপিণ্ড থর্ থর্ করে এবং হেলান দিয়া থাকিলে অথবা পুনঃ পুনঃ স্থান পরিবর্ত্তন করিলে কিছু আরাম বাৈধ হয় তাহা হইলে,

উষধ—নক্স-বমিকা, স্বতন্ত্র বা উপর্যুপরি রূপে পূর্ববৎ।

যদি গলার ভিতর গল্পকের ধূম লাগার ন্যায় নি:স্থাসূ
্ প্রস্থাসের বাধা জন্মায়, বক্ষ:স্থল চাপিয়াধরে এবং স্থাম্ডায় ও

ঘড়্ ঘড়্ শব্দ হয়, অতিরিক্ত শ্লেমা উঠে, রোগের আক্রমণ কাল সন্ধ্যাকালে বা রাত্রিকালে উপস্থিত হয় তবে।

ঔষধ—পেলেনটিলা, রোগের তীব্রাবস্থায় পূর্ণ মাত্রা অর্দ্ধ ঘন্টা অন্তর এবং লাঘবাবস্থায় ছুই বা তিন ঘন্টা অন্তর এক এক বার দিবেক।

যদি রোগের আক্রমণ কাল রাত্রিতে হয়, গলার ভিতর শ্লেয়া একত্রিত ইওয়া বোধ হইয়া রোগ উপস্থিত হয়, প্রশাস টানিতে সাঁই সাঁই করে, স্বচ্ছ কাচের ন্যায় শ্লেয়া অতি কটেউটে, ঘাড়ে এবং মন্তকে বালিসের দারা ঠেস্না দিলে নিঃশ্বাস প্রশাসে অশক্ত হয় অভান্ত দৌর্বল্য থাকে ভাহা হইলে।

ঔষধ—চায় না অর্জ মাত্রা পূর্ব্বোক্ত রূপে দিবেক।

যদ্যপি পূর্বোক্ত ঔষধের তিন মাত্রায় উপকার বোধ না হয়, এবং নাসিকা, কর্ণ, ও হস্ত পদের অগ্রভাগ শীতল হয় তাহা হইলে।

ঔষধ—বেরাটুম, পূর্ণ মাতা দুই ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি এই রোগ উগ্র স্বভাবান্থিত স্ত্রীলোকের হয় এবং রাত্রিতে শুষ্ক কাশী ও গোঙ্রানীর ন্যায় প্রশ্বাস, যাহা কথন কথন অতি গভীর বা ঘন অর্থাৎ শীঘ্র হয়, বায়ু-প্রবাহ-প্রণালীর উপরিভাগে ঠাসিয়া ধরা বোধ হয় তাহা হইলে।

ঔষধ— বেলাডোনা প্রয়োজন বশতঃ অর্দ্ধ মাত্র। অর্দ্ধ ঘণ্ট। অন্তর অথবা অবস্থামুসারে, ছুই বা তিন ঘণ্টা অন্তর দিবেক।

শীতলতা জন্য য্দ্যপি রোগের আক্রমণ সময় উপস্থিত হয় এবং তরল শের্মা উঠে, বক্ষ:স্থলের ভিতর ঘড়্ ঘড়্ করে ও নি:শ্বাস প্রশাসে কট বোধ হয় তাহা হইলে।

अवश्— प्रत्क्त्मता, अर्क्ष माज। ठाति घन्छ। अस्त श्रेक श्रेक विक वात

প্রাচীন শ্বাস কাশ।

এই রোগ প্রাচীন হইলে এবং যদ্যপি আর্ফ কাশ হয়;
ভাহা হইলে।

ঔষধ—ফন্ফরস্, পূর্ণমাত্রা রাত্রিতে এবং প্রাতঃকালে এক সপ্তাহ পর্যান্ত।

আরও সল্কর, ক্যাল্কেরিয়া, লাইকোপোডিয়ম্, ইহার অন্যতর যে কোন একটী ঔষধ উজ্জ্বপে, ক্রমাণুয়ে ব্যবহার করিবে।

পথ্য ব্যবস্থা।

শ্বাস কাশের রোগী সর্বতোভাবে উঞ্চবীর্য্য দ্রব্য, দধি, দুর্গ্ধ, শাক, অম্লাদি এক কালে বর্জ্জন করিবে, কেবল সহজে পরিপাক হয়, এবং সামান্য রূপে প্রস্তুত পাতলা দ্রব্য ভাহাই ব্যবহার মাত্র করিবেক, একবারে অধিক ভোজন করিবেক না।

সক্ষা কাশ।

এই রোগ নানাবিধ দেখা যায়, কোন কোন ব্যক্তির এই রোগ উপস্থিত হইলে সহজে লক্ষণ ছারা জানিতে পারা যায়, এবং কাহারও কাহারও এমত লক্ষণ থাকে যে চিকিৎসকেও জানিতে পারেন্ না।

ইহার প্রথমাবস্থায় গলার ভিতর শুড় শুড় করিয়া কিঞ্চিৎ কাশী হয়, দৌর্বল্য, কিঞ্চিৎ নিঃশ্বাসের অস্পতা এবং আহারান্তে জ্ব বোধ, যদ্যপি শ্লেমা উঠে তাহা স্বচ্ছ, এবং রস্ত মিশ্রিত, ও বক্ষঃস্থলের কোন স্থানে ও কক্ষা দেশে সদত বা কখন কখন যাতনা বোধ হয়।

দিতীয়াবস্থায়, পূর্ব্বোক্ত লক্ষণ সকল রুদ্ধি হয় অত্যন্ত দৌর্ব্বল্য, রাত্রিতে ঘর্মা, জ্বিরের বৃদ্ধি, ও পুঁজ মিশ্রিত কাশ উঠে, সেই কাশ জলে ফেলিলে ডুবিয়া যায়, এবং তাহার মধ্যে রক্ত মিশ্রিত থাকে, সময়ে সময়ে অধিক পরিমাণে রক্ত বমন হয়।

তৃতীয়াবস্থায়, অতিরিক্ত ঘর্মা জন্য ক্রমশই শরীর ছ্বলে হইতে থাকে, অধিক পরিমাণে গোলাক্কৃতি, ছাইয়ের বর্ণ, কাশ উঠে তাহা জলে ফেলিলে ডুবিয়া যায়. পা এবং গুলফ্ক ফুলে, নিশ্বাদে এমত কফ বোধ হয় যে, কণ্ঠাবরোধ হইবার উপক্রম হয়।

চিকিৎসা।

প্রথমতঃ একোনাইট, আর্নেনিকম, কার্বো বেজিটেবি-লিস্, সল্কর, ডল্কেমেরা, প্রথম ও দ্বিতীয়াবস্থায় উপকার করিবেক। তৃতীয়াবস্থায়, ক্যাল্কেরিয়া, কার্বো বেজিটেবিলিস্, চায়্না, হেপার, মর্কিউরিয়স্-বাইবস্, ফস্করস্, উপকার করিবে। উক্ত ঔষধ সকল পূর্ণ মাত্রায় ছয় কিয়া বার ঘন্টা অন্তর এক এক বার সেবন করিবেক।

পথ্যব্যবস্থা

খাস কাশের ন্যায়

হন্দোগ, অর্থাৎ হৃৎপিও কম্পন ইত্যাদি।

নিদান—মনোর্জির উত্তেজনা, তীব্রমদ্য পানাদি দ্বার! উৎপন্ন হয়।

চিকিৎসা।

যথন হৃৎপিণ্ড অত্যন্ত থর্ থর্ করে, বক্ষঃস্লের ভিতর অত্যন্ত যাতনা বোধহয়, হস্ত পদাদি ভার জ্ঞান হয়, বাম পাথে ছেঁচা ঘারের ন্যায় বেদনা বোধ হয়, শয়ন কালীন এবং শিঁড়িতে উঠিবার সময় বাম পাথে অত্যন্ত যাতনা বোধ হয় তৎকালে।

ঔষধ—একোনাইট্, পূর্ণ মাতা ছয় ঘন্টা অস্তর এক এক বার দিবেক।

যদ্যপি বক্ষঃস্থলে ফিতা দিয়া ক্ষিয়া বান্ধার ন্যায় বোধ হয়, এবং নিঃস্থাদ প্রস্থাদ অসমান গতিতে চলে, স্থাদ প্রস্থাদ থকা হয়, নাড়ীর গতি দ্রুত এবং নাড়ী মোট। বা অতি স্থক্ষ হয় তাহা হইলে।

ঔষধ –বেলাডোনা, পূর্ণ মাতা।

যদ্যপি প্রাতঃকালে এই রোগ আক্রমণের কাল নির্দ্দিষ্ট হয়, বমনেচ্ছা থাকে, বক্ষঃস্থলে উত্তাপ ও স্থালা বোধ হয়, ও অনিদ্রা হয়, তাহা হইলে।

ঔষধ—নক্ল-বমিকা, পূর্ণ মাতা রাত্তি এবং প্রাতঃকালে এক এক বার চারি দিবস পর্যান্ত, তাহার চারি দিবস পর্টের পুনর্ব্বার ঐ ঔষধ ঐ মতে চালাইবে।

পূর্ব্বোক্ত ঔষধ সকল প্রয়োগের পর, সম্পূর্ণ আরোগ্য, করিবার জন্য এবং যদ্যপি এই রোগ শিঁড়িতে উঠিতে রুদ্ধি হয়, ্মনেতে ছশ্চিন্তা ও ভয়ের উদয় হয়, অথবা যদি প্রাচীন হা হঠাৎ আরোগ্য করাতে হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ—সন্দর্, অর্দ্ধ মাত্রা চারি ঘণ্টা অন্তর এবং পরেতে পূর্ণমাত্রা প্রভাহ প্রাভঃকালে এক সপ্তাহ পর্যান্ত দিবেক।

যদাপি বিরক্তি জনক কার্যা হৈতে হয় ... কাংমোমিলা।
ভয় হইতে বা আনন্দ হইতে হইলে ... বেরাটুম্, কফি।
হঠাৎ ভয় জন্য হইলে ... ওপিয়ম্, কিয়া কফি।
বদাপি ত্নশ্চিস্তা জন্য হয় ... তিক্তে বাদাম রগ্ডাইয়া,
ভ্রাণ লইবে।
বদাপি পেট ফাঁপাতে হয় ... নক্ল-বমিকা।

এই রোগ হঠাৎ উপস্থিত হইলে কর্পূরের আরক পাঁচ কোটা পরিমাণে অর্দ্ধ তোলা চিনির সহিত জলে মিশ্রিত করিয়া পাঁচ মিনিট্ অস্তর এক এক বার সেবন করিবেক।

যদি এই রোগের সহিত অজীর্ণ সম্বন্ধ থাকে তাহা হইলে, নক্স-বমিকা, পলেসটিলা, বা ব্রায়োনিয়ার, মধ্যে যে কোন একটা ঔষধ অর্দ্ধ মাত্রা চারি ঘন্টা অন্তর দিবে, যদি রক্ত ক্ষয় জন্য এই রোগ উপস্থিত হয় তাহা হইলে।

ঔষধ—চায়্না পূর্ণ মাতা রাত্রি এবং প্রাতঃকালে এক এক বার করিয়া দিবেক।

পথ্য ব্যবস্থা।

যদি এই রোগ অজীর্ণ জন্য হয় তাহা হইলে সহজে পরি-পাক হয় এমত জব্যমাত্র পথ্য দিবেক, যাবতীয় মাদক জব্যাদি অথবা গর্ম মসলা, যদ্ধারা রক্তের উষ্ণতা জন্মায় তাহা বর্জ্জন

করিবেক। এবং যে কোন শারীরিক বা মানসিক প্রনিয়ম জন্য এই রোগ উৎপন্ন করায়, তাহা ত্যাগ করিবে, মৎস্য মাংসাদি ভক্ষণ করিবে না।

প্লীহা রোগ[†]।

লক্ষণ—বাম পাশ্বের পঞ্জরের নীচে তীক্ষু যাতনা বোধ, অত্যন্ত জ্বর, প্লীহার বৃদ্ধি বা প্লীহা ফোলা। যথন এই রোগ অত্যন্ত বৃদ্ধি হয় রক্ত বমন হইয়া থাকে, শারীরিক দৌর্বল্য পাণ্ডু বর্ণজ্ব ক্ষুর শ্বেত ভাগে রক্ত হীনতা, হস্ত পদাদির অগ্র ভাগের শীতলতা হইয়া থাকে।

চিকিৎসা।

প্রথমে জর নিবারণের নিমিত্তে বা মধ্যে মধ্যে প্রয়োগ করিবার জন্য।

ঔষধ—একোনাইট্, যদ্যপি জ্বর তীব্র থাকে তাহা হইলে, অর্দ্ধ মাত্রা ছই ঘন্টা অন্তর অথবা লাঘবাবস্থায় পূর্ণ মাত্রা তিন বার প্রত্যেক চারি ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি জর ছাড়িয়া সময়ে সময়ে আইসে আর রোগী রক্ত বমন, বা অতিসার দ্বারা অত্যন্ত চুর্বলে হইয়া থাকে, আর যদি অতিরিক্ত কুইনাইন বা সীমুলক্ষার সেবন জন্য হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ — চায় ুমা, পূর্ণ মাত্রা প্রাতঃকালে এবং সক্ষ্যাকালে এক এক নার।
বার দিবেক। বোগের তীব্রভা থাকিলে ছয় ঘন্টা অন্তর এই এক বার।

ষদ্যপি রোগীর প্লীহার স্থানে, জ্বালার ন্যায় যাতনা বোধ হয় এবং নাভিমূল দপ্ দপ্ করে জলবৎ কিয়া রক্ত মিশ্রিত মল নিঃস্ত হয়, মল্ছারে জ্বালা বোধ হয়, অত্যন্ত চুর্বলতা এবং পায়ের পাতা, শোথঃ হইয়া ফোলে তাহা হইলে।

- "ঔষধ—আর্দেনিকন্ পূর্ববং যদি পূর্ব্বাক্ত ঔষধের সহিত এই ঔষধ উপর্যুপরি ব্যবস্থা করা হয় তাহাহইলে উপরোক্ত ঔষধ ছুই মাত্রা তদনস্তর এই ঔষধ ছুই মাত্রা এই রূপে চলিবেক।

যথন বাম পাখে পঞ্জবের নিমে বেদনা বোধ হইয়া নিঃশ্বাদ প্রশ্বাদে কন্ট বোধ হয় এবং অতিরিক্ত পরিমাণে রক্ত বমন হয় তৎকালে।

ঔষধ—আর্নিকা, পূর্ণমাত্রা ছয় ঘন্টা অন্তর, আর যদি আধিকাতা হয়, তিন ঘন্টা অন্তর।

ষদাপি এই রোগের সহিত অজীর্ণতা, কোষ্ঠ বন্ধতা, বিদ্যামান্থাকে তাহা হইলে।

ঔষধ-নক্ল-বমিকা, পূর্ণ মাত্র। শয়ন কালীন এক এক বার দিবেক।

যথন প্লীহার দিকে কাম্ডায় বা খোঁচা দেওয়ার ন্যায় যাতনা বোধ হয় ও সেই যাতনা কিঞ্চিৎ অঙ্গু চালনা করিলে বৃদ্ধি হয় কিয়া পঞ্জরের নীচে, বাম পাখে, নিয়ত ক্ষিয়া ধরিয়া খাকে, এবং অজীর্ণতা ও কোষ্ঠ বন্ধতা থাকে তাহা হইলে।

खेषध—द्वारशानिशा शृंद्धांक मटं तन्न कवित्वक।

,পথ্যব্যবস্থা ।

জ্বরের প্রবলতাকালে যবের কৃথি বা জিরের কৃথি মাত্র দেওয়া কর্ত্তব্য পরেতে ক্রমশঃ জ্বরের লাঘ্ব হইলে, অন্ন, কাঁচা মুগ বা মস্থরের দাইল, ডুমুর, মান্, বার্ত্বাকু বা পটোলের সামান্যমত প্রস্তুত করা তরকারি মাত্র পথা করিবেক। ভ্রুত্ত দ্রবাদি অর্থাৎ মুড়ি প্রভৃতি এবং ঘৃত বা তৈলের দ্বারা ভর্ত্তিত দ্রবাদি, দিখি, দ্বন্ধ, ঘৃত, প্রভৃতি এককালীন বর্জ্তন করিবেক। গরম মসলা পেঁয়াজ, আদা, হিঙ্কা, লঙ্কামরিচ ইত্যাদিও কোন মতে ব্যবহার করিবেক না, রোগীর প্রত্যহ প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে অলপ পরিমাণে পদ চালনাদি দ্বারা শ্রম করা উচিত কিন্তু তাহা কোন মতে স্মতিরিক্ত না হয়।

প্রাচীন প্লীহা রদ্ধি রোগ।

এই রোগ প্রাচীন হ**ইলে,** ক্যান্কেরিয়া, বা সল্কর্, প্রত্যহ প্রাতঃকালে দ্বিগুণ মাত্রা পরিমাণে সেবন করিবেক।

আরও এই রোগের প্রাচীনাবস্থায়, লাইকোপোডিয়ম্, কার্বো বেজিটেবিলিস, প্রাটিনা, পূর্বোজকপে ব্যবহৃত হইয়া থাকে।

অঙ্গীর্ণ রোগ।

লক্ষণ—আহারে মনিচ্ছা, পেটে ভার বোধ, আহার করিলে যাতনা রুদ্ধি, বমন বা বমনেচ্ছা, তিব্রু, অমু, বা কটু, জলরৎ পদার্থ গলায় উঠা, জিহ্বা আরুব্রুবর্গ ও মধ্যস্থলে পশমের ন্যায় পদার্থ দ্বারা আচ্ছাদিত, কখন কোঠ বন্ধ এবং কখন অতিসার হয় ও কোঠ বন্ধ কালীন, শুদ্ধ কঠিন মল নিঃস্ত্ত হয়, নাড়ী তীব্র'গতি বিশিষ্টা, প্রস্রাব কটু এবং শুদ্ধ কাশী ইত্যাদি। নিদান—অধিক পরিমাণে বা পুনঃ পুনঃ ঔষধ দ্বারা বিরেচন অর্থাৎ জোলাপ লওয়া, আহারের সময় অভিক্রম করা, অতি উষ্ণ বা শীতল দ্রব্য, কঠিন, তরল, ছুম্পাচ্য, অতি স্নেহ্যুক্ত অমুদ্রব্য, আহার বা পান করা।

চিকিৎসা।

যদি এই রোগের সহিত জ্বর এবং পিপাসা, পেট ভার, বমনেচ্ছা, পিশু বা শ্লেমা বমন এবং পাকস্থলী টানিয়া ধরার ন্যায় বোধ হয় তাহা হইলে।

ঔষধ---একোনাইট্ আরক পূর্ণ মাত্র। তিন ঘন্টা অন্তর।

ষদ্যপি জিহ্বা শুভ্ৰ শ্লেয়া দারা আচ্ছাদিত থাকে, কুধা বোধ থাকেনা, কটু লালাবং পিত বা শ্লেয়া বা চর্বিত দ্রব্য বমন হয়, ও পাকস্থলিতে কাম্ডান বোধ হয়, তবে।

ঔষধ –এন্টিমোনিয়ম ক্রুডম্ আরক পূর্বাবং।

ষদ্যপি রোগী ক্রমশং ছুর্বল হইতে থাকে এবং পাণ্ডুবর্ণ হয়, আহারে অনিচ্ছা এবং পিত বা ভুক্ত দ্রব্য বমন করে, উদর চাপিলে যাতনা রুদ্ধি হয় তাহা হইলে।

ঔষধ--- আর্নে নিকম্ পূর্ণমাত্রা পূর্ম্বরৎ অধবা একোনাইটের সহিও উপর্যুপরিভাবে।

যদ্যপি এই রোগে, মন্তিক্ষসম্বনীয় রোগের সহিত জ্ঞান। শূন্যতা অথবা প্রকাপ, থাকে তাহা হইলে।

উষধ—বেলাডোনা আরক তিন ঘন্টা অন্তর পূর্ণমাত্রা স্বতন্ত্র বা একোনাইটের সহিত্ উপর্যাপরিভাবে দিবেক। মুখ শুষ্ক, পিপাসা, জিহ্বা কটা বা শ্বেত বর্ণ, অমুে ইচ্ছা, আহারে অত্যন্ত ইচ্ছা বা অনিচ্ছা, ভুক্ত দ্বেয় ও পানীর বমন, পকাশয়ে যাতনা বোধ থাকে তবে।

ঔষধ—ব্রায়োনিয়া, আরক তিন বা চারি ঘণ্টা অন্তর পূর্ণাত্রা পরিমাণে দিবেক।

যদ্যপি যক্তের দক্ষিণ পাশ্বে এমত বেদনা থাকে যে রোগা তৎপাশ্বে শয়ন করিতে পারে না, গলাতে এবং মুখে তিক্ত বা অমু আস্বাদন বোধ হয়, পুনঃ পুনঃ উল্পার, পিন্ত বমন, চক্ষুঃ ও চর্ম কামলা রোগ গ্রন্থের ন্যায় দেখা যায়, এবং পাকস্থলিতে অত্যন্ত যাতনা থাকে তাহা হইলে।

় ঔষধ—মর্কিউরিয়স্-সোলিউবিলিস্, গুঁড়া একগ্রেন্ করিয়া চারি ঘন্টা অন্তর।

্ যদি পাকস্থলী দপ্দপ্করে, মুখে তিব্জ বা অমু রস্বোধ হয়, নিয়ত পিপাসা, কপালে, বিশেষতঃ ক্রর উপর মাথা ধরা বোধ হয়, আর ও উত্তাপ বিশিষ্ট শরীরে যদি শীতল জল পান জন্য এই রোগ উপস্থিত হইয়া থাকে তাহা হইলে।

উষধ—নক্ল-বমিকা, আরক (পূর্ণমাত্রা) তিন, চারি ঘন্টা অন্তর দিবেক।

যখন অপরিপকৃ ভুক্তদ্রব্য, বা পি**ন্ত, বমন আ**রম্ভ হয় এবং মুখ বি**স্থাত্ বোধ** হয়, তৎকা**লে**।

अवध-इिलकाकूशाना, भूर्ववर।

হস্ত পদাদির অগ্রভাগ শীতল, শক্তি হীনতা, পাণ্ডুবর্ণ মুখ, শীতল পানীয় দ্রব্যে অত্যন্ত ইচ্ছা, পিপাসা, বমনেছা, উদ্গার, এবং সমুদ্য শরীরে শীত বোধ হয়, কম্প হইয়া পরেতে মুর্ছা। হয় তৎপক্ষে।

ঔষধ—বেরাটুম , পূর্ণমাত্রা ছই ভিন ঘন্টা অন্তর।
(১৫)

অজীর্ণ রোগের নৈদানিক চিকিৎসা।

যদাপি স্থভাদি ভোজন জনা হইয়া থাকে .. পলেটলা, সল্কর্।
মাংসাদি ভক্ষণ জনা হইলে ... আসে নিক্ম্, কার্বো বেজিটোরিলিস্
মৎসা ভক্ষণ দারা হইলে ... কার্বো-বেজিটোরিলিস্
ব্রাণ্ডী প্রভৃতি মদা সেবন দারা হইলে .. বিশ্বন কার্বা-বেজিটোরিলিস্।
পোট আদি স্থরা পান জনা .. আসে নিক্ম্, কক্ষি, নক্স-বমিকা।
যদি হুগ্ধ পান জনা হয় .. ব্রায়োনিয়া, আসে নিক্ম্, কানেকেরিয়া,
থদি প্রেয়াল ভক্ষণ জনা হয় .. থুজা।
আলু ভক্ষণ জনা হইলে ... এলমিনা।
বিশেষ্ট স্থভাব জনা হইলে ... ব্রায়োনিয়া, কালেক্রিয়া,
পলেস্টিলা ও নক্স-বমিকা।
শোক বা দুখঃ হইতে হইলে ... ব্রায়োনিয়া, কাদোমিলা, নক্স-বমিকা
রাত্রি জাগরণ জনা হইলে বা অতিরিক্ত ব্রাকো বা সক্ষর্।
(পুস্তকাদি) পাঠ জনা হইলে ... বিম্কা বা সক্ষর্।

অমুপিত্ত রোগ।

নাভিস্থলের মধ্যে কবিয়া ধরার ন্যায় বাতনা বোধ হইয়া পশ্চান্তাগ পর্যান্ত ব্যাপ্ত হয়, শরীরকৈ সমুখ দিকে নত করায়, উদ্গার উঠে, ব্মনেচ্ছা, বা জ্বলবং পাতলা অধিক পরিমাণে,বমন হয়, এবং তদ্ধারা উপশম বোধ হয়। এই রোগ স্ত্রী পুরুষ উভয় জাতির যৌবনাবস্থায় ঘটিয়া থাকে। লকণ—নাভিন্থলে এ প্রকার টানিয়া ধরা যাতনা হয় যে পাকস্থলী পশ্চাদিকে টানি লইতেছে বোধ হয়, দণ্ডায়মান্ হইলে যাতনা বৃদ্ধি এবং শরীর সন্মুখদিকে নোয়াইলে কিঞ্চিৎ উপশ্ম বোধ হয়।

চিকিৎসা।

ষদ্যপি উপিত জল ক্ষারবং হয় এবং পাকস্থলিতে এ প্রকার যাতনা হয় যে তাহার কোন কার্য্যই করিতেছে না বোধ হয় তাহা হইলে।

ঔষধ--এলমিনা, পূর্ণ মাত্র। দিবসে ভিন বার কয়িয়া দিবেক।

ষদ্যপি উপিত জল কিঞ্চিৎ মিষ্ট স্বাছ যুক্ত হয়, পুনঃ পুনঃ বমনেচ্ছা থাকে কিন্তু ক্ষ্ধার কোন পরিবর্ত্তন না হয় তাহা হইলে।

खेष४ — मर्कि छेत्रियम् - त्मानि छेविनिम् , भूर्यवरः।

প্রকারান্তর অর্থাৎ শূল ব্যাধি।

অতি অপপ পরিমাণে কটু জল গলায় উঠে এবং ভাছাতে অপরিপক্-ভুজ-দ্রব্য মিশ্রিত থাকে, এবং ক্ষার-স্বাচূ যুক্ত হয়, আর যথন ক্রমশঃ পাকস্থলিতে মোড়া দিয়া উদরস্থ দ্রব্য উঠ।ইবার চেটা করে তথন ঐ জল অমু হয়। এই রোগ প্রায় আহারের তিন চারি ঘন্টা পরে উপস্থিত হয়।

নিদান—এই রোগ ভুক্ত-দ্রব্য-প্রবাহ-প্রণালীর কোন প্রকার পীড়া জন্য উপস্থিত হয় না, কেবল সামান্য কৃষ্ণ, শ্লেয়াবমন, পাকস্থলী অস্পাটানা, এই কএক প্রকার পীড়া অধিককাল থাকিলে ইহা উৎপন্ন করায়।

চিকিৎসা।

া যখন পাকস্থলিতে পাথর থাকার ন্যায় চাপিয়া ধরা যাতনা, অত্যস্ত কঠিন বেদনা বোধ হয়, উদ্যার উঠে, এবং মুখ দিয়া গলার ভিতর স্থালার সহিত ঈষৎ-মিষ্ট জল উঠে, বমনেচ্ছা থাকে তৎকালে।

अवध--- একোন। ইট্, পূর্ণমাত্রা চারি ঘণ্টা অ্স্তর দিবেক।

যদ্যপি এই রোগ বহু দিন স্থায়ী হয় এবং পাকস্থলী হইতে গলা পর্যান্ত জ্বলিয়া উঠে, পুনঃ পুনঃ বমন করিতে ইচ্ছা হয়, মুখ দিয়া জল উঠে, আরও বিশেষতঃ যদি রাত্রি জাগরণ জন্য কোমলস্বভাবা স্ত্রীলোকের এই পীড়া হয় তবে।

ঔষধ—किकिंग, পূর্বাবৎ।

যদি বক্ষঃস্থলের নীচে খুঁড়িয়া কেলা এবং স্থত দারা জড়ানের ন্যায় যাতনা বোধ হয়, মুখ বিস্বাদ, তিক্ত হইয়া ঐকপ জল উঠে, ক্ষ্ধা হীনতা হয়, এবং আহার করিলেই বমনেচ্ছা হয়, বিশেষতঃ এই রোগ বলবতী স্ত্রীলোকের হইলে।

ঔষধ—আর্ণিকা, পূর্ণমাত্রা প্রত্যহ তিন বার করিয়া দিবেক।

যধন এই রোগে উদরে অত্যন্ত ছালা, চাপিলে অতিশয় বেদনা বোধ, মোড়া দেওয়া, টানিয়া ধরা, অত্যন্ত অস্থিরতা, হস্ত পদাদির অগ্রভাগ শীতল বোধ হয়, নাড়ী কুদ্রা, বেগবতী এবং অসমান গতিবিশিফা হয় তৎকালে।

ঔষধ—আদেনিকৃষ পূর্ণমাত্রা চারি ঘণ্টা অস্তর।

পেট ক্ষিয়া ধরা, পাকস্থলিতে স্থালা বোধ, ভুক্তদ্রব্য বমন লক্ষিত হইলে।

थेयथ ,--कार्याल्क्तिया भूर्सवद।

ষদ্যপি ষৎকিঞ্চিৎ আহার করিলেই পাকস্থলীর মধ্যে ক্ষত থাকার ন্যায় ত্বালা বোধ হয় তাহা হইলে।

खेष४-- मक्डितियम् - त्मानिडिविनिम् भूर्त्तव ।

গলার নীচে, বক্ষংস্থলের মধ্যে, খুঁড়িয়া ফেলার ন্যায় যাতনা বোধ হয়, মুথ দিয়া লাল উঠে, তাহার সহিত অমুও তিক্ত দ্রব্য মিশ্রিত থাকে, এবং পাকস্থলিতে পার্থর দিয়া চাপার ন্যায় যাতনা বোধ হয়।

उँवध--- नक्क-विमका, शूर्ववर । *

যথন বাম পাশ্বের পশ্চাদ্দিকে চাপিয়া ধরার ন্যায় যাতনা বোধ হয়, এবং পাকস্থলিতে জ্বালা বোধ হইয়া মুথ দিয়া জল উঠে তৎকালে।

छेषध-मनकत् भूर्वादः।

পথ্যব্যবস্থা। 🦎

প্রথমতঃ গরম ছুমে থৈ দিয়া মিস্রির সহিত আহার করিবে আহারের অন্থান এক ঘণ্টা পরে জল পান করিবেক। পানের পক্ষে হিম জলের পরিবর্ত্তে ডাবের জল অধিক উপ-কারক। এবং এই ব্যবস্থামত তিন চারি দিবস চলিলে পরেতে ছুম্বের সহিত সাগুদানা প্রভূতি লঘু দ্বব্য মিস্রি মিশ্রিত করিয়া, আহার করিলে, যদি সহ্য হয়, ক্রমশঃ ঐ রূপে অন্ন পথ্য দিয়া পরেতে, স্বাভাবিক মতে লঘু আহার দিবেক। দাইল মাত্রেই এ রোগের পক্ষে প্রায় অপকারী, অতএব তাহা বর্জ্জন করিবেক।

आमि वहे छेवध बाता अत्मदकत वह कित्मत भून बाधि अदतात्रौ कतिয়ाहि ।

কোঠ বদ্ধ।

ভুক্ত-দ্রব্য-প্রবাহক-প্রণালীর কোন স্থানে মল বন্ধ হইলে তাহাকে কোন্ঠ বন্ধ কহে।

নিদান—প্রথমতঃ কুদ্র-অন্তের শক্তিহীনতা জন্য মল, বৃহদক্তে নীত হয় না। দ্বিতীয়তঃ কুদ্র-অন্ত হইতে বৃহদক্তেনীত হইয়া তাহার দৌর্বল্য জন্য নির্গত হইতে না পারায় কোষ্ঠ বন্ধ রোগ উৎপন্ন করায়।

চিকিৎসা।

পুনঃ পুনঃ জোলাপ দারা বিরেচন করান নিতান্ত অবিধেয় কারণ কোন এক প্রকার ব্যবস্থায় বহু দিন পর্য্যন্ত এক মতে থাকিলে তাহা এক প্রকার স্বভাবসিদ্ধ হইয়া যায়।

যদ্যপি দক্ষিণ পাশ্বের কুঁচকিতে ভার বোধ হয়, পা কোলে, পেটে বেদনা বোধ হয়, এবং পেট কাঁপা থাকে ভাহাহইলে।

ঔষধ—নক্স-বমিকা, পূর্ণমাত্রা প্রত্যহ তিন বার করিয়া সেবন করিবেক !

যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধে আংশিক উপশম বোধ হয়, এবং এমত ভয়ানক লক্ষণ উপস্থিত হয় যে, পুনঃ পুনঃ কোষ্ঠে বেগ হইয়া মল এককালীন নিঃসরণ না হইয়া কুঁচ কিতে বেদনা বোধ হয় ও শীতল স্পর্শ হয়, তাহা হইলে।

अवध-(वत्राष्ट्रम् भूर्स्तवर ।

ষদ্যপি কোষ্ঠ বন্ধ স্থাভাবিক না হয়, কিয়া অলস স্থভাব জন্য উৎপন্ন হইয়া থাকে, বিশেষতঃ বৃদ্ধ লোকের অভিসারের সহিত যদি এই রোগ উপর্যুপরি থাকে তাহা হইলে।

ঔষধ- ওপিয়ম্, পূর্ণ মাতা ছয় ঘন্টা অন্তর দিবেক।

ষদি এই রোগ বছকাল স্থায়ী হয়, এবং পুনঃ পুনঃ র্থা কোষ্ঠের উপরোধ হয় কিয়া অতি কফে মল নিঃসরণ হয় এবং পেট কাম্ডায় তাহা হইলে।

ঔষধ—লাইকোপোডিয়ন্, পূর্ণ মাতা বার ঘন্টা অন্তর দিবেক।

যথন অত্যন্ত কোঠের বেগ হয় এবং অপপ পরিমাণে মল নিঃসরণ হয়, গুহা দার চুল্কায় উদ্গার উঠাইবার জন্য হুথা চেন্টা, এবং পাকস্থলিতে কন্ট বোধ হইয়া তলপেটে চুর্বলতা বোধ হয় তৎকালে।

लेयथ-अगिष्मा, भूर्यवर।

যদ্যপি অতি কম্টে কঠিন শুষ্ক ভগ্ন মল, নিৰ্গত হয়, এবং কথন কথন তাহাতে রক্ত মিশ্রিত থাকে তাহা হইলে।

ঔষধ —এলমিনা, পূর্ণ মাত্রা প্রভাহ সন্ধ্যা বা শয়ন কালে এক এক বার দিবেক।

যদ্যপি কোষ্টে রুখা বেগ হয় এবং অতি কন্টে কঠিন গুলির আকার মল নিঃসারিত হয়, এবং পেট কবিয়া ধরিয়া থাকে, তাহা হইলে।

উষধ-প্রমৃত্র পূর্ণ মাতা বার ঘণ্টা অন্তর এক এক বার দিবেক।

ষাহার স্বাভাবিক কোষ্ঠবন্ধ হয় বা অর্শংরোগ থাকে এবং কঠিন গুলির ন্যায় মলু নিঃসারিত হয় এবং পুনঃ পুনঃ কোষ্ঠের রুথা বেগ হয় তৎপক্ষে।

ঔষধ—সন্কর্, দ্বিগুণমাত্রা প্রত্যহ প্রাতঃকালে।*

^{*} আমি এই ঔষধ দার। এমত এক ব্যক্তিকে আরোগ্য করিয়াছি যে ভাছার প্রভ্যন্থ রাজ্রি শেষে পেট ফাঁপিত, প্রাভঃকাজে মলভ্যাগ জন্য চেক্টিভ হইয়। কোন মতেই মল হইজ না, কিন্তু উঠিয়া আসিয়া বসিলে ছুই ভিন বার বাতকর্ম হইয়া আপনিই বন্ধ মধ্যে মল নিঃস্থভ হইভ কিন্তু বাতকর্মের উপক্রম হইলে,.
বদ্যপি বহির্দেশে বাইত ভাছা হইলেও বন্ধ চেপ্তায় কিছুই হইভ না ই

ষদ্যপি কখন কোফ বন্ধ এবং কখন অতিসার হয় তাং। হইলে।

ঔষধ-এন্টিমোনিয়ম্-ক্রুডম্ এবং কস্করস্ পূর্ণ মাজা বার ঘন্টা অন্তর্দিবেক।

এই রোগ ষদ্যপি রুদ্ধের হয় এবং পূর্ববেৎ লক্ষণ সমুদর বিদ্যমান্ থাকে তাহা হইলে।

ঔষধ—বাবায়্টা, দ্বিগুণ-মাত্রা প্রত্যন্ত প্রাতঃকালে এক এক বার করিয়া দিবেক।

পথ্য ব্যবস্থা।

যে সকল দ্রব্য অনায়াসে পরিপাক করা যায় এবং বলকারক হয়, এমত দ্রব্য, সম্ভবমত পরিমাণে প্রত্যহ ঠিক এক সময়ে আহার করিবেক। আহার্য্য দ্রব্য স্থাদর ৰূপ চর্ব্বিত না করিয়া গিলিবেক না, সন্ধ্যা এবং প্রাতঃকালে পরিপূর্ণ এক প্লাস করিয়া শীতল জল পান করিবেক। রাত্রি জাগরণ করিবেক না, এবং প্রত্যুবে গাত্রোপান করিবেক।

यर्भः।

অর্শ: ছুই প্রকার, অন্তর এবং বাহ্য। মল নি:সরণের প্রণালির অভ্যন্তরের যে বলি হয় তাহা, এবং বহির্ভাগে যাহা হয়, সেই বলি হইতে রক্ত আব হয়, কখন কখন আমও নি:সা-রিত হয়, অন্তর্বলি হইতে প্রায় রক্ত আব এবং বহিবলি হইতেও রক্ত আব হয়। সেই আব অস্প কয়েক ফোটা হইতে অর্ধ্ব সের পর্যান্ত ও হইয়া থাকে। নিদান—এই রোগ পিন্তাধিকা ধাতুতে প্রায় হইয়া থাকে এবং যাহারা, উত্তম ৰূপে আহার ব্যবহার করে, ও অলুস্ (অর্থাৎ) কোন কর্মাই করে না তাহাদের হয়, আর পৈতৃক দোষ ইহার একটা প্রধান কারণ, যদি মনে চিন্তা থাকে তাহাতে এবং পুন: পুন: ঔষধ দারা বিরেচন ক্রানতে, গুহাদারে ক্রমি থাকাতে, অথবা কোষ্ঠ বন্ধ জন্য ও হইয়া থাকে। এই রোগ প্রায় মধ্যমাবস্থায় বা রুদ্ধাবস্থায় হইয়া থাকে।

চিকিৎসা।

এই রোগে অস্ত্র দ্বারা বলিচ্ছেদন করা, (নাইট্রিক্ এসিডের দ্বারা) দগ্ধ করা অত্যন্ত বিপদজনক, কারণ উক্ত প্রকারে বলি নফ করিলে যতবার নফ হইবেক ততবার তাহা হইতে অধিক যাতনার সহিত উপস্থিত হইবেক।

যদ্যপি বলি ফুলিয়া থাকে ও তাহাতে উত্তাপ ও জালা বোধ হয় এবং রক্ত অথবা আম নির্গত হয়, আর গুহ্য দ্বার দিয়া উষ্ণ জল নি:স্ত হওয়ার ন্যায় বোধ হয় তাহা হইলে।

ঔষধ -একোনাইট্ পূর্ণ মাত্রা তিন ঘণ্টা অন্তর দিবেক।

বলি ফুলিয়া যদি তাহাতে জ্বালা হয়, এবং দক্ষ শুচীর দ্বারা বিদ্ধ হওয়ার ন্যায় যাতনা বোধ হয় তাহা হইলে।

उषधं चार्मिकम्, (अक्रिश) शूर्वद६।

যদ্যপি এ ৰূপ হইয়া পেট ক্ষিয়া ধরে, গুহা দারের উপরে ভার বোধ হয়, মাথা ধরা থাকে, ও গুহাদারে জালা থাকে তাহা হইলে।

उष्ठथं - नक्क-विका, शूर्ववदः।

যদ্যপি রোগী সবল হয়, গুহাদ্বার হইতে বিনা বেগে থানা থানা রক্ত আব হয় এবং বলি থাকে, ও পশ্চাদ্তাগে ছেঁচিয়া যাওয়ার ন্যায় বোধ হয় তাহা হইলে।

अधय - मन्कत्, भूर्वा ४९।

ষদ্যপি প্রত্যেক বার মল নি:সরণের পর সামান্যত: কম্প বোধ হয়, অতি কটে, অত্যম্প পরিমাণে মল নি:সারিত হয়, এবং তৎকালে রক্ত ও আব হয় তাহা হইলে।

ঔষধ—প্লাটিলা, পূর্ণ মাত্রা চারি ঘন্টা অন্তর এক এক বার করিয়া।
দিবেক।

ষদ্যপি বলি দিয়া প্রত্যেক বার রক্ত এবং আম নি:সারিত হয়, এবং তাহার পর অত্যন্ত কাম্ডানি, বলিতে যাতনা, বলি দপ্দপ্করে, চুল্কায়, এবং জ্বালা করে, নাসিকা দিয়া রক্ত আব হয়, পশ্চাদ্তাগে কুঁচ্কিতে এবং হস্ত পদাদিতে, বাতের ন্যায় যাতনা বোধহয়, তাহা হইলে।

ঔষধ-এনিটমে।নিয়ম্ -ক্তম্, পূর্বাবৎ।

পূর্ব্বোক্ত ঔষধ দ্বারা, রক্ত বন্ধ হইলে, বলি নাশ করি-বার নিমিত্ত।

उर्ध-करात्मामिला, * शृद्धांक श्रकादा।

পথ্য ব্যবস্থা।

এই রোগের চিকিৎসা কালীন কোন প্রকার মাদক দ্রব্য, বা গরম মসলাদি ছারা প্রস্তুত বা অত্যন্ত ঘৃতাদি সিক্ত দ্রব্য

[•] এই ঔষধ পিঠু দোষ জন্য জনের বিশেষ উপকারক। এই ঔষধের সহিত সল্ফর, উপর্যুপ্তি রূপে বিশেষ উপকারক, আমি সম্প্রতি ইহা ছার। ছুই ব্যক্তিকে সর্বতোভাবে জারোগ্য করিয়াছি।

এক কালীন বর্জ্জিত করিবেক। নিশ্চিম্ক হইয়া বসিয়া থাকা অথবা অত্যন্ত কোমল আসন ব্যবস্থার করাতে রোগের রুদ্ধি হয়, অতএব তাহা কর্ত্তব্য নহে।

হারীষ।

মল-দারের ভিতরের স্থাম-চর্মা কোষ্ঠের বেগের সময়-নির্মত হয়, এবং তাহা রুদ্ধাঙ্গুঠে তৈল দিয়া তদ্ধারা অন্তর্ম্থ করিতে হয় তাহাকে হারীষ কহে।

চিকিৎসা।

যদ্যপি এই রোগ কোমল স্বভাবান্বিত ব্যক্তির হয় এবং তাহার সহিত কোষ্ঠবদ্ধতা থাকে তাহা হইলে।

ঔষধ—ইপ্লেশিয়া, পূর্ণমাত্রা বার ঘন্টা অন্তর।

যদ্যপি এই রোগ উগ্র স্বভান্থিতব্যক্তি যিনি সর্বাদা উত্তম, আহারাদি করেন তাহার হয়, এবং কোষ্ঠের বন্ধতা থাকে তাহা হইলে।

ঔयथ—गक्क-विश्वरः, পূर्स्तवरः।

যদি এই রোগ শিশুর হয়, এবং পেট ফুলা, ও কোষ্ঠের অত্যন্ত বেগ থাকে, তাহা হইলে।

ঔষধ—মার্কিউরিয়স, অর্দ্ধমাত্র। প্রত্যহ এক এক বার করিয়া দিবেক।

এই রোগ সর্বতোভাবে আরোগ্য করিতে অসাধারণ,

ঔষধ—দূলফর্, দ্বিগুণমাত্র। প্রতাহ প্রাতঃকালে এক এক বার করিয়া।

আরও ক্যান্কেরিয়া, লাইকোপোডিয়ন্, সিপিয়া, প্লম্বন্, আর্কেনিকন্, সল্করের পর ঐ ৰূপে দিলে উপকার ইয়।

यक्र ।

যকৃতের ঞ্জ্তা।

লক্ষণ—কোষ্ঠবদ্ধতা, মলের সহিত অত্যপ্প মাত্র পিস্ত মিশ্রিত থাকে, উদরক্ষীততা প্রভৃতি অজীর্ণের লক্ষণ প্রকাশিত হয়, শরীরের উপর মাটিয়া বর্ণ দেখা যায়, প্রস্তাব ঘোলা এবং পরেতে জমিয়া যায়, প্রাতঃকালে মুখ তিক্ত হয়, পিপাসা থাকে কখন উক্তাপ ও কখন শীত বোধ হয়, নাড়ী কঠিনা, এবং যক্ততের দিকে পূর্ণতা বোধ হয়।

চিকিৎসা ৷

যখন যক্তের উপর স্পর্শ করিলে যাতনা বোধ হয় রোগীর জিহ্বার উপর আচ্ছাদিত এবং মলিন দেখা যায়, উদ্গার উঠে, উদর ক্ষীত হয়, পাণ্ডুবর্ণ বা কর্দ্দমের ন্যায় মল নির্গত হয় তৎকালে।

ঔষধ —মর্কিউরিয়স ্- সোলিউবিলিস্, পূর্ণমাত্রা প্রত্যহ তিন বার করিয়া।

অজীর্ণতা, উদারাধান, কোষ্ঠবদ্ধ, বমনেছ। এবং বনি হয়, কিয়া দক্ষিণ পাখে টানিয়া ধর। ইত্যাদি লক্ষণ থাকে তাহ। হইলে।

ঔষধ—ট্যারেক্রেকম্, পূর্ণমাত্র। দিবদে তিন, চারি, বার করিয়া। এই রোগের পরমোপকারক।

ঔষধ-পডোকাইলম্ অমিশ্র আরক, পূর্ববং।

এই রোগে আক্রান্ত হইলে রোগী প্রত্যহ অশারোহণে বা পদ ব্রজে বা নৌকা যানে ভ্রমণ ও শারীরিক পরিশ্রম করিবেক।

उरून यक्श इकि।

লক্ষণ—দক্ষিণ দিকের পঞ্জারের নীচে কষিয়া ধরে, বা ছালার ন্যায় যাতনা বোধ হয়, এবং সেই য়াতনা বক্ষঃস্থলের অস্থি, দক্ষিণ দিকের ঘাড়ের পাস্থে, এবং দক্ষিণ চরণ পর্যান্ত ও ব্যাপ্ত হয়, দক্ষিণ দিকের হস্তের জড়তা বোধ হয়, এবং সেই যাতনা নিঃশ্বাস প্রশ্বাসের সহিত রুদ্ধি হয় ও গুক্ষ-কাশী এবং জ্বর বিদ্যমান থাকে, কোষ্ঠ বন্ধা, এবং মলের অস্বাভাবিক বর্ণ হয়, এইৰূপ হইলে রোগী কেবল বাম পাশ্বে ভিন্ন শয়ন করিতে পারে না। যদ্যপি যক্কতের অভ্যন্তর দিকে কোলে, তাহা হইলে অনেক যাতনার অপপতা হয়, এবং কেবল ক্ষিয়া ধরা বোধ হয়, চক্ষুঃ হরিদ্রা বর্ণ হয়, এবং ক্থন কখন সম্পূর্ণ কামলা উপস্থিত হয়, প্রস্রাব রক্তবর্ণ হয়, মল ক্রিন অথবা শুভ্র বা কটা বর্ণ হয়, মুখে তিক্ত রস বোধ হয়।

চিকিৎসা।

যথন এই রোগে অত্যন্ত ত্বর প্রবল থাকে এবং যক্তের দিকে অসম্থ যাতনা বোধ হয়, রোগীকে অন্থির করে তৎকালে।

ঔষ্ধ-একোনাইট্, অর্জনাত্রা ছই বা তিন ঘণ্টা অন্তর এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি অভিশয় পিপাসা থাকে রাত্রিতে অনিদ্রা এবং অস্থিরতা হয়, তাহা হইলে।

खेषध— दिना एका। अर्क्तमाळा भूर्का दा

যদাপি উক্ত ঔষধের দারা উপুশম বোধ না হয়, তাহা হইলে তাহার ছয় ঘন্টার পর ঔষধ, মর্কিউরিয়স, এবং যদ্যপি যক্তৎ ফুলিয়া তাহাতে অত্যন্ত যাতনা বোধ হয়, ও জুর লক্ষণ থাকে চর্ম পীতবর্ণ হয়, তাহা হইলে এই ঔষধ ল্যাকিসিস্ নামক ঔষধের সহিত উপর্য্যপরি ৰূপে পূর্ব্বোক্ত মতে দিবে।

যদাপি যক্তের সামান্য প্রদাহ মাত্র উপস্থিত হয়, পাক-স্থলী টানিয়া ধরে, পঞ্চরের নিমে রজ্জু দারা ক্ষিয়া ধরার ন্যায় বোধ হয়, চর্মা পীতবর্ণ, মুখে তিক্ত স্থাদ্থাকে, বিশেষতঃ যদি উক্ত লক্ষণ সকল, রাগ দ্বোদি জন্য হঠাৎ উপস্থিত হইয়া থাকে তাহা হইলে।

উষধ —কামোমিলা, পূর্ণমাতা ছয় ঘণ্টা অন্তর এক এক বারদিবেক।

যদাপি যক্কতের দিকে বিদ্ধ হওয়ার ন্যায় যাতনা বোধ হয় এবং দপ্ দপ্ করে, নিঃশ্বাস প্রশ্বাদের অপ্পতা এবং কোষ্ঠ বন্ধ থাকে ও যক্কং রৃদ্ধি ও কঠিন হয়, এবং রোগী যদি পিন্তা-ধিক্য ধাতু বিশিষ্ট হয়, তাহা হইলে।

ঔষধ—নক্ল-বমিকা, পূর্ণমাত্র। তিন ঘণ্টা অন্তর এক এক বার কর্মিয়া দিবেক।

পূর্ব্বোক্ত ঔষধের দ্বারা কিঞ্চিৎ উপশম হইয়া, যদি কিছু অবশিষ্ট থাকে তাহা হইলে সর্বতোভাবে আরোগ্য করিবার নিমিত্ত।

ঔষধ—সল্ফর্, পূর্নাতা বার ঘন্ট। অন্তর এক এক বার। এই রূপে চায় না দিলেও যথেষ্ট উপকার বোধ হয়।

যকুতের স্ফে†টক।্

যদ্যপি যক্তে ক্ষেটিক হইয়া পাকে, এবং পুঁজ হয় ভাহা হইলে।

ঔষধ—সাইলিশিয়া, অথবা সন্ফর্, পূর্ণমাত্রা তিন, বা চারি ঘন্টা অন্তর দিবেক। এবং যদ্যপি পাকিয়া উদরের ভিতরে পাকস্থলীর দিকে, মুথ হইবার উপক্রম হয়, তাহা হইলে, কোন বিজ্ঞ অস্ত্র চিকিৎসাবিৎ ডাক্তারের দ্বারা কাটাইবে।

প্রাচীন যকুৎ রোগ।।

লক্ষণ—এই রোগ প্রাচীন হইলে, পূর্বের্ব তি তরুণাবস্থায় যে সকল লক্ষণ থাকে সেই সমস্ত লক্ষণ কিঞ্চিৎ সামাভাবে বিদ্যমান্ থাকে, বিশেষতঃ শীর্ণতা, এবং বল ক্ষয় হয়, ও কাশী হইয়া শ্লেষা উঠে, এবং কখন কখন যক্তং নিয়ত বা সময়ে সময়ে বৃদ্ধি হয়, প্রস্রাব রক্তবর্ণ, চর্মা, এবং চক্ষুং কিঞ্চিৎ হরিদ্রাক্ত, এবং জ্ব বোধ থাকে, নাড়ী দ্রুতও অসমান গতি বিশিষ্টা হয়,

এই রোগে নক্স-বমিকা, ব্রায়োনিয়া, আর্সেনিকম্, সল্কর সিপিয়া, এবং বিশেষতঃ ক্যাল্কেরিয়া, ইহার অন্যতর একটী ঔষধ পূর্ণমাত্রায় প্রত্যহ প্রাতঃ এবং সন্ধ্যাকালে, এক সপ্তাহ পর্যান্ত সেবন করিবে। কিছু উপশম বোধ হইলে, শেষ মাত্রার চারি দিবস পরে, পুনর্বার ঐ রূপে আরম্ভ করিবেক।

পথ্য ব্যবস্থা-প্রাচীন জ্বরের ন্যায়।

কামলা রোগ।

এই রোগেতে চর্মাদি হরিদ্রা বা ঈষৎ পীতবর্ণ হইয়া থাকে, প্রথমতঃ চক্ষুতে দেখা যায়, এবং পরেতে সমুদয় শরীরে ব্যাপ্ত হয়, কঠিন এবং ঈষৎ শ্বেতবর্ণ মল নিঃসারিত হয়, প্রস্রাব সারক্তবর্ণ হয়, অজীর্ণ এবং কখন কখন যক্কতের দিকে বেদনা বোধ হয়, এই রোগ অত্যন্ত প্রবল হইলে ঘর্মাদিও হরিদ্রাবর্ণ হয়।

নিদান—ইহার প্রধান কারণ যক্তের পীড়া, অপাচ্য নিষবৎ দ্ব্য ব্যবহার, কক লাগা, অত্যন্ত মানসিক পরিশ্রম, বলবান বিরেচক ঔষধ সেবন, অথবা কোষ্ঠাবরোধ বলা ঘাইতে পারে, আরও বছ দিন পর্যান্ত নিশ্চেফ হইয়া থাকা মদ্যাদি পানে আশক্তি এবং পুনঃ পুনঃ ভেদক ঔষধ ব্যবহার করা ও ইহার প্রধান কারণ।

চিকিৎসা।

এই রোগের চিকিৎসাতে যদ্যপি রোগী পূর্বের অধিক পারা ব্যবহার না করিয়া থাকে, তাহা হইলে বিশেষ উপকারক,

ঔষধ—মর্কি উরিয়ন্, পূর্ণমাত্রা ছয় ঘন্টা অন্তর এবং অনিশ্র আরুক পডোফাইলম্, ঐ রূপে পূর্ণমাত্রায় ব্যবহার করিলে বিশেষ উপকার দায়ক হয়।

ষদ্যপি রোগী অধিক পরিমাণে পারা সেবন করিয়া থাকে অথবা কোন প্রকার অতিরিক্ত শারীরিক পরিশ্রম জন্য বৃষ্
অজীর্ণ জন্য এই রোগ উৎপন্ন লক্ষিত হয়, এবং কখন রোগের লক্ষণ দেখা যায় ও কখন থাকে না বা সময়ে সময়ে উপস্থিত হয়, এমত হইলে।

ঔষধ—চার্না, পূর্ণমাত্র। প্রভ্যেক ঘণ্টার প্রথমতঃ এক এক বার, এই রূপ চারি, পাঁচ বার প্রয়োগের পর ছুই ঘণ্টা অন্তর।

যদ্যপ কোন 'রিপুর প্রবলতা জন্য বা অতিরিক্ত মনো-বেগ জন্য হয় তাহা হইলে।

ঔষধ—ক্যামোনিলা, পূর্ণমাতা চারি ঘন্টা অন্তর ছয়মাতা দিয়া পরেতে আট ঘন্টা অন্তর দিবে।

यमाि क्वन मतारवन कना इस धवर क्थन क्लिनरताथ ও কথন অতিমার হয় অথবা নিশ্চেষ্টতা বা অতিরিক্ত পাঠ বা মদ্যপান জন্য এই রোগ উপস্থিত হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ--- बङ्ग-विमिक्ना, भूर्खद ।

এই রোগ অধিক দিন স্থায়ী হইলে সল্কুর্, হেপার্, এসিডম্-নাইট্রিকম্, বা ল্যাকিসিদ্ দিগুণমার্তা সন্ধ্যা এবং প্রাত:কালে ব্যবহার করিবেক।

পথ্য ব্যবস্থা-প্রাচীন জ্বর চিকিৎসার ন্যায় ।

আমসূল।

লক্ষণ-শ্রীরের অভান্তরস্থ যন্ত্রের মধ্যে বিশেষত: নাভি-স্থলে অত্যন্ত কাম্ডায়, পেট ক্ষিয়া ধরে, কখন কখন ব্মি, এবং কোষ্ঠাবরোধ বা অতিসার হয়। এই যাতনা চাপিলে বৃদ্ধি इस, इंहा অधिक काल आसी इट्टल इंहाएं जना धकात महर রোগ উৎপন্ন কর।ইবার সম্ভব অতএব ইহাকে শীঘ্র দমন করা কর্ত্তব্য

निर्मान-अपू, शुक्रभाक ज्वा, शुष्ट् देखामि मिर्छे ज्वा, অধিক পরিমাণে ভক্ষণ করা, চরণ আদ্রিথাকাতে কফ্লাগা, শীতল পাণীয় উফ করিয়া পান করা কোষ্ঠাবরোধ, রুমি रेजामि।

চিকিৎসা।

यमािश मार्जात छेशत मिटक किया धटत जात अमल অভ্যস্ত ভীব্র কঠিন যাতনা পেটে বোধ হয় যে, রোগীকে সমস্ত (39)

শরীর নোওয়াইতে হয়, পেট ফাঁপা, মাথা ধরা এবং কোষ্ঠ বস্ক থাকে তাহা হইলে।

ঔষধ-—মক্ল-বনিকা, দ্বিগুণমাত্রা তীব্র যাতনায়, এবং সামান্য যাত-নায় পূর্ণমাত্রা এক এক বার ছুই ঘন্টা অন্তর নিবেক।

যদি এই রেগা স্ত্রীলোকের রজস্বলা কালীন হয়, এবং মাজার উপরে ও পেট ক্ষিয়া ধরে আর নাভিস্থল দিপ্ দিপ্ করে, বসিয়া থাকিলে এবং সন্ধ্যাকালে রুদ্ধি বোধ হয়, ও গমনাগমন করিলে কিঞ্ছিং শান্তি বোধ হয়, পেট ফাঁপা ও অভিসার থাকে, ও মুখ পাঞ্ভুবর্ণ হয় ভাহা হইলে।

उष्य-পতেमिना, भूर्सवर।

যদ্যপি এই রোগের সহিত ত্বর বোধ থাকে এবং মূত্র স্থালিতে কাম্ড়ানের ন্যায় যাতনা বোধ হয়, অত্যন্ত অস্থিরতা থাকে, পুনঃ পুনঃ প্রস্তাবের বেগ হয়, তাহা হইলে।

ঔষধ-একোনাইট্, পূর্ণাতা তিন ঘণ্টা অন্তর দিবেক।

পেটের মধ্যে ছুরি বিন্ধার ন্যায় যাতনা বোধ কখন কখন, উদর শুনা বোধ হয়, অত্যস্ত অস্থিরতা থাকে বিশেষতঃ রাগ হইতে এই রোগ উৎপন্ন হইলে।

ত্তমধ—কলোসিভ্স্, অর্দ্ধাতা পরিমাণে তুই ঘণ্টা অন্তর দিবেক।

বখন নাতির উপরে গদি থাকার ন্যায় বোধ হয়, কাম্ডানির যাতনা এমত থাকে যে সেই স্থান চাপিলে কিছু উপশম
বোধ হয়, গমনাগমনে মৃদ্ধি হয়, উদরস্থ সমুদয় য়য় টানিয়া
নিম্নে নামান বোধ হয়, পশ্চান্তাগে জ্বালার ন্যায় য়াতনা হয়,
জ্বান্তের নীচে, (কভকগুলিন শুচির উপর জ্বান্ত্র থাকার

ন্যায়) যাতনা বোধ হয়, আরও জলবৎ কিয়া পুঁজের ন্যায় মল নিঃমারিত হয় তৎপক্ষে।

ঔষধ—বেলাডোনা, অর্জমাত্রা অর্জ ঘন্টা অন্তর, এবং কিঞ্ছিৎ উপশম বোধ হইলে এক ঘন্টা অন্তর দিবেক।

উক্ত ঔষধে যদ্যপি আংশিক উপশ্ন বোধ হইয়া থাকে, এবং পেট টিপিলে কঠিন বোধ হয়, আন্তরিক/মোড়া দেওয়া যাতনা, অত্যন্ত মাথা ধরা, বমন এবং রোদনাদি লক্ষণ বিদ্যমান থাকে তাহা হইলে।

खेषध-इदिश्वामाद्यमम्, शूर्ववर ।

যদাপি এই রোগ পাকস্থলীর বিকার জন্য উৎপন হয়, এবং তাহার সহিত বমনেচ্ছা, বমন এবং অতিসার, অত্যন্ত কাম্ডানি, মাথা ধরা, মুখ পাণ্ডু বর্ণ ও চক্ষুর চতুম্পাম্বে নীল-বর্ণ চিহ্ন থাকে, এবং সবুজ বর্ণ বা হরিদ্রাক্ত মল নিঃস্ত হয়, তাহা হইলে।

উষ্ধ—আর্দেনিকম্, অর্দ্ধানা অর্দ্ধন্ট। অন্তর এবং কিঞ্ছি উপশ্ম ব্যেধ হইলে এক ঘন্টা অন্তর দিবেক।

পথাবাবস্থা।

এই রোগে অজীর্ণ রোগের পথ্যব্যবস্থানুসারে পথ্য করি-বেক ষদ্যপি ছুগ্ধ, কিয়া শীতল দ্রব্য, ষাতনা রুদ্ধি করে, তাহ্। এককালীন বিৰ্জ্জিত করিবেক।

অভিসার।

লক্ষণ--- অস্ত্র ইইতে জলবৎ মল অধিক পরিমাণে নিঃমান রিত ইইলে তাহাকে অভিসার কহে। নিদান—অমু, অপাচ্য দ্রব্য ভোজন, ঘর্মের হঠাৎ অবরোধ্ন, সময়ের হঠাৎ পরিবর্ত্তন, অধিক কাল পর্যাস্ত বিরেচক-ঔষধ ব্যবহার করণ, অতিভোজন, বা কুভোজন, এবং ভোজনের অতিরিক্ত কালে অপ্রয়োজনীয় দ্রব্য ভোজন ইত্যাদি।

চিকিৎসা।

যদ্যপি অতিসারের সহিত পেট কাম্ড়ানি থাকে, বিশেষতঃ
নাভিতে তাদৃশ যাতনা বোধ হয়, এবং জলবৎ পিচ্ছিল, ও হরিদ্রা
বা ঈহৎ সবুজ বর্ণ মল, অধিক পরিমাণে রাত্রিতে নিঃসারিত
হয়, ক্ষুধা হীনতা এবং অতিশয় পিপাসা, পাণ্ডুবর্ণত্ব ও দৌর্বল্য
থাকে তাহা হইলে।

ঔষধ—ভল্কে:মরা, অর্দ্ধমাত্রা প্রভ্যেক বার নিঃসরণের পর এক এক বার করিয়া।

যদাপি পূর্ব্বাক্ত লক্ষণ সকল বিদ্যমান্ থাকে এবং উক্ত ঔষধে কোন উপকার বোধ না হয়, ও কিঞ্চিং আহার বা পানের পর অতিশয় রুদ্ধি হয়, মল আপনি নিঃস্ত হয়, ও তাহাতে ভুক্ত দ্বা মিশ্রিত থাকে, কিয়া ছুগ্ধ পানেতে এই রোগ উপস্থিত হয় তাহা হইলে।

धिषध—बारशानिशा, शूर्वव ।

এই রোগের ভরুণাবস্থায় যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধের দ্বারা ছয় ঘটার পরে সম্পূর্ণ আরোগ্য বোধ না হয়, কিয়া কিঞ্চিৎ উপশম বোধ হয়, আরও যদ্যপি পাকস্থলীর দোষ জন্য এই রোগ উপস্থিত হইয়া থাকে, কুধা শুন্যতা, জিহ্বা শুভ্রবর্ণ পদার্থে আচ্ছাদিত, বমনেচ্ছা, উদ্গার বা, কথন কোষ্ঠাবরোধ কথন অভিসার হয় তাহা হইলে।

ঔষধ--এন্টিমোনিয়ন্-ক্রুড্ন্, পূর্ণমাত্রা ছয় ঘন্টা অবন্তর এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি অজীর্ণ জন্য, বিশেষতঃ ফ্ল, বা মূল ভক্ষণে অতি-সার হয়, অধিক পরিমাণে মল নিঃস্ত হয়, কিঞ্চিৎ যাতনা থাকে, বা কিঞ্চিৎ মাত্র আহার করিলেই পুনর্বার হয়, জলবৎ অপকৃত্যুক্তদ্রব্য মিশ্রিত কটাবর্ণ, (বিশেষতঃ রাত্রিতে) অধিক অপরিমাণে মল নির্গত হয়, পিপাসা, এবং অত্যন্ত দৌর্বল্য থাকে তাহা হইলে।

ঔষধ--- চায়্না, প্রত্যেক বার বিরেচনের পর অর্জ মাতা পরিমানে দিবেক।

যদ্যপি মল নিঃসরণ কালীন যাতনা না থাকে, কিয়া পশ্চান্ডাণে যাতনা বোধ হয়, রাত্রিতে কিয়া আহার বা পানের পর, উদর ভঙ্গ হয়, ক্ষ্ধা না থাকে, কখন বা অতিরিক্ত ক্ষ্ধা হয়, পেট ফাঁপে, এবং কাম্ডায়, চক্ষ্র দৃষ্টির ক্লাস হয়, আর যদ্যপি মলের সহিত, অপকৃ-ভুক্ত-দ্রব্য নিঃস্তত হয়, তাহা হইলে।

ঔষ্ধ—কেরম্, স্বতন্ত্র বা পূর্ব্বোক্ত ঔষধের সহিত উপর্যুপরি রূপে পূর্ব্বংৎ দিবেক।

যদ্যপ্রি মল জলবৎ পিত্ত মিঞিত, সবুজ বা পীতবর্ণ বা পিচ্ছিল হয়, এবং পাকস্থলী ভার বোধু হয়, পেট কাম্ডায় এবং কঠিন বোধ হয়, মুখে তিক্ত আস্থাদন থাকেও পিত্ত বমন হয় তাহা হইলে।

উষধ—ক্যামোনিলা, অর্দ্ধনাতা প্রভোক বার বিরেচনের পর। বদ্যাপি ভুক্ত দ্বা স্কচর্বিত না হওয়াতে এই রোগ উপ- স্থিত হইরা থাকে, এবং বমননেচ্ছা, বমন, ছুর্বলভা থাকে, ও বন্দন পাণ্ডুবর্ণ হয়, বিশেষভঃ এই রোগ শিশুর হইলে।

ঔষধ—ইপিক্যাকুয়ানা, পূর্ণমাত্রা প্রভ্যেক বার বিরেচনের পর।

পূর্ব্বাক্ত ঔষধে কিঞ্চিৎ উপশম বোধ হইলে, যদ্যপি আহারের দোষে অর্থাৎ অধিক পরিমাণে অমু, ফল, বা গুরু-পাক দ্রব্য ভেণ্জন করিলে হইয়া থাকে বিশেষতঃ যদ্যপি প্রত্যেক বারের মল, বর্ণে বিভিন্ন হয় তাহা হইলে।

ঔषध-शत्मितिन, शूर्वावद ।

যদ্যপি জলবৎ পিচ্ছিল, কোঁপ্ড়া বিশিষ্ট পিপ্ত মিশ্রিত বা ঈষৎ সবুজবর্ণ, বা রক্ত মিশ্রিত মল নির্গত হয়, এবং বিরে-চন কালীন ছালা বোধ হয়, ও হারীষ নির্গত হয়, শীত বোধ, কম্প, শীতল ঘর্মা, দৌর্বাল্য থাকে, এবং মলের সহিত অপকৃ-ভুক্ত-ক্রব্য মিশ্রিত থাকে তাহা হইলে।

ঔषध—मर्कि छेतियम ्करतामा हेवम्, व्यक्तमाळा পूर्ववर ।

প্রত্যেক বার অপপ পরিমাণে পিচ্ছিল এবং রক্ত মিশ্রিত মল অত্যন্ত বেগের সহিত নির্গত হয়, অতিশয় দৌর্বল্য থাকে, নাভিছলে অত্যন্ত কাম্ডায়, কোষ্ঠাবয়োধ, এবং অতিসার উপর্যাপরি হয় তাহা হইলে।

অতিশয় পেট কাম্ড়ানির সহিত, যদি হাত পা কাম্ড়ায়, এবং পূর্ব্বোক্ত মত অতিসার হয় তাহা হইলে।

ঔষধ—লোদিছিস্ পূর্ণসাতা। প্রত্যেক ঘন্টায় (বে পর্যান্ত পেট কাম্ডানি থাকে) এক এক বার করিয়া এবং পরেতে ভিন ঘন্টা অন্তর এক এক বার করিয়া দিবেক। আহারের দোষে অর্থাৎ অমু, কল, শীতল পানীর, ইত্যাদি ব্যবহারে যদি উৎপন্ন হয়, এবং অত্যস্ত পেট কাম্ডানির সহিত জলবৎ পিচ্ছিল ঈষৎ সবুজ বর্ণ ছুর্গন্ধা যুক্ত মল, জ্বালার সহিত নির্গত হয়, অতিশয় পিপাসা দৌর্বল্য ও ক্ষীণতা থাকে, রাত্রিতে বা আহারের পর রোগ বৃদ্ধি হয় তাহা হইলে।

ঔষধ—আর্সেন্কিম্, অর্জনাত্রা প্রত্যেক অর্জ্ব ঝ এক ঘণ্টা অন্তর। এই ঔষধ শিশুর পক্ষে বিশেষ উপকারী।

যদ্যপি পূর্ব্বাক্ত ঔষধের, তিন, চারি, মাত্রা সেবনের পর, কিছু উপশম বোধ না হয়, বিশেষতঃ যদ্যপি, সাময়িক দোষে হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ — বেরাটুম্, পূর্ববিৎ স্বতন্ত্র রূপে অথবা পূর্ব্বোক্ত ঔষধের সহিত উপর্যাপরি প্রকারে দিবেক।

যদ্যপি এই রোগ ভয় হইতে, বা উত্তাপ কালীন শীঙ্
 জন্য হয় তাহা হইলে।

ঔষধ---ওপিয়ম্, অর্দ্ধাতা প্রত্যেক বার বিরেচনের পর এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি অতিসার বহুকাল স্থায়ী হয়, এবং বিশেষতঃ রাত্রিতে রৃদ্ধি হয়, আরও যদ্যপি, তুগ্ধ অসহ হয় তাহা হইলে, এবং যুবকদিগের অর্শঃ থাকিলে, বা শিশুর পক্ষে।

ঔষধ — সল্ফর্, অর্জনাতা চারি ঘন্টা অন্তর এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি পূর্ব্বাক্ত ঔষধে, আরোগ্য বা্ধ না হয়, এবং কিঞ্চিৎ উপশম হইয়া থাকে, তাহা স্ইলে।

उषध-कार्यक्तिया, शूर्वारः।

যদ্যপি এই রোগ বছকাল অবস্থিত হয়, এবং মলের

সহিত, অপকৃ-ভুক্ত-জব্য মিঞ্জিত থাকে, তাহা হইলে, এবং বদীপি সময়ে সময়ে আপনি বিরেচন হয় তাহা হইলে।

ঔষধ-এদিডম্ ফদ্করিকম্, পূর্ণমাতা আট ঘন্টা অন্তর।

বদ্যপি এই রোগ পুনঃ পুনঃ বিরেচক ঔষধ সেবন জন্য উৎপন্ন হইয়া থাকে তাহ; হইলে।

ঔষধ—হেপাঁু,এসিডম্-নাইট্রিকম্, কার্রো-বেজিটেবিলিস্, ইহার অন্যতর একটা ঔষধ, পূর্ণমাত্রা বার ঘণ্টা অন্তর এক সপ্তাহ পর্যান্ত, সেবন করিয়া পুনর্কার ছয় দিন পরে ঐ রূপ, ক্রমশঃ এই ব্যবস্থান্ত্রসারে চালাইবেক। মর্করি সেবনের দোষ জন্য হইলে, এই ঔষধ বিশেষ বিধেয়।

যদাপি ম্যাথেশিয়া, (সম্ট) অধিক পরিমাণে ব্যবহার করাতে অতিসার হইয়া থাকে তাহা হইলে।

अवथ-- शत्मिष्टिना, भूर्सवर ।

যদ্যপি (রুবার্ব) অতিরিক্ত পরিমাণে ব্যবহার করাতে, এই রোগ উৎপন্ন হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ—পলেসটিলা, ক্যামোমিলা, কলোসিস্থিস্, নক্স-বমিকা, ইহার অনাতর একটা ঔষধ উক্ত প্রকারে সেবন করিবেক।

পथा वा वज्यो।

যখন এই রোগের প্রবলতা থাকে, তৎকালে সহজে পরিপাক হয়, এমত পেয় দ্রব্য পথ্য করিবেক, য়দ্যপি রোগীর ছয় সহ্য হয়, তাহা হইলে কিঞ্চিৎ পরিমাণে, দেওয়া যাইতে পারে, সাগুদানা, অরোক্ষট বা আতপ চাউলের মণ্ড, এবং ব্যবহার্য্য হইলে, মাংসের কৃথে এক এক বারে অণপ পরি-

মাণে ব্যবহার করিবেক। রোগের তীব্রতার কিঞ্চিৎ ব্রাস্
হইলে, জ্বর চিকিৎসার ন্যায় ক্রমশঃ এক বেলা করিয়া পান্ন পর্থী
দিবেক, উদ্ভিজ্ঞ পদার্থ, বিশেষতঃ গোল আলু, প্রভৃতি এক
কালীন নিষেধ, কাঁচা কল বা অমু, বা কটুদ্রব্য মাত্র সর্ব্বতো
ভাবে বর্জ্জন করিবেক, মাংস, বা মৎস্কের ঝোলের সহিত অন
বিধেয়, বায়ু পরিবর্জন করা এরোগের পক্ষে বিশেষ উপকারী।

আমাশয়।

লক্ষণ-পুন: পুন: কোষ্ঠের বেগ, প্রত্যেক বার মল ত্যাগ কালীন মোচ্ডানি, উদরে যাতনা, অর্পে বা অধিক পরিমাণে সন্ধ্যার প্রাকৃকালে জ্বর বোধ, এবং কেবল আম, বা কেবল রক্ত, অথবা উভয় মিশ্রিত বিরেচন হয়। এই আমাশয় শ্বেড ও রক্ত ভেদেতে তুই প্রকার। অর্থাৎ প্রথমতঃ কুধা বিহীনতা কোষ্ঠাবরোধ, পেট ফাঁপা, বমনেচ্ছা, ইত্যাদি থাকিয়া পরেতে চর্ম্মের উষ্ণভা, নাড়ীর তীত্রগভি, পেটে বেদনা, এবং বিরে-চনের বৃদ্ধি আরম্ভ হয়, পরেতে কেবল আম মাত্র নির্গত হয়, তথন তাহাকে খেত আমাশয় কহে। এবং পরেতে তৎ পরি-বর্ত্তে রক্ত নির্গত হয়, তাহাকে রক্তামাশয় কহে। যখন জ্বর বিদ্য-মান্ থাকে, তখন পুনঃ পুনঃ বিরেচন হয়। যদ্যপি এই রোগকে উপযুক্ত সময়ে দমন করা না হয়, তাহা হইলে অন্ত-নালের মধ্যে হা হইয়াবা স্থক্ষত্ত্পলিয়া ক্রমশঃ রোগীকে व्यवमन करतः। यमापि याजना मकल इठीए निवृद्धि इहेन्ना বায় এবং হস্ত পদাদির অগ্রভাগ শীতল হয়, ও নাড়ী অভি कौ। इब्न, जोहा इहेटल अभाषा लक्ष्म विद्वहन। कतिर्वक।

নিদান—ভিজ্ঞা বা শোঁতা মূর্ত্তিকাতে শরন করা, পোলাও শ্রৈভৃতি নানাবিধ উত্তম খাদ্য অতিরিক্ত পরিমাণে ভোজন করা, অতিরিক্ত পানদোষ, (মদ্য পানাদি) জলীয় কল, তরবুজ, লেবু, শশা, প্রভৃতি এবং অপকু অমু কল, ভক্ষণ করা, কোষ্ঠ-বন্ধতা বা ক্লমি দোষ, অন্যায্যৰূপে অর্শঃ দমন করা ইহার কারণ বলা যাই তি পারে।

চিকিৎসা।

যদ্যপি রোগের প্রারম্ভ কালে অতিরিক্ত ত্বর বোধ থাকে, এবং নাড়ী দ্রুত গতি বিশিষ্টা, চর্ম শুষ্ক এবং উষ্ণ থাকে, পেট কাম্ডায়, মোচ্ডানির সহিত পুনঃ পুনঃ অত্যপ্প পরিমাণে নিঃস্থত হয়, এবং ঘাড়ে ও মাধায় বাতের বেদনার ন্যায় বোধ হয়, পিপাসা থাকে তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, পূর্ণমাত্রা অবস্থা বিবেচনায় ছুই বা চারি ঘন্ট। অস্তর এক এক বার করিয়া দিবেক।

অত্যন্ত চুর্বলতা থাকে, ক্লম্বর্ণ রক্ত মিলিত চুর্গন্ধ মল নির্গত হয়, তলপেটে অত্যন্ত জালার ন্যায় যাতনা থাকে, প্রস্রাব অবরোধ বা আপনি প্রস্রাব নিঃসর্গ হওয়া, মল ছারে এবং অভ্যন্তরে জালা করে, জিহ্বা ফাটা, শুদ্ধ, ও ক্লম্বর্ণ, হিক্কা, অত্যন্ত পিপাসা, পিত্ত বা শ্লেষা বমন, বা উকি, অত্যন্ত চুশ্চিন্তা, এবং অন্থিরতা, প্রলাপ বা বোধ শূন্যতা, পাণ্ডু বর্ণত্ব, নাড়ী অতি ক্ষীণা হইলে।

ঔষধ—আর্দেনিকম্, দ্বিগুণ নাত্রা ছই ঘণ্টা অন্তর কি ষিংং উপশম বোধ হওয়া প্রস্তি, এবং পরেতে ক্রমণঃ অধিক কাল অন্তর দিবেক। যদ্যপি মুখ রক্তবর্ণ এবং উষ্ণ হয়, রোগ আংশিক বা সম্পূর্ণ প্রবল ৰূপ ধারণ করে, জিহ্ন। ঈষৎ শ্বেতবর্ণ, ও তাহ্পর পাশ শুদ্ধবৎ, পেটের মধ্যে কাম্ডানির ন্যায় যাতনা, পুনঃ পুনঃ কোষ্ঠের বেগ, এবং রুখা উদ্বেগ, অত্যম্প পরিমাণে আমরক্ত নিঃসরণ হওয়া, গুছ দারে অত্যম্ভ বেগ, অতিশয় পিত্ত বমন, সন্ধ্যাকালে জ্বর বোধ, অতিশয় পিপাসা এবং নির্দ্ধা

छेष४—दिनाएकान्।, भूर्व मः वा भूर्वदः।

যদ্যপি উদরের মধ্যে এমত টানিয়া ধরা যাতনা বোধ হয় যে রোগী হেঁট হইয়া থাকিতে বাধ্য হয়, অত্যন্ত অস্থিরতা, পুনঃ পুনঃ বিরেচন, প্রথমতঃ ঈষৎ পীতবর্ণ, পরেতে রক্ত নিশ্রিত জলবৎ আম নির্গত হয়, প্রত্যেক বার বিরেচনের পর যাতনা থাকে না, এবং কিঞ্চিৎ আহার করিবামাত্র পুনর্ববার যাতনা উপস্থিত হয়, তলপেটে ভার থাকে, তাহা হইলে।

ঔষধ—কলোদিভিস্, পূর্ণনাত্রা রোগের তীব্রাবস্থায় প্রত্যেক ঘন্টায় এবং পরেতে অবস্থান্তর হইলে ক্রমশঃ অধিক কাল অন্তর দিবেক।

যদ্যপি কেবল রক্ত বা আম মিশ্রিত রক্ত নিঃসারিত হয় ও তাহার সহিত ফুক্স চর্দ্মের ন্যায় পদার্থ মিশ্রিত থাকে, অধিক পরিমাণে আন এবং অপ ভাগ রক্ত, বা রক্তের ভাগ অধিক, আমের ভাগ অপে, কিয়া কেবল স্বচ্ছ আম নির্গত হয়, তল পেটে টানিয়া ধরে, বেগের সহিত হারীষ নির্গত হয়, এবং শূলবং বেদনা বোধ হয় তাহা হইলে।

उँष५-- क्ल जिक्म, श्रांवर

যদ্যপি মূত্র-স্থলীতে বেগ বোধ হয়, পুনঃ পুনঃ প্রস্তাবের বেগ হয়, অত্যুম্প মাত্র অতি কটে প্রস্তাব হয়, ঐক্ত বা আম মিশ্রিত রক্ত নিঃসরণ কালীন উদরে ছালাবৎ যাতনা বোধ হয়, ছ তান্ত প্রবল ছার থাকে, মুখ শুষ্ক, পিপাসা, অন্থিরতা ও নাড়ী কঠিনা এবং কুদ্রা হয় তাহা হইলে।

ঔষধ—ক্যাস্থারাইডিস্, পূর্বাবং।

রক্ত মিশ্রিত আম, বা কেবল আম, পুনঃ পুনঃ অভিশয় বেগের সহিত এক বারে অত্যপ্প মাত্র নিঃস্ত হয়, কিয়া যৎ কালীন শূলবৎ যাতনা নিবারিত হইয়া, কেবল চাপিয়া ধরার ন্যায় যাতনা অবশিষ্ট থাকে, সায়ং কালীন জ্ব বোধ, পিপাসা, মুত্রস্থলী ক্ষিয়া ধরা, তলপেটে টানিয়া ধরা, মানসিক উদ্বেজনা থাকিলে,

ঔষধ -- ক্যাপ্সিকম্, পূর্ব্বং।

তুর্গন্ধ যুক্ত বিরেচন, অত্যন্ত দৌর্বল্য, আর যদ্যপি গুছ-্ষারে মল ত্যাগের পর ত্বালা বোধ হয়, আন্তরিক ত্বালার ন্যায় রোগীর যাতনা থাকে এবং শরীরের উপরে শীতল বোধ হয়, তাহা হইলে।

ঔষধ — कार्त्वा-विकिए विकिन्, शूर्ववर এवर ইহাতে আরোগ্য বোধ না হইলে, চায়্না, উক্ত রূপে দিবেক।

ষদাপি আহারে নিতাস্ত অনিচ্ছা থাকে, বমন, এবং বম-নেচ্ছা হয়, কপালে মাথা ধরা বোধ হয়, অত্যস্ত মল ত্যাগের বেগ বোধ হয়, এবং যদ্যপি হস্ত পদাদির, কাম্ডানি থাকে ও রোগের কিঞ্চিৎ উপশম বোধ হইলে দৌর্বল্য থাকে তাহা হইলে।

धेवध—हे शिकां क्याना, भूक्ति ।

বদ্যপি পুন: পুন: রক্ত মিশ্রিত আম, অপ্পারিমাণে নিঃস্থত হয়, কিয়া ঈষৎ সবুজবর্ণ, দলারক্ত মিশ্রিত হইয়া অত্যন্ত পেট কাম্ডানির সহিত্যী ও অসহ বেগের সহিত আম নির্গত অথবা কেবল রক্তআব হয়, আরও যদি অতিশয় হুর্গন্ধা পিন্তি মিশ্রিত আম নিঃস্ত হয়, পাকস্থলীতে কন্ট বোধ হইয়া পুনঃ পুনঃ বমন হয় এবং পেটের ভিতর অতিরিক্ত ৰূপে শূলবৎ বেদনা বোধ হয় তাহা হইলে।

ঔষধ — মকি উরিয়স্-করোসাইবস্, পূর্ণমাতা প্রেবস্থা বিবেচনায়, এক ঘন্টা অস্তর এবং পরেতে কিঞ্ছিৎ উপশম হইলে ছই বা তিন ঘন্টা অস্তর দিবেক।

পেটের ভিতর ছিন্ন করার ন্যায় বাতনা বোধ হয়, মধ্যে মধ্যে কিঞ্চিং শান্তি বোধ মাত্র, অত্যন্ত কোষ্টের বেগ, জালা, এবং কাঁচা মাংস খণ্ডের ন্যায় রক্ত মিশ্রিত আম নির্গত হয়, কখন কখন নিবিড় সবুজবর্ণ আম, রক্ত মিশ্রিত থাকে, প্রত্যেক বার বিরেচনের পর এবং পূর্বেব বেগ থাকে, অথবা বিরেচনের পর অধিক বেগ হয়, নিশ্চেট থাকিলে কিঞ্চিং শান্তি এবং গমনাগমনে বৃদ্ধি বোধ হয় বিশেষতঃ রাত্রিতে বৃদ্ধি হইলে।

ঔषध-- मर्किউ विष्यम् - त्मि कि वितिम् , भूर्ववर ।

কঠিন মল খণ্ডের সহিত রক্ত মি প্রত হইরা, পুনঃ পুনঃ অলপ পরিমাণে আম নির্গত হয়, অত্যন্ত কোঠে বেগ থাকে, নাভিস্থলের চতুম্পাম্মে কাটিয়া ফেলার ন্যায় যাতনা বোধ হয়, অত্যন্ত উব্ভাপ, অতিশয় পিপাসা এবং বিরেচনের পর শুছ্ছারের অভ্যন্তরে টানিয়া ধরার ন্যায়্ যাতনা, প্রস্রাব বদ্ধা এবং র্থা প্রস্রাবের বেগ ও রাত্রি শেষে এবং প্রাতঃকালে রোগের রুদ্ধি হইলে।

ঔষধ—নক্ল-বমিকা, দ্বিগুণমাত্র। অবস্থা বিবেচনায় এক বা ছই ঘন্টা অন্তর এবং হ্রালাবস্থায় পূর্ণ মাতা ঐ রূপে। পীতবর্ণ আম, রক্ত মিশ্রিত হইরা তলপেটে যাতনার সহিত পুনঃ পুনঃ অণপ পরিমাণে, নির্গত হয়, নাভিস্থলে জড়া-ইয়া ধরা এবং ছিম্ন করার ন্যায় যাতনা বোধ হয়, পুনঃ পুনঃ শীত বোধ, এবং রাজিতে রোগের মৃদ্ধি হইলে।

ঔষধ---প্রেসটিলা, পূর্ণ মাত্রা প্রেডোক ঘণ্টায় বা ছই ঘণ্টা অন্তর দিবেক।

অত্যন্ত দৌর্বাল্য এবং বেগের সহিত রক্ত মিশ্রিত আম, অথবা রক্তের ন্যায় আম কিঞ্চিং পরিমাণে, নির্গত হয়, এবং পুনর্বার নির্গত হইবে এমত বোধ হয়, অসাধারণ জ্বর বোধ, রাত্রিতে ঘর্মা ও শরীরে কম্প হইলে।

ঔষধ—পিট্রোলিয়ম্, পূর্ণমাতা ছই ঘন্টা অন্তর কিঞ্চিৎ উপশম হইলে তিন বা চারি ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি মল দ্বারে অত্যন্ত বেগ থাকে অথচ কিছুই নির্গত হয় না বা কিঞ্চিৎ মাত্র রক্ত মিশ্রিত আম নির্গত হয়, এবং অধিক কাল বেগ দিয়া যৎকিঞ্চিৎ মাত্র আম নির্গত হয়, বা কিছুই নির্গত হয় না, নিয়ত পিপাসা, অতিশয় উন্তাপ, এবং নাড়ীর গতি অসমান থাকিলে।

ঔষধ—এসিডমু-নাইট্রিক্মু, পূর্ণমাতা ছই ঘণ্টা অন্তর পূর্ববং।

যদ্যপি কেবল রক্ত মাত্র নির্গত হয়, অন্ত মধ্যে এবং পাকস্থলীতে নিয়ত ছেদন করার ন্যায় যাতনা বোধ হয়, উদ্গার উঠে, জ্বর বোধ থাকে, মল ত্যাগ কালীন গুছাদ্বার জ্বালা করে এবং পরেতে শূলবং যাতনা থাকে তাহা হইলে।

उषध-क्षम् र्वम, भूकं वृह ।

যখন আমাশয় কালীন যন্ত্র কার্য্যের ক্রাস অবস্থা প্রাপ্ত হয়, অর্থাৎ বিকার চিহ্ন লক্ষিত হয়, রোগী অত্যন্ত তুর্বল হয়, রাত্রিকালে আপুনিই (কোন যাতনা ব্যতিরেকে) আম নির্গত হইয়া যায়, প্রস্রাবের অধারণতা, নাসিকা দার দিয়া রক্ত স্রাধ, সন্ধ্যাকালে শীত বোধের পর উষ্ণতা, অতিশয় পিপাসা থাকিলে।

ঔषध -- त्रम् - हेक् जित्का एक मुञ्जून्, भूर्यदर ।

যদ্যপি অন্যান্য ঔষধে কিঞ্চিমাতে উপশম বোধ হইয়া তদবস্থায় থাকে, এবং রোগ প্রাচীনাবস্থা প্রাপ্ত হয়, অত্যন্ত শূলবৎ যাতনা থাকে, অতিরিক্ত বেগের সহিত রক্ত মিশ্রিত আম নির্গত হয়, কিয়া কেবল আম নির্গত হইবার পূর্বের তল পেটে ছেদনের হাতন। হয়, বিশেষতঃ যে রোগীর অর্শং থাকে তৎপক্ষে।

ঔষধ —সল্ফর্দ নশ্চীক্ষুদ্ধ বিটকা অর্দ্ধ ছটাক জলের সহিত এক কালীন সেবন করিবেক।

্যদাপি জলবৎ মলের অংশ, আমের সহিত নির্গত হয়, বমন ও অসাধারণ তুর্বলতা, পা কাম্ডায়, প্রস্রাব বদ্ধ হয়, শীতল ঘর্মা নির্গত হয়, দিন অপেক্ষা রাত্রিতে অধিক বার বিরেচন হয়, এবং প্রত্যেক বার বিরেচনের পর শূলবৎ যাতনা বোধ হয়, তাহা হইলে।

উষ্ধ—বেরাটুম, অর্দ্ধমাত্রা প্রত্যেক ঘন্টায়, কিঞ্ছিৎ উপশম বোধ ছইলে ক্রমশঃ অধিক কাল অন্তর দিবেক।

আমাশয় রোগ হঠাৎ অন্যায্য উপায় দ্বারা দমন করা হইলে তাহার।

চিকিৎসা।

যদ্যপি কোন ঔষধ দ্বারা হঠাৎ আমাশর নিবারিত হইরা অভ্যন্ত যাতনা, নিঃশ্বাস প্রশাসে কন্ট, বমনেচ্ছা, উকি, পেট কৰিয়া ধরা, মল এবং মূত্রের অবরোধ, মুখ, জিহ্বা, হস্ত, পদা-দিয়ে অগ্রভাগ শীতল, শরীরের নানা স্থানে খেঁচনি, ও তাহা ৰাক্য বা কোন প্রকার ক্রিয়া দ্বারা বৃদ্ধি হয়, এবং যদ্যপি প্রদাহ বিশিষ্ট কোন প্রকার লক্ষণ উপস্থিত থাকে তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, অর্দ্ধনাতা ছুই ঘন্টা অন্তর, এবং কিঞ্ছিৎ উপশম হইলে তিন বা চারি ঘন্টা অন্তর দিবেক।

यगाপি অঞ্প্রহ বা শীতল ঘর্ম প্রবল হয় তাহা হইলে। ঔষধ—কুপ্রম্, অর্দ্ধমাতা পূর্ববং।

যদাপি অস্ত্র মধ্যে কোন প্রকার প্রদাহ বিশিষ্ট শূলবৎ যাতনা বোধ হয় তাহা হইলে।

र्खेंग्य-त्वनांद्राना, भूक्वर ।

যদ্যপি শ্লবৎ অভ্যন্ত যাতনা থাকিয়া পেট ক্ষিয়া ধরে ভাহা হইলে।

ঔষধ—কলোসিস্থিদ, পূর্ববৎ প্রত্যেক ঘণ্টায়।

যদ্যপি হস্ত পদাদির অগ্রভাগ শীতল হয় এবং উকি হয় ও না হয়, অথবা শীতল নিঃশ্বাস বহে তাহা হইলে।

উষধ---কার্বো-বেজিটেবিলিন্, অর্দ্ধশাতা অর্দ্ধ ঘণ্টা অন্তর দিবেক।

পথ্যব্যবস্থা।

ধবের কৃথি বা ধবের মণ্ড এবং সহজে পরিপাক হয় এমত দ্বা ব্যবস্থা করিবেক, বিশেষতঃ অত্যন্ত চুর্ববলাবস্থায় মাংসের কাথ এক এক বারে অণপ পরিমাণে দিবেক। এতন্তিন্ন উদ্ভিজ্জ কল মূলাদি, কন্টেতে পরিপাক হয়, এমত দ্বা, অমু, শাক প্রস্তৃতি এবং মাদক দ্বাদি এক কালীন বর্জ্জন করিবেক। এই

রোগ শিশুর হইলে পেটের উপরে এক খানি অর্প পরিসর ফুানেল জড়াইয়া দিবেক।

ভেদ विम अर्थार उलांडिंग।

লক্ষণ—বমনেচ্ছা, বমন, তণ্ডুল'ধোওয়া জলের ন্যায় বিরেচন। প্রথমতঃ হঠাৎ বমনেচ্ছা, পেট ক্ষিয়াধরা আরয় হইয়া পরেতে অতিসার এবং বমন আরয় হয়, ক্রমশঃ শরীর, বিশেষতঃ হস্ত পদাদির অগ্রভাগ, শীতল হয়, ঘনশ্বাস, অত্যন্ত তৃক্ষা, পা কাম্ডান এবং কখন কখন হাতও কাম্ডায়, উদরের মাংসপেশী টানিয়াধরা, চক্ষুঃ বিসয়া যায়, নাড়ী ক্ষীণা, কখন কখন কদাচিৎ বোধ হয়, পাতলা জলবৎ ছুর্গয় বা পিত্ত বিশিষ্ট বিরেচন, কুঞ্চবর্ণ পিত্ত বমন, অস্থিরতা ইত্যাদি।

নিদান—ক্রমি, অথাদ্য, অপরিপাচ্য দ্রব্য, ফল, বা অপকৃ উদ্ভিজ্ঞ দ্রব্য ভক্ষণ, সময়ের পরিবর্ত্তন, জলীয় প্রদেশে বাস বা জলীয় সময়, হঠাৎ শীতল-স্পর্শ দ্বারা ঘর্মের অবরোধ, অতিরিক্ত পরিশ্রম, এবং অতিরিক্ত শ্রান্তি, অত্যন্ত উত্তাপিত সময়ে অতি শীতল পানীয় দ্রব্য ব্যবহার, এবং বালকের দন্ত উঠিবার সময়, বা স্ত্রীলোকের গর্ভ সময়ের জন্য ও হইয়া থাকে।

আভিসারিক ভেদ।

লক্ষণ—প্রথমতঃ অপকু-ভুক্ত-দ্রব্য, 'নির্গত হয়, কিঞ্চিৎ পরে হরিদ্রাক্ত কটাশিয়া বর্ণ, বা জল্বৎ ভেদ হয়, এবং অস্প ঘটিকা বা কিয়ন্দ্রিক্স পরে, যব বা চাউলের কাথের ন্যায় নির্গত হয়, চরণে তুর্বলতা বোধ, মোচ্ডানি, জিহ্বা ণরিষ্কৃত, বা ঈষৎ আচ্চাদিত, এবং কখন কখন, এমত আঠাল বোধ হয়, যেতাহার উপর অঙ্গুলি দিলে বন্ধ হয়, প্রত্যেক বার, ভেদের পূর্বের, পেট ডাকিয়া এবং চালিত হইয়া ভেদ হয়, সেই ডাক কখন কখন, বায়ু নিঃসরণের শব্দের ন্যায়, বা কখন কখন জলের গতির শব্দের ন্যায় বোধ হয়, রোগীর মুখ নীলবর্ণ দেখায়। হস্ত, জিহ্বা শীতল স্পর্শ হয়, শিরার বল ভ্রাস হয়, এবং নাড়ী তুর্বেল হয়, আরও কিয়ং কাল পর্যান্ত চিকিৎসিড না হইলে পরেতে বমি হয়, এবং অন্যান্য লক্ষণ সকল রুদ্ধি হইয়া ক্রমশ: বিকার প্রাপ্ত হইয়া মৃত্যু হয়।

আভিসারিক ভেদের চিকিৎস।।

প্রথমতঃ পরিষ্কৃত কপূর্বের আরক পাঁচ কোটা করিয়া আর্দ্ধতোলা পরিমাণ চিনির সহিত প্রত্যেক বার ভেদের পর এক এক বার (তিন বা চারি মাত্রা, পর্যাপ্ত) দিবেক এবং রোগীকে কয়ল প্রভৃতি মোটা পশমের বস্ত্র দ্বারা আর্ত করিয়া রাশিবেক। যদ্যপি শ্বর আদিয়া ঘর্ম হয়, শীঘ্র আরোগ্য হইবে।

আর যদ্যপি উক্ত প্রকারে শীঘ্র উপশম বোধ না হয়, জিহবার উপর আঠার ন্যায় বোধ হয়, এবং বাছর উর্দ্ধ বা অধঃ বা কক্সায়, বা হস্তে খেঁচনি আরম্ভ হয় তাহা হইলে।

ঔষধ--- এসিডম্- ফ্রাকম্, ৩০ পূর্ণ ম। আ প্রত্যেক বার বমন বা বিরেচনের পর দিনে।

ভেদ वो दशकातः शत ।·

যদ্যপি ভেদ কালীন, বমনেচ্ছা, এবং শূলবং যাতনা থাকে, এবং জিহ্বার উপর, শ্বেত বা কটাবর্ণ হয় তাহা হইলে। ঔষধ—ফন্কর্ম, পূর্মবং।

ষদ্যপি জিন্তার উপর, হরিদ্রাবর্ণ হয়, এবং ক্টের সহিত অতিসার হয়, তাহা হইলে। ১৯১৪ স্থান ক্টেন্টিন কিন্তের

ঔষধ—বেরাটুম্, ১২ পুর্নোতা প্রভোক বার ভেদের পর, এক এক বার করিয়া দিবেক।

উক্ত সমস্ত ঔষধ, রোগের তীব্রতা সময়ে, উক্ত প্রকারে, দিবেক এবং কিঞ্চিৎ সাম্য হইলে, দ্বিতীয় বার বমন বা বিরে-চনের পর দিবেক।

রসাঞ্রিত ভেদ।

লক্ষণ—এই প্রকার ভেদে, পুন: পুন: বা নিয়তই, বমন
হয়, এবং অন্যান্য, প্রকার ভেদের লক্ষণ ও থাকে, প্রথমতঃ
পাকস্থলীর মধ্যে যে ভুক্ত দ্রব্য বা পীত দ্রব্য থাকে, তাহা
উঠিয়া পড়ে, উঠিবার পূর্বের, উকি না হইয়া এক কালীন হঠাৎ
কোঁকের সহিত উঠে, কখন কখন বমনের পূর্বের বমনেছা হয়,
রোগ আরম্ভ কালীন প্রায় অতিসার থাকে না, অথবা এক কি
ছই বার ভেদ হয়, ও প্রস্রাবের অপেতা হয়, এই প্রকার ভেদ
প্রায়, অতিশয় ভয়ানক হয়না, উত্তিজ্ঞ দ্রব্য বা গুরুপাক দ্রব্য,
ভোজন জন্য পেট ফাঁপিয়া ইহা উপত্তিত হয়।

রসাঞ্জিত ভেদের চিকিৎসা।

এই রোগ প্রথমতঃ আরম্ভ হইলে।

ঔষধ—কপূর্রের আরক, এক কোটা করিরা, কিঞ্ছিং পরিষ্কৃত চিনির সহিত পাঁচ মিনিট্ অন্তর দিবেক।

যদ্যপি শীঘ্র উপশম বোধ না হয়, তাহা হইলে।

ঔষধ—বেরাটুম্, ১২ পূর্ণাতা প্রত্যেক বার বমনের পর দিবেক এবং পরেতে, আবশ্যক হইলে, (ইপিক্যাকুয়ানা) ঐ মতে দিবেক।

যদ্যপি উক্ত ছুই ঔষধ প্রয়োগের পর, বমন বন্ধ হইয়া অন্যান্য লক্ষণ সকল বিদ্যমান্ থাকে, এবং পাকস্থলীতে ভার বোধ, ও অন্ত মধ্যে এবং মস্তকে যাতন। থাকে, তাহা হইলে। ঔষধ—নক্ল-বমিকা, ৩০ উক্ত প্রকারে দিবেক।

যদ্যপি এই রোগ রাগ হইতে উৎপন্ন হয় তাহা হইলে। ঔষধ—ক্যামোমিলা, ১২ ঐ রূপে।

পূর্ব্বোক্ত ঔষধ সকল প্রয়োগের পরেতেও যদি আরোগ্য বোধ না হয়, তাহা হইলে পুনর্বার (বেরাটুম্ বা লক্ষণানুসারে অন্যান্য ঔষধ দিবেক।)

অঙ্গগ্ৰহ বিশিষ্ট ভেদ।

লক্ষণ—এই ভেদঅঙ্গ গ্রহ, বা খেঁচনি ছারা লক্ষিত হয়, তাহার বিশেষ লক্ষণ এই যে হস্তের এবং চরণের অঙ্গু-লিতে, খেঁচনি, বা খিল ধরে, পা কাম্ডায়, চরণে এবং হস্তের মাংসপেশী সকল টানিতে থাকে, এবং ঐ ৰূপ খেঁচনি, বাছতে, উরুদেশে, এবং কখন কখন কেবল বক্ষঃস্থলে, ঘাড়ে চোয়ালে, হয়, এই লক্ষণ উপস্থিত হওয়ার পূর্বে বনন হয়, সাধারণতঃ অতিসার বা বমন কিছুমাত্র থাকে না, পেট কঠিন হইয়া ফুলিয়া উঠে, দম্ভ চাপিয়া থাকে, ও কড়্ মড় করে, শ্বাস রোধ হও-য়ার উপক্রম হয়, অতি কফে গিলিতে পারে, এবং এই সকল লক্ষণ হঠাৎ অন্তর্হিত হয় তৎকালে, রোগী কিঞ্চিৎ উপশম বোধ করে কিন্তু পুনর্কার পূর্ববিৎ আসিয়া উপস্থিত হয়।

े চিকিৎসা।

প্রথমত: কপূরের আরক পূর্বের ন্যায় কিঞ্চিৎ চিনির সহিত এক ফোটা করিয়া পাঁচ মিনিট্ অন্তর দিবেক, অথবা তীব্র হইলে ছুই ফোটা করিয়া ছুই বা তিন মিনিট্ অন্তর, উক্ত ঔষধ দ্বারা অঙ্গ গ্রহ নিবারণের পর পুনর্ববার না হয়, অথবা প্রথমতঃ নিবারণ জন্য।

. ঔষধ—কুপ্রম্, পূর্ণাতা অর্দ্ধ বা এক ঘন্টা অন্তর দিবেক, আবশাক হইলে (বেরাটুম্,) ১২ ঐ রূপে দিবেক।

শুক্ত ভেদ।

লক্ষণ—এই প্রকার রোগে বমন বা অতিসার কিছুই থাকে না, শরীরের বলের সামান্যতঃ ব্রাস না করিয়া ইহার প্রথম উদ্যুদে, শরীরের কোন স্থান বিশেষে, অঙ্গুলির অগ্র ভাগে কৃষ্ণবর্ণ লক্ষিত হয় এই রোগের প্রবলাবস্থা উপস্থিত হইলে হঠাৎ শরীরের শক্তি নাশ হইয়া যায়, প্রস্রাব বন্ধ হয়, জিহ্বা নীল বা ঈষৎ ক্লম্বর্গ হয়, চক্ষ্ণু, শিবনেত্রবর্ণ অর্দ্ধ নিমীলিত ইয়া, স্থির হইয়া থাকে, সমুদ্য় শরীর শীতল, আঠাল, ঘর্মে আরুত হয়, জ্বর এবং নাড়ী, বোধ থাকে না।

र्विक्शा।

অন্যান্য প্রকারের ন্যায় এ প্রকারেও প্রথমতঃ

ঔষধ—কপুরের আরক দিবেক কিন্তু ইহা এক বা ছুই ফোটা করিয়া প্রত্যেক বার পাঁচ নিনিট্ অন্তর দেওয়া কর্ত্ব্য এবং পরেতে ঔষধ বেরাটুন্, অর্দ্ধ বা এক বা দেড় ঘন্টা অন্তর পূর্নমাত্রায় দিবেক।

যদ্যপি অঙ্গ ৬'হ এবং বমন সম্পূর্ণৰূপে নিবারিত থাকিয়া, রোগী শীতল, নীলবর্ণ, ও নাড়ী শূন্য হইয়া থাকে, অর্থাৎ ঘোরতর বিকারগ্রস্ত হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ—কার্বে। বেজিটেবিলিন্, পূর্ণ মাত্রায় পূর্ব্ব রূপে দিবেক।

এই ঔষধ প্রয়োগে ষদ্যপি নাড়ী বোধ হয়, এবং পুনর্কার অঙ্গঞ্জহ, বমন, বা ভেদ আরম্ভ হয়, তাহা হইলেপরেতে লক্ষণা মুসারে বেরাটুম্, কুপ্রম্, বা অন্যতর ঔষধ দিবেক।

প্রথর ভেদ।

লক্ষণ—এই প্রকারে পূর্ব্বোক্ত প্রকার সকলের চিহ্নিত লক্ষণ উপস্থিত হয়, এবং নিবারিত না হইলে, ঘোরতর বিকার গ্রস্ত হইয়া মৃত্যু উপস্থিত হয়। এই রোগে রোগী মস্তকে ভার বোধ করে, বা মৃদ্ধিত হয়, বক্ষঃস্থলে ক্লেশ থাকে হস্ত পদাদি বল হীন হইয়া যায়, এবং পরেতে শরীরের উত্তাপ, নাড়ী ক্ষীণা ও বেগবতী হয়, বমনেচ্ছা উকি বা বমন হয়, জলবৎ বা পিত্ত ভেদ হয়, প্রস্রাব অবরোধ, জিহ্বা শীতল, স্থারের বিক্রতি, বদন হরিদ্রাক্তবর্ণ, চক্ষুর চতুম্পার্শ্ব নীলবর্ণ রেখার দ্বারা ঘেরা, শক্তিহীনতা, অক্সগ্রহ, প্রথমতঃ চরণে পরে হস্তে, এবং ক্রমশঃ বাছ ও উক্ততে বোধ হ্যু, চরণাদি

শীতল হয়, চক্ষুং বসিয়া যায়, পরেতে অতিসার ও অঙ্গগ্রহাদি কিছুই থাকে না, ঘোরতর বিকার প্রাপ্ত হয়, শীতল ঘর্ম হয়, নাড়ী বসিয়া যাওয়া ইত্যাদি হইয়া থাকৈ।

চিকিৎসা।

যদি রোগী বলবান্ হয়, তাহা হইলে, প্রথমতঃ। উষধ – বেরাটুন্, ১২ পূর্গ মাত্রা পূর্ম প্রকারে তিন বার দিয়া বেরাটুন্, ৩০ ঐ রুপে দিবেক।

যদাপি এই প্রকার বা অন্য প্রকার ভেদ রোগে অন্ত্র মধ্যে অত্যন্ত জ্বালা ও শূলবৎ বেদনা, অতিশয় দৌর্বলা, বা অস্থিরতা থাকে তাহ। হইলে।

. ঔষধ -- আদে নিক্ষু, উক্ত রূপে উক্ত প্রকারে সময়ান্তরে দিবেক।

আল্রিক রসাঞ্জিত ভেদ রোগ।

লক্ষণ—এই রোগে প্রথমত: ভুক্ত-দ্রব্য বমন হয়, এবং
মল নি:সারিত হয়, পরেতে ক্রমশঃ পাতলা হইয়া জলবৎ
ও শেষে চাউল ধেওয়া জলের ন্যায় নির্গত হয়, য়ঢ়াপিও
এই প্রক রে উর্দ্ধ বমন, এবং অধো-নিঃসারণ বিশেষ লক্ষণ,
কিন্তু পরেতে অঙ্গগ্রহ, শরীর, অতিশয় শীতল, নীলবর্ণয়, নাড়ী
হীন হইয়া সম্পূর্ণ বিকার প্রাপ্তানন্তর অতাপ্স সময়ের মধ্যে
প্রাণ বিয়োগ হয়।

, চিকিৎসা ।

এই প্রকারের প্রথমে, কপূর্বের আরক, এক কোটা করিয়া পাঁচ মিনিট্ অস্তর দিলে প্রায় আরোগ্য হয়।

যদ্যপি অতিরিক্ত পরিমাণে জলবং ভেদ হয় তাহা হইলে। ঔষধ —বেরাটুম্ ১: প্রথমতঃ পূর্নাত্রা তিন চারি বার এক ঘন্টা অস্তর দিয়া পরেকে বেরাটুম্ ৩০ ঐরপে দিবেক।

আমাশয়াশ্রিত ভেদ রোগ।

লক্ষণ—এই প্রকারে প্রথমতঃ তলপেটে বেদনার সহিত ভেদ আরম্ভ হয়, অধিক পরিমাণে জলবৎ বিরেচন, পরেতে তণ্ডুল ধৌত জলের ন্যায় হইয়া থাকে, কিছু কাল পরে, পরি-মাণে অপ্প হয় এবং ভেদের সহিত আম মিশ্রিত হইয়া নির্গত হয়, পরেতে তাহা রক্ত যুক্ত হয়, এই রোগ যদি কিছু দিন স্থায়ী হয়, তাহা হইলে, তণ্ডুল ধৌত জলের পরিবর্ত্তে রক্ত মিশ্রতে আম বা কেবল রক্ত নির্গত হয়, ইহার দ্বিতীয়াবস্থায় বা রোগ উপস্থিত হইবার পূর্কে পাকাম্ভানি থাকে।

চিকিৎসা।

এই রোগে এিশেষতঃ বালকের ভেদ হইলে, কদাচই কপূরের আরক্ব্যবস্থা করিবেক না, যদি কর্ত্তব্য হয় তাহা হইলে এক ফোটার চতুর্থাংশ মাত্র পোনের মিনিট্ বা অর্ফ্র অন্তর্যাবস্থা করিবেক।

পরেতে বেরাটুম, ১২ বা ৩০ পূর্ণমাত্র। প্রত্যেক বার ভেদের পর এক এক বার করিয়া দিয়া ক্রমশঃ ভেদের অপ্পতা হইলে।

ঔষধ—মর্কি উরিয়স্-বাইবস্, ১২ প্রথমতঃ পূর্ণমাত্রায় এক বা ছুই ঘন্টা অস্তর দিয়া পরেতে মর্কি উরিয়স্-বাইবস্, ৩০ ঐ রূপে দিবেক, পরেতে আম চিত্র দূর হুইলে। ঔষধ সন্ফর্ ৩০ ঐ রূপ।

যদাপি তৎকালে প্রদাহ বিশিষ্ট ছার বিদ্যমান্ থাকে তাহা হইলে উক্ত ঔষধ দেওয়ার পূর্বের ছুই তিন মাত্র। একোনাইট্ দিবেক।

ভেদ রোগের অবস্থান্তরের বিশেষ চিকিৎসা।

এই রোগে চারি অবস্থা ঘটিয়া থাকে প্রথমত: আক্রমণ, দিভীয়তঃ সম্পূর্ণ প্রকাশ, তৃতীয়তঃ বিকার, চতুর্যতঃ প্রতিকৃতি।

প্রথমাবস্থায় অর্থাৎ যে সময়ে জলবৎ ঈষৎ শ্বেতবর্ণ ভেদ হয়, কিন্ত তাহা অধিক পরিমাণে হয় না, কখন কখন বমনেচ্ছা থাকে, পাত্লা মল সংযুক্ত বিরেচন হয়, কিয়া অলপ পরি-মাণে অভিসার বা ছই এক বার বমন হয়, তৎকালে, প্রধান ঔষধ কপুর্বের আরক, ফস্ফরস্, এসিডম্-ফস্ফরিকম্, এবং বেরাটুম্।

দিতীয় অবস্থায় যখন পুনঃ পুনঃ অধিক পরিমাণে চাউল ধোওয়া জলের ন্যায় ভেদ হয়, কিয়া ঐ একার বমন হয়, বা হস্ত পদাদিতে খেঁচনি থাকে বা জিহ্বা শীতল বা শরীরের কোন কোন অংশ রুফবর্ণ হয়, অথবা চক্ষুর চতুর্দিকে নীলবর্ণ হয়, বমন অথক উদরে মোচ্ডানি এবং জলবং ভেদ হয়, অথবা বমন ও বিরেচন তুল্যভারপে থাকে জলবং ভেদ হয়, জামের সহিত রক্ত মিশ্রিত থাকে, এবং এই অবস্থার শেষে আরোগ্য বা বিকার প্রাপ্ত হয়, এমত সময়ে প্রধান ঔষধ কপূ-রের আরক বেরাটুম্, কুপ্রম, ফস্-ফরস্, এসিডম্-ফস্ফরিকম্ এবং আর্সেনিকম্।

তৃতীয় অবস্থায় नाफ़ी त्वाध इय ना, हम्म, भौजल, नीलवर्ग এবং জড় জড় হয়, স্বর বসিয়া যায়, প্রস্রাব এবং অন্যান্য মলাদি এক কালীন বদ্ধ, চক্ষুং, বসিয়া যাওয়া ও উপরে তোলা, অথবা স্থির হইয়া এক দৃষ্টে থাকা, এই অবস্থা চুই ঘন্টা হইতে ছুই দিবস পর্যান্ত থাকে, ইহার পরিশেষে মৃত্যু বা আরোগ্য বা কোন প্রকার প্রদাহ বিশিষ্ট বা অন্যতর রোগ উৎপন্ন হয়, যদ্যপি এই অবস্থার পর কিঞ্চিৎ নাড়ীর বোধ, উষ্ণতা এবং . বমন ও বিরেচন পুনর্কার আরম্ভ হয় তাহা হইলে শুভ চিহ্ন জানা যায়, কিন্তু ইহার পরেও পুনর্বার মৃত্যুর আশক্ষা হইতে পারে, এই অবস্থার প্রধান ঔষধ, কুপ্রম্, আর্মেনিকম্, কার্বো-বেজিটেবিলিम্, এবং সিকেল্। আর यদ্যপি বিকারকাল কেবল আংশিক মাত্র হয়, অর্থাৎ বিকারের চিচ্ছের পর পুন-ব্বার ভেদ বমনাদি আরম্ভ হয়, তৎকালে ঔষধ, কপূর্বের আরক এবং বেরাট্রম্, এই সকল ঔষধ ব্যবহারের পক্ষে ওলা-উঠার চিকিৎসা বিষয়ে যেৰূপ মাত্রা এবং সময় পূর্বের কথিত হ্ইয়াছে তদনুসারে দিতে হইবেক।

চতুর্থ অবস্থার প্রদাহ বা জর উপস্থিত হয়, এই সময়ে সদৃশ-ব্যবস্থামুসারে চিকিৎসিত হইলে, অন্য কোন উপসর্গ থাকে না, কেবল কথন কথন প্রস্রাব বন্ধা থাকে; এই সালে দিতীয় অবস্থার ন্যায় লক্ষণ সকল উপস্থিত হইলে সেই থবস্থার উষধ সকলের দ্বারা চিকিৎসা করিতে হইবেক, আর যদ্যাপি প্রস্রাব করিতে অত্যন্ত কফ হয়, তাহা হইলে ঔষধ ক্যান্থ্যারিস্ ৩০ পূর্ণমাত্রায় এক বা ছুই ঘণ্টা অন্তর দিবেক।

স্বর থাকা অবস্থার বা আন্তরিক অন্য কোন প্রকার প্রদা-হের অবস্থার, ঔষধ, একোন।ইট্, এক ঘন্ট। অন্তর পূর্ণমাত্রায় দিয়া পরেতে উপস্থিত লক্ষণান্তুসারে ঔষধ ব্যবস্থা করিবেক।

যদাপি মন্তিক্ষ আক্রান্ত হইরা থাকে তাহা হইলে ... বেলাডোনা।
ফুস্-ফুস্যন্ত্র আক্রান্ত হইলে ... বিবেচনার্য রস্-রেডিক্যান্স।
পাকস্থলী অথবা আব্রিক যন্ত্র আক্রান্ত হইলে ... বিশ্লেনার্য নিয়া।
মূত্রস্থলী আক্রান্ত ক্যান্ত্যারিস্, আর ইহা অল্রের শেষ ভাগে

् इहेरल ... र्थं हिन, बदः छोला थोकिरल ॐ राउहात कता योग ।

हिक्क अधान छेषध मर्स्ता १ क्लेक तम-राजिकामा ।

यिन खाउ रहार्स ना थोरक, छोहा हहेरल होग्र नो ।

সর্বতোভাবে রোগীকে আরোগ্য করিতে শেষ ঔষধ সল্ফর্ পূর্ণমাত্রা দীর্ঘ কাল অর্থাৎ আট বা বার ঘন্টা অন্তর এক এক বার করিয়া প্রভাহ সেবন করিবেক।

ভেদ রোগের লক্ষণান্তুসারে চিকিৎসা। প্রস্রাব।

প্রস্থার প্রকালীন বন্ধ হইলে ... বর্ণটুম্।
প্রসাব বন্ধ হইয়া রূপা বেগ থাকিলে ... ক্যাস্থারিস্
♦ প্রপ্রাব অল্প পরিমাণে হইলে... বিক্লিন্তির লিস্, কুপ্রম্, কিকেল্।
প্রপ্রাবের অল্পতা হইলে ... কুপ্রম, বেরাট্যু।

खत्र।

স্বর কর্মণ হইলে ... দকার্বো-বেজিটেবিলিস্, কুপ্রম্, বেরাটুন্। সম্পূর্ণ স্বর বন্ধ হইলে ... কার্বো-বেজিটেবিলিস্, কুপ্রম্।

বক্ষঃস্থল।

বক্ষঃস্থলে যাতনা থাকিলে ... আসে নিকম্, বেরাটুম্।
নিঃশ্বাস শীতল বহিলে ... কার্বো-বেজিটেবিলিস্, আসে নিকম্।
বক্ষঃস্থল চাপিয়া থাকিলে ... কুপ্রম্, এবং বেরাটুম্।
বক্ষঃস্থলে কাম্ডানী থাকিলে ...
বিরাটুম্।
বক্ষঃস্থলের মাংসপেশিতে থেঁচনি
থাকিয়া নিয়ত বমন হয় ও চক্ষুঃ
উপরে তোলা থাকে। ..
নিঃশ্বাস প্রশ্বাসের কট বোধ হইলে ..
কার্বো-বেজিটেবিলিস্,
কুপ্রম্, আসে নিকম্।

(थछिन वा थिन नागा।

যদি বাছতে থেঁচনি থাকে এসিডম্-ফস্করিকম্, সিকেল্।
হত্তে হইলে এসিডম্-ফস্করিকম্, সিকেল্
কিলায় হালৈ এসিডম্-ফস্করিকম্ন।

নাড়ী।

্যদাপি নাড়ী ক্ষীণা ও বেগবতী হয় $\begin{cases} \text{কাবো-বেজিটেবিলিস}, নক্ল-} \\ \text{বিমিকা, রস-বেডেক্যান্স ।} \end{cases}$ নাড়ী ক্ষীণা এবং মূহ হয় কপুরের আরক, বেরাটুম ।
নাড়ী কদাচিৎ পাওয়া যায় $\begin{cases} \text{বস-বেডেক্যোন্স, বেরাটুম}, \text{সিকেল}, \\ \text{এসিডম্-ফস্করিকম্।} \end{cases}$

নানাবিধ মিঞা লক্ষণান্ত্যায়ী চিকিৎস। ।

আন্তরিক জ্বালা, শিরো-লুঠন, মৃত্যুর)
আসে নিকম্।
আশক্ষা থাকিলে
পক্ষাশয়ে ও তলপেটে জ্বালা ... আসে নিকম্, কপুরের আরক।
মন্তিক্ষ এবং তলপেটের পীড়া ... বেলাডোনা।
বিকার কলীন অভিসারাদি) আসে নিকম্, কার্বো-বেজিটেবিলিস্,
কিছু পাকে না .. কুপ্রম্।

ভেদ না হইতেই প্রথমে বিকার ... কপূর্রের জারক বেরাটুম্। সামান্যতঃ সর্বত থেঁচনি ... কপূরের আরক, কুপ্রম্, বেরাটুম্

পথ্য ব্যবস্থা।

এই রোগ অতি বিয়ানক, অতএব ইহার প্রবলতা সময়ে কেবল অর্দ্ধ ভোলা পরিমাণে এক এক বারে শীতল জল মাত্র দিবেক, এবং পরেতে রোগের কিঞ্চিৎ উপশম হইলে, যুবের কৃাথ বা আতপ চাউলের কাথ, উপযুক্ত বোধ হইলে, বল রক্ষার জন্য তাহাতে মাংসের কৃথি মিশ্রিত করিয়া পথ্য দিবেক। কোন প্রকারে খাদ্য দ্রব্য দারা পাকস্থলীকে ভারাক্রান্ত করিবে না, রোপের বিরতি হইলে উদ্ভম স্থপকু অন্ন কেবল মংস্থের ঝোলের সহিত মিপ্রিত করিয়া ক্রমশঃ পথ্য দিবেক। পরেতে ক্রমে ক্রমে আহারের পরিমাণ রৃদ্ধি করিয়া দিবেক, অর্থাৎ ক্রমশঃ দেশীয় প্রচলিত ব্যবহার অমুসারে প্রস্তুত তরকারি আদি ব্যবস্থা করিবেক। উত্তম ৰূপে আরোগ্য হওয়ার পরে অন্ততঃ चां है मन मिन चारभक्ता करिया काँहा छान वावहात करित्वक, দাইলের আবশ্যক হইলে প্রথমতঃ মস্থর, অরহর, বা মাস-কলাইয়ের পরিষ্কৃত কাঁচা দাইল ব্যবহার করিবেক। এই পীড়াতে কোন প্রকারে বাহ্যিক কপূরাদি ব্যবহার করিবেক না, অর্থাৎ কপূর্বের সহিত অন্য দ্রব্য মিঞ্জিত করিয়া কোন মতেই **ष्ट्रक्टर कान द्यारन क्षरमान करा विरधम नरह ।**

ভেদবমির প্রেতে যে উপদর্গ উপস্থিত হয় তাহার ব্যবস্থা চিকিৎসা

যদ্যপি, ভেদ বমন উপশম হওয়ার পর, উদর মধ্যে, ফাঁপিয়া মোড়া দেয়, শূলবৎ যাতনা থাকে, এবং অভিসার,বিদ্যানান্থাকে, তাহা হইলে।

ঔষধ—কার্বো-বেজিটেবিলস্ , পূর্নাত । এক বা ছই ঘন্ট। অন্তর, এবং পরেতে কিছু উপশম বোধ হইলে, ছয় বা আট ঘন্টা অন্তর।

রোগের প্রথর অবস্থার কিঞ্চিং লাঘ্য হইলে, যদ্যপি জলবং বিরেচন হয়, এবং অন্ত্র মধ্যে যাতনা বোধ হয়, নাভি স্থলে ভার বোধ হয়, পেট ডাকে, এবং জল পান করার কিঞ্চিৎ পরে বমনের উদ্রেক হয়, তাহা হইলে।

ঔষধ—কৃষ্করস্, পূর্ণমাত্র। তিন ঘণ্টা অন্তর।

যদ্যপি জিহ্বা আঠাল থাকে, এবং মুখ বিবর্ণ হয়, ও জলবং বা আঠাল মল নির্গত হয়, অথবা তাহার বর্ণ ঈষৎ সবুজ হয়, এবং প্রস্রাব সমভাবে না হয় তাহা হইলে।

ঔষধ—এসিডমু-ফুসু ফরিক্ম, অর্দ্ধমাত্রা ছুই ঘন্টা অন্তর।

ভুক্ত-দ্রব্য-প্রবাহ-প্রণালী মধ্যে যদি দুর্ব্বলতা থাকে, এবং নিয়ত তরল মল অথবা যাহাদিগের অর্শঃ, বা কোন প্রকার চর্মা রোগ থাকে, এমত অবস্থায় সর্বতোভাবে আরোগ্য করিবার নির্মিত্ত।

ঔষধ—সন্ফর্, পূর্ণনাত্রা প্রথমতঃ ছয় ঘন্টা অন্তর, এবং কিছু উপশম হইলে পরেতে দ্বিগুণনাত্রা, প্রত্যাহ প্রাতঃকালে দিবেক।

যদ্পি মূত্র স্থলীতে, অত্যন্ত ছালা থাকে, এবং বেগের, সহিত অভ্যুম্প পরিমাণে পাতলা মল বিরেচিত হয় তাহা হইলে। ঔষ্ঠান্ত্যায়ারাইডিগ্, পূর্ণনাতা হই ঘনী অন্তরু। যদ্যপি বিকার লক্ষণবোধ হয় এবং প্রলাপাদি থাকে তাহা হইলে।

ঔষধ—রস্-টক্লি কোডেন্ডুন্, এবং ব্রায়োনিয়া, পূর্ণমাতা ছুই ঘন্টা অন্তর উপর্যুপরি রূপে দিবেক।

যদ্যপি রোগী নিষ্পন্দভাবে থাকে, এবং প্রলাপ বাক্য কহিতে থাকে ও মুখ রঞ্চবর্ণ দেখায় তাহা হইলে।

ঔষধ—হায়োসায়েমদ্, ওপিয়ম্, এবং লাকিসিস্ পূর্মাত্রা তিন ঘন্টা অন্তর, ক্রমশঃ অর্থাৎ প্রথমোক্ত ঔষধের ছই তিন মাত্রায় কিছু উপশম বোধ না হইলে, পরেতে দ্বিতীয় এবং তৃতীয় ঔষধ ঐ রূপে দিবেক।

যদ্যপি এই অবস্থায় চর্ম্মের উষণতা, মাথা ধরা, নাড়ীর তীব্র গতি, কর্ণেতে অতিরিক্ত শব্দ বোধ, জিহ্বা শুষ্ক, এবং প্রস্রাব অত্যন্ত কটু হয়, তাহা হইলে।

ঔষধ-একোনাইট্, পূর্ণমাত্র। তিন ঘন্টা অন্তর।

পথা ব্যবস্থা।

আহার্য্য দ্রব্য পূর্ববিৎ বিশেষতঃ রোগীকে, পশম বা তুলার দ্বারা নির্দ্মিত শ্য্যায়, (শ্য্যা উদ্ভাপ দ্বারা গরম করিয়া, তাহার উপর) শরন করাইবে, গরম জল বোতলে পূরিয়া সেই বোতল পায়ের তলে ধরা এবং তপ্ত ক্ল্যানেল শরীরের অন্যান্য অংশে দেওয়া বিশেষ উপকারক, অপিচ একখানি চাদর, গরম জলে ভিজাইয়া তাহার দ্বারা রোগীকে আচ্ছাদন করিয়া পরেতে ক্ষলের দ্বারা জড়াইয়া রাখিলেও বিশেষ উপকার বোধ হইবে। শ্রীরের যে স্থানে, অক্সগ্রহ থাকে সেই স্থানে পশ্ম শ্রিত, বস্ত্র দ্বারা ডলা কখন কখন কর্ত্ব্য।

যথন এই রোগ, কোন স্থান বিশেষে, সময় বিশেষে প্রবল ৰূপে সকলকে আক্রমণ করিতে থাকে, তথন ইহা উপস্থিত না হয়, তজ্জনা প্রত্যহ পাঁচ কোটা করিয়া কৃপূর্বের আরক কিঞ্ছিৎ চিনির সহিত সেবন করিবেক।

শোথঃ।

শারীরিক কোন আরত গহরর মথ্ঠেরা কোন যন্ত্রাকরক-স্থান-চর্ম মধ্যে জল একত্রিত হইলে তাহাকে শোথঃ কহে, এই রোগ প্রায়, অতিসার বা অন্য প্রকার রোগাদির আনুসঙ্গিক, হইয়া থাকে অতএব যে রোগেতে এই রোগ উৎপন্ন করায়, তদনুষায়ী ইহার চিকিৎসা করা কর্ত্ব্য।

বৃক্ষঃস্থলের শোধঃ। চিকিৎসা।

যদ্যপি, নিঃশ্বাস প্রশ্বাসে কফ হয়, এবং ঘনঃশ্বাস হয় ও হাসিতে, বা চলিতে, বা উপরে উঠিতে, অত্যন্ত পীড়া বোধ হয়, এবং রাত্রিতে, শ্বাস রোধ হওয়ার ন্যায় যাতনা উপস্থিত হয়, ও অত্যন্ত দৌর্বল্য থাকে, তাহা হইলে।

উষধ—আদেনিকন্, পূর্নাত্র: বার ঘন্টা অন্তর এক সপ্তাহ যাবৎ দিবেক।

যদি কোলার সহিত হাঁপানি বোধ হয়, নি:শ্বাস প্রশ্বাসের সময় বক্ষঃস্থল চাপিয়া ধরে, কথা কহিবার সময় ঘনঃশ্বাস হয়, এবং বক্ষঃস্থলে চাপন ও তুর্বলভা বোধ হয়, ভাহা হইলে।

ঔষধ — কার্বো-বেজিটেরিলিস্, পূর্ণমাত্রা, আক্রমণ কালীন ছুই ঘন্টা অন্তর, খুবং দামান্যতঃ চিকিৎসার জন্য প্রাতঃ ও সন্ধ্যাকালে। এক এক বার ক্রিয়া দিবেক। যদ্যপি রাত্রিতে অথবা প্রাতঃকালের সময় নিঃশ্বাস প্রশ্বাসে কট বোধ হয়, দক্ষিণ পাশ্বে শয়ন করিতে অশক্ত হয়, এবং সমস্ত বক্ষঃস্থলে, চাপিয়া ধরে ও কোন প্রকার কর্ম করিতে বা কথা কহিতে, বা রাত্রিকালে শয়ন সময়ে, নিঃশ্বাস প্রশ্বাসে কট বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—কেবম্ প্র্মাতা রাতি এবং প্রাতঃকালে, প্রতাহ এক এক বার এক সপ্তাহ পর্যান্ত দিয়া শেষ মাতার চারি দিবস পরে ঐ রূপে পুনর্কার চালাইবে।

যদ্যপি এই রোগ, কোন প্রকার প্রথর রোগ জন্য হয়, এবং যদ্যপি ইহা দুর্বলে অবস্থায় ক্রমশঃ প্রকাশ হয়, তাহা হইলে।

ঔষধ—সল্ফর্, দ্বিগুণমাত্রা প্রত্যন্ত প্রাতঃকালে এক এক বার করিয়া।

উদরীয় শোধঃ বা জলোদরী।

এই রোগ উপস্থিত হইবার পূর্বের রাত্রিতে অস্থিরতা,
নিয়ত পিপাসা, পরিপাকশক্তি এবং ক্ষ্ধার অপেতা, জিহ্বা
মলিন, ন্যুনাধিক জ্বর বোধ, নিয়ত বমনেচ্ছা, বা কখন কখন
বমন, প্রস্রাবের অপেতা, কোষ্ঠাবরোধ, বা উদরের জ্ডুতা, যক্ক্
তের দিকে, এবং পশ্চান্তাগে ও কটিতে যাতনা বোধ থাকে,
অনন্তর, ক্রমশঃ উদর রুদ্ধি হইতে থাকে। উদরী পত্রীক্ষা
কালীন উদরের এক পাম্থে হস্ত রাখিয়া অপর পাশ্বে কর দ্বারা
আঘাত করিলে, জলের ধাকার ন্যায় বোধ হয়, এই রোগে রোগী,
যখন ক্রমশঃ ছুর্বেল হইয়া যায়, প্রস্রাবের অন্পতা হয়, এবং
যদ্যপি নাড়ী ক্ষীণা ও অসমান গতি বিশিষ্টা হয় ও শরীরের
স্থানে হানে রক্তের নাায় চিহ্ন দেখা যায় জ্বর, বিদ্যমান্ থাকে,

কাশী ও নিংশাদ প্রশাসে কট হয়, রক্তপ্রার এবং অত্যাপ পরিমাণে তুর্গন্ধ প্রপ্রাব হয় তাহা হইলে অসাধ্য লক্ষণ জানী শায়।

চিকিৎসা।

যথন এই রোগে জর বিদ্যমান্থাকে এরং হঠাৎ শোধঃ রুদ্ধির তরুণাবস্থা উপস্থিত হয়, তৎকালে অন্য চিকিৎসার পূর্বে।

ঔষধ—একোনাইট, পূর্ণমাত্রা আবশ্যক হইলে তুই ঘণ্টা জন্তর দিবেক।

এই রোগে বা অন্য কোন প্রকার শোথে পূর্ব্বোক্ত ঔষ-ধের পর বিশেষ উপকারী, এবং যদ্যপি অত্যন্ত জ্বর, অতিশয় ছ্ব্বলতা নিশ্চেষ্টতা, প্রস্রাব, এক কালীন বন্ধ, বা অত্যন্তপ পরিমাণে হয়, এবং আঠাল ও পাতলা মল নির্গত হয়, ভাহা হইলে ও অতিশয় পিপাসা থাকিলে।

ঔষধ—হিলেবোরস্, পূর্ণমাত্রা চারি ঘন্টা অন্তর, রোগের প্রবল অবস্থায় এবং পরেতে ক্রমশঃ অধিক কাল পরে দিবেক।

বদি উক্ত ঔষধের শেষ মাত্রার ছয় ঘন্টা পরে উপশম বোধ না হয়, কিয়া কিঞ্চিয়াত উপশম বোধ হয়, তাহা হইলে, এবং যথন রোগ রুদ্ধ হইয়া ক্রমশঃ রোগীকে তুর্বল করিতে থাকে কিয়া চিকিৎসা আরমের পূর্বে যদি রোগ, অধিক কাল হইয়া থাকে, তাহা হইলে।

ঔষধ—আর্দেনিকন্, অর্ধ নাত্রা রোগের তীব্রাবস্থায় অর্ধ্বন্টা অন্তর বা অভিশয় প্রয়োজন হইলে ৫। ১০, ১৫ বা ২০ মিনিট্ অন্তর দিবেক, পরেতে আরোগা লক্ষণ উপস্থিত হইলে ক্রমণা অধিক কালে। অন্তর করিয়া দিবেক। যদ্যপি যক্ত্ৎ, প্লীহা, বা শারীরিক অন্য কোন যন্ত্রের পীড়া জন্য এই রোগ উপস্থিত হয়, এবং অত্যস্ত দৌর্বল্য ও কিঞ্চিৎ উৎকাশী থাকে আরও যদ্যপি শরীরের অত্যস্ত উত্তাপ, এবং প্রবল পিপাসা থাকে, তাহা হইলে।

खेष४—मर्कि উदियम्, शूर्व्यदः।

যদ্যপি এই রে[†]গ, অতিরিক্ত শোণিত ক্ষয় জন্য, অথবা যক্তং, শ্লীহাদির দোষ জন্য হয়, এবং অপ্পক্ষজনক শুদ্ধ কাশী থাকে, চর্মা পাণ্ডুবর্ণ হয়, নাড়ী স্থলনা তুর্বলা এবং মৃত্যুগতি বিশিক্তা হয়, পুনঃ পুনঃ রুথা প্রস্রাবের বেগ হয়, তাহা হইলে।

ঔষধ—চায় না, রোগের প্রথর অবস্থায় পূর্ণমাতা ভিন ঘণ্টা অন্তর এবং কিঞ্ছিৎ উপশন বোধ হইলে, পরেতে প্রত্যহ প্রাতঃ এবং সন্ধা-কালে এক এক বার করিয়া।

উক্ত ঔষধের শেষ মাত্রার ছয় ঘন্টা পরে যদ্যপি তদ্ধারা কিঞ্চিন্মাত্র লাঘব বোধ হয়, বা, না হয় এবং রোগীর চর্ম্ম পাণ্ডু-বর্ণ হয়, ও শোধঃ বিশিষ্ট স্থান সকলে বিদ্ধা করার ন্যায় যাতনা বোধ হয় তাহা হইলে।

ঔষধ—ফেরম্, পূর্ণদাত্রা চারি ঘন্টা অন্তর, এই রূপ ভিন বারের পর ক্রমশঃ ছয় বা আট ঘন্টা অন্তর দিবেক।

পথ্যব্যবস্থা ।

পুরাতন গমের কৃটী, শুষ্ক মানথগু পিশিয়া অর্দ্ধেক জল শ্রুবং অর্দ্ধেক ছব্দ্ধে মিশ্রিত করিয়া পাক করতঃ কিঞ্চিৎ মিস্ রির সম্ভি পথ্য করিবে এবং শশক, সেজারু, বা হরিণ, মাংস ও জিওল (শিক্ষি) ও মাগুর মৎস্য। উদ্ভিজ্জ দ্রব্য মধ্যে করলা, মূলা, সজিনার ভাঁটা, পিড়িংশাক, এতদ্ভিন্ন আর কিছু ব্যবহার করিবেক না। আরও কুকুট, ভাড়ুই ও ময়ূর, কচ্ছপ মাংসও কিঞ্চিৎ পরিমাণে দেওয়া বাইতে পারে।

ত ক্রান্ত বাত রোগ । " ক্রান্ত ক্রান্ত বাত । ক্রান্ত ক্রান ক্রান্ত ক্রান্ত ক্

লক্ষণ—এই রোগে গ্রন্থি সমুদয়ে বেদনা বোধ হয়, প্রদাহ
বিশিষ্ট, তরুণ বা প্রাচীন শীতল-স্পর্শ কোলা থাকে, এবং অগ্নি
মান্দ্য হয়। এই রোগের পূর্বে অগ্নি মান্দ্য হইয়া কিঞ্ছিৎজ্বর
বোধ হয়, পায়ের শিরা সকল কোলে এবং গ্রন্থি সকলে জড়তা
বা কাম্ডানি থাকে। যথন প্রথম আক্রমণ কাল উপস্থিত
হয়, (প্রায় রাত্রিকালেই) তথন পায়ের, হাতের, যোড় ছাড়িয়া
যাওয়া, এবং জ্বালা বাম্বতিশয় দক্ষের ন্যায় "আক্রাস্ত স্থানে"
যাতনা বোধ হয়। তাহার কিছু কাল পরে, সেই সকল যাতনা
অন্তর্হিত হয়, এবং আক্রাস্ত স্থান লাল হইয়া ফুলিয়া থাকে।

নিদান—এই রোগ কোন কোন ব্যক্তির পৈতৃক দোষ জন্য হয়, তদ্ভিন্ন নিমু লিখিত কারণ হইতেও উৎপান হইয়া থাকে। নিশ্চেইতা, মদ্যাদি পান, বিশেষতঃ পোর্টপ্রয়াইন্ প্রভৃতি অধিক পরিমাণে ব্যবহার, মনোবেগ, অত্যন্ত পাঠাদিতে নিমগ্নতা, পরিষ্কৃত বায়ু সেবনার্থে বহির্গমন না করা এবং বলকারক ঔষধ ও পুনঃ পুনঃ জোলাপাদি ব্যবহার করা।

চিকিৎসা।

বদ্যপি রোগী বিলক্ষণ মোটা হয় এবং প্রদাহ বিশিষ্ট ত্বর থাকে, নাড়ী কঠিনা ও বেগবতী হয়, এবং যদ্যপি বাছিক উদ্ভাপ থাকে, ও ফুলিয়া লাল হয়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, অর্জনাতা ছই তিন ঘণ্টা অন্তর রোগের প্রথর অবস্থায়, এবং জ্ব-লক্ষণের ∕কিঞ্ছিৎ হ্রাস হইলে, পরেতে চারি, ছয় ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি বাতনা এক স্থান হইতে অন্য স্থানে বোধ হয়, এবং সন্ধ্যার সময় বা শয়ন কালীন বৃদ্ধি হয়, ও আক্রান্ত স্থান জড়বৎ বোধ হয়, এবং বিশেষতঃ যদি অগ্নি মান্দ্য থাকে তাহা হইলে।

ঔষধ—পলেসটিলা, রোগের তীব্রাবস্থায় পূর্ণমাত্রা চারি ঘন্টা অন্তর এবং হ্রাসাবস্থা হইলে রাত্রি এবং প্রাতঃকালে এক এক বার করিয়া এক সপ্তাহ পর্যান্ত।

যদ্যপি পীড়িত স্থান থোলা থাকিলে যাতনা রুদ্ধি হয়, এবং বস্ত্রাবরণের দ্বারা উষ্ণ থাকিলে যাতনার লাঘব বোধ হয়, ও রোগী যদি দুর্বলে, মগ্ন এবং ক্লান্তিযুক্ত হয়, তাহা হইলে।

ঔষধ—আর্দেনিকম্, পূর্নমাত্রা তিন ঘন্টা অন্তর এবং পরেতে পূর্ব্ধ-বং ছয় ঘন্টা অন্তর।

ষদ্যপি যাতনা রাত্রিতে রৃদ্ধি হয় এবং অস্থিরতার সহিত পুনঃ পুনঃ হস্ত পদাদির অগ্রভাগ রাখিবার স্থান পরিবর্ত্তিত করিতে চেফা হয়, পাগুর্বর্ণ, এবং অত্যন্ত চিন্তাযুক্ত অবয়ব দেখা যায়, তাহা হইলে।

ঔষধ—কেরম্, পূর্ণমাতা চারি ঘন্টা অন্তর । এই ঔষধ, রুসু-টক্লি-ঠোডেন্ডুনের সহিত উপর্যুপরি দিবেক। যদ্যপি উক্ত প্রকার ঔষধন্বয় প্রয়োগের পর উপকার বোধ না হয়, এবং স্পর্শ করিলে, বা চাপিলে, যাতনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—চায় না, কেরমের ব্যবস্থামুসারে দিবেক।

ষদ্যপি প্রাতঃকালে যাতনা রুদ্ধি হয়, এবং মাংসপেশীতে দপ্ দপ্ করা ও কাম্ড়ান এবং জড়ত। বোধ হয়, পাকস্থলীর বিক্লতি থাকে, আরও যদি কোষ্ঠাবরে। ব্রথ অর্পঃ থাকে, কিয়া আতিসারিক ধাতু হয়, ও যদ্যপি মদ্যাদিতে রোগী আশক্ত হয়, তাহা হইলে।

ঔষধ—নক্স-বমিকা, রোগের প্রবলতা সময়ে পূর্ণমাত্রা তিনঘন্টা অস্তর এবং পরেতে লাঘবাবস্থায় ছয়ঘন্টা অস্তর। এই ঔষধ একোনাই-টের সহিত উপর্যুপরি দিলে বিশেষ উপকার বোধ হয়।

যদি কিঞ্চিমাত্র গতিতে, এবং রাত্রিতে যাতনা রুদ্ধি হয়, শীতবোধ ও কম্প, ঘর্ম কিয়া জর বিদ্যমান্ থাকে, অথবা অজীর্ণতা থাকে, তাহা হইলে।

खेषथ--- बारमानिया, नक्न-विकात नाम्य निरवक !

প্রাচীন গ্রন্থিবাতের চিকিৎসা।

যদ্যপি এই রোগ প্রাচীন হয় ও মধ্যে মধ্যে প্রথর ৰূপ ধারণ করে তাহা হইলে এবং সর্বতোভাবে আরোগ্য করিবার নিমিত্তে।

ঔষধ—আর্ণিকা, স্যাবাইনা, এই উভয়ের অনাতর একটা ঔষধ পূর্ণ মাজায় চারি ঘণ্টা অন্তর "রোগের প্রথরাবস্থায়" দিবেক, পরেতে ছই দিবস অন্তর। বদ্যপি সর্বভোভাবে আরোগ্য করিবার প্রয়োজন হয়, ভাহা হইলে।

ঔষধ-—সল্ফর্, ক্যান্তেক্রিয়া, হেপার্ইহার মধ্যে যে কোন একটা ঔষধ প্রত্যহ প্রাতঃকালে দ্বিগুণ মাত্রায় দশ দিন পর্যন্ত ব্যবহার করিয়া ভাহার এক সপ্তাহের পরে অপর ঔষধ উক্ত মতে ব্যবহার করিবেক।

গ্রন্থিত, সদত এক স্থান হইতে যদ্যপি স্থান্য স্থানে উপ-স্থিত হয় তাহা হইতে !

উষধ — গলেসটিলা, সন্ফর্, আর্থিনা, প্লম্বমূ, ইহার অন্যতর একটা ঔষধ পূর্ণ মাত্রায় প্রত্যন্ত রাত্রি এবং প্রাতঃকালে এক সপ্তান্থ পর্যান্ত ব্যবহার করিয়া তাহার চারি দিন পরে আবশাক হইলে পুনর্কার পূর্ববং ব্যবহার করিবেক, অথবা উক্ত ঔষধের মধ্যে অন্যতর একটা ঔষধ উক্ত মতে ব্যবহার আরম্ভ করিবেক।

গ্রন্থি-বাতে গ্রন্থি রন্ধির চিকিৎসা।

यमाि थाखिवाञ रहेशा थाखि दक्षि रस जाहा रहेला।

ঔষধ—ক্যাল্কেরিয়া, সিপিয়া, লাইকোপোডিয়ন্, প্রাকাইটিন্, অরম্ ক্যাকিনেগ্রিয়া, ইহার মধ্যে অন্যতর একটা ঔষধ দিগুণ মাত্রায় প্রত্যহ প্রাতঃকালে, অথবা পূর্ণাত্রা প্রত্যহ রাত্রি এবং প্রাতঃকালে, এক এক বার করিয়া, সেবন করিবেক।

হস্ত পদাদির গ্রন্থি, বাত রোগ জন্য ছোট হইলে।

ঔষধ—নত্তর, কফিক্ম, ব্রায়োনিয়া, রস-টক্লিকোডেণ্ডুন্, বা সাইলিশিয়া, ইহার অন্যতর একটা ঔষধ প্রত্যহ প্রাতঃকালে দ্বিগুণ-মাতায় সেবন করিবেক।

চরণের গ্রন্থি বাড।

গ্রস্থি বাত যদি কেবল চরণে ধরে তাহা হইলে।

ঔষধ — আর্থিকা, স্যাবাইনা, ব্রায়োনিয়া, ককিউলস্, লাইকো-পোডিয়ম্, এবং সলফর্ ইহার অনাতর একটা ঔষধ পূর্ব্বোক্ত মতে ব্যবহার করিবেক।

উক্ত কোন একটি ঔষধের দ্বারা কিছু উপশম বোধ হইলে সম্পূর্ণ ৰূপে আরোগ্য হইবার নিমিত্ত। ঔষধ—সল্ফর, পূর্ববং ব্যবহার করিবেক।

পথ্য ব্যবস্থা ৷

এই রোগে লঘু দ্রব্য সহজে পরিপাক হয় এমত পথ্য করিবেক, এবং তাহাও সহজ অবস্থা অপেক্ষা এক এক বারে অলপ পরিমাণে আহার করিবেক। কিন্তু যদি রোগীর উত্তম বপে আহার করা বছকালের অভ্যাস থাকে তাহা হইলে হঠাৎ এক কালীন তাহার হ্রাস করিবেনা, প্রত্যহ কিয়ৎ পরিমাণে, নিয়মিত ব্রপে শারীরিক পরিশ্রম করা এবং এক সময়ে আহার নিদ্রাদি করা বিধেয়। যদ্যপি এই রোগ প্রাচীন হয়, তাহা হইলে এক কালীন আমিষ দ্রব্য বর্জ্জন করিয়া কেবল উদ্ভিজ্জ দ্রব্য মাত্র ব্যবহার করিবেক।

বাত রোগ।

এই রোগ ছুই প্রকার হইয়া থাকে, অর্থাৎ তরুণ বা ভীত্র, এবং প্রাচীন। সামান্য লক্ষণ—শারীরিক-সূক্ষাত্মকে বা মাংস পেশীতে যাতনা বোধ হয় ও তন্নিকটস্থ স্থান ফুলিয়া কিঞ্চিৎ লাল এবং উত্তাপ বিশিষ্ট হয়।

তীব্র বাত রোগের লক্ষণ।

প্রথমতঃ অস্থিরতার পর জর বোধ হয়, কখন শীত ও কখন উত্তাপ, পিপাসা, হস্ত পদাদি শীতল, কোষ্ঠাবরোধ, নাড়ী বেগ-বতী হয়, তদম্ভর বৃহৎ-গ্রন্থি সকলে যাতনা হইয়া, এক স্থান ভ্যাগ করিয়া, অন্য স্থানে যাতনা বোধ হয়, ও পূর্বের স্থানে, রক্তবর্ণ ফুলা, এবং কোমলতা থাকে, ও ত্র্বেলতা হয়।

প্রাচীন বাতের লক্ষণ।

যে স্থানে যাতনা হয়, সেখানে প্রায় ফুলা দেখা যায় না, কখন কখন আক্রান্ত স্থান জড়বৎ বোধ হয়, কিঞ্চিৎ জ্বর বোধ হয়, কিয়া এক কালীন জ্বর থাকে না।

নিদান—অত্যন্ত গ্রীয়-প্রধান দেশে, বা সোঁতা বা শীতল স্থানে, সদত বাস ইত্যাদি।

চিকিৎসা।

যদি অত্যন্ত জ্বর, উন্তাপ, পিপাসা, গণ্ডদেশ রক্তবর্ণ, এবং আক্রান্ত স্থান সকলে ছিঁড়িয়া কেলার ন্যায় যাতনা, রাত্রিতে রন্ধি হয়, আক্রান্ত স্থান রক্তবর্ণ বা ফুলিয়া চিক্ চিক্ করে, স্পার্শ করিলে যাতনা রৃদ্ধি হয়, তাহা হইলে।

উষধ—একোনাইট্, অর্জনাতা চারি ঘন্টা অন্তর। এই ঔষধ
অন্যান্য ঔষধের সহিত উপর্যুপরি দিলেও বিশেষ উপকার হয়।

উক্ত ঔষধ প্রয়োগের পূর্বের বা পরে, বদ্দ্র প্রদাদির প্রস্থি সকলের কিঞ্চিৎ ফুলা থাকে, এবং টানেরা ছেঁড়ার ন্যায় যাতনা বোধ হয়, আক্রান্ত স্থানের উপর কোন প্রকারে, উক্তাপ দিলে ভাল থাকে, শীতল বস্তু লাগিলে এবং বিসয়া থাকিলে রৃদ্ধি, চলিলে শান্তি বোধ হয়, জর থাকে, অতিরিক্ত মাথাধরা, অস্থিরতা, অনিদ্রা, অকুধা, অথবা অম্মুর্কুচি, অতিশয় পিপাসা, এবং কোষ্ঠ বদ্ধ থাকে তাহা হইলে।

अवध-नव्यव, नर्वविधाय भूर्वव ।

ষদ্যপি রাত্রিতে এবং গমনাগমনে অতিরিক্ত জালার ন্যায় বা শূলবৎ যাতনা হয়, আক্রান্ত স্থান অতিশয় ফুলিয়া লাল হয়, এবং চিক্ চিক্ করে, জ্বর বিদ্যমান্ থাকে, মস্তকে রক্তবদ্ধ হইয়া শিরা সকল দপ্ দপ্ করে, মুখ রক্তবর্ণ হয়, চর্ম উষ্ণ, পিপাসা, বেগবতী নাড়ী এবং অনিদ্রা থাকে, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, তীব্রাবস্থায় পূর্ণমাতা এবং তদ্ভিন্ন অবস্থায় অর্দ্ধমাত্রা সর্বাডোভাবে পূর্ববং।

যদ্যপি আক্রান্ত স্থানে, ছিঁড়িয়া কেলার ন্যায় যাতন। থাকিয়া সেই স্থান জড়বৎ বোধ হয়, কিঞ্চিৎ জ্বর থাকে, অভ্যন্ত অন্থিরতা, মন্তকে ঘর্ম হয়, রাত্রিতে যাতনা রুদ্ধি, স্থান পরি-বর্ত্তনে বা শ্যায় বসিয়া থাকিলে, কিঞ্চিৎ উপশম বোধ হয়, মাঢ়িতে বা হন্ত পদাদিতে, বাতের যাতনা বোধ হয়, ভাহা হইলে।

ঔষধ—ক্যামোমিলা, অর্দ্ধমাত। ছয় ঘণ্টা অন্তর।

যদ্যপি আক্রান্ত স্থানে জড়তা, বা টানিয়া ধরা, ও মাংস পেশী সকলে কাম্ড়ানের ন্যায় যাতনা বোধ হয়, গ্রন্থিতে, মূল-শরীরের পশ্চান্তাগে, বক্ষঃস্থলে, এবং কটিদেশে, অন্ট্যস্ত যাতনা াধ হয়, অজীর্ণতা, কোষ্ঠবন্ধ থাকে, ঘাড়ের মাংসপেশীতে টান্বোধ হয় এবং রাত্রিতে বৃদ্ধি হয়, তাহা হইলে।

ঔষধ—নক্স-বমিকা, পূর্ণমাত্র। দিবা এবং রাত্রিতে এক এক বার, এই ঔষধের পরে ক্রমেতে ককিউলস্, এবং ইন্নেশিয়া উক্ত প্রকারে দিবেক।

যদ্যপি হস্ত পদাদিতে ফুলা থাকে বা জালার সহিত লাল হয়, কিয়া পায়ের হৃষ্ণ স্কুষ্ঠ ফুলিয়া লাল হয়, চর্ম শুদ্ধ থাকে, বা অতিশয় ঘর্ম হয়, রাত্রিতে শয়ন করিলে যাতনা রুদ্ধি হয়, এবং হস্ত পদাদি শীতল, বা জড়বৎ চুর্বল হইয়াযায়, তাহা হইলে।

ঔষধ—ডল্কেমেরা, অর্দ্ধনাত্রা বার ঘণ্টা অন্তর দিবেক।

উক্ত ঔষধের চারি মাত্রার পর যদ্যপি উপশম বোধ না হয় এবং প্রাতঃকালে রোগের বৃদ্ধি বোধ হয়, ও আক্রান্ত স্থান কাঁপিয়া ফুলিয়া উঠে, বিশেষতঃ যদি হাড়ের ভিতর বা প্রস্থিতে, যাতনা বোধ হয় ও অতিশয় ঘদ্ম হইয়াও যাতনার লাঘব না হয়, পুনঃ পুনঃ শীত ও আন্তরিক উক্তাপ বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—মর্কি উরিয়ন্, পূর্ব্ববং। উক্ত ঔষধে উপকার বোধ না হ**ইলে পরেতে।** ঔষধ—ল্যাকিসিন্, উক্ত প্রকারে দিবেক।

যদ্যপি আক্রান্ত স্থান জড়বৎ বোধ হর, এবং শীতল বায়ু লাগিলে কিঞ্চিৎ শান্তি হয়, ও সন্ধ্যাকালে বা রাত্রিতে বৃদ্ধি হয়, জ্বর বোধ থাকে, অন্যন্ত শীত বোধ, এবং অস্থিতে যাতনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—পন্দেটিলা, অর্দ্ধনাত্র। বার ঘন্টা অন্তর। এই রূপ চারি দিবসের পর যদ্যপি কিঞ্চিৎ শাস্তি বোধ হয় এবং অন্থি হইতে মাংস ছিঁড়িয়া কেলার ন্যায় বাতনা, বিদয়া থাকিলে বৃদ্ধি, এবং শরীর সঞ্চালনে শাস্তি বোধ হয়, আক্রান্ত গ্রন্থি ফুলিয়া রক্ত বর্ণ হইয়া চিক্ চিক্ করে, ও সঞ্চালত করিতে উদ্যত হইলে বৃদ্ধি হয়, এবং সঞ্চালন করিতে ক্ষান্ত না হইলে কিঞ্চিৎ শাস্তি হয়, বিশেষতঃ যদ্যপি এই রোগ সংক্রান্ত জ্বর অত্যন্ত প্রবল হয়, ও যদি জলে ভিজাতে উৎপন্ন হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ—রস-টক্লিকোডেণ্ড্রন্, পূর্ববিৎ স্বতন্ত্র বা পলেসটিলার সহিত উপর্যাপরি রূপে দিবেক।

যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধন্বয় প্রয়োগের পর কিঞ্চিৎ উপশম বোধ হয়, তাহা হইলে, তাহার শেষ মাত্রার চবিশে ঘণ্টার পরে যদ্যপি বাতের যাতনা এক স্থান হইতে আন্য স্থানে যায়, এবং সেই খান হইতেও অন্যত্র গমন করে, তাহা হইলে।

ঔষধ-—ক্যাম্ফর্, (পরিস্কৃত আরক) এক ফোটা পরিমাণে পরিস্কৃত চিনির সহিত ছয় ঘণ্টা অস্তর এক এক মাত্রা করিয়া সেবন করিবেক।

যদ্যপি ছিঁড়িয়া ফেলার ন্যায়, বা চ্ছেদন করার ন্যায় বা জালাবৎ যাতনা হয়, এবং অতিশয় অস্থিরতা, অনিদ্রতা, ও পিপাদা থাকে, হস্ত পদাদির অগ্রভাগে যাতনা বোধ ও বেদনা চালিয়া বেড়ায়, বিশেষতঃ যদ্যপি বক্ষঃস্থলে আক্রমণ করে ও ষদ্ম হইলে যাতনার নিরুক্তি হয় তাহা হইলে।

ঔষধ—আদেনিকম্, অর্দ্ধ মাতা চারি ঘন্টা অন্তর এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি পূর্ব্বোক্ত কোন ঔষধ প্রয়োগে রোগের কিঞ্চিৎ লাঘব হইয়া.এক ভাবে থাকে, অথবা যে ধাতুতে এই রোগ পুনঃ পুনঃ আক্রমণ করে তাহা সম্পূর্ণ রূপে নিবারণ করিবার নিমিন্ত।

ঔষধ—সন্দর্, দ্বিশুনমাত্রা প্রত্যহ প্রাভঃকালে, এক এক বার করিয়া দশ দিবস পর্যান্ত। এই অন্ত্রসারে চলিয়া এক সপ্তাহ পরে পুনর্কার ঐ রূপে চলিবেক।

যথন বেলাডোনা, ব্রায়োনিয়া, এবং রস্ টক্সি্কোডেন্-ভূন্ দিয়া কোন প্রকার উপকার বোধ না হয় ভৎকালে।

ঔষধ—হেপার এবং ল্যাকিসিস্পূর্নাত। করিয়া ক্রমাণুয়ে ছয় ঘন্টা অন্তর দিবেক।

উক্ত ঔষধদ্বর প্রয়োগের পর গ্রন্থিতে যদ্যপি কিছু জড়ত। থাকে ভাহা হইলে।

ঔষধ—কলোসিস্ত্, পূর্ণমাতা বার ঘন্টা অন্তর এক এক বার করিয়া দিবেক।

যদাপি উক্ত প্রকারে সর্বতোভাবে আরোগ্য না হয় তাহা হইলে।

ঔষধ—নক্স-বমিকা, ককিউলস্, এবং ইগ্নেশিয়ার মধ্যে যে কোন একটিঔষধ উক্ত প্রকারে দিবেক।

প্রাচীন বাত রোগ।

যদ্যপি বাত রোগ বছকাল স্থায়ী হয়, তাহা হইলে, প্রথ-মত: ঔষধ সক্ষর, দ্বিগুণমাত্রা প্রভাহ প্রাতঃকালে এক এক বার করিয়া দশ দিবর্স পর্যান্ত সেবন করিয়া তাহার এক সপ্তাহ পরে আবশাক হইলে পুন্রবার ঐ রূপে ব্যবহার করিবেক।

^{*} আমি এই ঔষধভারের ছার। তিন বংসর পর্যান্ত চলংশক্তিবিহীন, এক ব্যক্তিকে সার্গোগ্য করিয়াছি।

উজ্জ ঔষধ উজ্জ ব্যবস্থা মতে ছুই বার চালাইয়া পরেতে, এবং ষদ্যপি সময়ের পরিবর্ত্তন জন্য পুনর্ববার রোগ উপস্থিত হয়, তাহা হইলে।

अवध-कात्कित्रा, शूर्ववर।

অথবা কার্বো-বেজিটেবিলিস্, হেপার্, লাইকোপোডিয়ম্ বা ল্যাকিসিস্ উক্ত প্রকারে ব্যবহার করিবে।

পথ্যব্যবস্থা।

এই রোগে যখন স্থর বিদ্যমান্ থাকে, তৎকালে স্থরচিকিৎসার পথ্যের ন্যায়, পথ্য ব্যবস্থা করিবেক, বিশেষতঃ স্থর
হউক বা, না হউক, যে রোগী এই রোগে পুনঃ পুনঃ আক্রান্ত
হয়, তাহার পক্ষে পরিমিত আহার করা কর্ত্তব্য । শাক, অমু,
কলাইর ডাল, দি ইত্যাদি শ্লেষা বৃদ্ধি কারক দ্রব্য এককালীন
বর্জন করিবে। আরও এই রোগের স্বহিত প্রায় অন্ধীর্ণতা সহচর
থাকে, অতএব অন্ধীর্ণ রোগের ব্যবস্থামুযায়ী চলা নিতান্ত
বিধেয়।

মাজার বেদনা।

লকণ—এই পীড়াতে মাজার সম্বের সমরে, বা নিয়ত বাতের ন্যায় বেদনা থাকে, এবং অতিশয় প্রবল জ্বর ও বিদ্য-মান্ থাকে।

জ্বর বদ্যপি অভ্যন্ত প্রবল থাকে তাহা হইলে। ঔষধ—একোনাইট্, পূর্ণনাত্রা ছয় ঘন্টা অন্তর দিবেক। জ্ব লক্ষণের বিরতি হইলে, যদ্যপি পশ্চান্তাগে কাম্ডান বা খেঁচনির ন্যায় এমত যাতনা বোধ হয়, যে রোগীকে হেট হইয়া চলিতে হয়, ও যৎকিঞ্জিৎ গতি বা শীতল বায়ুতে বৃদ্ধি হয়, এবং যদ্যপি শীত বোধ থাকে তাহা হইলে।

ঔষধ—ব্রায়োনিয়া, পূর্ণমাজা বার ঘন্টা অন্তর ছই দিবস দিয়া যদাপি ভাহাতে উপ্শৃম বোধ না হয়, ভাহার এক দিবস পরে, পুনর্কার ঐ রূপে ছই দিবস দিবেক।

যদ্যপি উক্ত ঔষধে শাস্তি বোধ না হয়, কিয়া ছেঁচা ঘায়ের বা অতিরিক্ত পরিশ্রমের ন্যায়, মাজাতে যাতনা বোধ হয়, ও গতিতে, রাত্রিকালে, শয়ন সময়ে, পাশ্ব-পরিবর্ত্তনে, অত্যন্ত যাতনা বৃদ্ধি হয়, এবং অতিশয় চুর্বেলতা ও কোঠবদ্ধতা থাকে, তাহা হইলে।

ঔষধ—নক্ল-বমিকা, পূর্ণমাত্রায় রোগের তীব্র অবস্থায় ছয় ঘন্টা অন্তর, নতুবা বার ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি বসিয়া থাকার সময় যাতনা বৃদ্ধি হয়, এবং পশ্চা-দ্তাগে ও মাজাতে টানিয়া ধরার ন্যায়, বা কাম্ডান, বা ছেঁচা ঘা, বা মোচ্ডানের ন্যায়, যাতনা বোধ হয়, কিয়া যদি রোগ অধিককাল স্থায়ী হয়, তাহা হইলে।

ঔষধ---রস-টক্লিকোডেগুন্, পূর্ববং।

যদ্যপি কিঞ্চিৎ প্রদাহ থাকে, ও বাতনা মাজাতে গাঢ় ৰূপে নিবিষ্ট থাকে, এবং মাজায় চিবানের ন্যায় যাতনা, বা জড়তা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ —বেলাডোনা, পূর্ণমাত্রা ছয় ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি যাতনা রাত্রিতে র্দ্ধি হয়, এবং রোগীকে অস্থির করে তাহা হইলে।

ঔষধ— মর্কি উরিয়স্, পূর্ণমাতা বার ঘন্টা অন্তর।

আমি স্বয়ং অনেকের মাজার বেদনা (যাহাতে বছ কাল হইতে উঠিতে, বসিতে, কফ বোধ হইত) কেবল সলকর, ঔষধের দারা আরোগ্য করিয়াছি।

পথ্য ব্যবস্থা।

বাত রোগের ন্যায়।

পকাঘাত।

এই রোগ, নাড়ীর এবং নিঃশ্বাস প্রশ্বাসের গতির বিষমতা করিয়া বা, না করিয়া হঠাৎ বা ক্রমশঃ জ্ঞানের, বোধের এবং গতিশক্তির লোপ করে।

লক্ষণ—এই রোগে, রোগী হঠাৎ মৃত্তিকাতে পতিত হয় ও তৎক্ষণাৎ তাহার ইন্দ্রিয় শক্তি এবং গতিশক্তি অন্তর্হিত হয়। হস্তপদাদি নিশ্চল কিয়া শরীরের এক দিক্ সঙ্কোচিত এবং অপর দিক্ শক্তিহীন হয়। কোন কোন প্রকারে, একটী হস্তবা একটা পদমাত্র পড়িয়া যায়, বাক্-শক্তি থাকে না, কিয়া অত্যত্প অপ্সান্ত মৃদ্ধু বাক্য কহে, মুথে কেণা উঠে, নিঃশ্বাস প্রশ্বাস মৃদ্ধু হইয়া নাক্ ডাকিতে আরম্ভ হয়। অন্য প্রকারে রোগীর এক দিক্ মাত্র পতিত হইয়া যায়, এবং পাণ্ডুবর্গ দেখায়, অত্যাপ কণ পরে চেতন হয়, আন্তর্রিক জ্ঞান থাকে কিন্তু কথা বলিতে পারে না। যদ্যপি আরোগ্য লক্ষণ উপন্থিত হয় তাহা হইলে রোগী ক্রমশঃ চেতন প্রাণ্ড হইয়া নিকটস্থ লোককে চিনিতে পারে এবং কথা কহিতে, উত্তর দিতে, কিয়া কথা কহিবার শক্তি না থাকিলে ইসারা দ্বারা জানাইতে ইচ্ছা করে। কিন্তু যদ্যপি নিঃশ্বাস প্রশ্বাসে ক্রমশাই অধিক

কফ হইতে থাকে মুখ নীলবর্ণ হইয়া শীতল ভুতে ঘর্ম নির্গত ও গিলিতে মহাকফ বোধ হয়, চক্ষুং আছেন হইয়া আইসে, এবং অজানতঃ মল নিঃসর্গ হয়, তাহা হইলে অসাধ্য লক্ষণ জানা যায়।

নিদান—এই রোগ, প্রায় র্দ্ধাবস্থায় ঘটিয়া থাকে এবং অজীর্ণ বা হৃদয়ের কোন রোগ হইতে অথবা অতি ভোজন, বা পান, মনোবেগ, রক্তের গতির অবরোধ, বছকাল পর্যান্ত মাথা নোয়াইয়া থাকা, গাঢ় রূপে পুন্তক পাঠ, মন্তকে আঘাত, সিদ্ধি, গাঁজা, প্রভৃতি ব্যবহার করা, অতিরিক্ত বমন বা অতিশয় সূর্য্যের কিরণ লাগা, হঠাৎ রক্তক্ষয়, ইত্যাদি হইতে উৎপন্ন হয়।

চিকিৎসা।

যদাপি মস্তকে রক্ত সঞ্চয় জন্য হয়, নাড়ী ক্রতগামিনী, মুথ রক্তবর্ণ, ঘাড়ের এবং ক্ষক্ষের ধমনী সকল দপ্ দপ্ করে তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, পূর্ণাতা অবস্থা বিবেচনায় ছই বা চারি ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি উক্ত ঔষধে, মস্তকে রোগ সঞ্চয়ের লক্ষণ দূর না করে, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, ঐরপ।

যদ্যপি রোগা, নিশ্চেষ্ট হয় অর্থাৎ কোন কর্ম না করে অথবা অত্যন্ত মৃদ্যপায়ী বা উত্তম আহারে নিয়ত রত হয়, তাহা হইলে।

উষধ—নক্ল-বমিনা, পূর্ণমাত্রা চারি বা ছয় ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি রোগা কোমল স্বভাবাস্থিত অথবা স্ত্রী লোক হয়, তাহা হইলে।

उष्य-शस्त्रिंगि, भूर्वदः।

যদ্যপি মন্তকে ভার বোধ হয় এবং নাথা ঘুরে ও কপালে অত্যন্ত চাপিয়া ধরা বোধ হয়, কর্ণের ভিতর নানাবিধ শব্দ হয়, অনিদ্রা থাকে, আর দিবসে পুনঃ পুনঃ দুলানি আইসে, মুথ রক্তবর্ণ হয়, কোষ্ঠ বন্ধ থাকে, নাড়ী পূর্ণ কিন্তু মৃত্যুতি বিশিষ্টা হয়, তাহা হইলে।

ঔষধ---ওপিয়মু, অর্দ্ধনাত্রা, ছই ঘন্টা অন্তর।.

যদ্যপি মস্তিক্ষে গাঢ় যাতনা থাকে বা মস্তকের বামপাশ্বে কাম্ড়ানের ন্যায় যাতনা থাকে, মুখ পাগু বর্ণ, গ্রন্থি সকল জড়-বং হয়, তাহা হইলে।

अवध-नार्गिकिमम्, भूर्वावर ।

ষদ্যপি এই রোগ কোন বাহ্য আঘাত জন্য বা মাংস-পেশীর অভিরিক্ত উদ্যম জন্য উপস্থিত হয়, তাহা হ**ইলে**।

ঔষধ—আর্ণিকা, এবং একোনাইট্, ও বেলাডোনা, ক্রমশঃ বা উপর্যাপরি রূপে পূর্ববং ব্যবহার করিবেক।

যদাপি এই রোগ শীঘ্র আহার করার জন্য উৎপন্ন হয় তাহা হইলে।

ঔষধ—ইপিক্যাকুয়ানা, এবং পলেনটিলা, পূর্ম্ববং উপর্যাপরি রূপে —শহার করিবেক।

পথাব্যবস্থা।

যথন রোগী পিপাসা থাকা জানায়, তথন তাহাকে শীতল জল বা যব বা চাউলের কুথি এক এক বারে অর্দ্ধ ছটাক পরি- মাণে দিবে। পরে ক্রমশঃ আরোগ্য লক্ষণ উপস্থিত হইলে,
লঘু আহার সহু করাইবে। যখন রোগী এই রোগে আক্রাস্ত হয় তখন তাহাকে একটী শীতল কুঠরিতে রক্ষা করিবে, রোগীর মন্তক উঠাইয়া এমত অবস্থায় রাখিবে, যে কোনমতে মন্তকে রক্ত সঞ্চয় হইতে না পারে! পরিধেয় বস্ত্রাদি ঢিলা করিয়া দিবে, পা ঝুলাইয়া রাখিবে। পায়ের পাতা দলিয়া এবং গরম জল, বোতলে পুরিয়া, বা তদ্ধারা ফুলানেল ভিজাইয়া গাত্রের উপর দিয়া গরম করিবেক।

নানাবিধ রোগের চিকিৎসা।

मत्नारवन, ও উন্নাদ লক্ষণ।

এই রোগ, ভয়, কামাদি রিপু, বা রাগ, এবং অভিশয় ছুঃখ, ইত্যাদি কারণ হইতে উৎপন্ন হয়।

চিকিৎসা।

যদ্যপি হঠাৎ চম্কিয়া উঠিয়া, বা সামান্য ভয়, বা অতিশয় ভয়ানক ব্যাপার হইতে এই রোগ উৎপন্ন হয়, এবং তজ্জন্য মূর্চ্ছা, অতিনিদ্রা, ও আপনিই মল নিঃসরণ হয়, তাহা হইলে।

ঔষধ-প্রতিষ্ম, পূর্ণমাত্রা তিন ঘন্টা অন্তর দিবেক।

এই ঔষধ, একোনাইট্, নামক ঔষধের সহিত উক্ত মাত্রায় এবং সময় অন্তরে উপর্য্যুপরি ৰূপে দিলে বিশেষ উপকার হয়, (বিশেষতঃ যদ্যপি তৎকালে জন্ন লক্ষণ বিদ্যমান্ থাকে)।

যদ্যাপ কোন কারণবশতঃ চম্কিয়া, মনের মধ্যে নানা-

প্রকার আননদ জনক ভাবের উদয় হয়, অত্যন্ত উৎসাহ রৃদ্ধি হয়, কম্প ও মুর্চ্ছা পর্যান্তও হয়, তাহা হ**ইলে**।

ঔষধ—কফি, পূর্ণমাত্রা প্রয়োজন বশতঃ এক ঘৃন্টা অন্তর দিবেক।

যদাপি প্রথমত: ভয় হইয়া পরেতে বিরক্তি উপস্থিত হয়, তাহা হইলে।

ঔষধ-একোনাইট্, পূর্মবৎ।

যদ্যপি ভয়ের পর বিষণ্ণতা, বা অত্যন্ত ছুংখ বোধ হয়, তাহা হইলে।

ঔषथ—ইংগ্লেশয়া, পূর্বাব€।

যদ্যপি শিশু ভয় পাইয়া, সময়ে সময়ে, চীৎকার করিয়া উঠে ও কম্পান্থিত হয়, বা হস্তপদাদি সঙ্কোচিত করে, তাহা হইলে।

ঔষধ — ওপিয়ন্, অর্দ্ধাতা পরিমাণে, প্রত্যেক ঘন্টায় দিবেক।

যদ্যপি মনের মধ্যে আন্তরিক ছুঃথের সহিত ঘূণা থাকে, অর্থাৎ প্রণায় বিচ্ছেদ জন্য বা অর্থ ক্ষয় জন্য সর্বাদা মনো মধ্যে ছুঃথ বোধ হয়, তাহা হইলে।

ঔযধ--ইগ্নেশিয়া।

যদ্যপি কোন ব্যক্তির প্রতি মনঃ সমর্পণ করিয়া, তাহার প্রণয় হইতে নৈরাশ জন্য ছু:থ উপস্থিত হওয়াতে হয়, তাহা হইলে।

ঔষধ—ইগ্নেশিয়া, প্রথমতঃ পূর্নাতা বার ঘন্টা অন্তর এক এক নাতা এক সপ্তাহ পর্যন্ত দিয়া পরেতে আবশ্যক হইলে, এসিডম্ ফস্ফ্রিকন্, উক্ত রূপে। বিশেষতঃ যদি রোগ্নী স্থির ও মেনী হয়, অথবা তাহার কিঞ্ছিৎ জ্ব বোধ থাকে তাহা হইলে শেষোক্ত ঔষধ বিশেষ উপকারী।

যদ্যপি রোগী ঈর্ষা বা দ্বেষযুক্ত হয়, সর্বাদা বিবাদ, করে বা প্রলাপ বাক্য কহে, ভাহা হইলে।

ঔষধ—হারোসায়েমন, পূর্ণদাকা ছয় ঘন্টা অন্তর এক এক বার।

যদ্যপি রোগী অভিরিক্ত অসংলগ্ন বাক্য কহে, এবং এক বিষয় বলিতে বলিতে অন্য বিষয় উপস্থিত করে, তাহা হইলে।

উষধ—ল্যাকিসিস্ , পূর্ণমাত্রা, ছয় ঘন্টা অস্তর। *

পঞ্চাব্যবস্থা।

যদ্যপি মনোবেগ উপস্থিত হইয়া, তাহার সহিত জ্বর বিদ্যমান্ থাকে, তাহা হইলে জ্বর নিবারণ কাল পর্যান্ত, জ্বর কালীন পথ্যের ন্যায় পথ্য ব্যবস্থা করিবেক, জার যদ্যপি এই রোগের সহিত জ্ঞানিতা থাকে তাহা হইলে, জ্ঞানি রোগের ন্যায় পথ্য ব্যবস্থা করিবেক।

কিপ্ত জন্ত দংশন।

কুরুর, বা শৃগাল, বা অন্য কোন কিপ্ত-জন্ত-দংশন জন্য প্রথমতঃ এই সকল লক্ষণ ঘটিয়া থাকে, যথা সামান্যতঃ অস্থখ বোধ, ছুশ্চিন্তা, নিন্তার অপ্পতা, চক্ষুং ফুলিয়া আলোক অসহ কর্ণের ভিতর নানাবিধ শব্দ বোধ পাণ্ডুবর্ণত্ব ও মধ্যে মধ্যে শীত বোধ ঘণশ্বাস, নাড়ী, বেগবতী, স্থক্ষা, এবং বিষম গতি বিশিষ্টা, কুধার হানি, ইত্যাদি লক্ষণ, আঘাত-প্রাপ্ত স্থান শুদ্ধ হইয়া যাওয়ার পর হয়। দ্বিতীয়াবস্থায়, সেই ঘণ্

[•] জামি এই ঔষধের দার। একটি উন্মতা স্ত্রীলোককে আরোগ্য ক্রিগাছি।

'থাহা পূর্বের আরাম হওয়া বোধ হইয়াছিল, তাহা" ফুলিয়া উঠে, কিঞ্চিৎ বেদনা ও উত্তাপ বোধ হয়, কখন কখন চুল্কায়, এবং পরেতে, পাশ্ব ফাঁপিয়া মাংস উচ্চ হইয়া ঘা, প্রকাশিত হয়, তাহা হইতে তুর্গন্ধ রস নির্গত হইতে ধাকে, অপিচ, তুশ্চিম্ভা क्रमभः वृद्धि इहेटल थाटक, द्वाशी नमदत्र नमदत्र हम्कित्रा উट्टि, দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ করে, এবং একাকী থাকিতে ভাল বাসে, নাড়ী বিষম গতি বিশিষ্টা, নিঃশ্বাস প্রশ্বাসে কট বোধ, চর্ম্ম শীতল এবং শুষ্ক হয়, তদনস্তর হিক্কা, শূলবৎ বেদনা উপস্থিত হয়। রোগী, ইতস্ততঃ চক্ষুঃ বিক্ষারিত করিয়া দৃষ্টি করিতে থাকে, গিলিতে গলায় কট বোধ হয়, বিশেষতঃ কোন প্রকার দ্রব-দ্রব্য গলাধঃকরণ সময়ে, নিতাস্ত বাধা দায়ক হয়। ভৃতীয়া-বস্থায়, অপ্প দিন পরে, এক বিন্দুমাত্র দ্রবন্দ্রব্য গলাধঃকরণে শক্তি থাকে না, এবং অতিশয় পিপাসা সত্ত্বেও কোন প্রকার দ্রব-দ্রব্য বিশেষতঃ জল, ওপ্তের নিকটে লইয়া যাইতেই রোগী চম্কিয়া উঠে, এমন কি জল দৃষ্টিমাত্তেই, বা এক পাত্র হইতে অন্য পাত্রে ঢালিবার সময় তাহার শব্দ শুনিবা মাত্রেই ছুশ্চিস্তা, ও অস্ত্রথ বোধ, হইয়া পাগলের ন্যায় হয়, ইহার কিয়ৎকাল পরে পিস্ত বম্ন উপস্থিত হয়, অনন্তর অতিশয় জ্ব, অতি পিপাসা, জিহ্বার শুষ্কতা, স্বরভঙ্গ এবং প্রলাপ বা পাগ্লামি উপস্থিত হইয়া নিক্টস্থ যাহা পায় তাহাই কাম্ড়াইতে ইচ্ছা করে, এইৰূপ সময়ে সময়ে, পুনঃ পুনঃ উপদর্গ উপস্থিত হইয়া পরি-শেষে মৃত্যু হয়।

চিকিৎসা।

কোন ব্যক্তিকে ক্ষিপ্ত জন্তুতে কাম্ড়াইলে, তৎক্ষণাৎ ছুইটা লোহার মোটা শিক বা তাদৃশ কোন পদার্থ, প্রজ্বলিত অগ্নিতে উত্তপ্ত করিয়া ঘায়ের উপর তৈল, বা খুখু দিয়া তাহার উপর ছুই, তিন, অঙ্গুলি উপর হইতে একটা লোহার শিকের তাৎ দিবেক ও সেটা শীতল হইতে২, অপর্টী উঠাইয়া সেই ৰূপে উদ্ভাপ দিবেক, কিন্তু ঘা হইতে তাপ দেওয়ার কালীন যাহা কিছু নিৰ্গত হয়, তৎক্ষণাৎ মুছিয়া দিবেক। এইৰূপ ব্যবস্থা ঘা শুষ্ক হওয়া কাল পর্যান্ত প্রত্যহ চালাইবে। যদ্যপি ইহার সাত দিন পরে কিঞ্চিৎ জ্বর বোধ হইয়া রোগীর জিহ্বার নীচে একটী ক্লফবর্ণ দাগ দেখা যায়, তাহা হইলে সেই স্থানে অস্ত্র করিতে र्ट्रेटवर, किंख उৎकारन द्वांशी कान मट हिक्श्मिटक रख কাম্ডাইতে না পারে এমত বিশেষ উপায় স্থির করিবেক, কারণ তাহা হইলে চিকিৎসক ঐ রোগে আক্রান্ত হইবেক। অস্ত্র কার্য্যের পর জলের সহিত লবণ মিশ্রিত করিয়া রোগীর মুখ ধোওয়াইবে। এই রোগে আক্রান্ত কালীন রোগী, নিয়ো-জিভ স্বীয় কার্য্যে সর্বাদা ব্যাপৃত থাকিবেক, কোন মতে রোগের কারণ ধাহাতে মনে উদয় না হয়, এমত চেন্টা করিবেক, এবং নিমু লিখিত মতে ঔষধ সেবন করিবেক।

ঔষধ—বেলাডোনা, পূর্ণমাত্রা প্রভাহ বার ঘন্টা অন্তর ছই দিবস পর্যান্ত, তাহার তিন দিবস পরে, পুনর্কার ঐরপে পাঁচ দিবস পর্যান্ত দিবেক।

যদ্যপি উক্ত ঔষধ প্রয়োগের পর রোগের লক্ষণ, প্রথম যে ৰূপ উক্ত হইয়াছে সেই ভাবে থাকে তাহা হইলে।

ঔষধ—ল্যাকিসিদ, পূর্ণমাত্রা প্রভাহ তিন বার করিয়া, আরও এই ঔষধ রোগের প্রাহর্ভাব কালীন পূর্ণমাত্রায় তিন ঘন্টা অস্তর দিবেক।

যদ্যপি উক্ত ঔষধে উপকার বোধ না হয় এবং রোগী সর্বাদা নিজিত থাকিতে ইচ্ছা করে, গলার ভিতর শুষ্ক ও জ্বালা করে কিয়া অত্যন্ত জ্বালার সহিত মুখে বা গলায় কোড়ার ন্যায় ন্যায় শ্লেষ্মা একত্রিত হয়, পুনঃ পুনঃ জলপান করিতে ইচ্ছ। করে, কিন্তু জল দিলে, তৎক্ষণাৎ হস্ত দ্বারা ঠেলিয়া ফেলে, গিলিবার সময়, গলা বদ্ধপ্রায় বোধ হয়, চক্ষুর পুত্তলিকা স্থির হইয়া থাকে, অত্যন্ত ভয় বোধ, সর্বাদা থুথু দিতে, কাম্ডাইতে, বা ছিঁড়িয়া কেলিতে ইচ্ছা করে, পলায়নে উদ্যত হয়, নিয়ত ঘুরিয়া পড়ে, মুখ দিয়া ফেণা উঠে, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, প্রতেক বার আক্রমণ কাল উপস্থিত হইবার পূর্ব্বে পূর্ণ মাত্রায় দিবেক।

যদ্যপি আক্রমণ কাল, অতিশয় গাঢ় এবং বহুকাল স্থায়ী হয়, কাম্ডাইতে তাদৃশ ইচ্ছা থাকে না, দ্রব-দ্রব্যে ভয় থাকে, সর্বাদা থুথু কেলে, রোগে আক্রান্ত হইলে, তৎকালে জ্ঞান শূন্য হয়, আরও মুখ দিয়া ফেণা উঠে, অত্যন্ত ভীক্র হয়, গৃহ হইতে পলায়ন করিতে ইচ্ছা করে, মনুষ্য জাতির নিকট থাকিতে ভাল বাসে না, জন্ততে কাম্ডাইবে বলিয়া ভয় করে, নিদ্রাকালীন চম্কিয়া উঠে, এবং ভয়ানক স্বপ্রদর্শন করে তাহা হইলে।

ঔषभ-- হায়োস।য়েমम् , পूर्राव९।

কোন উজ্জ্বল পদার্থে দৃষ্টিপাত করিলে, রোগের আক্রমণ কাল উপস্থিত হয়, অত্যন্ত পিপাসা, মুখ এবং গলা শুক্ষ, কিন্তু দ্রুব-দ্রুব্য মাত্রেই ভয়, মুখে কেণা উঠে, পাগলের ন্যায় নৃত্যাদি করিতে থাকে, কখন কখন গান করে, হাস্ত করে, এবং কখন কখন দীর্ঘ নিঃশ্বাস ইত্যাদি ত্যাগ করিয়া হুংখ প্রকাশ করে, রোগের আক্রমণ কালে অস্থির হয়, হঠাৎ চীৎকার করিয়া উঠে, চম্কিয়া উঠিয়া নানাবিধ অঙ্গ ভঙ্গি করে, এবং, সমস্ত বস্তুই কাম্ডাইতে বা দন্ত দ্বারা ছিঁড়িয়া ফেলিতে ইচ্ছা করে, তাহা হইলে।

उयथ-छा । । नियम, भू स्वर ।

ষদ্যপি গলার ভিতর এবং মুখের ভিতর অত্যন্ত স্থালা ও শুদ্ধ থাকে এবং তাহা গিলিবার সময় রিদ্ধি হয়, কখন কখন অত্যন্ত রাগাদ্ধ হয় এবং গলা বা পেট কিঞ্চিৎ চাপিলে ও জল দেখিলেই রোগের আক্রমণ কাল উপস্থিত হয়, চক্ষুঃ রক্ত-বর্ণ, এবং উজ্জ্বল রূপ ধারণ করে, তাহা হইলে।

ঔষধ-ক্যাস্থারাইডিন্, পূর্ণমাত্র। প্রত্যেক বার রোগের আক্রমণ কাল উপস্থিত হইবার পূর্বে।

मर्भार्या १

চিকিৎসা।

প্রথমতঃ সর্পে দংশন করিলে, যে প্রকার উত্তাপ দেওয়ার ব্যবস্থা পূর্ব্বপ্রকরণে করা হইয়াছে, তদমুসারে, যে পর্য্যন্ত রোগী কম্পান্থিত না হয়, অথবা এক ঘন্টা কাল পর্যন্ত ঐ রূপে তাত দিবেক। যদ্যপি তাহাতেও ক্রমশঃ বিষ জন্য লক্ষণ বর্দ্ধিত হইতে থাকে, এবং যায়ের স্থান হইতে উর্দ্ধ দিকে হৃৎপিতে, যাতনা রিদ্ধি হইয়া উঠে, কিয়া যদ্যপি যা ঈষৎ নীলবর্ণ হয়, বা ফোলে, এবং রোগী বমন করে ও অবসন্ধ হইয়া পড়ে, তাহা হইলে।

ঔষধ—আর্দেনিকম্, চারিটী করিয়া বটিকা অর্দ্ধ ঘণ্টা বা বিশ মিনিট্ অন্তর্ত্ত এক এক বার দিবেক, কিন্তু যদাপি ছুই ঘণ্টা পরে, কোন উপকার বোধ না হয়, তাহা হইলে ঔষধ বেলাডোন', পূর্ব্তিৎ দিবেক।

দর্প দংশনের প্রথম বিকার নিবারিত হইয়া, যদ্যপি অন্য কোন প্রকার শারীরিক হানি উপস্থিত হয়, তাহা হইলে।

ঔষধ — মর্কি উরিয়ন্, বা এসিডম্-ফস্ফরিকম্, পূর্ণমাতা প্রতাহ প্রাতঃকালে আট দিবস পর্যন্ত দিবেক, তাহার ছয় দিবস পরে, আবশ্যক হই ল পুর্কার ক্ষশঃ পূর্কবিৎ দিবেক।

বিষ চিকিৎসা।

যদ্যপি কেছ কোন প্রকারে বিষ ভক্ষণ করে তথন তাছাকৈ বমন দ্বারা উঠাইয়া কেলা বা প্রতিবিরোধী ঐষধ দেবন দ্বারা বিষের শক্তির হ্রাস করা কর্ত্তব্য, তাহার পর তজ্জন্য যে কোন রোগ হইবার সম্ভব তাহা নিবারণ করা প্রয়োজনীয়। শীঘ্র বমন করাইবার নিমিত্ত ঈষৎ হুফ জল অধিক পরিমাণে পান করাইয়া গলার ভিতর করুতরের পাখা দ্বারা সূড় সুড়ি দিবেক ইহাতে যদি বমন না হয় তাহা হইলে কিঞ্চিৎ নস্থ বা রাইএর গ্রঁড়া লবণের সহিত মিশ্রিত করিয়া জিহ্বার উপর দিয়া এক গ্রাস গরম জল এক দমে পান করাইবেক। ইহাতেই বমন হইয়া বিষের তেজের অনেক লাঘ্ব করিবেক।

যদ্যপি কেহ ধাতু ঘটিত বিষ ইচ্ছ। পূর্ব্বক বা দৈবাৎ ভক্ষণ করিয়া থাকে তাহা হইলে অধিক পরিমাণে সাবানের জল অথবা এক তোলা বা দেড় তোলা পরিমাণে, কার্বোনেট্-অবম্যাগ্নেশিয়া * এক পোওয়া জলের সহিত অথবা ঐ পরিমাণে
ফুলখড়ি এক পোওয়া জলের সহিত অথবা আট হইতে দশ
রতি পর্যন্ত, সোডা, † এক প্লাস জলের সহিত প্রত্যেক বার বমনের পর বা যত বার যাতনা উপস্থিত হয় তৎকালে, এক এক বার পান করাইবেক।

যদ্যপি বমন না হয় তাহা হইলে ডিম্বের শ্বেত-ভাগ জলের সহিত চিনি দিয়া, অথবা অধিক পরিমানে দ্বন্ধ পান করা-ইবেক।

এক প্রকার ভার্ক্তরি (এলোপেথি) মতের ঔষধ।

[†] এক প্রকার ডাব্রুরি ঔষধ বিশেষ :

বিষ ভক্ষণের তীত্র অবস্থার কিঞ্চিৎ উপশ্ম বোধ হইলে পাকস্থলীকে সমভাবে রাখিবার নিমিত্ত।

ঔষধ—ইপিক্যাকুয়ানা, পূর্নাত্রায় ছুই ঘন্টা অন্তর চারি বার দিয়া পরেতে ছয় ঘন্টা অন্তর দিবেক।

উক্ত ঔষধের শেষ মাত্রার ১২ ঘণ্টা পরে যদ্যপি বমনেচ্ছা বমন, উত্তাপ বা শরীরের শীতলতা এবং শক্তিহীনতা থাকে তাহা হইলে।

उषध-(वत्राष्ट्रम्, शूर्वावर ।

উক্ত ঔষধের পর যদ্যপি রাত্রিতে অস্থিরতা প্রবল থাকে তাহা হইলে।

ঔষধ—চায়্না পূর্ণ।তা রাত্রি এবং প্রাভঃকালে প্রভাহ এক এক বার।

যদ্যপি দিবদে বিশেষতঃ নিদ্রোর পর উপসর্গ রৃদ্ধি হয় ও কোষ্ঠবদ্ধ থাকে বা পিচ্ছিল পাতলা মল নিঃসৃত হয় তবে।

ঔष४—नक्र-विमका, शूर्कवर।

উদ্ভিজ্ঞবিষ ভক্ষণের চিকিংসা।

যদ্যপি কেছ উদ্ভিজ্ঞ বিষ ভক্ষণ করিয়া থাকে তাহা হইলে তাহাকে তৎক্ষণাৎ বমন করাইবে অথবা যদ্যপি বমন করান অসাধ্য বোধ হয় তাহা হইলে, কপুরের আরক নাসিকা দ্বারা টানাইবেক। রোগীকে সর্বদা চালিত করিবেক এবং সদত অন্যমনক্ষ রাখিবেক। মস্তকের উপর এবং ঘাড়ের লতায় বক্ষঃস্থলে ও পশ্চাদ্যোগে শ্লীতল জলের দ্বারায় পুনঃ পুনঃ আঘাত করিবেক, এতদ্বারা নিদ্রিত হইবেক অথবা যদি পুর্বেষ চুলিয়া পাড়িয়া থাকে তাহা হইলে চেতন হইবে।

উদ্ভিজ্ঞ বিষ ভক্ষণের পর অথবা তামাকু বা আফিঙ্গ ভক্ষণের পর উক্ত প্রকার চিকিৎসাতে কিছু উপশম কোধ হইলে পরে।

ঔষধ—ইপিক্যাকুয়ানা, পূর্ণমাতা ছয় ঘন্টা অন্তর।

কিন্তু যদ্যপি উক্ত ঔষধ দেবনের চারি বারের পর রোগের লক্ষণের উপশম বোধ না হয় তাহা হইলে শেষ বারের ছয় ঘণ্টা পরে।

ঔষধ —বেলাডোনা, নক্ল-বমিকা, বা মর্কি উরিয়ন্ এই ঔষধত্রের মধ্যে যে কোন একটা পূর্ণমাত্রায় প্রাতঃকালে এবং রাজিতে এক এক বার দিবেক।

পথ্য ব্যবস্থা।

এই রোগে মাংদের কাথ য়ত ছ্গ্ধাদি বল-কারক দ্ব্য অনুবা রুটীর সহিত ব্যবস্থা করিবে।

মদ্য পান |

যদ্যপি কোন ব্যক্তি অতিরিক্ত মদ্যপান জন্য নেশায় অভিভূত হয় এবং তাহাকে শীঘ্র চেতন করার প্রয়োজন হয় তাহা হইলে* তাহার উপর শীতল জল কলস পরিমাণে উচ্চ স্থান হইতে এরপে ঢালিবে যে তাহাতে তাহার মস্তকে আঘাত লাগে। তাহার পর অথবা যখন মদ্যপান করিয়া পর দিবস প্রাতঃকালে শরীর ভার বোধ হয়, চক্ষুতে আলোক সন্থ হয় না, বমনেছা হয়, নাভিস্থলে যাতনা বোধ, স্বরভন্ধ, হস্তেতে উত্তাপ, শরীরে আলম্ম ও শীত বোধ, অথবা কখন কখন নাসিকা দিয়া রক্ত আব হয় তাহা হইলে।

ঔष४ — मञ्ज-विभिन्न। व। कार्त्या-विकारितिलम्, पूर्वभावाश हरे व। छ।ति घन्छ। অন্তর वावशांत कतित्व।

ষদ্যপি মাথা ধরা থাকে, মস্তক মধ্যে শলাকা বিদ্ধ থাকার ন্যায় যাতনা, কিয়া এক পার্শ্বে মাত্র মাথা ধরিয়া থাকে, গমনাগমনে, কোন বিষয় চিন্তা করিবার সময়, এবং মাথা নোওয়াইতে, যাতনা রদ্ধি হয় বমন এবং উকি হয়। বেগের সহিত পিচ্ছিল মল নিঃসৃত হয়, অত্যন্ত মাথা ঘোরে, চক্ষুঃ রক্ত-বর্ণ হয় কাশী থাকে, তাহা হইলে।

खेषध--- नङ्ग-विमक्। भूर्यवर।

যদ্যপি মাথা ধরিয়া দপ্ দপ্ করে চক্ষুর উপর চাপিয়া ধরা বোধ হয়, বমনেচ্ছা থাকে, নিদ্রা হইতে জাগরিত হইলে বিশেষতঃ বৈকালে বা গ্রীয়ের সময়ে ঐ সকল যাতনা রৃদ্ধি বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—कार्दा-विकिए विनिम्, शूर्ववर।

অতিরিক্ত মদ্যের নেশায় অত্যন্ত অভিভূত হইলে যদ্যপি তৎক্ষণাৎ নেশা ছাড়াইবার প্রয়োজন হয়, তাহা হইলে।

ঔষধ-লভেনম্ * ৫ ফোটা এক প্লাস জলের সহিত পান করিলে তংক্ষণাৎ পূর্ব্যাবস্থা প্রাপ্ত হইবেক।

মদ্যাদির দ্বারা নেশা করিয়া শরীরের বিক্কৃতি করা কোন মতে বিধেয় নহে এই জন্যই আমাদিগের প্রাচীন মুনিগণ এতৎ প্রদেশে মদ্যপান এককালীন নিষেধ করিয়াছেন। মদ্য

এক প্রকারে এলপেথি মতের ঔষধ।

পান, তদ্রপ "সদৃশ ব্যবস্থা" মতে নিতান্ত নিষদ্ধে, অতএব এ মতে চিকিৎসাকালীন রোগীর (অভ্যাস থাকিলে) মদ্যপান ত্যাগ করা উচিত। কিন্তু বহু দিনের অভ্যাস এক কালীন ত্যাগ করিতে হইলে অতিশয় কট বোধ হয়, তজ্জন্য যদ্যপি কেহ মদ্যপান ত্যাগ করিতে স্থির প্রতিজ্ঞ হয়, তাহার কট নিবার-ণের জন্য।

ঔষধ—সন্ফর্ প্রতাহ প্রাতঃকালে দ্বিগুণমাতায় সাত দিবস পর্যান্ত সেবন করিবেক।

যদ্যপি পানেচ্ছার অপ্পতা হইয়া পুনর্বার পূর্ববৎ পানের ইচ্ছা উপস্থিত হয়, তাহা হইলে।

ঔষধ—নক্স-বনিকা উক্তরপে প্রত্যহ সন্ধার সময় এক এক বার সেবন করিবেক।

যদ্যপি ছুই তিন দিবস পরে পানেচ্ছা পুনর্কার বলবতী হয়, তাহা হইলে।

ঔষধ—সল্ফর্, প্রভাহ প্রাতঃকালে এক এক বার সাত দিবস পর্যাস্ত ।

যদ্যপি উক্ত ঔষধ, ফলদায়ক না হয় তাহা হইলে। ঔষধ—আর্ফেনিকম্, বা নক্ল-বমিকা, পূর্ণমাত্রা প্রতঃহ প্রাতঃকালে বা উপর্যাপরিরূপে দিবেক।

কুইনাইন্ দোষ জন্য রোগের টিকিৎসা।

আফিন্ধ এবং পারার (মর্করি ইত্যাদি) ন্যায় কুইনাইন্ শরীরে প্রবিষ্ট ইইলে শরীরকে জীর্ণ করিয়া এমত সকল রোগ উৎপন্ন করে, যে তাহার চিকিৎসার উপায় থাকে না। যদ্যুগিও রোগী, মৃত্যু হইতে রক্ষা পায় তাহা হইলেও বহুকাল পর্যন্ত ইহার ফলভোগ করে। মর্করি, অপেক্ষা ইহাকে শরীর হইতে দূর করা অতীব কঠিন, ইহাকে শরীর হইতে অপসারিত করি-বার নিমিত্ত ধৈর্য্যতা আবশ্যক। এই ঔষধ শরীর হইতে দূর করণের প্রধান।

ঔষধ —ইপিক্যাকুয়ানা, পূর্ণমাত্রা বার ঘন্টা অন্তর ক্রমশঃ সেবন ক্রিবেক।

যদ্যপি কুইনাইনের দোষ জন্য, বাতজ হুর্বলতা, অস্থি মধ্যে যাতনা বোধ হয়, এবং ব্যায়ামকালে, কথা কছিতে, নাক ঝাড়িতে, বা উচ্চ শব্দ শ্রেবণে যাতনা রুদ্ধি বোধ হয়, তাহা হুইলে।

উষধ—আর্ণিকা, পূর্ণাত্রা ছয় ঘন্টা অন্তর।

যদ্যপি শরীর শীতল, ও শরীরে শীতল ঘর্ম হয়, কোষ্ঠা-বরোধ বা অতিসার বিদ্যমান্ থাকে তাহা হইলে।

खेषध---(वद्गाद्रम्, शूर्वव ।

यन्तरि क्रेनारेन् জन्य काम्ला रुय, তাহা হইলে।
ঔষধ — মর্কি উরিয়দ্-বাইবদ্ অথবা বেলাডোনা, পূর্কবিং।

যদ্যপি মুখেতে উত্তাপ বোধ ও মস্তকে রক্তবদ্ধ বোধ হয়, মস্তকে, বদনে, এবং দন্তে যাতনা বোধ থাকে, তাহা হইলে।

ঔষধ-বেলাডোনা পূর্ম্ববং।

যদ্যপি ঐ জন্য কর্ণের বেদনা হয়, তাহা হইলে। ঔষধ—প্রেসটিলা, পূর্ণমাত্রা চারিঘণ্টা অস্তর।

যদ্যপি কুইনাইন্ 'দোষ জন্য পাদশোথঃ হয় অর্থাৎ পা কোলে তাহা হইলে।

উষধ-–ফেরম্, পূর্ণমাত্রা প্রভাহ রাতিতে এক বার করিয়া।

যদ্যপি ঐ জন্য পায়ের ঘা হয়, শোখঃ অপ্প কাশী এবং ঘণ শ্বাস হয়, তাহা হইলে।

ঔষধ—আদেনিকম্, পূর্ণাতা বার ঘন্টা অন্তর।

যদ্যপি একজ্বরী সময়ে কুইনাইন্ দেওয়াতে নবজ্বর অপেক্ষা অধিক কন্ট দায়ক, প্রাচীন একজ্বরী এতাদৃশ হয়, যে তাহা দূর করা কঠিন হইয়া উঠে, তাহা হইলে।

ঔষধ --- ইপিক্যাকুয়ানা, পূর্ণমাত্রা প্রত্যহ চারি বার করিয়া দিবেক।

যদ্যপি কুইনাইনের দ্বারা নবজ্বর দমন হইয়া পরেতে কর্ণ-শূল, দন্তশূল, শিরঃশূল, এবং হস্ত পদাদিতে বেদনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ---প্রেসটিলা, পূর্ণমাত্রা অবস্থা বিবেচনায় চারি বা ছয় ঘন্টা অসত্তর।

যদ্যপি উক্ত ঔষ্ধে আরোগ্য বোধ না হয় তাহা হইলে। উষ্ধ—ক্যাক্লেক্রিয়া, পূর্কবিং দিবেক।

পারা দোষ জন্য রোগ।

পারা (অর্থাৎ মর্করি) নানাবিধ রূপে শরীরে প্রবিষ্ট হইলে বিরেচনের দারা কোন মতেই দূর করা যায় না। কারণ ইহা শরীরে প্রবিষ্ট হওয়া মাত্রেই সমস্ত শরীরের রস ভাগে, এবং অস্থি পর্যাস্ত নিবিষ্ট হইয়া থাকে, তজ্জন্য আদিম রোগ অপেক্ষা

जामि अहे 'खेषभ खात' आटनटकत कूहेनाहेन दिनाय अन्तर्भात, नर्नटजाजादव
आटताश कतिशाहि।

মর্করি দ্বারা ক্রমশঃ শরীর নই হইলে, তাহাকে আরোগ্য করে। কঠিন হইয়া উঠে, অতএব তাদৃশ রোগে অধিক কাল চিকিৎ-সার প্রয়োজন।

চিকিৎসা।

যদ্যপি পারা দোষ জন্য নিম্ন লিখিত লক্ষণ লক্ষিত হয় অর্থাৎ রাত্রিতে মাথাধরা, চুল উঠিয়া যাওয়া, চফুং লাল হওয়া এবং ফুলা, নাসিকা চাপিলে বেদনা বোধ হওয়া, মুখের চতু-দিকে ফুকুড়ি নির্গত হওয়া, গলার ভিতর শ্লেয়া জমা, সদত মুখ দিয়া রস নির্গত হওয়া, মাঢ়িতে ঘা থাকা, জিহ্বার নীচের শুঠলি কোলা, গিলিবার সময় যাতমা বোধ, কাশী, কুচ্কিতে বা বগলে কোড়া হইয়া পাকা, কিয়া বক্ষঃস্থলে ছোট ছোট কোড়া উঠা, পাতলা মল হওয়া, বিশেষতঃ বাতের ন্যায় অঙ্গুলি ও হস্ত, ও জাত্মর উপর প্রদাহ বিশিষ্ট কোলা, শরীরে কোন প্রকার ঘা হইলে, বা কোন স্থান আঁচড়াইলে, তাহাতে পুঁজ হইয়া বিস্তৃতি হওয়া, হস্ত পদাদির চর্ম্ম ফাটিয়া যাওয়া, অপ্পেদতেই ঘা দিয়া রক্ত পড়া, রাত্রিতে জ্বালা এবং দপ্ দপ্ করা অপিচ জ্বর বিদ্যমান্ থাকা। উক্ত লক্ষণ সকলের মধ্যে কোন কোন প্রকার লক্ষণ বিদ্যমান্ থাকিলে।

ঔষধ—হেপাৰ, ৩ গুঁড়া পূৰ্ণমাত্ৰা বার ঘন্টা মন্তর এক এক বার।

যদ্যপি পারা দোষ জন্য মুখ এবং গলা ও জিহ্বার নীচের শুঠলি ফোলে এবং বধির হয়, তাহা হইলে।

ঔষধ—হেপার এবং বেলাডোনা পূর্ম্ববৎ উপর্যুপরি বা স্বভন্ত্র ভাবে দিবেক। যদ্যপি উক্ত ঔষধে অবস্থার কিছু পরিবর্ত্তন না হয়, তাহা হইলে।

ঔষধ—ফাণ্ফিসেগ্রিয়া, পূর্ণাতা পূর্ববং।

যদ্যপি রাত্রিতে যাতনা রদ্ধি হয়, অত্যন্ত হুর্বলতা থাকে ও যদ্যপি রোগী অতিরিক্ত বিরেচন এবং লাল নিঃসরণ জন্য হুর্বল হইয়া থাকে তাহা হইলে।

छेषध— इर्ग वृत्ता, शूर्वार ।

ইহা এক সপ্তাহ পর্যান্ত সেবনের পর যদি উপকার বোধ না হয় তাহা হইলে।

ঔষধ-কার্বো-বেজিটেবিলিন্, উক্ত রূপে দিবেক।

প্রাপ্তক্ত কোন ঔষধ সেবনের পর যদ্যপি অস্থি মধ্যে যাতনা এবং বাতের ন্যায় ফোলা থাকে তাহা হইলে।

ঔষধ—ডল্কেমেরা, এবং পরেতে এমিডম্-ফদ্ফরিকম্, পূর্ববং।

্যদ্যপি পারা দোষ জন্য অস্থি কোলে তাহা হইলে প্রথমতঃ।

উষধ –এদিডম্-ফস্ফরিকস্, এবং ফ্যাফিসেগ্রিয়া পূর্ব্ববং।

যদ্যপি উক্ত হুই ঔষধের দ্বারা আরোগ্য বোধ না হয় তাহা হুইলে।

ঔষধ — ক্যাক্তেক্রিয়া, পূর্ণমাত্রা হুই তিন ঘন্ট। অন্তর তিন দিবস •পর্যান্ত দিবেক।

পূর্ব্বোক্ত কোন ঔষধ অনেক বার ব্যবহার করিয়া যদ্যপি সর্ব্বতোভাবে রোগের লক্ষণ অন্তর্হিত না হয় তাহা হইলে।

ঔষধ-—সল্ফর্, পূর্ণাতা প্রতাহ তিন বার করিয়া এক সপ্তাহ পর্যান্ত ব্যবহার করিবেক। পরেতে ক্যান্তেকরিয়া, ঐ রূপে। যদ্যপি কোন ব্যক্তি অধিক পারা দেবন করিয়া পরেতে গন্ধক ব্যবহার করিয়া থাকে তাহা হইলে।

ঔষধ—মর্কি উরিয়স্-বাইবস্, বেলাডোনা, বা পলেসটিলা, পূর্ণ-মাত্রা প্রত্যন্থ তিন বার করিয়া সেবন করিবেক।

যদ্যপি কোন ব্যক্তি অধিক পরিমাণে মর্করি অর্থাৎ (পারা) ব্যবহার করিয়া পরেতে গন্ধক ব্যবহার না করিয়া থাকে, এবং লক্ষণান্ত্রযায়ী হেপারের নিতান্ত প্রয়োজন বোধ না হয় তাহা হইলে।

ঔষধ —সল্ফর্, পূর্ণমাত্র। প্রত্যহ রাত্তি এবং প্রাতঃকালে এক এক বার করিয়া দিবেক।

মাাপ্রেশিয়। বা এপুসম্ সলট, বাবহার জন্য রোগের চিকিৎসা।

যদি কোন ব্যক্তির উক্ত কোন প্রকার জোলাপ ব্যবহার করিয়া তজ্জন্য নিদ্রো না হয় তাহা হইলে।

ঔষধ — কফি, পূর্ণাতা শয়নের পূর্বে প্রত্যহ এক বার করিয়া দেবন করিবেক।

্যদ্যপি তজ্জন্য উদরে অত্যন্ত যাতনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ —ক্যামে:মিলা, পূর্নাতা ছই বা চারি ঘন্টা অন্তর এক একবার। কোষ্ঠ বদ্ধ থাকিলে বা বিরেচন হইলেও যদি উদর অত্যন্ত দৃষিত থাকে তাহা হইলে।

उध्य-कलामिन्, भूर्मवः।

যদ্যপি চব্বিশ ঘণ্টার মধ্যে কিঞ্চিৎমাত্র ও মল নিঃসৃত না হয় তাহা হইলে।

ঔষধ^{_}নক্স-ব্যিকা, পূর্ণাতা ছুই তিন ঘন্টা **অন্ত**ব।

যদি রোগীর অতিশয় যাতনা থাকে এবং স্বরের সহিত্
অত্যন্ত স্থালা থাকে, তাহা হইলে।

ঔষধ—আংদে নিক্ষ্, পূর্ণমাত্রায় অবস্থামুসারে, তিন হইতে ছয় ঘন্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি পাতলা মল, বিরেচিত হইতে থাকে তাহা হইলে। ঔষধ—পলেসটলা, পূর্ববং।

क्ल विभिन्ने की है। जिस्त आचार वा मः भन।

বিচ্ছ বা কাঁক্ড়াবিছা, রশ্চিক, ভীমরুল, ভ্রমর, বোল্তা, মৌমাছি, ও ডাঁশ, মসা, ছার্পোকা, মাকড্শা, প্রভৃতির কামড় বা আঘাত যদ্যপিও কদাচিৎ মারাত্মক নয়, তথাচ যথন কোন কোন স্থান বিশেষ আক্রমণ করে তৎকালে আশু অত্যন্ত পীড়া-দায়কহয়।

চিকিৎ**সা**!

প্রথমতঃ উক্ত প্রকার কীট বা পতক্ষে দংশন করিলে তৎক্ষণাৎ সেই স্থান শীতল জল দিয়া ধৌত করিবে, এবং কপূর্বের দ্রাণ লইবে। যদ্যপি তজ্জাতীয় জীব তৎকালৈ ধরা যায় তাহা হইলে তাহাকে দলিয়া ঘায়ের উপর দিবে। যদ্যপি সন্থ হয় তাহা হইলে দফ্ট স্থান অগ্নির উদ্ভাপে কিয়ৎকাল ধরিলে তৎক্ষণাৎ যাতনার নির্ত্তি হইবে। হুল ফুটিয়া থাকিলে ঘায়ের উপর থুথু দিয়া নথ বা সোন্না দ্বারা যত্ন পূর্ব্বক উঠাইবে এবং তদনন্তর কপূর্বের দ্রাণ লইয়া পরে।

ঔষধ'—'আর্থিনা, (অমিশ্র আরক) সেই ঘায়ের উপর ছই, তিন, বার লাগাইলে আরোগা হইবেক, এবং আর্থিনা, বটিকা পূর্নাত্রা অবস্থা বিবেচনায় ছুই, তিন ঘণ্টা অন্তর সেবন করাইবে। যদ্যপি উক্ত ঔষধ দ্বারা ফুলা এবং জ্বর নিবারিত না হয় ও কপূর্বের দ্রাণ লইলেও উপশম বোধ না হয়, তাহা হইলে।

ঔষধ-একোনাইট্, পূর্ণমাত্র, পূর্ববং অথবা আর্থিশার সহিত উপর্যাপরি রূপে দিবেক।

যদ্যপি উক্ত ঔষধদ্বয় দেবনের পর ফুলা থাকে তাহা

ঔষধ —বেলাডোনা, পূর্ণমাত্র, অর্দ্ধ ঘন্টা অন্তব।

যদ্যপি পূর্ব্বোক্ত ঐবধ প্রয়োগের পর উপশ্ম বোধ না হয় তাহা হইলে।

ঔষধ — মর্কি উরিয়স্ -বাইবস্, পূর্ব্বিৎ কিন্তু ক্রমশঃ বোগের যাতনা এবং চিত্রের লাখব বোধ হইলে সময় অধিক করিয়া দিবেক।

আঘাত।

দৈবাৎ কোন স্থানে পতিত হইয়া আঘাত লাগিলে প্রথমতঃ।

ঔষধ—আর্নিকা, পূর্ণমাত্রা ছয় ঘন্টা অন্তর চারি দিবস পর্যান্ত সেবন করিবেক। এবং আর্নিকা (অমিশ্র আরক) ১০ কোটা পরিমাণে আর্দ্ধ ছটাক জলে মিশ্রিত করিয়া তদ্বারা ৩। ৪। বার করিয়া ধ্যেত করিবে।

যদ্যপি পাদ বিক্ষেপ কালীন ভ্রমবশতঃ পতিত হইয়া তজ্জন্য মাথা ধরে তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, পূর্ণমাত্রা পূর্ব্ববং।

উক্ত প্রকার অবস্থায় ককিউলস্, এসিডম্-ফস্ফরিকম্, ও পূর্ব্বোক্ত প্রকারে দেওয়া যায়।

ę;

যদ্যপি পতন জন্য হস্ত পদাদিতে বেদনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ —পলেসটিলা, অথবা ব্রায়োনিয়া, পূর্নাতা প্রতাহ প্রাতঃ-কালে এবং সন্ধার্কালে।

ষদ্যপি ভয় জন্য পতিত হইয়া উক্ত প্রকার বেদনাদি ঘটিয়া থাকে তাহা হইলে।

উষধ-প্রেম্, পূর্ববং।

যদ্যপি পতন জন্য মূৰ্চ্ছা হয় তাহা হইলে প্ৰথমতঃ,

ঔষধ –একোনাইট্, পূর্দ্বৎ কিন্তু পুনঃ পুনঃ মুচ্ছা উপস্থিত হইলে প্রত্যেক বার মুচ্ছার পর অর্জনাতা পরিমাণে দিবেক।

যদ্যপি পতন জন্য অস্থিরতা প্রবল হয় তাহা হইলে।

উষধ—কফি, পূর্ণমাত্রা প্রাভঃ এবং সন্ধ্যাকালে এক এক বার করিয়া দিবেক।

মোচ্ডানি বা মচ্কিয়া যাওয়া।

কোন স্থান কোন প্রকার কারণবশতঃ যদ্যপি মচ্কিয়া যায় ও সেই স্থান ফুলিয়া লাল হইয়া থাকে অথবা রক্ত জমিয়া কাল-শিরা পড়িয়া থাকে তাহা হইলে।

ঔষধ—আণিকা, (অমিশ্র আরক) ত্রিশ ফোটা পরিমাণে এক ছটাক জলে মিশ্রিত করিয়া প্রভাহ তিন বার করিয়া তদ্ধারা ধৌত করিবেক।

যদ্যপি রক্ত জমিয়া না থাকে একং পূর্ব্বোক্ত প্রকারে যাতনা থাকে তাহা হইলে। স্থানিক ক্রিক্টিল ক্রিক্টিল

উষধ—রস্-উক্লিকোডেগুন্ (অমিশ্র আর্ক) পূর্ববং ব্যবহার করিবেক এই ঔষধ বাহ্য প্রয়োগকালীন প্রত্যহ এক এক মাত্রা সেবনও করিবেক। উক্ত ঔষধ ব্যবহারের পর যদ্যপি পীড়িত স্থান বলহীন বা আড়ুফ হইয়া থাকে এবং চালনা করিতে অত্যন্ত যাতনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—ব্রায়োনিয়া, সল্ফর, ক্যাল্কেরিয়া, পূর্ণমাতা প্রত্যহ প্রাতঃকালে। এক এক ঔষধ ক্রমশঃ চারি দিবস করিয়া ক্রমাথয়ে সেবন করিবেক।

যদ্যপি উপরোক্ত লক্ষণ সকল উক্ত প্রকারে অন্তর্হিত না হয় এবং যাতনাদি অধিক কাল স্থায়ী হয় তাহা হইলে দশ মিনিটু পরে।

ঔষধ—দিপিয়া, পূর্ণাত্রা প্রতাহ প্রাতঃ এবং সন্ধানিকালে আটি দিবস পর্যান্ত সেবন করিয়া পরেতে কার্টিকম্ উক্ত প্রকারে ব্যবহার করিবেক।

যদ্যপি বাহ্যিক যাতনার সহিত উত্তাপ ও রক্তবর্ণত্ব দেখা যায়, এবং তাহার সহিত ত্বর ও অস্থিরতা থাকে তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, পূর্ণমাত্রা ছয় ঘণ্টা অন্তর এক এক বার করিয়া সেবন করিবেক। কিন্তু ঐ ঔষধ ব্যবহার কালীন অন্য কোন প্রকার উষধ সেবন করিবেক না।

ক্ষত

ক্ষত অর্থাৎ যা ছয় প্রকার, এক কাটা ঘা, অর্থাৎ কোন তীক্ষু অস্ত্র দ্বারা চ্ছেদন করিয়া যে যা হয়। হই ছেঁড়া ঘা, অর্থাৎ অস্ত্রাদি দ্বারা ছিল্ল না হইয়া কোন প্রকার গুরুতর টানে মাংসাদি ছিঁড়িয়া যে যা হয়। তিন ছাঁচা ঘা, কোন প্রকার গুরুতর বস্তু-আঘাত দ্বারা যে ঘা হয়। চারি থোঁচা ঘা, কোন তীক্ষু অস্ত্রের অগ্রভাগ দ্বারা থোঁচা লাগিয়া যে ঘা হয়। পাঁচ, গুলির ঘা। ভয়, জন্তুর দন্ত-নখাদি দ্বারা যে ঘা হয়।

मृष्ण वावन्त्रं हिकिश्मं मीशिका ।

'कें हिं। चारशेंत हिंकिश्मा 1

প্রথমতঃ রক্তবদ্ধ করিবার নিমিত্ত বস্ত্র খণ্ডের দ্বারা আহত স্থান বাঁধিয়া অতি শীতল জল বা বরফ দিরা ভিজাইবে, যত বার শুক্ষ হইবে তত বার পুনঃ পুনঃ ভিজাইয়া দিবেক। এবং আর্ণিকা অথবা ক্যালেণ্ডিউলা, অমিশ্র আরক পূর্ব্বোক্ত প্রকারে প্রস্তুৎ করিয়া তদ্ধারা ভিজাইবেক। ক্ষত আরোগ্য হইবার পূর্ব্বে যদ্যপি তাহা হইতে অতিরিক্ত পুঁজ নির্গত হইতে থাকে, তাহা হইলে আর্ণিকা অপেক্ষা ক্যালেণ্ডিউলা অধিক উপকারক, তদ্ধপ পুঁজ না হইলে ক্যালেণ্ডিউলা অপেক্ষা আর্ণিকা অধিক উপকারক, উপকারক। কেবল যখন আর্ণিকা, দ্বারা ক্ষত, ফুলিতে আরম্ভ হয় তৎকালে দেওয়া কর্ত্ব্য নহে।

যদ্যপি ক্ষত পাকিয়া পুঁজ হইতে আরম্ভ হয় তাহা হইলে প্রথমতঃ।

ঔষধ—আর্ণিকা, পূর্ণমাত্রা বার ঘন্ট। অন্তর সেবন করিবেক।

যদ্যপি রোগী বলবান্ এবং দৃঢ়কায় হয়, ও অত্যন্ত প্রবল জ্বর বিদ্যমান্ থাকে তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, অর্দ্ধাত্রা তিন ঘন্টা অন্তর আর্ণিকার সহিত ক্রমান্বয়ে ব্যবহার করিবেক।

ছিলক্ষত অর্থাৎ ছেঁড়া ঘায়ের চিকিৎসা।

এই প্রকার ঘায়ে প্রথমতঃ একখানি বস্ত্র খণ্ড গদির ন্যায় করিয়া ঘায়ের উপর দিয়া পুনঃ পুনঃ শীতল জলের দ্বারা ভিজা-ইবে। এবং যদ্যপি পাকিতে আরম্ভ হয় তাহা হইলে নিম্ন লিখিত মতে ঔষধ সেবন করিবে। যদ্যপি বাছা চিকিৎসা দ্বারা ক্ষত শুক্ষ হইবার উপক্রম না দেখা যায়, যাতনা অধিক প্রবল হয়, ও <u>অতিরিক্ত পুঁজ</u> নির্গত হইতে থাকে, তৎকালে উক্ত প্রকারে জল দেওয়া বন্ধ করিয়া।

উষ্ধ—ক্যামোমিলা, পুনিতি বৈ প্রভাত প্রতিঃ এবং সন্ধাকালে এক এক বার করিয়া ভি দিবস প্রয়ান্ত তেবন করিবেক।

যদাপি উক্ত ঔষধে বিশেষ উপকার বোধ না হয় তাহা ছইলে উক্ত ঔষধে শেষ মাত্রার চাব্দিশ ঘন্টা পরে।

इंश्य-(इश्रात् श्रृक्तितः।

যদ্যাপি উক্ত ঔষধে আরোগ্য বোধ না হয় তাহা হইলে। ওয়ধ সংইতিশিলা, পুর্কবং।

যদ্যপি উক্ত ঐযধের দার: সম্পূর্ণ আরোগ্য বোধ না হয় তাহা হইলে।

ওয়প -- স্ল্ফর্ উক্ত ইয়পের সহিত পূর্বেশ ক্তরূপে উপর্যুপ্রি প্রক্রেক ৮ড়র্থ দিবনে আবহু করিবেক।

ष्टाण पालत किकिस्मा।

প্রথমতঃ শীতল জল দারা পূর্ব্বোক্ত মতে তিন ঘণ্টা পর্যান্ত ভিজাইবেক তাহার পর যদ্যপি অতিরিক্ত রক্ত নির্গত হইতে থাকে তাহা হইলে, আর্ণিকার অমিশ্র আরক এক কোটায় দশ কোটা জলের পরিমাণে মিশ্রিত করিয়া প্রস্তুত জলের দ্বারা আহত স্থান ধৌত করাইবে।

এই প্রকার ঘায়ের প্রথমাবস্থায় যা পরে। উ**য়ধ—**জার্ণিকা, পুর্নাতা ১২ ঘন্টা অন্তর দেবন করিবেক।

খোঁচা ঘায়ের চিকিংসা।

এই প্রকার ঘায়ে প্রথমতঃ বস্ত্র খণ্ড দ্বারা ক্যিয়া বাঁধিয়া তাহার উপর কেবল শীতল জল বা আর্ণিকার অমিশ্র আরক (প্রাণ্ডক্তরূপে) জলে মিশ্রিত করিয়া দিবেক।

যদ্যপি এই প্রকার ক্ষত হইবা মাত্র দাঁতি লাগে তাহা হইলে, এবং তজ্জন্য কোন প্রকার ভয়ানক লক্ষণ উপস্থিত না হয়, তরিমিত্তে।

উষধ —আর্ণিকা, পূর্ণমাত্র। অর্দ্ধঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি জ্বর লক্ষণ অত্যন্ত প্রবল হয় তাহ। হইলে।

ঔষধ—একোনাইট্, পূর্মাতা পূর্পক্র স্বতন্ত্র বা আর্থিকার সহিৎ উপর্যাপরিক্রপে দিবেক।

যদ্যপি বাহে অত্যন্ত কোলা থাকে তাহা হইলে।

উষধ — ক্যামে: মিলা, বা বেলাডেনে।, অইনেত্রা ছত্ত ঘটা অন্তব দিবেক। ইহার মধ্যে প্রথম ঔষধ, যুদ্দাপি অনুষ্টাত্ন প্রাক্তি ভংকালে বিশেষ উপভারত।

যদ্যপি এতাদৃশ ক্ষত মধ্যে পুঁজ হইতে আরম্ভ হয় এবং আরোগ্য লক্ষণ দেখা যায় তাহা হইলে।

উষধ— প্রধানতঃ সাইলিশিয়া ভাষার পর মার্কিউরিয়স, পূর্ন-মাতায় ক্রমশঃ ভয় ঘটা অন্তর দিলেক, বিত্ত প্রথমে।ড উর্থের আট মাতার পর বার ঘন্টা অন্তর্ধিতীয় উষ্ধ আয়েয় করিবেন।

ষদ্যপি পূর্ব্বোক্ত ঔষধের দ্বারা আরোগ্য বোধ না হয় অথবা আংশিক উপশম বোধ হয় তাহ্লা হইলে শেখোক্ত ঔষধের ছয় মাত্রার শেষে বার ঘণ্টা পরে, এবং যদ্যপি ক্ষত হইতে হুর্গন্ধ গুঁজ নির্গত হইতে থাকে তাহা হইলে।

ঔষধ — সৰফর্; পূৰ্ণমাত্ৰা প্ৰভাই রাত্তি এবং প্রাতঃকালে এক এক ধার করিয়া দিবেক।

গুলির ঘায়ের চিকিৎসা।

শরীরে গুলি প্রবিষ্ট হইলে তাহা যত্নের সহিত উদ্ধার করিবেক। যদ্যপি তাহা সহজে নির্গত করা হঃসাধ্য বোধ হয় তাহা হইলে তাহাকে পাকাইয়া নির্গত করিতে হইবেক। অতএব প্রথমতঃ বস্ত্র খণ্ড অথবা মসিনা দ্বারা গদি প্রস্তুত করিয়া ঘায়ের উপর বাঁধিয়া, জল দিয়া পুনঃ পুনঃ ভিজাইবে অথবা আর্ণিকার অমিশ্র আরকের বিশ ফোটা এক ছটাক জল পরিমাণে মিশ্রিত করিয়া প্রস্তুত জলের দ্বারা ভিজাইবে।

যদ্যপি ক্ষত নিতান্ত পাকাইয়া অন্তরস্থ পদার্থ নির্গত করিবার প্রয়োজন হয় তাহা হইলে।

ঔষধ—সাই লিশিয়া, এবং পরেতে হেপার্ ও সলফর পূর্ণমাতা ছয় ঘন্টা অন্তর দিবেক।

ষষ্ঠ প্রকার ঘায়ের চিকিৎসা পূর্ব্বেই লিখিত হইয়াছে।

পথ্য ব্যবস্থা।

জ্ব বিদ্যমান্ কালে জ্বরের ব্যবস্থার ন্যায় পথ্যদিবে এবং পরেতে লঘু আহার ব্যবস্থা করিবে। রোগী স্থির হইয়া থাকিবে। কোন মতে অঙ্গ চালনা ইত্যাদি (যদ্ধারা যাতনা বা ঘায়ের রিদ্ধি হয় এতাদৃশ ক্রিয়া) কদাচই করিবে না। ঘায়ে পুঁজ হইলে মৎস্থা, অমা, মিফ দেব্যাদি, হ্পান, এবং মৃত পর্যান্ত বর্জন করিবেক। কোন প্রকার নেশা বা উৎসাহের কার্য্য করিবেক না, যাহাতে শোণিত উষ্ণ করে, তাদৃশ কর্ম্মে মনো নিবেশ করা বিধেয় নহে, রোগীর বল রাখিবার জন্য কিয়ৎ পরিমাণে মাংসের ক্বাথ দেওয়া যাইতে পারে।

চর্ম্ম রোগ।

রক্তকুষ্ঠ।

লক্ষণ—শরীরের কোন স্থানে প্রথমে উতাপ হইয়া বিন্ধার ন্যায় যাতনা আরম্ভ হয়, পরেতে আক্রান্ত স্থান রক্তবর্ণ হইয়া ফুলিয়া উঠে। কিয়ৎকাল পরে জ্বালা এবং ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা বোধ হয়, অঙ্গুলি দ্বারা চাপিলে ক্ষণমাত্ত রক্তবর্ণজ্ব দূর হইয়া অঙ্গুলি তুলিলে পুনর্বার পূর্বরূপ ধারণ করে, এবং জ্বর লক্ষণ বিদ্যোন্ থাকে। অনিদ্রো, শুষ্ক জিহ্বা, বমনেচ্ছা, পাকস্থলী চাপিয়া ধরা, এবং মাথাধরা ও থাকে। অম্প দিবস মধ্যে আক্রান্ত স্থান রক্তবর্ণের পরিবর্ক্তে পীতবর্ণ হয়, এবং রোগ বদনে আক্রমণ করিলে ভয়ানক রূপে ধারণ করে।

নিদান—অগ্নিমান্দ্য, প্রবল মনোবেগ বিশেষতঃ স্ত্রীলো-কের রজস্বলা কালীন অনেকেরই এই রোগ দেখা যায়।

চিকিৎসা।

যখন এই রোগ উপস্থিত হইয়া প্রথমতঃ প্রবল জ্বর থাকে অথবা চর্মা উত্তপ্ত ও শুক্ষ থাকে তৎকালে অথবা অন্য সময়ে।

ঔষধ-একোনাইট্, অর্দ্ধমাত। তিন ঘণ্টা অন্তর ক্রমশঃ নাড়ী শীতল ভাব ধারণ করা পর্যান্ত দিবেক।

যদ্যপি রক্ত বর্ণ, স্থ্য্য কিরণের ন্যায়, চতুর্দ্দিগে ব্যাপ্ত হয়, এবং উত্তাপের সহিত অত্যন্ত স্থালা থাকে, আক্রান্ত স্থান শরীর চালিত করিলে অতিশয় যাতনা বোধ হয়, অত্যন্ত মাথা ধরা, ভৃষণা, অস্থিরতা, নিদ্রোর অপ্পতা, প্রলাপ তক্ত্রা ইত্যাদি থাকে, এবং মাংসপেশী সকল সঙ্কোচিত হইতে থাকে, তাহ। হইলে।

উষধ—বেলাড়োনা, অর্দ্ধমাত্রা রোগের তীব্রাবস্থায় ভিন ঘণী অন্তব অথবা ছয় হইতে বার ঘণ্টা অন্তর দিবেক। কিছু দিন এই উষধ ব্যবহার করিলেই এই বোগে শান্তি হইবে।

যদ্যপি আক্রান্ত স্থানের বর্ণ অতিরিক্ত লাল ন। হইয়া ঈষৎ রক্ত-বর্ণের সহিত নীল-বর্ণ হয় এবং পীড়া এক স্থানে অন্তর্হিত হইয়া অপর স্থানে প্রকাশিত হয়। বিশেষতঃ যদ্যপি কর্ণের বহির্ভাগে বা অভ্যন্তরে কোন্ধার ন্যায় হইয়া পীড়া প্রকাশিত হয়, তাহা হইলে।

উমধ-পালেটিলা, পূর্মাত্র। প্রভাহ প্রাতঃ এবং সন্ধ্যাকালে এক এক বার।

যদ্যপি রক্তক গ্রু পাকিয়া তাহাতে পুঁজ হয় তাহা হইলে।
উষধ —সন্দর্, আমেনিকম্, এই উভয় উন্ধের অন্তর একটা
পূর্মানায় প্রভাচ প্রাতঃ এবং সন্ধাকালে এক এক বার করিয়া দিবেক

পথ্য ব্যবস্থা।

এই রোগে যখন জর বিদ্যমান্ থাকে তৎকালে জর কালীন পথ্য ব্যবস্থার ন্যায়, এবং জ্বর লক্ষণের লাঘ্ব হইলে লঘু আহার দিবেক, কিন্তু যদ্যপি এই রোগে আক্রান্ত হইয়া ক্রমশঃ বিকার লক্ষণ উপস্থিত হইয়া নাড়ী বসিয়া যাইবার উপক্রম হয়, তৎকালে বলুকারক দ্বের অর্থাৎ মাংসের কাথের সহিত কিঞ্চিৎ পরিমাণে প্রার্ট নামক মদ্য জল মিশ্রিত করিয়া অত্যপে পরিমাণে পুনঃ পুনঃ দিবেক। এই রোগে আক্রান্ত হইলে এবং আরোগ্য হওয়ার লক্ষণ উপস্থিত হইলেও কোন মতে যাহাতে শীতল দেবা করা না হয় তাহা করিবেক।

ক্ষোটক অর্থাৎ ফোডা

লক্ষণ—গোল অথবা অণ্ডাক্কতি হইয়া চর্ম্মের উপর ক্রমশঃ প্রদাহের সহিত ফুলিয়া উঠে এবং পরেতে পাকিয়া প্রথমতঃ রক্ত মিশ্রিত পুঁজ নির্গত হয়, এবং কঠিন পুঁজের দানা (বিচি) নির্গত হইলে শুখাইয়া যায়, কিন্তু পরেতে কিছু কাল পর্যান্ত কঠিন গুঠলি হইয়া থাকে।

নিদান—কোন কোন ব্যক্তির স্বভাবতঃই হইয়া থাকে, আরও চুল্কানি বা অন্য কোন প্রকার চর্মরোগ শেষ হইলে অথবা স্থারের পর হইয়া থাকে।

চিকিৎস।।

প্রথমতঃ কোড়া উঠিলে এক খানি পাতলা বস্ত্রখণ্ড হুই পাট করিয়া তাহা জলের দ্বারা ভিজাইয়া কোড়ার উপর রাখিয়া তাহার উপর আর এক খানি শুক্ষ বস্ত্র দিয়া ঢাকিয়া দিবেক, এবং যত বার শুখাইবে ততবার পুনঃ পুনঃ ভিজাইয়া দিবে। যখন অত্যন্ত প্রদাহ বিশিষ্ট হইয়া যাতনার সহিত ফুলিয়া উঠে তখন মদিনা বাটিয়া গরম করিয়া ফোড়ার উপুর পোলটিন্ দিবে।

যদ্যপি এই রোগ পুনঃ পুনঃ উপস্থিত হয়, এবং অত্যন্ত যাতনা দেয়, তাহা হইলে।

ঔষধ—আর্থি।, এবং সন্ফর্, পুমিত্রার প্রভার প্রাতঃ এবং রাত্রিভ উপর্যুপরি সেবন বরিবে। যদ্যপি কোড়া অত্যন্ত প্রদাহ বিশিষ্ট দেখা যায়, এবং তাহার নহিত অতিশয় জ্বর ও অস্থিরতা থাকে তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, অর্জনাতা ছয় ঘণ্টা অন্তর (জ্বর লক্ষণ নিবারণ হওয়া পর্যান্ত)।

যদ্যপি কোড়া ফুলিয়া অগ্নিবৎ বা রক্তবর্ণ দেখায়, কিয়া হস্ত পদাদির অগ্রভাগে উঠিয়া তাহার সহিত কুচ্কি ও বগলের নীচে গুঠলি সকল ফুলিয়া বেদনা বোধ হয়, ও পিপাসা, মাথা-ধরা, শরীরে উত্তাপ ইত্যাদি থাকে তাহা হইলে।

উষধ—বেলাডোনা, পূর্ণমাতা প্রতাহ রাত্রি এবং প্রাতঃকালে।

যদ্যপি উক্ত ঔষধের দ্বারা অন্যান্য লক্ষণ, নিরাক্কত হইয়া কেবল ফুলা মাত্র থাকে, এবং পূর্ব্বোক্ত ঔষধে দমন করিতে না পারে তাহা হইলে।

ঔষধ—মর্কি উরিয়স্, পূর্ববিৎ। এই ঔষধ পূর্বোক্ত ঔষধের শেষ মাত্রার চকিশ ঘণ্টা পরে আরম্ভ হইবেক।

ফোড়ার ভিতর পুঁজ হইলে তাহা উপরে উঠাইয়া আনিবার নিমিত্ত।

ঔষধ—হেপার, পূর্ণমাত্রা ছয় বা আট ঘন্টা অন্তর দিবেক।

পথ্য ব্যবস্থা।

জ্ব বিদ্যমান্ থাকার সময় জ্ব কালীন ব্যবস্থার ন্যায়, এবং তাহার পর লঘু, আহার করিবেক, আমিষ ভক্ষণ করিবেক না, মদ্যাদি বা অন্য প্রকার মাদক দ্রব্য বর্জ্জিত করিবেক, শীতল জলে স্নান, ওবং শীতল জল পান দ্বারা বিশেষ উপকার হয়, প্রত্যহ নিয়মিত কালে আহার ও শয়নাদি করা, এবং নিয়মিত রূপে বহির্দেশে ব্যয়াম করা বিধেয়।

রক্তবর্ণ ব্রণ।

লক্ষণ—এই ত্রণ বা, ক্ষোটক, অনেকাংশে সামান্য কোড়ার ন্যায় হয়, কিন্তু ইহা অত্যন্ত কঠিন রহদাকার বিশিষ্ট হয়, এবং প্রদাহ বিশিষ্ট ফুলা থাকে, উপরে চিক্ চিক্ করে, ও মধ্যস্থলে লাল বর্ণ বা ঈষৎ নীলবর্ণ বা ক্লম্বর্ণ দাগ দেখা যায় বিশেষতঃ ইহার মধ্যে বিচি থাকে না, যদ্যপি ইহাকে প্রথমতঃ দমন না করা যায় তাহা হইলে চতুর্দ্দিগে মুখ হইয়া পুঁজ পড়িতে থাকে শেষে উপরে শুক্ষ চামড়া পড়িয়া অভ্যন্তরে গভীর গর্তের ন্যায় ঘা দেখা যায়, এই রোগ উপস্থিত হইলে মাথাধরা, পিপাসা, জিহ্বা মলিন, আহারে অনিচ্ছা, অন্থিরতা, অনিদ্রা প্রভৃতি উপসর্গসকল উপস্থিত হয়, যদ্যপি ঘা সামান্য হয়, এবং সুন্দর রূপ চিকিৎসিত হয়, তাহা হইলে ক্রমশঃ উপসর্গ দূর হইতে থাকে, কিন্তু যদ্যপি অধিক দূর পর্যান্ত মাৎস গলিয়া যায়, তাহা হইলে বিকার লক্ষ্ণ উপস্থিত হইয়া রোগী পঞ্চত্ব প্রাপ্ত হয়, এই রোগ, স্থান বিশেষে অথবা ঘাড়ে হইলে যাড়মাগুরা, পৃষ্ঠে হইলে, পৃষ্ঠাঘাত বা পৃষ্ঠত্রণ, উক্ল দেশে হইলে উক্ল-স্বন্তু প্রভৃতি আখ্যা হয়।

চিকিৎসা।

এই রোগে অন্যান্য উপদর্গ না হইয়া যদ্যপি কেবল অতি-শয় যাতনা এবং কষিয়া ধরা থাকে তাহা হইলে কোড়ার উপর দেরার ন্যায় করিয়া অস্ত্র দারা ছেদন করিয়া এক খানি বস্ত্র খণ্ড দ্বই তিন পাট করিয়া তাহার উপর রাখিয়া শীতল জলের দ্বারা পুনঃ পুনঃ ভিজাইবে।

এই রোগ উপস্থিত হইলে প্রথমতঃ।

উষধ—সাইলিশিয়া, পূর্ণনাত্র। প্রভাহ প্রাতঃকালে এক এক বার করিয়া সেবন করিবেক। যদ্যপি কোড়া ঈষৎ নীলবর্ণ হয়, এবং শীদ্র বিস্তৃত হইবার উপক্রম দেখা যায়, তৎকালে।

ঔষধ—ল্যাকিসিন্, পূর্ণমাত্রা চারি ঘণ্টা অন্তর তিন মাত্রা দিয়া পরেতে প্রাতঃকালে এবং রজনীতে এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি মাংস গলিয়া যাইবার উপক্রম হয় এবং রোগী অত্যস্ত হুর্বল হইয়া পড়ে, নাড়ী বেগবতী হয়, আর যদ্যপি এই রোগ সংক্রমণ জন্য হইয়া থাকে, তাহা হইলে।

ঔষধ—আমে নিকম্, অর্দ্ধনাতা চারি ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি উক্ত ঔষধে সর্বতোভাবে আরোগ্য বোধ না হয় তাহা হইলে।

ঔষধ—চায়ুনা, রস্ট্রিক্র-কোডেওুন্, বা সাইলিশিয়া ইহার মধ্যে যে কোন একটা ঔষধ পুর্নাতায় রাতি এবং প্রাতঃকালে এক এক বার করিয়া দিবেক।

পথ্য ব্যবস্থা।

এই রোগের সামান্যাবস্থায় লঘু আহার করিবেক কিন্তু যখন যা গলিয়া বিস্তৃত হইতে থাকে, তথন বলকারক পথ্য দেওয়া নিতাস্ত বিধেয়, যদ্যপি রোগী অত্যন্ত হুর্বল হইয়া যায়, তাহা হইলে তাহাকে অত্যশ্প পরিমাণে, পোর্ট নামক মদ্য পুনঃ পুনঃ দেওয়া আবশ্যক।

क्छू अर्थाः हुन्कना ।

লক্ষণ—চর্ম্মের উপরে ক্ষুদ্র ফুক্সুড়ি উঠে, তাহার উপরিভাগ স্বচ্ছ এবং তাহা হইতে জলের ন্যায় ক্লেদ নির্গত হয় ও তাহার মধ্যে এক প্রকার অতি ক্ষুদ্র কীট থাকে। এই রোগ মুখ ভিন্ন সর্কাঙ্গে বিশেষতঃ করন্বয়ে, অঙ্গুলির অভ্যন্তরে, এবং যোড়ের স্থানে হয়, নিয়ত অসহা রূপে চুল্কায়; ইহার সহিত জ্বর বিদ্যমান্ থাকেনা।

চিকিৎসা।

এই রোগে সামান্যতঃ আন্তরিক এবং বাহ্যিক চিকিৎসার প্রধান।

ঔষধ—সক্ষর বিশুণমাত্রা প্রতাহ প্রাতঃকালে দশ দিন পর্যন্ত সেবন করিবেক তাহার সাত দিন পরে পুনর্মার ঐ রূপে আরম্ভ করিবেক। অনিশ্র আরক বিষ্কোটা এক ছটাক জলে মিশ্রিত করিয়া তদ্ধারা এক খানি বস্ত্র খণ্ড ভিজাইয়া আক্রান্ত স্থান সকলে রাত্রি এবং প্রাতঃকালে সময়ে সময়ে দিবেক, রোগের সামান্যাবস্থায় ঔষধ সেবন না করিয়া কেবল বাহ্যিক প্রয়োগ ঘারা আরোগ্য হইতে পারে।

বিশেষ চিকিৎসা।

ষদাপি চুক্কনা দিয়া রক্ত পড়ে...মর্ক উরিয়স্, সল্ফর্।

,, গুদ্ধ হয়..কফিক্ম্, ল্যাকিসিস্, সিপিয়া, সল্ফর্।

,, মলিন পঁড়া পড়ে...কফিক্ম্, সিপিয়া, সল্ফর্।

কার্বো-বেজিটেবিলিস্,

কুফিক্ম্, সল্ফর্।

চুল্কনা বস্তি অর্থাৎ তলপেটে হইলে...ন্যাট্রম্-মিউরিএটিক্ম্।

,, চরণে হইলে.... এফিডম্-ক্স্ক্রিক্ম্।

, পায়ের পাতায় হইলে... ঐ

এই সকল.ঔষধ দ্বিগুণমাতায় প্রত্যহ প্রাত্ঃকালে সেবন ক্রিবেক।

পাচ্ড়া।

লক্ষণ—এই রোগ প্রথমতঃ চুল্কনা হইয়া পরেতে পাকিয়া পাচ্ড়া রূপে পরিণত হয়, চুল্কনা এবং পাচ্ড়া উভয়ই সংক্রা-মক রোগ।

চিকিৎসা।

এই রোগে আক্রান্ত হইলে রোগীকে, একটা রহৎ গাম্-লায় গরম জল ঢালিয়া তাহাতে প্রত্যহ এক ঘণ্টা করিয়া বসাইবে, এবং সল্কর, বা মর্কিউরিয়স্ দ্বিগুণ মাত্রায় প্রত্যহ প্রাতঃক্রালে সেবন করাইবেক।

পথা ব্যবস্থা।

এই রোগে আক্রান্ত ব্যক্তি মৎস্থা, দ্বন্ধা, মিফীন্ন এবং
মদ্যাদি এক কালীন বৰ্জ্জন করিবেক, প্রত্যন্থ উষ্ণ জলে দাবানের দারা শরীর পরিক্ষার করিয়া স্থান ও পরিষ্কৃত পরিচ্ছদ
পরিধান, পরিষ্কৃত স্থানে বাদ করিবেক এবং তাদৃশ রোগে
আক্রান্ত ব্যক্তির সহিত এককালীন সহবাদ পরিত্যাগ করিবেক।

मक्त (माउँम)।

লক্ষণ—এই রোগ নানা প্রকার হইয়া থাকে, সামান্যতঃ লক্ষণ এই যে, চর্ম্মের উপর চুল্কাইয়া ক্ষুদ্র বা ব্রহৎ চক্রাকার হয়, চতুম্পার্ম্মে উন্নত ও মধ্যস্থান সমান থাকে।

চিকিংসা।

```
यनानि मक्त निश्र देख भाष् .. जिल्लामा नाहे कि रामि प्रमा
            কটা বর্ণ হয়..ডকেনেরা।
 ,,
           জ্বালাকরে .. বিশ্ব ক্ষানে কানিয়ন্, কোনিয়ন্, কোনিয়ন্, মহিক উরিয়স্ সহকর্।
 "
            প্রাচীন হয়.. কোনিয়ম্, ল্যাকিসিদ্, সল্ফর্।
 22
            ফাটা ফাটা হয়..লাইকোপোডিয়ম।
  ,1
            শুক্ষ হয়..ডলেক্মেরা, ফদ্করদ্, সল্ফর্, বেরাটুম ।
            ঈষৎ কটা বর্হয়...সল্ফর্।
 21
        "
            मिया जनवर तम कारिक्कतिया, किका,
 22
              निर्भाष्ठ इग्र.. व्याकावृत्तिम्, मन्कर्।
            চক্ষুতে ৰা চক্ষুৰ পাতায় হয়...ব্ৰায়োনিয়া।
 "
            কর্ণে হয় ...... সিপিয়া।
                               वाधितायुष्टी, लाधिकिमिम्,
नाष्ट्रिय-सिडेबिअक्टिकस्।
           মুথে হয়.. {
            গ∤লে হয়...किकिम्, मर्कि উরিয়স্।
            দাড়িতে হয়...সাইলিশিয়া।
            মুখে হইয়া ভিতর নীলবর্ণ হয়...জিক্কম্।
            निष्ट र्य ... एटक्त्यत्रा, शिष्ट्रीनियम्।
            উরু ও বস্তির মধাস্থানে ( কাচ্দাদ্)...পিট্রোলিয়ন্।
        ,,
            वकः इत ও छानत (वै। हि. किक् म, ए क्कि मता
            মাজার উপর, পৃষ্ঠদেশে..লাইজ্কাপোডিয়ম্ সিপিয়া।
            ঘাড়ে..লাইকোপোডিয়ম্, পিট্রোলিয়ম্, সিপিয়া।
  27
        ্, . বাছতে হয়...মর্কি উরিয়স্ ; ফস্করস্।
             হত্তে হয়... ডলেক্মেরা, ই পিক্যাকুয়ানা, জিক্ষা।
   23
         ,, . হত্তের অঙ্গুলিতে...গ্রাফাইটিন্, এসিডম্-নাইট্রিন্।
  ,,
```

- ,, ,, ভিরুদেশে...গ্রাফাইটিস্, মর্কি উরিয়স্।
 ,, ,, ক্লায়তে...আর্সেনিকম্, ন্যাট্রম্-মিউরিএটিকম্।
 ,, চরবে...গ্রাফাইটিস্, ল্যাকিসিস্।
 ,, গুলেফ (গুড়মুড়া)...

 পিট্রোলিয়ম্।
 ,, পায়ের অঙ্গলিতে.....এলম্।
- এই সকল ঔষধ লক্ষণান্ত্যায়ী বিবেচনা পূর্ব্বক পূর্ণ মাত্রায় বার ঘণ্টা অন্তর অথবা দ্বিগুণ মাত্রায় প্রত্যন্থ প্রোতঃকালে, সেবন করিবেক, এবং যখন যে ঔষধ সেবন করিবেক সেই ঔষধের চারিটী বটিকা পরিমাণে এক ছটাক জলে ফেলিয়া প্রস্তুত জলেরদ্বারা প্রত্যন্থ হুই বার করিয়া আক্রান্ত স্থান ধৌত করিবেক।

পথ্য ব্যবস্থ।

এই রোগাক্রান্ত রোগী লঘু আহার করিবেক, যে কোন দেব্য শোণিত উষ্ণ করে তাহা এবং মৎস্থাদি ত্যাগ করিবেক, লবণ পাকের দেব্য বর্জ্জন করিলে এই রোগে বিশেষ উপকার হয়, প্রত্যহ সাবানের দ্বারা অঙ্গ পরিষ্কার করিয়া শীতল জলে স্থান পরিষ্কৃত শ্যায় শয়ন ও পরিষ্কৃত বস্ত্রাদি পরিধান করিবেক, নিয়মিত রূপে ভ্রমণাদি দ্বারা ব্যায়াম কর্ত্তব্য ।

পোড়া বা ঝল্খান ঘা।

অগ্নি বা অগ্নি দারা উত্তপ্ত কোন পদার্থ, চর্ম্মের উপর সংলগ্ন হইলে বা উষ্ণ জলাদি বা তৈল স্থতাদি পতিত হইলে চর্ম্মের সেই স্থান দগ্ধ হয়, তাহা তিন প্রকার। প্রথমতঃ, যদ্ধারা কেবল চর্ম্মের উপর প্রদাহ মাত্র হয়, কণ্ণন কোন্ধা উঠে অথবা উঠে না।

দ্বিতীয়তঃ, চর্ম্মের শক্তিহীন করে, চর্ম্ম উঠিয়া ধার, এবং নিকটস্থ স্থান অথবা চর্ম্মের নিম্নে পাকিয়া উঠে।

তৃতীয়তঃ, দগ্ধ স্থানের শক্তি এরপ লোপ হইয়া যায় যে এক কালীন শুক্ষ দর্ম থাকিয়া নিমে ঘা হইয়া যায়।

ষদ্যপি অবস্থা বা বয়ংক্রম অথবা স্থান বিশেষে, দহনের পরিমাণ অতিরিক্ত হয় তাহা হইলে কিয়ৎকালের মধ্যে রোগী বিকার লক্ষণাক্রাস্ত হইয়া কাল প্রাপ্ত হয়।

বাহ্যিক চিকিৎসা।

কোন স্থান সামান্য দগ্ধ হইলে, ছই মিনিট্ পর্য্যন্ত পুন-র্বার উত্তাপে ধারণ করিবেক।

যদ্যপি অধিক পরিমাণে দগ্ধ হইয়া থাকে তাছা হইলে। ঔষধ—আর্নিনা ''অমিশ্র আরক'' ছয় গুল জলে মিশ্রিত করিয়া দগ্ধস্থান, ডদ্ধারা দশ মিনিটু পর্যস্ত ধৌত করিবেক।

কোষ্ঠা নিবারণ জন্য শীতল জল দগ্ধ স্থানের উপর দেও-য়ার পূর্বেষ।

ঔষধ — ক্যাস্থারাই ডিস্, (অমিশ্র আরক) ছই ফোটা পরিষাণে প্রত্যেক এক ভোলা জলে মিশ্রিত করিয়া তদ্ধারা এক খানি বস্ত্রখণ্ড ভিজাইয়া দক্ষ স্থান বান্ধিয়া দিবে। শুষ্ক হইলে পুনর্বার ভিজাইয়া দিবে এই রূপে বার ঘণ্টা পর্যান্ত রাখিবে।

যদ্যপি দক্ষ হওয়ার পর এক ঘণ্টা পর্য্যন্ত অন্য কোন প্রকার ঔষধ না দেওয়া হইয়া থাকে তাহা হইলে।

ঔষধ—কটিকম্ও আরক তিন ফোঁটা পরিমাণে প্রভাকে ডোলা জলে মিশ্রিত করিয়া এক থানি বস্ত্রথণ্ড ভিজাইয়া দক্ষ স্থানের উপর দিকেক, যত বার শুষ্ক হইবেক তৎক্ষণাৎ পুনর্মার ভিজাইয়া দূবেক। যদ্যপি দগ্ধ স্থানের উপর চর্ম্ম শুখাইয়া নীচে ঘা বোধ হয়, এমত ভয়ানক স্থলে।

ঔষধ—ক্যালেণ্ডিউলা (অমিশ্র আরক), পূর্ব্বোক্ত প্রকারে অর্থাৎ প্রত্যেক তোলা জলে তুই ফোটা করিয়া মিসাইয়া এক খানি বস্ত্র খণ্ড ভিজাইয়া আহত স্থানে দিবেক।

যদ্যপি অত্যন্ত দগ্ধ হইয়া থাকে তাহা হইলে সেই স্থানের উপর তুলা অথবা ময়দা বিছাইয়া দিবেক এবং তাহা পরিষ্কার করিবার সময় ঘায়ের উপর পোল্টিস দিবেক।

আভান্তরিক চিকিৎসা।

যদ্যপি দহন অতি সামান্য হয়, এবং উপরের চর্ম্ম মাত্র কিঞ্চিৎ দগ্ধ হইয়া থাকে, তাহা হইলে।

উষধ—আর্ণিকা, পূর্ণমাত্রা তিন ঘন্টা অন্তর সেবন করিবে।

যদ্যপি অতিরিক্ত জ্বালা বোধ হয়, এবং ক্রমশঃই কষ্ট-দায়ক হইয়া উঠে তাহা হইলে।

ঔষধ-কার্বো-বেজিটেবিলিস্, পূর্মবং।

উক্ত ঔষধ তিন চারি মাত্রা দিয়া যদ্যপি যাতনার লাঘব না হয়, তাহা হইলে।

ঔষধ — কফি, পূর্বাবং।

যদ্যপি জ্বর বিদ্যমান্ থাকে এবং নাড়ী অতিশয় বেগ-বতী হয়, তাহা হইলে।

ঔষধ— একোনাইট্, অুর্দ্ধনাত্রা তিন ঘণ্টা অন্তর।

গুরুতর অবস্থার চিকিৎসা।

যদ্যপি অতিশয় দগ্ধ জন্য রোগী বিকার প্রাপ্ত হইয়া অত্যন্ত হুর্বল হয় নাড়ী প্রায় বিদয়া যায়, শীত বোধ এবং কম্প ইত্যাদিও থাকে, ও যদ্যপি তাহার সহিত মনোমধ্যে ভয়ের উদয় হয়, তাহা হইলে।

উষধ—ওপিয়ম্; পূর্ণমাত্রা চারি ঘণ্টা অন্তর দিবেক।

যখন আরোগ্য হইবার লক্ষণ উপস্থিত হয় কিন্তু জ্বর বিদ্য-মান্ থাকে তৎকালে।

ঔষধ—একোনাইট্, পূর্ণমাত্রা তিন ঘন্টা অন্তর পুনঃ ২ দিবেক।

যদ্যপি মগ্রাবস্থা হইতে পূর্বোক্ত ঔষধের দ্বারা ক্রমশঃ বল প্রাপ্তির লক্ষণ না দেখা যায় এবং অতিশয় ঘা রৃদ্ধি হওয়া বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—আর্দেনিকম্, অর্দ্ধনাত্রা ছুই ঘন্টা অন্তর ।

পথাব্যবস্থা ৷

প্রথমতঃ যদি অতিরিক্ত দগ্ধ হইয়া থাকে এবং জ্ব বিদ্যান্য থাকে, তৎকালে এক এক বাবে অপ্পাপরিমাণে লঘু আহার দিবেক এবং পরেতে বলকারক দ্রব্য অর্থাৎ মাংদের কাথ, অপ্পামারিমাণে পোর্ট নামক মদ্যের সহিত দিবেক, কিন্তু শেষোক্ত ব্যবস্থা রোগীর মৃত্যু আশঙ্কা ইইলে মাত্র। মৎস্ত্র, এবং যাহাতে শরীরের কদর্য্য রস জন্মায় তাদৃশ দ্রব্যাদি এক কালীন বিজ্জিত করিবেক।

সাধারণ কভ।

অস্ত্র দ্বারা চ্ছেদন, দ্বাঁচা, দহন বা স্ফোটক হইতে বহুকাল স্থায়ী ক্ষত, উৎপন্ন হইতে পারে এবং ইহা নিশ্চেষ্ট অর্থাৎ অলস স্বভাব ব্যক্তিদিগের কিমা যাহারা অন্যায্য রূপে আহার ব্যবহারাদি করে তাহাদিগের শরীরে স্বভাবতঃ হয়।

ষদ্যপি শেষোক্ত কারণ জন্য হয় তাহা হইলে, প্রথমতঃ
ক্ষুদ্র ফুক্কুড়ি উঠিয়া, উত্তাপবিশিষ্ট, ও রক্তবর্ণ হইয়া ফুলিয়া,
পরেতে ফার্টিলে চর্ম্মের ভিতর গর্ত্ত দেখা যায়, এই রূপে নানা
বিধ পূর্বরূপ উপস্থিত হইয়া পরেতে ক্ষত হয়।

চিকিৎসা।

যখন ক্ষত ঈষৎ নীলবর্ণ বা রক্তবর্ণ দেখা যায় এবং স্পর্শ মাত্রেই রক্তপাত হয়, ও পাতলা পুঁজ, রক্ত-মিশ্রিত হইয়া নির্মত হয়, কিনারা অসমান এবং কঠিন থাকে ও অত্যন্ত জ্বালা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—আদেনিকম্, পূর্নাত্রা প্রতাহ রাত্রি এবং প্রাতঃকালে এক সপ্তাহ পর্যান্ত দিয়া তাহার চারি দিন পরে পুনর্মার ঐ রূপে আরম্ভ করিবেক।

উক্ত প্রকার লক্ষণ থাকিয়া বিশেষতঃ যদ্যপি ক্ষত হইতে হুর্গন্ধ পুঁজ নির্গত হয়, এবং সন্ধ্যার সময় ও রাত্তিতে জ্বালা রুদ্ধি হয়, তাহা হইলে।

ঔষধ—কার্বো-বেজিটেবিলিস্, পূর্ম্ববৎ স্বতন্ত্ররূপে, অথবা পূর্ম্বোক্ত রূপে উক্ত ঔষধের সহিত উণর্যুপরি প্রকারে দিবেক।

যদ্যপি ক্ষত রহৎ হয় অথবা শীঘ্র বিস্তৃত হইবার উপক্রম দেখা যায়, বা তাহার চতুষ্পার্শ্বে ক্ষুদ্র ফানু যা, বা ফুক্ষুড়ি থাকে রিশেষতঃ যদ্যপি অতিরিক্ত কোলা এবং চতুষ্পার্শ্বে বিবর্ণ হয়, তাহা হইলে।

ঔषध--ना।किमिन्, शृखाव ।

যদি ক্ষত হইতে পাতলা হুর্গন্ধ পুঁজ নির্গত হয় তাহা হইলে।

खेषध--मिक छेतियम्, शूर्वतर ।

যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধে ঘা পুরিয়া আদিবার লক্ষণ না দেখা যায়, তাহা হইলে।

ঔষধ--সল্ফর্বা সাইলিশিয়া, পূর্ম প্রকারে অতন্ত্র স্বতন্ত্র রূপে অথবা উপর্যুপরি প্রকারে দিবেক।

বাহ্যিক চিকিৎসা।

ঘায়ের উপরে কেবল শীতল জল অথবা যখন যে ঔষধ ব্যবহার করা হয় সেই ঔষধের পূর্ণমাত্রা এক ছটাক জলে মিশ্রিত করিয়া, বস্ত্র খণ্ড দিয়া ক্ষত আরত করিয়া উক্ত জলের দ্বারা ভিজাইবেক।

लक्ष विस्थास हिकिएमा।

যদাপি কত নধ্যে কাম্ডানি থাকে. গ্রাফাইটিন, সাইলিশিয়া

আদেনিকন, ইপিক্যাকুয়ানা,

ল্যাকিসিন্, সাইলিশিয়া।

,, ,; ইইতে রক্ত পাত হয়.

হিপার্, সাইলিশিয়া।

,, গ্রের নাায় হয়. সাইলিশিয়া সক্ষর্

```
,, ,, ঈষৎ নীলবর্হয়.. আরম., কোনিয়ম্, হেপার, ল্যাকিসিস্।
,, ,, অভান্ত জ্বালা করে.. ( আমেনিকম্, মর্কি উরিয়স্,
প্রেসটিলা, সাইলিশিয়া।
     ,, প্রাচীন এবং অপকারী হয়... 
ল্যাকিসিন্, সল্ফর্।
  ,, গভীর হয়... বাকি জিরিয়ন্, থিকি জিরিয়ন্, এদিডম্-নাইট্রিকম্।
  ্, নলিন এবং বিবর্ণ হয়... 
এসিডম্-নাইট্রিক্ম
,, ,, তুর্গন্ধ যুক্ত হয়... বাইলিশিয়া, ইটাফিনেগ্রিয়া
    ,, নালী হয় (ভিভরে কৃষ্টিক্ম, কালি কেরিয়া,
শুরী থাকে)..... কোনিয়ম্, দুট্লিশিয়া,
     ,, চওড়া ও বিস্তৃত হয়.. 

শকি উরিয়স্, সিপিয়া :
,, , कठिन इश... ( आर्त्र निक्म, लार्गिक्मन्, मर्कि छेतियम्,
,, ,, প্রদাহ ও ফুলা থাকে {

৹কোনাইট্, আদেনিক্ম্,

ক্যামোমিলা, হেপার্।
» ,, চুল্কায়.. 
ক্ষিক্ম, চায়্নারসূ-টক্লিকোডেগুন্,
সাইলিশিয়া, হেপার্।
্ ১, যাতনা বিশিষ্ট হয়.. (কার্বো-বেজিটেবিলিস্,
প্রাকাইটিন্সাইলিশিয়া।
```

```
,, হই তে মাংস উচ্চ । আর্সেনিক্ম্, ক্যামোমিলা,
হইয়া উঠে...... পিট্রোলিয়ম্, সল্ফর্।
    ,, হইতে পুঁলে নির্মত হয়. 
মর্কি উরিয়স্, সুইলিশিয়া।
            স্থান বিশেষে হইলে তাহার চিকিৎসা।
যদ্যপি ক্ষত মস্তকে হয়…আসে নিক্ম্।
        ্, চক্তে হয়... আদেনিকম্, ক্যাল্কেরিয়া।
্ইউফুেশিয়া, হেপার্।
        ,, বদনে হয়...আরে নিক্ষ্, ব্রায়োনিয়া, কোনিয়ম্ ।
  "
        ,, মুখের ভিতর হয়.. { ক্যাল্ কেরিয়া, লাইকোপোডিয়ম্, নুক্রনমিকা, নাট্র-মিউরিএটিকমূ
  "
           তালুতে...অরম্, ল্যাকিসিস্,।
           জিহ্বার নীচের গুঠলিতে,...লাইকোপোডিয়ম।
           माहिष्ड...काष्ट्रिक्तिया, मर्कि উतियम् ।
           ঞিহ্বাতে..ডিজিটেলিস।
           গলার ভিতর .. ল্যাকিসিস্, এসিডমু-নাইট্রিক্ম্।
           তলপেটে...আদে নিকম্।
  27
            বক্ষঃস্থলে এবং স্তনে. .হেপার, ফস্ ফরস্, সাইলিশিয়া।
           পুঠদেশে এবং ঘাড়ে..ল্যাকিসিস্।
            বাহুতে...ল্যাকিসিস্।
  ,,
        ,, হস্তে...সাইলিশিয়া।
           পায়ের পাতায়..ইপিক্যাকুয়ানা, সন্ফর্।
  "
        ,, खटक. . आरम निकम, निशिशा, माहे निर्मिशा।
        ্, পায়ের ভলায়..আর্নেনিক্ষ্, সিপিয়া।
  22
        ,, পায়ের অঙ্গুলিতে... বিষ্ণু প্রাকাইটিগ্, পিট্রোলিয়ম্।
  22
```

,, ;, গুঠলি মাতে.. {
 বলাডোমা, লাকিসিস্,
 মকি উরিয়স্, সাইলিশিয়া।

স্থান বিশেষে নালী ঘা হইলে তাহার চিকিৎসা।
সামান্তঃ নালী মাত্রে..ক্যান্কেরিয়া, কফিক্ম্, পলেস্টিলা।
যদ্যপি মাঢ়িতে হয়..কফিক্ম্, ন্যাট্রম্-মিউরিএটিক্ম্।
মলদ্বারের উপর..কফিক্ম্, থুজা, কোনিয়ম্।
বক্ষঃস্থলে এবং স্তনের বোঁটে..ফস্ফরস্, সাইলিশিয়া।

উক্ত সমস্ত ঔষধ প্রাতঃকালে দ্বিগুণ মাত্রায় অথবা পূর্ণ মাত্রায় প্রত্যন্থ প্রাতঃ এবং সন্ধ্যাকালে সেবন করিবেক।

আঙ্গুল হারা, বা জ্রা।

অঙ্গুলির অগ্রভাগে অত্যন্ত যাতনার সহিত ফুলিয়া উত্তাপ বিশিষ্ট ফোড়া হয়, ছই এক দিবসের মধ্যে পাকিয়া পরেতে কাটিলে যাতনা দূর হয়, এই রোগ কোন কোন ব্যক্তির তাদৃশ ধাতু জন্য পুনঃ পুনঃ উপস্থিত হইয়া থাকে।

চিকিৎসা।

এই রোগ প্রথমতঃ উপস্থিত হইলে রদ্ধি হইতে না দেও-য়ার জন্য।

ঔষধ—সন্ফর্, পূর্ণমাত্রা বার ঘন্টা অন্তর।

যদ্যপি উক্ত প্রকারে আরোগ্য না হইয়া ক্রমশঃ রদ্ধি হইতে থাকে, এবং যদ্যপি অত্যন্ত যাতনা থাকিয়া দপ্ দপ্ করে, তাহা হইলে। '

ঔষধ—মর্কিউরিয়স্, অর্দ্ধনাত্রা চারি ঘণ্টা অন্তর, চারি, পাঁচ মাত্রা পর্যান্ত দিয়া পরেতে, হেপার উক্ত রূপে তিন ঘণ্টা অন্তর দিবেক। যদ্যপি জ্বর বিদ্যমান্ থাকে, অর্থাৎ নাড়ী বেগবতী. পিপাসা, এবং অসম্থ যাতনা হয়, তাহা হইলে।

ঔষধ —একোনাইট্, অর্দ্ধমাত্রা তিন ঘন্টা অন্তর (জ্বর লক্ষণ নিবা-বিত হওয়া পর্যান্ত)।

যদ্যপি পাকিয়া পুঁজ হইয়া অঙ্গুলির অস্থি প্রয়ন্ত আক্রমণ করে, তাহা হইলে।

ঔষধ—<u>সাইলিশিয়া, এবং সলফর্,</u> উপর্যাপরিরূপে পূর্ণমাতা ছয় ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি আক্রান্ত স্থান গাঢ় রক্তবর্ণ বা, ঈষৎ নীলবর্ণ হয় এবং অতিশয় যাতনা থাকে, তাহা হইলে।

ঔষধ—ল্যাকিসিস, অর্দ্ধমাত্র। তিন ঘণ্টা অন্তর।

যদ্যপি আক্রান্ত স্থান ক্লফবর্ণ হইয়া অতিশয় জ্বালা করে, তাহা হইলে।

উষধ--- আমেনিকম্, অর্দ্ধাতা তিন ঘন্টা অন্তর।

উক্ত ঔষধের চারি মাত্রার পর যদ্যপি কিঞ্চিৎ উপশ্ম বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—কার্বো-বেজিটেবিলিস্, পূর্ব্ববৎ, আর্নেনিকমের সহিত উপ-র্যুপরি রূপে দিবেক।

যদ্যপি জ্বর না থাকিয়া অত্যন্ত যাতনার সহিত কেবল প্রদাহ মাত্র প্রবল থাকে, তাহা হইলে।

ঔষধ---রস্-টক্রিকোডেগুন্, পূর্নাতা তিন ঘন্টা অন্তর।

যাহার এই রোগ পুনঃ পুনঃ উপস্থিত হয়, তাহার পক্ষে প্রত্যহ প্রাতঃকালে দ্বিগুণ মাত্রায়, সল্ফর, এবং সাইলিশিয়া সেবন করা কর্ত্ত্য।

বাহ্যিক চিকিৎসা।

উক্ত প্রকার রোগ উপস্থিত হইলে, আক্রান্ত স্থান বস্ত্র খণ্ডের দ্বারা আরত করিয়া ঈষৎ উষ্ণ জল দ্বারা ভিজাইবে।

পথ্য ব্যবস্থা।

স্থার বিদ্যমান্ থাকার মসয় স্থার কালীন পথ্যের ব্যবস্থান্ত্র-সারে চলিবেক, এবং পরেতে লঘু আহার করিবেক, শাক, অম্ল, হুগ্ধ, মৎস্থ ইত্যাদি বর্জ্জন করিবেক।

স্ত্রীলোকের চিকিৎসা।

পুরুষাপেক্ষা দ্রীলোকের অধিক রোগ হইয়া থাকে অতএব তাহার চিকিৎসা প্রকরণ স্বতন্ত্র রূপে লেখা যাইতেছে।

স্ত্রীলোকের আর্ত্তব সমন্ধীয় রোগ তিন প্রকার।

প্রথম আর্ত্তব রোধ। দ্বিতীয় কফীর্ত্তব। তৃতীয় আর্ত্ত-বাতিশয্য।

প্রথম অর্থাৎ আর্ত্তবরোধ হুই প্রকার। প্রথম, নিয়মিত সময়ে রজোযোগ না হওয়া। দ্বিতীয়তঃ র্দ্ধাবস্থার পূর্ব্বে (চল্লিশ হইতে পঞ্চাশৎ বৎসর বয়ক্রমের সময় মধ্যে) এক-কালীন রজঃবদ্ধ হওয়া। অথবা রজস্বলা কালীন কোন প্রকার শারীরিক বা মানসিক বেদনা জন্য অথবা কোন ভ্রয়ানক পীড়া উপস্থিত হইলে আর্ত্তব, বৃদ্ধ হইয়া থাকে।

আর্ত্তবরোধের চিকিৎসা।

যদ্যপি শিরা মধ্যে রক্ত চলাচলের প্রবলতা হয় এবং মন্তকে রক্তবদ্ধ হইয়া মাথাধরা, ও মাথাঘোরা, অলস, বদনের উজ্জ্ব- ব লতা, মাজায় ভার বোধ এবং কোষ্ঠাবরোধ হয়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, অর্দ্ধনাতা চারি ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি উক্ত ঔষধ প্রয়োগের পর উক্ত লক্ষণ সকলের মধ্যে কিয়ৎ পরিমাণে লাঘব বোধ হয় এবং বক্ষঃস্থলের পার্শ্বে টানিয়া ধরিয়া থাকে, পুনঃ পুনঃ মাথাঘোরে, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, ৩০ প্রথমতঃ এই ঔষধ উক্ত প্রকারে, পরেডে ব্রায়োনিয়া ৩০ ঐ রূপে দিবেক।

উক্ত প্রকার আর্ত্তবরোধ রোগে, নক্স-রমিকা, ওপিয়ম্, প্রাটিনা, ক্যামোমিলা, দিপিয়া, দল্ফর্ প্রভৃতি ঔষধ উক্ত প্রকারে ব্যবহৃত হইয়া থাকে।

যদ্যপি শারীরিক যন্ত্রের হুর্ঝলতা জন্য এই রোগ উপস্থিত হয়, অথচ স্ত্রী-চিহ্ন সমুদয় প্রকাশিত হইয়া থাকে, তাহা হইলে।

ঔষধ—পলেসটিলা, কফিক্ম, গ্র্যাফাইটিস্, চায়্না, নক্স-বমিকা, কুপ্রম্, নাট্রম্-মিউরিএটিক্ম, ল্যাকিসিস্ অথবা সলকর্ পূর্ব্বোক্ত প্রকারে সেবন করিলে আরোগ্য হইবেক।

যদ্যপি কোন কারণ বশতঃ প্রথমতঃ রজোযোগ হইয়া পরেতে এক কালীন বদ্ধ হইয়া যায়, এবং তাহার সহিত অপ্প বা অধিক পরিমাণে জ্বর, মাথাধরা, পিণাসা, চর্ম্মের উত্তাপ, প্রভৃতি নানা প্রকার উপসর্গ অর্থাৎ বাক্রোধ প্রভৃতি ও হয়, তাহা হইলে।

ঔষধ—ডল্কেমেরা, পলেসটিলা, ইগ্নেশিয়া, ব্রায়োনিয়া, অথবা ওপিয়ম্ পূর্ণমাত্রা অবস্থা বিবেচনায়, তিন বা ছয় ঘণ্টা অন্তর দিবেক। যদ্যপি কোন প্রকারে শীতল লাগিয়া হয়।

উষধ—পলেসটিলা।

হঠাৎ ভয় বা মনোবেগ জন্য হইলে।

উষধ—একোনাইট, বা লাইকোপোডিয়মু।
রিপুর প্রবলতা জন্য হইলে।

উষধ—ব্রায়োনিয়া, ক্যামোমিলা, অথবা কলোদিছ।

অতিরিক্ত আনন্দ জন্য হইলে।

উষধ—কৃষ্কি, বা ওপিয়ম্।

এই সকল ঔষধ লক্ষণানুযায়ী অবস্থা বিবেচনায় পূর্ণ, বা অর্দ্ধমাত্রায় তিন বা ছয় ঘন্টা অন্তর দিবেক।

প্রদর।

এই রোগ প্রায় বালিকাবস্থায়, বিশেষতঃ রজোদর্শনের উপযুক্ত কালে রজোঃযোগ না হইলে ঘটিয়া থাকে, এবং তৎকালে, চিকিৎসিত না হইলে, অথবা গর্ভের পূর্ব্বেও উপস্থিত হইয়া থাকে।

নিদান— হুর্বলাবস্থায় পুনঃ পুনঃ উৎসাহ, অতিরিক্ত তেজ-ক্ষর দেব্যাদি ভোজন, পুনঃ পুনঃ গর্ভ ধারণ, গর্ভপাত, অতিরিক্ত শোণিত আব, অথবা অর্শঃ জন্য পীড়া ইত্যাদি হইতে এই রোগ উৎপন্ন হইয়া থাকে।

চিকিৎসা।

সামান্য অবস্থায় ..ক্যালেকরিয়া, পালেমটিলা, সিপিয়া, সহকর । র্জির অবস্থায় এবং এই রোগ) এলম্, ন্যাট্য-মিউরিএটিকম্, প্রাচীন হইলে..... ফস্ফরস্, সলকর্, জিল্পন্।

```
यमाशि हत्रिष्ठा वर्ष खव ) बदकानाई हे, बलमिना, नक्न-विमका,
       আৰ হয়.....
                                   সিপিয়া, সলফর।
       কটা বৰ্ণ হয়..এসিডম্-নাইটিকম্।
  "
       শবুজ বর্ণ হয়..কার্বো-বেজিটেবিলিস, পলেসটিলা, সিপিয়া।
  "
       আঁ। উয়া গন্ধ বিশিষ্ট হয়..চায় না, নক্স-বনিকা, সিপিয়া।
  "
      জলবং হয়.. বিতিমোনিয়ণ-্কুড্ন্, ক্যামোমিলা, সিপিয়া, সাইলিশিয়া।
      গাঢ় হয়.. { প্লাসে নিকম্ কার্বো-বেজিটেবিলিস্, প্রেসটিলা, সিপিয়া।
     कुरक्षत नाम इयः. { कार्ता-विकित्वेतिनम्, शब्सिणिना, शिल्या।
       পঁ জময় হয়..চায়্না, মর্কিউরিয়ন্, স্যাবায় না, সিপিয়া।
    ক্লেক্সার ন্যায় হয়.. (ব্রায়োনিয়া, এসিডম্-নাইট্রিক্স্,
পেলেস্টিলা, জিক্ষ্স্, নক্ল-ব্যাকা।
     রক্ত মিশ্রিত হয়.. 
ডিয়ম্, এসিডম্-নাইট্রিকম্।
       আবের সহিত জ্বালা থাকে.. 

অবং পলেসটিলা
  77
       ", " চুল্কানি থাকে.. { ক্যাল্কেরিয়া, চায়্না, সাধায়্না, সিপিয়া।
    ক্ষাকারী হয়.. 

হিশ্লেশিয়া।
```

এই দকল ঔষধ লক্ষণান্ত্যায়ী পূর্ণ মাত্রায় তিন বা চারি ঘন্টা অস্তর অবস্থা বিবেচনায় দিবেক।

কষ্টাৰ্ভৰ।

এই রোগে রোগিণীর রজস্বলা কালীন বস্তিতে অর্থাৎ তলপেটে বা পশ্চান্তাগে যাতনা বোধ হয়, রোগিণী শয্যার উপর গড়াইতে থাকে, এবং বমনেচ্ছা, ক্ষুধার অপ্পতা, অতিসার, ও শীতবোধ প্রাভৃতি নানাবিধ উপদর্গ উপস্থিত হইয়া থাকে।

চিকিৎসা।

যদ্যপি মাথাধরা, নাভিস্থলে, চিষ্টি দেওয়ার ন্যায় যাতনা, বস্তিতে খেঁচনি, প্রসব বেদনার ন্যায় যাতনা, আহারে অনিচ্ছা, মূত্রস্থলীতে টানিয়া ধরা, এবং পুনঃ পুনঃ প্রস্তাবের বেগের সহিত অধিক পরিমাণে রক্তন্তাব হয়, তাহা হইলে।

ঔষধ—কফি, পূর্ণমাত্র। তিন ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি বক্ষঃস্থল ফুলিয়া উঠে, প্রাসব বেদনার ন্যায় অসহ্য যাতনা বোধ হয়, ও উপাস্থির উভয় পার্ম্বে রজঃস্রাবের সময় ছেদনের ন্যায় যাতনা বোধ হয়, অতিরিক্ত বা দূলা দূলা রক্ত নির্গত হয়, এবং উদর ভঙ্ক উপসর্গ থাকে, তাহা হইলে।

खेष४—कारियामिना शूर्वरथ।

অত্যশ্প পরিমাণে পাতলা রজঃ আব হয়, পশ্চাদ্ভাগে অতিশয় যাতনা থাকে, শীত বোধ, শূলবৎ বেদনা, রজস্বলা হই-বার পূর্বে কোষ্ঠাবরোধ, এবং পরেতে অতিসার, অন্ত্র মধ্যে মোচ্ড়ানি, ও জ্বালার ন্যায় যাতনা বোধ, আহারের পর পেট ক্ষিয়া ধরে, ব্যনেচ্ছা, মুখদিয়া জল উঠে, এবং মাথাধরা থাকিলে।

अवथ-आकाइ हिन् भूर्वव ।

যদ্যপি নিয়মিত কালের পূর্বে অত্যপ্প অথবা অতিরিক্ত পরিমাণে রক্তঃ আব হইয়া অধিক কাল থাকে, বস্তিতে এবং পৃষ্ঠদেশে যাতনা বোধ হয়, শীত বোধ, হস্ত পদাদি শীতল, বক্ষঃস্থল টানিয়া এবং চাপিয়া ধরা, কোষ্ঠাবরোধ মাথাধরা, ও পশ্চান্তাগে এবং হস্ত পদাদিতে, মুচ্ডিয়া যাওয়ার ন্যায় যাতনা বোধ, অয় উদ্গার উঠে এবং বমন হয়, চক্ষুর চতুম্পার্ম্ম, নীলবর্ণ দেখা যায়, তাহা হইলে।

^ऄॺथ—कम्कत्रम् श्र्वारः।

যদ্যপি নিয়মিত কাল অতীত হইয়া শ্বতু হয়, ও ক্লফবর্ণ থানা থানা রক্ত নির্গত হয়, অথবা পাণ্ডুবর্ণ রজঃস্রোব হয়, বস্তি মধ্যে মোচ্ড়ানি, মূত্রস্থলীতে এবং মলদ্বারে বেগ বোধ, মাথা-ঘোরা বমনেচ্ছা, কম্প, অঞ্চপাত এবং রোগিণী অত্যন্ত ম্লানা ও চিন্তান্থিতা হয়, তাহা হইলে।

उष्य-शन्तिष्टिला शूर्ववर ।

যদ্যপি নিয়মিত কালের পুর্বের অত্যম্প পরিমাণে রজঃ
নির্গত হয়, জরায়ু মধ্যে শূলবৎ বেদনার সহিত নিম্নে ভার বোধ,
রজোনিঃসরণের পূর্বের অতিশয় প্রবল যাতনা বা তজ্জন্য
মূর্চ্ছা, সমস্ত শরীরে কম্প, যোনি মধ্যে জ্বালা বোধ হয়, এবং
পুনঃ পুনঃ টানিয়া ধরে, মাজায় ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা
বোধ হয়, ভজ্জন্য নিদ্রোর ব্যাঘাৎ হয়, কখন কখন উত্তাপ বোধ,
পিপাসা, মাথাধরা, দন্তশূল, প্রদর, ও কোঠবদ্ধ হয়, এবং
যোনি হইতে নাভিত্তল পর্যন্ত টানিয়া ধরে, তাহা হইলে।

उष४-- मिशिया शूर्ववर ।

যদ্যপি নিয়মিত সময়ের পূর্ব্বে অধিক পরিমাণে গাঢ় ও কৃষ্ণবর্ণ রজঃ নির্গত হয়, এবং তৎকালে যোনি মধ্যে স্থালা এবং মাজায় অত্যন্ত শূলবং যাতনা বোধ, কখন কখন অপ্প পরিমাণে-রজঃ নির্মাত ও কোষ্ঠাবরোধ হয়, তাহা হইলে।

ঔষধ--- मठकत् भूर्यतः ।

যদ্যপি জরায়ু রদ্ধি, বা নির্মত হয়, আর্ত্তব নির্মমের পূর্বে পশ্চাদ্ভাগে, উরুদেশে, পায়ের ডিমে, গর্ভ যন্ত্রণার ন্যায় যাতনা, উদরের নিম্নে ভার বোধ, হস্ত পদাদির অগ্রভাগ শীতল এবং, বদন ফাঁপা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা পূর্বাবং।

যদ্যপি রজস্বলা কালীন, মস্তকে রক্তবদ্ধ, কাশী, নাসিকা দ্বার দিয়া রক্তস্রাব হয় এবং প্রদর থাকে, তাহা হইলে।

खेषध—द्वारम्नानिमा भूर्स्वर ।

ষদ্যপি রোগিণী অতি কোমলা অথবা কর্কশা হয়, এবং রজস্বলা কালীন পুনঃ পুনঃ অতিরিক্ত পরিমাণে রজঃ নির্গত হয়, মাথা নোয়াইবার সময় মাথাঘোরে, মস্তকে উত্তাপ বোধ, এবং দন্তশূল হয়, যন্ত্র মধ্যে ছালা এবং কাম্ড়ানির ন্যায় যাতনা বোধ, বিশেষতঃ যদ্যপি রোগিণী বিলক্ষণ স্থূলাঙ্গী হয়, তাহা হইলে।

७ वश—कारिक तिया शूर्य वर।

যদ্যপি আর্ত্তব অত্যন্প পরিমাণে নির্মত হয় ও তাহা ঘোরাল বর্ণ, অথচ জরায়ু মধ্যে ছেদনবৎ বা শূলবৎ যাতনা বোধ থাকে, হৃৎপিণ্ড ধন্ ধন্ করে, হর্বলতা জন্য মূর্চ্ছা পর্য্যন্তও হয়, অথবা জরায়ুর মোচ্ড়ানি, পেট চাপিলে বা হেঁট হইয়া থাকিলে কিঞ্ছিৎ যাতনার অপ্পতা হয়, তাহা হইলে।

ঔষধ—ইংগ্নশিशा পূর্ব্ববং।

যদ্যপি রোগিণী কোপনস্বভাবা হয় এবং জরায়ু মধ্যে মোড়া দিয়া, উপযুক্ত সময়ের অধিক পূর্বের অত্যম্প পরিমাণে থানা থানা রক্ত নির্গত হয়, যোনি মধ্যে অগ্নির জ্বালার ন্যার উত্তাপ থাকে, প্রাতঃকালে ঋতুকাল উপস্থিত হইলে মুর্চ্ছিতা হয় এবং রজোনির্গমের পূর্বের তলপেটে মোড়া দিয়া চালিত হইতে থাকে, হস্তদ্বয় শীতল, ও কোষ্ঠাবরোধ থাকে, পুনঃ পুনঃ প্রভাব ত্যাগের ইচ্ছা হয়, এবং রজস্বলা কালীন ঈষৎ হরিদ্রো বর্ণ প্রদর সম্ভূত দ্রুব আব হয়, তাহা হইলে।

ঔषथ — नक्क-विमना, शूर्वावद् ।

যদ্যপি আর্ত্তব অধিক পরিমাণে নির্মাত হয়, এবং তৎ-কালে তলপেটে, পশ্চাদ্ধাগে এবং উরুদেশে, গর্ভ যাতনার ন্যায় যাতনা হয়, আর্ত্তব ঘোরাল বর্ণ হইয়া তাহার সহিত খণ্ড খণ্ড জ্যা রক্ত থাকে, ও যদ্যপি কোষ্ঠ বদ্ধ থাকিয়া পুনঃ পুনঃ প্রস্থাব, হয়, অস্থিরতা ও ক্ষুধা থাকে এবং অশ্রুপাত হয়, তাহা হইলে।

उष्य - क्षां िना, भूर्ववद ।

যদ্যপি আর্ত্তব পুনঃ পুনঃ নির্গত হইয়া অধিক কাল স্থায়ী হয়, ছিন্ন করার ন্যায় শূলবৎ যাতনা থাকে, হস্ত পদাদির অগ্রভাগ শীতল এবং শীতল যর্মা নির্গত হয়, অত্যন্ত দৌর্বল্য ও নাড়ী সুক্ষনা হয়, তাহা হইলে।

उषध-मिक्न, भूर्सवर।

আর্ত্তবাতিশযা।

নিয়মিত মাসিক সময়ের মধ্যে, বা প্রসব হওয়ার পর, যদ্যপি পুনঃ পুনঃ অথবা অতিশয় রজঃ আব হয়, তাহাকে আর্ত্তবাতি-শয্য বলা যায়, এই প্রকার রোগের সহিত প্রায় প্রদর, আন্থ-সন্ধী থাকে।

চিকিৎসা।

ষদ্যপি আর্ত্তব, উজ্জ্বল রক্তবর্ণের সহিত ঈষৎ ঘোরাল বর্ণ মিশ্রিত হয়, পুনঃ পুনঃ জরায়ু নির্গত হওয়ার ন্যায় যোনি মধ্যে চাপন বোধ, পশ্চান্তাগে, ভগ্ন হওয়ার ন্যায় যাতনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ —বেলাডোনা, পূর্মাত্রা চারি ঘণ্ট। অন্তর।

যদ্যপি আর্ত্তব ঘোরাল ঈষৎ ক্রফবর্ণ, এবং জমা দেখায়, ও হুড়্ হুড়্ করিয়া নির্গত হয়, জরায়ু মধ্যে প্রসব বেদনার ন্যায় যাতনা বোধ, পুনঃ পুনঃ প্রস্রাব ত্যাগের ইচ্ছা, উরু দেশে এবং চরণে, টানিয়া ধরা, বা ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা বোধ, মধ্যে মধ্যে মূর্চ্ছা হয়, বদন পাণ্ডুবর্ণ, হস্তপদাদির অগ্রভাগ শীতল, ও পিপাসা থাকে, তাহা হইলে।

अयथ-कारमामिला, शूर्वार ।

যদ্যপি আর্ত্তব ক্ষণ্ডবর্ণ এবং পানা পানা হইয়া, নির্দ্দিষ্ট সময়ে নির্গত হয়, তলপেটে টানিয়া ধরা ও জরায়ু মধ্যে, চাপনের ন্যায় যাতনা বোধ হয়, অথবা অতিরিক্ত শোণিত নির্গত জন্য মস্তকে ভার বোধ থাকে, মাথা যোরা, ও আবল্যা, সর্বাক্ষ শীতল এবং নীলবর্ণ হয়, তাহা হইলে।

ঔষধ —চায়্না, পূৰ্ব্বং কিন্তু এই ঔষধ আক্রমণকাল অতীত হইলে দিবেক।

যদ্যপি রজঃ উজ্জ্বল রক্তবর্ণ হয়, ও অধিক পরিমাণে নির্গত হয়, রোগিণী প্রলাপ বাক্য কহিতে থাকে, কখন কখন হস্ত, বা পদ চম্কিয়া উঠে, কখন কখন হাস্ত করে, প্রস্রাব করিতে অতিশয় কট বোধ, কখন কখন মুর্চ্ছা হয়, অস্থিরতা থাকে, শরীর অত্যন্ত উত্তাপ-বিশিষ্ট হইয়া শিরা সকল ফুলিয়া উঠে, নাড়ী স্থুলা ও বেগবতী, চক্ষুতে অপরিষ্কৃত দৃষ্টি, ও অন্যান্য ইন্দ্রিয়ের বোধের অপ্পতা হয়, তাহা হইলে।

खेषध — हारमानारमम्, शूर्वावर ।

্র এই ঔষধ প্রস্রাবের দ্বার দিয়া রক্তস্রাবের পক্ষে বিশেষ উপকারক।

যদ্যপি আর্ত্তর্ কখন জলবৎ ও কখন ক্রম্ফবর্ণ, এবং থানা থানা হয়, তলপেটে এবং কুঁচ্কিতে প্রসব-বেদনার ন্যায় যাতনা বোধ, বদন রক্তবর্ণও উত্তপ্ত, নাড়ী স্থুলা, এবং কঠিনা হয়, তাহা হইলে।

ঔषध- क्वत्रम्, शूर्वाव ।

যদ্যপি রজঃ থানা থানা ছইয়া (রক্ত দলার ন্যায়), নির্গত হয়, ও জরায়ু মধ্যে প্রদব-বেদনার ন্যায় যাতনা বোধ হয়, তাহা ছইলে।

উষধ—ইগ্নেশিয়া, পূর্ব্ববং।

যদ্যপি রোগিণী অহস্কার বিশিষ্টা এবং কোপন-স্বভাবা হয়, ঘোরাল, ঘন, রজঃ নির্গত হয়, পশ্চান্তাগ হইতে কুঁচ্কি পর্যান্ত অত্যন্ত যাতনা বোধ থাকে, তাহা হইলে।

উষধ—প্ল্যাটিনা, পূর্বাবৎ।

যদ্যপি রোগিণী হুর্বল। হইয়া ক্রমশঃ ক্ষীণা হইতে থাকে, ও নিয়মিত সময়ে অতিরিক্ত আর্ত্তব নির্গত হয়, হস্ত-পদাদির অগ্রভাগ শীতল, বদন পাণ্ডুবর্ণ, নাড়ী ক্ষীণা, ও যদ্যপি রোগিণী সংশয়ান্থিতা হয়, তাহা হইলে।

अवध-किरकल, भूर्वरद।

যদ্যপি পশ্চান্তাগে, জরায়ুতে, প্রসব বেদনার ন্যায় যাতনা বোধ হইয়া, থানা থানা ঘোরাল ক্লফবর্ণ রজঃ, অথবা বিরেচন রা প্রস্রাবের সময়ে উজ্জ্বল বর্ণ রক্ত নির্গত হয়, অথবা যদাণি রোগিণীর পুনঃ পুনঃ গর্ভপাত হইয়া থাকে, তাহা হইলে।

उषध-गावाहेना, भूर्तवर।

্যদ্যপি নিয়মিত সময়ের অধিক পূর্ব্বে অধিক পরিমাণে রজঃ নির্মত হয় ও অতিসার থাকে, কিয়া বিশেষতঃ যদ্যপি কাণ্ ভোঁ ভোঁ করে, নাসিকার দ্বার দিয়া রক্তন্তাব হয়, সমুদ্য় হস্ত পদাদিতে বেদনা এবং পিপাসা, অত্যন্ত প্রবল থাকে, তাহা হইলে।

ঔषध--(वर्गाष्ट्रग्, भूर्वावः। *

পথ্য ব্যবস্থা।

উক্ত কোন প্রকার সময় জন্য উপসর্গ উপস্থিত হইলে, বলকারক অথচ সামান্য রূপে প্রস্তুত লঘু আহার দিবেক, ভর্জ্জিত এবং ভ্রম্ট দ্রব্যাদি, অর্থাৎ মিঠাই, পক্কান্ন, মুড়ী, প্রভৃতি এক কালীন বর্জ্জন করিবেক, অধিক কাল দণ্ডায়মানা থাকিবে না, কোন ভার বিশিষ্ট বস্তু ক্রোড়ে ধারণ করিবে না, অতিরিক্ত পরিশ্রম না করিয়া যাহাতে কোনমতে শরীরে কষ্ট বোধ না হয়, এমত অত্যাপ্রশাত্র পরিশ্রম করিবেক।

পেচুয়ায় পাওয়া (এক প্রকার বায়ু রোগ)।

লক্ষণ—এই রোগের আক্রমণ কালের পূর্ব্বে ছুশ্চিন্তা, অতিশয় অশ্রুপাত, নিঃশ্বাস প্রশ্বাসে কষ্ট কোধ, বমনেচ্ছা,

এই অর্থানের যে সকল ঔষধ বাবছত হইল, তাহার মধ্যে সিকেল্ ভিন্ন সমুদ্র ৩০ প্রণ মিশ্র বাবহার করিবেক। প্রভৃতি হইয়া থাকে, বামপার্শ্বে বেদনা বোধ হইয়া ক্রমশঃ
তাহা গলদেশ পর্যন্ত ব্যাপ্ত হয়, এবং গলার মধ্যে কোন
গোলাক্বতি পদার্থ থাকা বোধ হয়, তদনন্তর, বোধ শূন্যতা, দল্ত
কড্মড়ি উপস্থিত হয়, শরীরের মধ্যস্থান চালিত হয়, কখন
হাস্ত, কখন রোদন, এবং উচ্চ ধ্বনি করিতে, অস্পষ্ট বাক্য
কহিতে থাকে, মুখ দিয়া ফেণা নির্গত হইতে থাকে, উদ্গার
উঠিলে কিঞ্চিৎ শান্তি বোধ হয়, পুনঃ পুনঃ দীর্ঘ নিঃখাস ত্যাগ
করে, এবং ফোঁপায়, সর্ক্ব শরীরে বেদনা বোধ এবং হিক্কা হয়।

আক্রমণ কালের ঢিকিংসা।

যদ্যপি আক্রমণ কাল উপস্থিত হইবার পূর্বের নিঃশ্বাদ রোধের ন্যায় হয়, বদন উত্তপ্ত ও ফুলা, এবং গাঢ় রক্তবর্ণ দেখা যায়, কিয়া আক্রমণ কাল উপস্থিত হইলে রোগিণী চক্ষুঃ বিচ্ফা-রিত করিয়া ইতস্ততঃ বা এক দৃষ্টে চাহিয়া থাকে, অথবা আক্র-মণ নিরস্ত হইয়া দ্বিতীয় বার আক্রমণের কাল পর্যন্ত তন্ত্রা হয়, অথবা নিদ্রা কালীন চম্কিয়া উঠে, তাহা হইলে।

ঔষধ্—বেলাডোনা, অর্দ্ধনাত্রা পোনের মিনিট্ অন্তর এবং আক্রমণ কাল উপস্থিত সময়ে অর্দ্ধ ঘণ্টা অন্তর।

যদ্যপি রোগিণী কোমল-স্বভাবা হয়, এবং সামান্য কারণে প্রথমতঃ হাস্থ উপস্থিত হইয়া, আক্রমণ কাল উপস্থিত হয়, বদন, যাহা এতৎকালের পূর্ব্বে পাণ্ডুবর্ণ ছিল, পরেতে গাঢ় রক্ত বা নীলবর্ণ দেখায়, এবং হাস্থ হইতে পরিশেষে চীৎকার হইতে আরম্ভ হয়, কিয়া আক্রমণকাল উপস্থিত হইবার পূর্বে গলার মধ্যে গোলাক্বতি কোন পদার্থ থাকিয়া নিঃশ্বাস অবরোধ করা বোধ হয়, অথবা পুনঃ পুনঃ হাঁই তোলে, কিম্বা আক্রমণ হইতে নিষ্কৃাস্তা, হইয়া দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ করে, তাহা হইলে। ঔষধ—ইপ্লেশিয়া, পুর্বাবং।

যদ্যপি রোগিণী নম্রস্বভাবা অথবা ভীরু, বা স্থুলাঙ্গী অথবা শ্লেয়া-ধিক্য-ধাত্ত-বিশিষ্টা হয়, এবং যদ্যপি স্বভাবতঃ রজোদোব থাকে অথবা রজস্বলা কালীন অজীর্ণাদি বিদ্যমান্থাকে ও আক্রমণ কাল উপস্থিত হইবার পূর্বের বিনা কারণে রোদন করে, তাহা হইলে।

উষধ-পলেসটিলা, অর্দ্ধনাত্রা আক্রমণ কাল উপস্থিত হইবার পূর্বের পোনের মিনিট্ অন্তর এবং পরেতে আর্দ্ধ ঘন্টা অন্তর দিবে।

যদ্যপি আক্রমণ কালের পূর্ব্বে চর্মে অত্যন্ত উত্তাপ হইয়া জ্বালা বোধ হয়, ঘনশ্বাস বহে এবং রোগিণী যদ্যপি প্র্থরা হয়, তাহা হইলে।

उघथ-कारमामिला, भूर्सवद।

যদ্যপি রোগিণী বিষণ্ণ-স্বভাবান্থিতা হয় এবং আক্রমণ কাল উপস্থিত হইলে অত্যন্ত উত্তেজিতা হইয়া আত্ম-হননে উদ্যতা হয়, এবং আক্রমণ কাল উপস্থিত হইবার পূর্বে বক্ষ্ণ-স্থলে অসহ্য যাতনা হয়, ও <u>স্থংপিও ধর্ ধর্</u> করে, তাহা হইলে।

ঔষধ—অরম্-নেটালিকম্, অর্দ্ধনাত্রা আক্রমণ কাল উপস্থিত হুইবার পূর্য্যে অর্দ্ধ ঘন্টা অন্তর এবং পরেতে এক ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি আক্রমণ সময়ে হিক্কা বা উকি এবং বমন হয়, আর যদ্যপি রোগিণী স্বভাবতঃ প্রথরা বা বলিষ্ঠা বা পিত্রাধিক্য-ধাত্ত-বিশিফা হয়, এবং আক্রমণের পূর্বে হস্ত পদাদি কর্ষিত হইতে থাকে, তাহা হইলে।

खेवध--- बक्र-विमक्ष शूर्ववर ।

যদ্যপি আক্রমণ কালীন দাঁতি লাগে অথবা সমুদয় শরীর মোড়া দিতে থাকে, হস্ত পদাদির অগ্রভাগ শীতল, ললাটে এবং বদনে আঠাল ঘর্মা নির্গত হয় ও আক্রমণ কালের পূর্বের কিয়া পরে, অধিক পরিমাণে পাঞুবর্ণ মূত্র নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—বেরাটুম্, অর্দ্ধাতা আক্রমণের পূর্বে পোনের মিনিট্ অন্তর এবং পরেতে অর্দ্ধ ঘণ্টা অন্তর দিবেক।

উক্ত রোগের নিবারক এবং উন্মূলক চিকিৎসা।

শ্বেত প্রদর অথবা জরায়ু সম্বন্ধীয় অন্য কোন প্রকার প্রাচীন রোগ থাকিলে অথবা রোগিণী মধ্যে মধ্যে এরপ হুর্বলঃ হয় যে তজ্জন্য কিয়ৎকাল পর্য্যন্ত চলৎ-শক্তিহীনা হয় এবং অতিরিক্ত পরিমাণে আঠাল ঘর্মা নির্গত হইলে।

ঔষধ—সিপিয়া, পূর্ণমাত্রা প্রভাহ রাত্রিকালে শয়নের সময় এক বার করিয়া দিবেক।

যদ্যপি রোগিণী পাণ্ডুবর্ণা এবং অতি ক্ষীণা হয়, এবং যাহার এই রোগ আক্রমণকালে মূর্চ্ছা হয় তৎপক্ষে, অথবা যদ্যপি অতিরিক্ত ক্ষুধা বিশিষ্টা অথবা ক্ষুধা বিহীনা হয়, আর পুনঃ পুনঃ অধিক পরিমাণে রজোনির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—ক্যানেকরিয়া, দ্বিগুণমাত্রা প্রভাহ প্রাভঃকালে এক এক বার করিয়া

যদ্যপ্রি. রোগিণী একাকিনী থাকিতে সদত বাঞ্ছা করে, অত্যস্ত ক্ষীণা এবং ত্বৰ্বলা হয়, ও নিয়ত গাঢ় নিদ্রোয়ু অভিভূতা থাকে, পরিপাক-শক্তির হ্রাস হয়, অতিশয় শীত বোধ, রক্ত- বর্ণ বদন, এবং নিয়মিতকাল অতীত হইয়া রজস্বলা হয়, তাহা

ঔষধ—নাটুন-মিউরিএটিকন্, দিগুণনাত্রা প্রতাহ প্রাতঃকালে। ছয় দিবদ পর্যান্ত দিয়া তাহার দশ দিবস পরে প্রয়োজন হইলে পুনর্কার ঐ রূপে চালাইবে।

যদ্যপি আক্রমণকালে দাঁতি লাগে অথবা সর্ব্ব শরীর চালিত হয়, হস্ত-পদাদির অগ্রভাগ শীতল এবং বদনে, বিশে-ষতঃ ললাটে আঠাল ঘর্ম নির্মত হয়, তাহা হইলে এবং যে রোগিণী, পুনঃ পুনঃ এই রোগে আক্রান্তা হয়, তৎপক্ষে।

ঔষধ-বেরাটুম, পূর্ণমাত্রা পূর্ব্ববং।

আক্রমণ কালীন কর্ত্তব্য বিধি।

যখন আক্রমণকাল উপস্থিত হয়, তৎকালে, বস্ত্র সমুদ্য ঢিলা করিয়া দিবে, গৃহের মেঝ্যায় শয্যা করিয়া হেলান দিয়া শয়ন করাইবে এবং হস্ত পদাদি চালিত করিলে আঘাত লাগে, এমত কোন বস্তু নিকটে রাখিবে না, গৃহের দ্বার সমুদ্য় খুলিয়া দিবে এবং রোগিণীর বদনে শীতল জল দ্বারা প্রেক্ষণ (ছিটা) করিবেক, আক্রমণ কালে হস্ত পদাদি দলিলে, অনেক উপকার হয়।

পথ্য ব্যবস্থা।

এই রোগে কোন প্রকার গুরুপাক-দ্রুর ব্যবহার করি-বেক না, কিঞ্চিৎ বলকারক অথচ সামান্য রূপে প্রস্তুত লঘু দ্রুর পথ্য দিবে, প্রত্যুষে গাত্রোত্থান করিবে, এবং প্রত্যুহ নিয়মিত এক সময়ে ভাজন, ও এক সময়ে শয়ন করিবেক।

গৰ্ভ।

স্ত্রীলোকের এই অবস্থা স্থাভাবিক অবস্থা হইতে পৃথক, কারণ তৎকালে তিনি কেবল স্থীয় শরীরের জন্য কর্ম্মে লিপ্তরী না হইয়া ভাবী সন্তানের সুখ হুঃখ চিন্তায় নিমগ্না থাকেন, অতএব যদ্যপি স্ত্রীলোক গর্ভ ধারণকালে স্থানিয়মে না থাকেন, তাহা হইলে প্রস্তুত-সন্তানের শারীরিক ও মানসিক নানাবিধ পীড়া জন্মায়।

ষদ্যপি পিতা মাতা উভয়ে ক্ষীণ ও ক্ষীণা হয় অথবা অত্যপে বয়ঃক্রমকালে বা বয়োধিক হইয়া বিবাহ হয়, অথবা ঘদ্যপি পিতার এবং মাতার বয়ক্রমের অধিক অন্তর হয়, অথবা পিতা মাতার আহার ব্যবহারাদিতে দোষ থাকে বিশেষতঃ যদ্যপি উভয়ের বা একের মনঃপীড়া থাকে তাহা হইলে সন্তান, হুর্ম্বল ও সর্ম্বদা পীড়িত হয়, অতএব যদ্যপি ভাবীকালে সন্তানের শারীরিক ও মানসিক সুখের ইচ্ছা থাকে, তাহা হইলে পিতা মাতাকে সদত সাবধানে থাকা উচিত।

অন্তরপত্যাবস্থায় কর্ত্তব্য বিধি।

এই সময়ে যাহাতে উদরের উপর কোন প্রকার চাপন্
না লাগে তাহা করিবে, কারণ তাহা হইলে, নিয়মিত কালের
পূর্বেই প্রসব বেদনা উপস্থিত হইয়া অতিশয় কট হয়, অপিচ
পূর্ণগর্ভ সময়ে, নীচে হইতে উপরে উঠিতে বা উপর হইতে
নীচে নামিতে কোন প্রকার ধাক্কা না লাগে, কারণ তাহাতে গর্ভস্থ
সন্তান নট হইয়া গর্ভপাত হইবার সন্তব, কোন প্রকার গুরুতর
ভার বছন করা বিধেয় নহে, গর্ভবতী স্ত্রী, অতিরিক্ত বলকারক

দ্রব্য ভক্ষণ করিবে না, কারণ তাহাতে অজীর্ণ জন্য নানাবিধ
অসুখ জন্মাইয়া ভাবী শিশুর শারীরিক প্রদাহ জন্মাইতে পারে।
গর্ভকালীন অজীর্ণ রোগ উপস্থিত হইলে গর্ভস্থ সন্তানও তাহার
কলভাগী হয়, অর্থাৎ তাহাকেও অজীর্ণ রোগ ভোগ করিতে
হয়, অতএব গর্ভিণীকে শরীরপোষক অথচ সামান্য রূপে
প্রস্তুত, (অর্থাৎ যাহাতে কোন প্রকার মসলা বা য়তাদি না
দেওয়া হইয়া থাকে) দ্রব্য যাহা অম্পকাল মধ্যে পরিপাক হয়,
তাহাই ভোজন করা কর্ত্ব্য। স্ত্রীলোকের এই অবস্থায়, মনোরভিকেও স্থির ভাবে রাখা কর্ত্ব্য, কারণ প্রস্থৃতী কন্টান্থিতচিত্তে থাকিলে পরেতে জাতসন্তান ও তদ্ধপ হয়, অতএব
গর্ভিণী কোন প্রকার দ্রন্দিন্তা ইত্যাদি করিবেক না।

গর্ভ কালীন চিকিৎসা।

প্রথমতঃ গর্ভ হইলে বমনেচ্ছা, বমন, মুখ দিয়া জল উঠা ইত্যাদি নানাবিধ উপদর্গ উপস্থিত হয়, এই সকল উপদর্গ হেলান দিয়া বদিয়া উঠিবার সময় প্রায় উপস্থিত হইয়া থাকে, এবং কিয়ৎকাল পরে, শীদ্র অন্তর্হিত হয়, অথবা গর্ভ ধারণের আদ্যোপান্তকাল পর্যান্ত বিদ্যমান্ থাকে, যদ্যপি এই সকল উপদর্গ সামান্যভাবে উপস্থিত হয় তাহা হইলে, সুপথ্যে থাকিলে নির্নত্তি হয়, কিন্তু যদ্যপি অত্যন্ত কন্ট দায়ক হয়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, অর্দ্ধনাত্রা চরিল ঘন্টা অন্তর।

যদ্যপি উক্ত প্রকার উপসর্গ থাকিয়া তাহার সহিত উদর-ভদ্ধ রোগ পাকে, তাহা হইলে।

उष्य—हेलिकाक्याना, अर्क्षमाञा প্রভাহ প্রাভঃ এবং সন্ধ্যাকালে।

যদ্যপি প্রত্যহ প্রাতঃকালে শয্যা হইতে গারোখান্ করিবামাত্রতঃ বমনেচ্ছা অথবা বমন হয়, রুক্ জ্বালা করে, অগ্নি-মান্দ্য হয়, অথবা পোড়ামাটি বা ফুল্খড়ি খাইতে অত্যন্ত ইচ্ছা-হয়, কোষ্ঠবদ্ধ থাকে, তাহা হইলে।

ঔষধ—প্রথমতঃ নক্ল-বমিকা, অর্দ্ধমাতা প্রত্যহ রাত্রিতে শয়নের সময় পাঁচ দিবস পর্যান্ত দিবেক।

যদ্যপি উক্ত ঔষধের শেষ মাত্রার পর কিঞ্চিৎ মাত্র উপ-শম বোধ হয় তাহা হইলে, তাহার চারি দিবস পরে।

ঔষধ--ক্ষিউল্ম, অৰ্দ্ধমাত্ৰা প্ৰতাহ এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি আহার বা পানের পর অতিশয় বমনেচ্ছা ও সময়ে সময়ে মূর্চ্ছা হয়, গলাতে এবং পাকস্থলীতে জ্বালা বোধ ও অত্যন্ত হুর্ম্বলতা থাকে, তাহা হইলে।

उषध-जार्ग निकम्, शूर्यारः।

পথ্য ব্যবস্থা।

গর্ভকালীন সাধারণ ব্যবস্থা অন্ত্যায়ী পথ্য ব্যবস্থা করিবেক।

গর্ভকালীন কোষ্ঠাবরোধের চিকিৎসা।

যদ্যপি সামান্য কোষ্ঠবদ্ধ হয়, তাহা হইলে মধুরম করিয়া বা মূলাদি স্থসিদ্ধ করিয়া ভক্ষণ করিলে আরোগ্য হইবে।

যদ্যপি পুনঃ পুনঃ কোষ্ঠের বেগ হয়, অথচ অত্যুল্প পরি-মাণে মল নিঃসৃত, বা র্থা বেগ হয়, উদর মধ্যে জ্বালা করে (৩১) নিয়ত মাথা ধরিয়া থাকে অথবা মস্তকে ভার ও বিক্নতি বোধ হয়, তাহা হইলে।

· ঔষধ— নক্ল-বমিকা, পূর্ণমাত্রা প্রতাহ শয়ন কালীন সেবন করিয়া ভাহার অই প্রহর পরে প্রয়োজন হইলে পুনর্কার ঐ রূপে চালাইবেক।

যদ্যপি পূর্ব্বোক্ত ঐষধের দ্বারা উপশম বোধ না হয়, তাহা হইলে।

ঔষধ—ইপ্লেশিয়া, পূর্ণমাত্রা পূর্ব্ববং। কিন্তু নক্ল-বিমিকার শেষ মাত্রার ছই দিবস পরে আরম্ভ করিবেক।

যদ্যপি উক্ত ঔষধের দ্বারা কিঞ্চিৎমাত্র উপশ্বম বোধ হয়, এবং যদ্যপি দীর্ঘকাল পর্যান্ত কোষ্ঠাবরোধ থাকে ও রোগিনী কোপন-স্বভাবা হয়, তাহা হইলে।

ঔষধ—ব্রায়োনিয়া, পূর্ণমাতা প্রাতঃ এবং সন্ধ্যাকালে এক দিবস অন্তর।

যদ্যপি পাকস্থলীতে ভার বোধ, মুখ শুক্ষ এবং বদন রক্ত-বর্ণ হয়, তাহা হইলে।

ঔষধ—প্রপিয়ম্, পূর্ণমাত্রা পূর্ব্ববং।

যদ্যপি এই রোগ কখন থাকে, এবং কখন থাকে না-এমত হয়, তাহা হইলে।

उषध-मन्कत्, भूर्वादः।

পূর্ব্বোক্ত লক্ষণ সকল ভিন্ন যদ্যপি অন্য প্রকার লক্ষণ বিশিষ্ট হইয়া গর্ভকালে কোষ্ঠবদ্ধ হয়, তাহা হইলে কোষ্ঠবদ্ধ প্রকরণের চিকিৎসামুসারে চিকিৎসা করিবেক।

গৰ্ভকালীন মূৰ্চ্ছা

এৰং

পেচুয়ায় পাওয়া, (বায়ু রোগ) রোগছারা সময়ে সময়ে, আক্রাস্তা হওয়ার চিকিৎসা।

যদ্যপি রোগিণী স্থূলাঙ্গী হয় এবং গর্ভকালীন মূর্চ্ছা বা পেচুয়া রোগে আক্রান্তা হয়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, অর্দ্ধনাতা চরিশে ঘন্টা অন্তর।

যদ্যপি মস্তকে রক্তবদ্ধ, ও বদন রক্তবর্ণ হয়, এবং ধমনীর কার্য্য প্রবল বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, পূর্ববৎ স্বতন্ত্র রূপে অথবা পূর্ব্বোক্ত ঔষধের সহিত উপর্যাপরি প্রকারে দিবে।

যদ্যপি ছঠাৎ রাগ ছইয়া মূর্চ্ছা হয় তাহা ছইলে, সর্বাপেক। উৎক্লফ ।

ঔষধ-ক্যামোমিলা, পূর্ণমাত্রা বার ঘন্টা অন্তর এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি পাকস্থলীর বিক্নতি জন্য মূর্চ্ছা উপস্থিত হয়, তাহা ছইলে।

ঔষধ—नक्र-विमका, शूर्वावरः ः

যদ্যপি ভ্র্বলতা জন্য হয়, এবং বিশেষতঃ যদ্যপি সেই ভ্রবলতা শোণিত ক্ষয় জন্য হইয়া থাকে, তাহা হইলে।

ঔষধ—চাত্না, অর্দ্ধাতা প্রভাহ রাত্তি এবং প্রাভঃকালে।

যদ্যপি উদরমধ্যে মোড়া দেওয়ার ন্যায় যাতনা বোধ নিঃশাস ফেলিতে কৃষ্ট হয়, শিরা সকল টানিয়াশ্বরে, এবং অত্যন্ত অন্থির করে, তাহা হইলে।

अध्य-क्षि, अर्धनाक्षी छिन चली असुद्र पिरवक ।

যদ্যপি যাতনা বোধ হইবার পূর্ব্বে বামপার্শ্ব হইতে উদ্ব রের অংশভাগ দিয়া উপরের দিকে বেদনা উঠে এবং দেখান হইতে গলা পর্য্যন্ত উঠিয়া গলার ভিতর কোন গোলাক্বতি পদার্থ থাকা বোধ হইয়া নিঃশ্বাস প্রশ্বাস অবরোধ করার ন্যায় যাতনা উৎপন্ন করে, তাহা হইলে।

ঔষধ—লাগকিসিস্ , অর্দ্ধমাত্রা তিন ঘণ্টা অন্তর।

যদ্যপি এরপ মাথাধরা থাকে যে মন্তক মধ্যে শলাবিদ্ধ হওয়া বোধ হয়, ও রোগিণী গোপনীয় শোক বিশিষ্টা হইয়া দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ করিতে থাকে, তাহা হইলে।

উষধ -- ইগ্নেশিয়া, পূর্ব্বৎ।

গর্ভকালীন দম্ভ রোগ।

এই সময়ে দন্ত রোগ উপস্থিত হইলে দন্ত উৎপাটন দ্বার। যাতনার শান্তি করা কোনমতে বিধেয় নহে।

চিকিৎসা।

যদ্যপি বিদ্ধ হওয়ার ন্যায় যাতনা বোধ হইয়া সেই যাতন।
কর্ণ পর্যান্ত অথবা হস্ত এবং অঙ্গুলি পর্যান্ত বিস্তৃত হয়, দন্ত
চাপিলে বা শীতল বাতাস লাগিলে ঐ যাতনা উপস্থিত হয়,
গগুদেশ ফুলে, চোয়ালের নীচের গুঠলি রাদ্ধি হয়, তাহা
হইলে।

ঔষধ — সিপিয়া, অর্দ্ধমাত্রা ভিন ঘণ্টা অন্তর, এবং কিঞ্চিৎ উপশম বোধ হইলে বার ঘণ্টা অন্তর দিবেক। ষদ্যপি কোন প্রকার শীতল দ্রব্য বা শীতল বায়ু বা উষ্ণ দ্রব্য দন্তে লাগিলে বেদনা উঠে, বা রদ্ধি হয়, এবং মাঢ়িতে যাতনা বোধ, ও সেই যাতনা কোন প্রকার উচ্চ রব শ্রবন্দ করিলে রদ্ধি হয়, তাহা হইলে।

उषय-कारिकतिया, भूर्वद ।

যদ্যপি চর্ব্বণ কালীন অথবা রাত্রিতে <u>শ্রম কালীন যাতনা</u> উপস্থিত হয় এবং সেই যাতনা ছিঁড়িয়া ফেলার ন্যায় বোধ হইয়া গণ্ডের অস্থি, মস্তকের উভয় পার্ম্ব, এবং ললাট পর্যন্ত ব্যাপ্ত হয়, তাহা হইলে।

ঔষধ-এলমিনা, পূর্ব্ববৎ।

পূর্ব্বোক্ত লক্ষণ ভিন্ন অন্যান্য লক্ষণাক্রান্ত হইলে, দন্ত রোগের সাধারণ চিকিৎসান্ত্যায়ী চিকিৎসা করিবেক কিন্তু ঔষধ পরিমাণে অর্দ্ধমাত্রা ব্যবস্থা করিবেক।

গর্ভকালীন বদন ফুলিলে চিকিৎসা !

এই রোগ যদ্যপি দন্ত-শূল জন্য হয়, তাহা হইলে তাৎ-কালিক দন্ত-শূলের চিকিৎসা করিলে আরোগ্য হইবে।

যদ্যপি উক্ত প্রকারে দন্ত-শূলের চিকিৎসা করিয়া দন্ত-শূল নিবারিত হইলেও বদন বা গণ্ডদেশ ফুলিয়া থাকে, তাহা হইলে।

ঔষধ—আর্ণিকা, পূর্ণমাত্রা ছয় ঘন্টা অন্তর দিবেক।

উক্ত. ঐ্বধের দ্বারা কিঞ্চিৎ উপশ্বম বোধ হইলে, তাহার তৃতীয় মাত্রার বার ঘণ্টা পরে, বিশেষতঃ যদ্যপি গোল ফুলার সহিত ছিঁড়িয়া কেলার ন্যায় যাতনা থাকে, অতিশয় লালা নির্গত হয় এবং গণ্ডদেশ রক্তবর্ণ ও প্রদাহ বিশিষ্ট হয়, তাহা

ে ঔষধ—পলেসটিলা, পূর্ণমাত্র। ছয় ঘন্টা অন্তর, চারি মাত্রা দিয়া পরেতে মর্কি উরিয়স্ ঐ রূপে দিবে।

শেষোক্ত ঔষধের চতুর্থ বা পঞ্চম মাত্রার পর যদ্যপি ফুলা রুদ্ধি হইবার উপক্রম বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—প্রথমতঃ বেলাডোনা, অর্দ্ধনাত্রা, পরেতে, হেপার্ পূর্ববং দিবেক।

পথ্য ব্যবস্থা।

এই রোগাক্রান্তা রোগিণী, কোন প্রকার গুরুপাক দ্রব্য ব্যবহার করিবেক না, কেবল মাত্র সামান্য রূপে প্রস্তুত আহার্য্য, দিবা বা রাত্রিতে নিয়মিত সময়ে আহার করিবেক। রাত্রি জাগ-রণ এবং অতিরিক্ত শ্রম-জনক-কর্ম করিবেক না কিন্তু নিতান্ত নিশ্চেষ্ট হইয়া থাকাও বিধেয় নহে।

গর্ভ কালীন শিরা ফুলা।

গর্ভকালীন উরু দেশের শিরা টানিয়া অত্যন্ত যাতনা ও অসুখ বোধ হয়। এই উপসর্গ দৌর্বল্য জন্য ঘটিয়া থাকে।

চিকিৎসা।

যদ্যপি শিরা রক্তবর্ণ অথবা প্রদাহের সহিত ফুলিয়া তজ্জন্য অতিশয় যাতনা বোধ হয়, তাহা হইলে।

अवध-- পरन्मिना, भूर्गमाजा बात घर्ली असत ।

যদ্যপি উক্ত ঔষধ প্রয়োগের তিন, চারি, মাত্রার পর কিছু বিশেষ বোধ না হয়, তাহা হইলে শেষ মাত্রার বার ঘণ্টা পরে।

ঔষধ—ল্যাকিসিম্ অর্থ্বমাত্রা পরিমাণে রাত্রি এবং প্রাতঃকালে।

ষদ্যপি উক্ত উপসর্গের সহিত কোষ্ঠাবরোধ বা অর্শঃ থাকে এবং রোগিনী কোপন-স্বভাবা হয়, তাহা হইলে।

ঔষধ—নক্ল-বমিকা, পূর্ণমাত্রা প্রত্যন্থ রাত্রি ও প্রাতঃকালে এক সপ্তাহ পর্যন্ত দিবে।

যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধে কিঞ্চিন্মাত্র উপশম বোধ হয় তাহা হইলে, পূর্ব্বোক্ত ঔষধের শেষ মাত্রার দশ দিবস পরে।

ঔষধ—সল্কর্, দিগুণমাত্রায় এক সপ্তান্থ পর্যান্ত পূর্বাবৎ এবং পরেতে আবশাক হইলে পুনর্বার উক্ত রূপে চালাইবেক।

যদ্যপি শিরা সকল নীলবর্ণ হয়, জ্বালাবৎ যাতনা থাকে, তাহা হইলে।

ঔষধ—প্রথমতঃ আর্সেনিকম্, অর্জমাত্রায় প্রভাহ রাত্রি এবং প্রোভঃকালে ছুই দিবস পর্যান্ত দিয়া পরেতে আবশ্যক হইলে শেষ মাত্রার এক দিবস পরে কার্বো-বেজিটেবিলিস্, ঐ রূপে দিবেক।

महकाती कर्खना निधि।

যদ্যপি এই উপদর্গ জন্য চরণ এবং তাছার উপরিভাগ জাতিরিক্ত কোলে, তাহা হইলে চরণ হইতে উপরের দিগে অপ্প চাপিয়া, বস্ত্রখণ্ড দ্বারা জড়াইয়া বান্ধিয়া দিবেক, এবং গর্ভিণীকে ছোনা দিয়া, রাখিবেক, অথবা দেই স্থান পুনঃ পুনঃ জলের দ্বারা ধৌত করাইবেক।

পথ্য ব্যবস্থা-সর্ব্ব বিধায় পূর্ব্ববৎ।

গर्डकानीन अन्हास्तारं धवर माझात रवमना।

কোন কোন স্ত্রীলোক গর্ভ কালীন, পৃষ্ঠদেশে বা মাজায় কোন বোঝা চাপানের ন্যায় ভার বোধ করিয়া অত্যন্ত যাতনা পায়, এবং সেই×যাতনা রাত্রিকালে উপস্থিত হইলে অত্যন্ত নিদ্রোর ব্যাঘাত করে।

চিকিৎসা।

উক্ত প্রকার উপসর্গ উপস্থিত হইলে যদ্যপি অর্শঃ রোগ প্রকাশিত হয়, তাহা হইলে।

ঔষধ—নক্স-বমিকা, অর্দ্ধমাত্রায় প্রত্যহ প্রাভঃকালে এবং রাত্তিতে তিন দিবস পর্যান্ত দিয়া যদি কিঞ্চিৎ উপশম বোধ হয়, তাহা হইলে শেষ মাত্রার চারি দিবস পরে পুনর্বার ঐ রূপে দিবেক।

বিশেষতঃ এই রোগে ক্যালি-কার্বোনিক্ম, সিপিয়া, এবং সিকেল্ উক্ত প্রকারে অথবা পূর্ণমাত্রায় প্রত্যহ প্রাতঃকালে এবং রাত্রিতে দিলে বিশেষ উপকার করে।

গৰ্ভপাত বা গৰ্ভ জ্ৰাব।

ষে সকল দ্রীলোকের হুই তিন বার পর্ভপাত হইয়াছে তাহাদিগের পক্ষে ইহা একটা অত্যন্ত হানি জনক রোগ বলা যায়। গর্ভ ধারণের প্রথম মাস হইতে সপ্তম মাস পর্য্যন্ত গর্ভ-পাতের সময়, কিন্তু সাধারণতঃ তৃতীয় বা চতুর্থ মাসে হইয়া থাকে, যখন প্রথমে আরম্ভ হয়, তৎকালে যাতনা বা আপদের আশঙ্কা থাকে না, কিন্তু পুনঃ পুনঃ হইতে হইলে অত্যন্ত শোণিতত্রাব জন্য শরীর ভগ্ন হইয়া প্রায় ভন্নানক রোগ উপস্থিত হয়।

নিদান—হঠাৎ কোন প্রকার মনস্তাপ অথবা অতিরিক্ত শারীরিক পরিশ্রম, দৈবাৎ আঘাত প্রাপ্তি, গৃহ মধ্যে আবদ্ধ থাকা, সর্বাদা তেজক্ষর দ্রুব্য আহার করা, এবং শারীরিক অস্বাস্থ্য প্রভৃতি কারণে গর্ভপাত হইয়া থাকে।

চিকিৎসা।

প্রথমে গর্ভ হইলে যদ্যপি পতনের উপক্রম থাকে, তাহা হইলে।

ঔষধ-—স্যাবায় না, পূর্ণমাতা চব্বিশ ঘণ্টা অন্তর চারি দিবস পর্য্যন্ত দিয়া ক্রমশঃ ঔষধ সেবনের নিয়ম কালের রুদ্ধি করিয়া দিবেক।

যদ্যপি এই উপদর্গ এক বারের অধিক হইরা থাকে ও গর্ভিণী হুর্বলা ও ক্ষীণা হয়, তাহা হইলে প্রত্যেক বার মাদিক ঋতুকালের পর আরম্ভ করিয়া যে দময়ে পূর্বে গর্ভপাত হইয়া থাকে দেই দময় পর্যান্ত।

उषध-निकल् भूर्सदः।

যদ্যপি ক্ষুধা বোধ না থাকে, অজীর্ণ হয়, এবং অফ্লে অত্যন্ত ইচ্ছা প্রকাশ হয়, তাহা হইলে।

उवध-- शन् मिलिन, शूक वर ।

যদ্যপি গর্ভিণী অতি কোমলা প্রযুক্ত গর্ভপাত হয়, তল-পেটে ভার বোধের ন্যায় যাতনা বোধ হয়, স্বাভাবিক প্রদর ও কফালায়ক স্থানীয় চুল্কানি থাকে, বদনে, কটাবর্ণ, ঈয়ৎহরিদ্রোবর্ণ লাগ উঠে, অথবা যাহাদের কিঞ্চিৎ পরিমাণে অধিক বায়ু শরীরে প্রবিষ্ট হইলে, শ্লেয়া রুদ্ধি হয়, ও সহজ ঋতুকালীন জাপে আব হয়, মাথাধরা ও দস্ত শ্লুল থাকে, তৎপক্ষে।

ঔষধ—সিপিয়া, গর্জ কালীন পূর্বেবং, কিন্তু গর্জ প্রতনের পর তাদৃশ ঘটনা নিবারণ জন্য প্রত্যন্ত পূর্নমাতায় প্রাতঃ এবং সন্ধ্যাকালে এক সপ্তাহ পর্যান্ত দিয়া তাহার দশ দিবস পরে পুনর্কার ঐ রূপে চালাইবেক।

যদ্যপি অর্শঃ রোগ, কোষ্ঠবদ্ধতা থাকে ও শ্লেষ্মাধিক্য ধাতু হয়, শরীরের উপর চুল্কানি, ফুল্কুড়ি ইত্যাদি নানাবিধ চর্মা রোগ হইয়া থাকে, প্র্রেলতা, উদরের নিম্নভাগে ভার বোধ, ও পুনঃ পুনঃ মূত্র ত্যাগের ইচ্ছা, এবং সহজ অবস্থায় অর্থাৎ গর্ভ ধার-ণের পূর্ব্বে অতিরিক্ত বা অত্যম্প পরিমাণে আর্ত্তব নির্গত হয়, ও তাহার সহিত প্রদর থাকিয়া, স্থানীয় উত্তাপ, ও চুল্কানি থাকে, তাহা হইলে।

ঔষধ — সল্ফর্, পুরাবিৎ কিন্তু মধ্যে মধ্যে নক্ল-বিমিকা, ও উক্ত রূপে দিবেক।

যদ্যপি শোণিত ভাগ পূর্ণ থাকে ও পুনঃ পুনঃ মাথাধরে পশ্চাদ্তাগে শূলের ন্যায় যাতনা গোধ হয় ও প্রদর, অতি প্রবল থাকে, বিশেষতঃ যদ্যপি সহজ সময়ে নিয়মিত কালের পূর্বে অতিরিক্ত পরিমাণে রজঃ নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—क्याटिक्तिया, भूर्मवर ।

গর্ভপাত হওয়ার সময় ও তাহার পর সময়ের চিকিৎসা।

যদ্যপি দৈবাৎ ঘটনায় অর্থাৎ পতন বা ঘুঁষা বা অন্য প্রকার আঘাত জন্য গর্ভপাত হয়, তাহা হইলে।

ঔষধ — আর্ণিকা, অমিশ্র আরক, এক ফোটা অথবা আটটী ফুদ্র বটিকা এক ছটাক জলে মিশ্রিত করিয়া এক তোলা পরিমানে, দশ বা পোনের মিনিট্ অন্তর প্রথমে দিয়া পরেতে অর্দ্ধ ঘন্টা অন্তর, ও ক্রমশঃ সময় রিদ্ধি করিয়া দিবেক। . যদ্যপি গুরুতর ভার দেব্য তুলিতে বা নীচে হইতে উপরে টানিতে বা মোচড় লাগিয়া হয়, তাহা হইলে।

ঔষধ--রদ্-টক্লিকোডেগুনু, পূর্বাব ।

ষদ্যপি তলপেট এবং মাজায় প্রসব বেদনার ন্যায় যাতনা থাকিয়া গাঢ় লালবর্ণ থানা থানা রক্ত নির্গত হয়, তাহা হইলে।

उवध-नावाग्ना, भूक्वर ।

যদ্যপি ক্ষণকালের জন্য রক্তস্রাব বন্ধ থাকিয়া পরেতে অতিরিক্ত রূপে নির্গত হয় ও তাহার সহিত অত্যন্ত যাতনা থাকে এবং থানা থানা রক্ত নির্গত হয়, তাহা হইলে।

उषध-शन मिलि।, शृक्षर ।

যদ্যপি পেট চাপিয়া ধরা বা বদ্ধ ছওয়ার ন্যায় যাতনা বোধ হয়, বিশেষতঃ যদ্যপি গর্ভপাতের পর, (অত্যন্ত উজ্জ্বল বা গাঢ় লালবর্ণ না হয়, এমত) রক্তস্মাব হয়, তাহা হইলে। উষধ—বেলাডোনা, পূর্কবং।

ষদ্যপি গর্ভপাতের পর প্রসব বেদনার ন্যায় যাতনা থাকিয়া রোগিণী হস্ত পদাদি ছুড়িতে থাকে মাংস-পেশী সকলের কাঠিন্য হয়, নানা বিধ ভয়ানক রূপ দর্শন করে, অজ্ঞান হইয়া প্রলাপ বাক্য বলিতে থাকে, তাহা হইলে।

ঔषध — श्रामारायम्, পूर्वदर।

যদ্যপি পূর্ব্বোক্ত লক্ষণ থাকিয়া এককালীন জ্ঞানাভাব না হয় এবং নাভির চতুম্পার্শ্বে যাতনা থাকে, তাহা হইলে।

ঔষধ—ইপিক্যাক্যানা, অর্ধমাতা ৫ ৫ ১০। বা ১৫। মিনিট্ অন্তর পরেতে ক্রমশঃ সময় ইদ্ধি করিয়া দিবেক।

উক্ত ঔষধ প্রয়োগের ছয় ঘন্টা পরে যদ্যপি কিঞ্চিন্মাত্র

্উপদর্গ বোধ হয় এবং ঘন রক্ত নির্গত হয় ও তাহার দহিত অতিশয় যাতনা থাকে, তাহা হইলে।

ঔষধ-প্লাটিনা, অর্দ্ধমাত্রা অর্দ্ধঘন্টা অন্তর।

যদ্যপি গর্ভপতনের পর প্রসব বেদনার ন্যায় যাতনা থাকে, এবং অতিশয় শোণিত নির্গত হয়, ও তাহার সহিত ছব থাকে, তাহা হইলে।

ঔষধ — ফের ম্মেটালিকম্, পূর্ববং।

অতিশয় রক্তপ্রাব জন্য হ্র্বলতা হইলে ও সর্বতো ভাবে তৎকালে শোণিত বদ্ধ করিবার নিমিত্ত এবং যদ্যপি উদরের নিম্নে ভার বোধ হইয়া সময়ে সময়ে অতিরিক্ত পরি-মাণে রক্ত নির্মাত হয়, তাহা হইলে।

ঔষধ--- চারু না, পূর্ণমাত্র। তিন ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধের দ্বারা গর্ভপাতের পর অতিরিক্ত রক্তপ্রাব কোনমতে বন্ধ না হয় তাহা হইলে, সর্ব্বোৎক্লফ।

ঔষধ—এ সিডম্-নাইট্রিক্য্, অর্দ্ধ মাত্রা প্রত্যেক ৫। ১০। ১২ মিনিট্ অন্তর এবং পরেতে ক্রমশঃ সময় রুদ্ধি করিয়া দিবেক।

गहकाती कर्खवा विधि।

গর্ভপাতের উপক্রমকাল উপস্থিত হইলে গর্ভিণীকে হেলান দিয়া বসাইবেক, অথবা শয্যায় নিদ্রিত করাইবেক এবং শয়না-গার শীতল রাখিবেক ও তাহার মনেতে তৎকালে কোন উদ্বেগ উপস্থিত না হয় এমত যত্ন করিবেক এবং যদ্যুপি তাহাতে নিবারিত না হইয়া নিতান্তই গর্ভপাত হয়, তাহা হইলে অধিক পরিমাণে শোণিত নির্গত হওয়া নিবারণ জন্য কিছু দিন পর্যান্ত তাহাকে শয্যাতে শয়ন করাইয়া রাখিবেক। যদ্যপি অতিরিক্ত রক্তপ্রাব হয়, তাহা হইলে গর্ভের উপর শুক্ক অথচ শীতল এমত কোন দ্ব্য রাখিলে ও শীতল জল, পান করাইলে অনেক উপ-কার হইবে।

পথাব্যবস্থা।

কোন প্রকার গুরুপাক দ্রব্য, অথবা উত্তম রূপ মসলা ইত্যাদি দিয়া পাক করা দ্রব্য, ব্যবহার না করিয়া কেবল মাত্র বলকারক এবং লঘুপাক দ্রব্য, পথ্য করিবেক ও সেই সকল দ্রব্য কোনমতে অতি শীতল বা অতি উষ্ণ না থাকে অর্থাৎ ঈষত্রক্ষ থাকিতে থাকিতে ভোজন করিবেক।

मञ्जान প্রসবের পূর্বকালের চিকিৎদা।

ষদ্যপি প্রবল বেদনার পূর্বে শোণিতাধিক্য বোধ হয়, তাহা হইলে।

ঔষ্ধ-প্রথমতঃ একোনাইট, অর্ক্নাতা ছয় ঘণ্ট। জন্তর।

হই বার দিয়া তাহার ছয় ঘন্টা পরে যদ্যপি গর্ভিণীর মুখ রক্তবর্ণ হয় ও ঘাড়ের শিরা সকল ফুলিয়া উঠিয়া দপ্ দপ্ করে, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, পূর্ব্ববৎ।

মিথা। প্রসব বেদনার চিকিৎসা।

যখন সন্তান প্রসবের পূর্বে মাজায় ভার বোধ হয় ও তাহার সহিত কোষ্ঠাবরোধ ও তলপেটে বেদনা থাকে, বিশে-ষতঃ যদ্যপি তাদৃশ বেদনা ক্রোধাদি জন্য উৎপন্ন হইয়া থাকে, তাহা হইলে।

ঔষধ—ব্রায়োনিয়া. অর্জ-নাতা দিয়া যদাপি তাহার কিয়ৎকাল পরে চুই, তিন বার সেই প্রকার যাতনা উপস্থিত হয় অথবা বেদনা নির্ত্তি হইয়া যায় তাহা হইলে তৎকালে ঔষধ বন্ধ করিবেক, আর যদাপি ক্রমশঃ উপশম বোধ হয়, তাহা হইলে উক্ত প্রকার মাতা ছয় ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি তলপেটে এবং পশ্চান্তাগে সমান যাতনা ও উদ-রের নিম্ন ভাগে মোচ্ড়ানির ন্যায় যাতনা বোধ হয়, বিশেষতঃ যদি তাদৃশ যাতনা রাত্রিতে উপস্থিত হয়, তাহা হইলে।

र्धेष४-- नक्क-विषका, भूर्ववर ।

উক্ত প্রকার যাতনা থাকিয়া যদি মাজায়, (বহুক্ষণ হেঁট হইয়া থাকার ন্যায় অথবা বস্ত্র খণ্ড দ্বারা কোমর ক্যার ন্যায়) যাতনা বোধ হয়, উরুদেশ কাম্ডায়, কোষ্ঠবদ্ধ বা অতিসার থাকে, বিশেষতঃ যদ্যপি তাদৃশ বেদনা গুরুপাক দ্বেয় ভোজন করিয়া অজীর্ণ জন্য হইয়া থাকে, তাহা হইলে।

ঔषध—भटनिष्ठिम भूर्ववर ।

যদ্যপি পৃষ্ঠের নিম্ন ভাগে বিদ্ধকরার ন্যায় অথবা টানিয়া ধরার ন্যায় যাতনা বোধ হয় ও যদি তাদৃশ বেদনা শ্লেয়া জন্য উৎপন্ন হইয়া থাকে, তাহা হইলে।

उष्य - एत्क्राम्या, अर्ध्वमाजा हम्र प्रती अस्ता।

যদ্যপি গর্ভিণী যুবতী, স্থূলাঙ্গী, ও উজ্জ্বল বদনা হয় ও নাড়ী বেগবতী হয়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, অর্দ্ধনাত্রা প্রথমতঃ প্রয়োজন হইলে ছয় ঘন্টা অন্তর এবং পরেতে বার ঘন্টা অন্তর দিবেক।

পথ্য ব্যবস্থা--পূর্ব্ববৎ।

প্রসব বেদনা অধিক কাল স্থায়ী হইলে তাহার চিকিৎসা।

প্রসব বেদনা উপস্থিত হইয়া যদ্যপি শীষ্ত্র সন্তান নির্মত না হয়, এবং অতিশয় প্রবল যাতনা বোধ ও পুনঃ পুনঃ বেদনা উপস্থিত হয়, অত্যন্ত অস্থির করে ও গর্ভিণী ছট্ ফট্ করিতে থাকে, তাহা হইলে।

ঔষধ—কফি, অশ্বনাতা এক ঘণ্টা অস্তর দিবেক, ইহার তিন চারি মাত্রার পর যদ্যপি সন্তান প্রসব না হয় তাহা হইলে, একোনাইট্, ঐ রূপে দিবে।

যদ্যপি গর্ভিণী ভীরু হয়, এবং যাতনাতে অত্যন্ত কাতরা হয়, তাহা হইলে।

खेषध-कगारमामिला, शूर्वावद

যদ্যপি গর্ভিণী প্রোঢ়াবস্থা প্রযুক্ত শীব্র সন্তান প্রসব করিতে না পারে এবং জরায়ু মধ্যে সন্তান বদ্ধ থাকা বোধ হয়, অথবা প্রসব বেদনা, অত্যম্পার্মাত্র হয়, প্রথমতঃ অতিপ্রবল বেদনা হইয়া পরেতে এককালীন বেদনা থাকে না, তাহা হইলে।

खेष४-- (वलाएडं। ना, भूर्ववर ।

যদ্যপি প্রসব বেদনা দীর্ঘকালস্থায়ী হয় ও কখন অধিক

কখন অম্প বেদনা বোধ হয় এবং পুনঃ পুনঃ মল, মূত্র ত্যাগের উপক্রিম হয়, তাহা হইলে।

ঔষধ--- নক্স-ব্যামকা পূর্ণমাত্র। এক ঘন্টা অন্তর।

যদ্যপি প্রসব বেদনা, এককালীন অন্তর্হিত হইয়া মন্তকে রক্তবদ্ধ জন্য মুখ রক্তবর্ণ হয় এবং মূর্চ্চিতা হইয়া সুশুপ্তিকালের ন্যায় নাসিকার শব্দ হইতে থাকে, তাহা হইলে।

ঔষধ—ওপিয়ম্ অর্দাতা। এক ঘন্টা অন্তর।

যদ্যপি অত্যম্পাত্র বেদনা, সময়ে সময়ে উপস্থিত হয় এবং তাহা জরায়ুর শক্তিহীনতা জন্য হ্রাস হওয়া বিবেচনা হয়, বেদনার সহিত পেট কাম্ড়ানি, বমন, অথবা পশ্চাদ্ভাগে, মাজায় অত্যন্ত যাতনা বোধ ও উরুদেশ টানিয়া ধরার ন্যায় জ্ঞান হয়, তাহা হইলে।

ঔষধ—পলেসটিলা, পূর্ণমাত্রা এক ঘণ্টা অন্তর।

যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধে জরায়ুর শক্তি রদ্ধি না করে তাহা হইলে এবং উপরোক্ত লক্ষণ সকল বিদ্যমান্ থাকিলে।

उर्ध-निक्त, भूर्वर ।

পথ্য ব্যবস্থা।

এই সময়ে ময়দা বা সেইরূপ কোন পদার্থ জলে বা হুঞ্চে সিদ্ধ করিয়া মিস্রি বা চিনি মিশ্রিত করিয়া অম্প পরিমাণে দিবসে একবার মাত্র দিবেক এবং কোন প্রকারে মানসিক উদ্বেগ না জন্মায় এমত অবস্থায় রাখিবেক।

সন্তান প্রসবের পর চিকিৎসা।

সন্তান প্রসবের পর স্থৃতিকাগারে কোন প্রকারে তীব্র আলোক, বা গন্ধকের ধূম, বা উচ্চ ধ্বনি, যাহাতে প্রবেশ না করে এমত করিবে, এবং স্থৃতিকাগার নাতিশীতোঞ্চভাবে রাখিবেক, সন্তান প্রস্তুবের পর যে নিদ্রোহয় তাহার ব্যাঘাত করিবে না।

যদ্যপি তৎকালে অস্থিরতা জন্য নিদ্রোকর্ষণ না হয়, তাহা হইলে।

ঔষধ—ক্ষি, পূর্ণনাত্রা প্রয়োজন হইলে তিন ঘণ্টা অন্তর দ্বেক।

কিন্তু যদ্যপি তৎকালে জ্বর বোধ হয় এবং পূর্কোক্ত ঔষণের দ্বারা অস্থিরতা নিবারিত না হয়, তাহা হইলে।

ঔষধ-একোনাইট, অর্দ্ধনাতা পূর্ববং।

প্রসবের পর বেদনা।

যদ্যপি সস্তান প্রসবের পর অতিরিক্ত বেদনা থাকে তাহা হইলে, তাহা নিবারণ জন্য এবং পরেতে জ্বর বা কোন প্রকার প্রদাহ উপস্থিত না হয়, তজ্জন্য।

উষধ—আর্ণিকা, পূর্ণমাত্রা তিন ঘণ্টা অন্তর দেবন করিবেক এবং আর্ণিকা (মমিশ্র আরক) পোনের ফোটা অর্দ্ধ পোওয়া ঈষং উষ্ণ জলে মিশ্রিত করিয়া বেদনা বিশিক্ত স্থানের উপর দিবেক।

যদ্যপি উক্ত ঔষধ ছুই মাত্রা দেবনের পর বেদনার সাৰষ না হয়, তাহা হইলে।

উষধ —ক্যামেনিলা, অর্জনাতা এক ঘন্টা অন্তর।

যদ্যপি উক্ত ঔষধের হুই মাত্রার পর কিছুমাত্র উপশ্ব

(৩৩)

বোধ না হয় এবং যাতনা অত্যন্ত প্রবল হয় ও হেলান দিয়া বসিয়া থাকা কালে উদরস্থ অক্সাদি নির্গত হইবার উপক্রম বোধ হয়, কিন্তু দাঁড়াইলে বেদনা থাকে না ও তাহার পর তল-পেটে মোচ্ড়ানির ন্যায় যাতনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—নক্স-বনিকা, অর্দ্ধনাত্র। প্রথমতঃ চুই ঘণ্টা অন্তর এবং পরে আবশ্যক হইলে তিন ঘণ্টা অন্তর।

যদ্যপি যাতনা অসহ হয়, অথবা হস্ত পদাদি ইতস্ততঃ নিক্ষেপ করে বা ধনুফঁঙ্কারের ন্যায় হয়, শ্রীর শীতল বা আড়ফ হয়, তাহা হইলে।

ঔষধ-ক্রিক, অর্দ্ধমাত্রা এক ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি প্রস্থৃতী অত্যন্ত ভীতা হয় আর বেদনা অধিক কাল স্থায়ী হয়, তাহা হইলে।

ঔষধ—প্রেসটিলা, অর্দ্ধমাত্রা তিন ঘণ্টা অন্তর।

যদ্যপি প্রস্থৃতী পূর্বেব বহু সন্তান প্রস্ব করিয়া থাকে ও স্থূলান্ধী হয়, এবং বেদনা অধিক কাল স্থায়ী হয়, তাহা হইলে।

ঔষধ—সিকেল, অর্দ্ধাত্রা প্রথমতঃ এক ঘণ্ট। অন্তর তিন মাত্রা দিয়া পরেতে চারি ঘণ্টা অন্তর দিবেক।

উক্ত প্রকার লক্ষণ সকল থাকিয়া যদ্যপি প্রস্থতী হুর্মলা এবং মূর্চ্ছা রোগাপন্না হয়, তাহা হইলে।

खेयध-कृत्रम, भूर्त्रवर।

যদ্যপি প্রসবের পর অতিরিক্ত রক্তপ্রাব হয় তাহা হইলে গর্ভপাতের চিকিৎসায় উর্ক্ত প্রকার উপসর্গ নিবারণের জন্য যে প্রকার চিকিৎসা প্রণালী লিখিত হইয়াছে, তদমুসারে চিকিৎসা করিলে আরোগ্য হইবেক।

মূতাবরোধ।

ষদ্যপি প্রসবের পূর্বে দীর্ঘকাল প্রসব বেদনা থাকাতে প্রস্রাব বন্ধ হয়, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, অর্দ্ধনাতা ছই ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি উক্ত ঔষধের তৃতীয় মাত্রার পর প্রস্রোব না হয় এবং উদরের নিম্নভাগে জ্বালার ন্যায় উত্তাপ হইয়া জ্বর বোধ হয়, তাহা হইলে।

'उवध-- এकानु चित्, भूर्यवर।

অধারণতা (অর্থাৎ প্রস্রাবের বেগ ধারণে শক্তি না থাকা)।

যদ্যপি প্রসবের পূর্ব্বে অধিক কাল পর্য্যন্ত প্রসব বেদনা থাকাতে প্রসবের পর প্রস্রাবের বেগ ধারণে শক্তি না থাকে তাহা হইলে প্রথমতঃ। সিংক্রাবিদ্ধানি বিষয়ে

উষধ—আর্ণিকা, অর্দ্ধমাত্রা তিন ঘণ্টা অন্তর দেবন করাইবেক ও অমিশ্র আর্ণিকার, আরক পোনের কোটা অর্দ্ধ পোওয়া পরিমাণ ঈষচ্ফ জলে মিশ্রিত করিয়া তদ্ধারা এক থানি বস্ত্রথও ভিজাইয়া তলপেটের উপর দিবেক।

যদ্যপি উক্ত প্রকারে আরোগ্য বোধ না হয়, তাহা হইলে। ঔষধ—পল্নেটিলা, পূর্ণমাত্রা প্রত্যহ প্রাতঃ এবং সন্ধ্যাকালে ছই দিবস পর্যান্ত দিয়া কিঞ্ছিৎ উপশ্ম বোধ হইলে পরেতে বেলাডেনা, ঐ রূপে দিবেক।

যদ্যপি পূর্ব্বোক্ত প্রবধের দ্বারা আরোগ্য না হইয়া এই রোগ প্রাচীন হইয়া উঠে, তাহা হইলে।

ঔষধ— সাই কিউটা, সিপিয়া, সল্ফর, বা নাট্র্য্-মিউরিএটিকম্ ইহার জানাতর একটা ঔষধ অথবা ক্রমশঃ এক একটা কবিয়া ঔষধ পূর্ণ মাতায় প্রভাহ প্রাতঃকালে ও সন্ধাাকালে সেবন করাইবেক। প্রসবের পর যে সকল রোগ উৎপন্ন হইয়া থাকে।

স্থান্য বন্ধা হইলে ভাহার চিকিৎসা।

বদ্যপি প্রসবের পর কোন প্রকার মানসিক উদ্বেগ জন্য অথবা অন্য কোন কারণে স্তন্য হ্গ্ধ বন্ধ হইয়া যায়, তাহা হইলে তাহার স্বাভাবিক অবস্থায় আনিবার জন্য।

ঔষধ —পল সৈটিলা, পূর্ণমাত্রা ছয় ঘন্টা অন্তর এবং পরেতে অবস্থা বিবেচনায় বার ঘন্টা অন্তর দিবেক।

ষদ্যপি উক্ত ঔষধের হুই তিন মাত্রার পর উপশম বোধ না হয় অথবা কিঞ্চিৎ উপশম বোধ হইয়া মস্তকে রক্তবদ্ধ থাকা বোধ হয়, তাহা হইলে।

উষধ--- ক্যান্ত্রেরিয়া, পূর্ব-মাত্রা বার ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি মস্তকে রক্তবদ্ধ জন্য প্রস্থতীর বদন রক্তবর্ণ দেখা যায় এবং সময়ে সময়ে কোন কোন মাংস-পেশীতে টঙ্কার বোর হয় এবং রোগিণী প্রলাপ বাক্য কহিতে থাকে, তাহা ছইলে।

ঔযধ—জিক্ষন, অর্মাকা তিন ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি উক্ত উপসর্গের সহিত জ্বর প্রকাশিত থাকে, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, পূর্ণমাকার চতুর্থাংশ প্রভ্যেক বার ছই ছন্ট। অন্তর দিবেক।

যদ্যপি এই উপদর্গ কালীন বক্ষ্ণস্থলে বা পার্শ্বে টানিয়া ধরার ন্যায় যাতনা বোধ হয়, বিশেষতঃ যদ্যপি কোন প্রকার মানসিক উপদর্গ-উপস্থিত হইয়া থাকে, তাহা হইলে।

ঔষধ—্ব্রায়োনিয়া, পূর্ণমাত্রা চারি ঘণ্টা অন্তর দিবেক।
পথ্য ব্যবস্থা—প্রসবের পরকালীনের ন্যায়।

স্তন্য তিশ্য্য

প্রসরের পর অনেকানেক প্রস্থতীর অতিরিক্ত পরিমাণে হ্শ্ব হয় ও তাহা আপনিই নিঃসৃত হইতে থাকে। এই উপসগ নিবারিত না হইলে ক্রমশঃ ক্ষয় রোগ উপস্থিত হয়।

চিকিংসা।

যদ্যপি স্তন্যের আধিক্য হইয়া তাহার সহিত জ্বর বিদ্যমান্ থাকে এবং তাদৃশ উপসর্গ উপস্থিত হইবার কারণ জানা না যায়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, পূর্ণমাজার চতুর্থ ভাগ ছয় ঘণ্টা অন্তর এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি স্তনদ্বয় স্ফীত হইয়া জ্বর লক্ষণ প্রকাশিত হয় ও অতিরিক্ত পরিমাণে দ্বগ্ধ নিঃসূত হয়, তাহা হইলে।

ঔষধ--রস্-টক্লিকোডেগুন্, অর্জমাত্র প্রতাহ রাত্তি এবং প্রাতঃ-কালে এক এক বার করিয়া।

যদ্যপি জ্বর রক্ষণ প্রকাশিত না থাকিয়া আপনিই অধিক পরিমাণে হ্শ্ব নির্গত হইয়া ক্রমশঃ প্রস্থতীকে ক্ষীণা করে, তাহা হইলে।

ঔষধ—ক্যান্কেরিয়া, পূর্ণমাত্রা প্রত্যন্থ রাত্রিএবং প্রাতঃকালে এক এক বার করিয়া।

উক্ত প্রকার লক্ষণ থাকিয়া যদ্যপি ক্ষয় রোগের লক্ষণ হইয়া ক্রমশঃ রুশা করিতে থাকে ও উৎকাশী থাকে, তাহা হইলে।

छेषध-कम् कत्रम , भूर्वादः।

পথা ব্যবস্থা।

যে পর্যন্ত এই অবস্থায় জ্বর বিদ্যমান্ থাকিবে ও শোণিত যদ্ধ থাকা বোর হইবে সে পর্যন্ত জ্বর কালীন পথ্য ব্যবস্থার ন্যায় পথ্য করিবে, কিন্তু যদ্যপি জ্বরাদি প্রকাশ না থাকিয়া ক্রমশঃ শরীর ক্ষয় হইতে থাকে, তাহা হইলে অত্যপে পরিমাণে, এক এক বারে লঘু-পাক দ্রুব্য আহার করিবে। কোন প্রকার তেজ্কর বা শোণিত উষ্ণ কারক দ্রুব্য ও মৎস্থা, মাং সাদি ভক্ষণ ক্রিবেক না।

रुनाष्ट्रत (व्यर्थाय इम्बद्धा)।

লক্ষণ—কম্প, উত্তাপ, পরিশেষে ঘর্মা, নাড়ী প্রথমতঃ প্রবলা পরেতে নানাবিধ অসমান গতি বিশিষ্টা, মুখ বিস্থাদ, পিপাসা, কখন কখন পশ্চান্তাগ হইতে বক্ষঃস্থল পর্যান্ত টানিয়া ধরার ন্যায় যাতনা বোধ, অস্থিরতা, মাথাধরা, স্তন্য-আবের লঘুতা, প্রোতঃকালে ঘর্ম হইয়া যাতনার লাঘব হয় এবং দিবসে ক্রমশঃ পুনর্বার উপসর্গ উপস্থিত হয়।

নিদান—সন্তান প্রসব হইবা মাত্র তাহাকে স্তন্যপান না করাণ, বিশেষতঃ মানসিক উদ্বেগ ইত্যাদি জন্য এই উপসর্গ হইয়া থাকে।

मानिक উদ্বেগ জন্য छना खद्रद हिकिৎना।

যদ্যপি উক্ত সকল লক্ষণ থাকিয়া অত্যন্ত প্রবল স্থার থাকে, তাহা হইলে।

ঔষধ--একোনাইট্, ও কফি, পুর্ণমাত্রায় ছয় ঘণ্টা অন্তর উপর্যু-পরি দিবেক। . উক্ত প্রকার চিকিৎসার পর জ্বরের লা্ঘব হইলে এবং পরেতে যদ্যপি নিঃশ্বাস প্রশ্বাসে কই বোধ, অতিশয় মাথা ধরা, এবং অত্যন্ত কোষ্ঠ-বদ্ধতা থাকে, তাহা হইলে।

উষধ —ব্রায়োনিয়া, পূর্ণনাত্রা ছয় ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি উক্ত প্রকার উপসর্গ থাকিয়া স্বরের সহিত শ্লেয়া-ধিক্যতা থাকে তাহা হইলে এবং বিশেষতঃ স্থৃতিকা-স্বর নিবা-রণের জন্য।

ঔষধ—পল্ সেটিলা, পুর্ণমাক্রা বার ঘন্টা অন্তর অথবা অবস্থামূ-সারে ছয় ঘন্টা অন্তর।

প্রথ্য ব্যবস্থা।

এতাদৃশ সময়ে অতিশয় পাতলা যবের মণ্ড মাত্র ব্যবস্থা করিবেক, অতি শীতল, অথবা অত্যন্ত উত্তপ্ত স্থানে প্রস্থাক রাখিবে না।

প্রসবের পর জরায়ু হইতে দ্রব স্রাবের বিসমতা।

প্রসব হওয়ার কিয়দ্দিবস পর কাল পর্যান্ত জরায়ু হইতে কাহার কাহার পাতলা, অত্যম্প পরিমাণে ও কাহার কাহার অধিক প্রিমাণে দ্রুব, আব হয়, ও তাহা কোন কোন স্ত্রীলো-কের অধিক কাল ও কাহার কাহার অম্প কাল মাত্র থাকে।

চিকিৎসা।

যদ্যপি জরায়ু হইতে গাঢ় রক্তবর্ণ দ্রব আব হয়, ও তাহার সহিত উদরের মধ্যে আন্তরিক জ্বালার ম্যায় যাতৃনা বোধ থাকে, তাহা হইলে ।

ঔষধ—ব্রায়োনিয়া, পূর্ণনাতা প্রভাহ রাতি এবং প্রাভঃকালে সেবন করিবেক। যদ্যপি শীতল দেবা জন্য হইয়া থাকে এবং পশ্চান্তাগে অতিশব্ধ যাতনা ও নিয়ত রুথা মলের বেগু হয়, তাহাহইলে।

ঔषध—नक्र-विमिका, भूर्यादर।

যদ্যপি অভ্যন্তরে কফদায়ক চুল্কানি অথবা অধিককাল পর্যান্ত স্থাব, ও যদ্যপি প্রস্থৃতী বলিষ্ঠা হয়, তাহা হইলে।

उषध-कााल्कविया, भूभाठा वाव घली अखत।

যদ্যপি প্রত্যেক বার শিশুকে শুন্রপান করাইবার সময়ে জরায়ু হইতে পরিন্ধার রক্ত নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—সাইলিশিয়া, পূর্ণমাত্রা প্রভাহ প্রাতঃকালে এক এক বার ব্যিয়া সেবন করিবেক।

স্থৃতিকাবস্থায় অভিসার।

সুতিকাবস্থায় অতিসার হইলে তাহাকে অত্যন্ত হানি-জনক বিবেচনা করিতে হইবে, অতএব তাহা সুচিকিৎসার দ্বারা তৎক্ষণাৎ নিবারণ করা কর্ত্তব্য।

চিকিৎসা।

স্তিকাবস্থায় ঘর্মাবরোধ হইয়া অথবা শীতল দেবা জন্য যদ্যপি অতিসার হয়, তাহা হইলে।

উষধ—ডকেনেরা, অর্দ্ধনাতা ছয় ঘণ্টা অন্তর।

যদ্যপি <u>অজানতঃ</u> ও বিনা যাতনায় মল, নিঃসৃত হয়, তাহা ছইলে।

खेवध-शारामारहमम्, श्र्वद ।

यमाणि कुनुंदर दर्शक यन निर्शेष्ठ इस, ठाहा इरेल।

ঔষধ—একি মানিরম্-কুডম্, অর্থাতা করিয়া প্রত্যেক বার বিরেচনের পর দিবেক। উক্ত প্রকার লক্ষণ থাকিয়া সহজে আরোগ্য না হয় ও. অধিক কালস্থায়ী হয়, তাহা হইলে।

ঔষধ—ফদ্ ফরস্, অর্দ্ধাত্রা ছয় ঘণ্ট। অন্তর চারি মাত্র। দিয়∳ কিঞ্চিং উপশম বোধ হইলে বার ঘণ্টা অন্তর।

যদ্যপি উক্ত ঔষধের চারিমাত্রার পর কিছু উপশম বোধ না হয় অথবা কিঞ্চিৎ উপশম বোধ হইয়া পরেতে এক রূপেই থাকে তাহা হইলে, উক্ত ঔষধের শেষ মাত্রার ছয় ঘণ্টা পরে।

ঔষধ---এদিডম্-ফদ্ফরিকম্, পূর্ণশাত্রা প্রতাহ রাতি এবং প্রাতঃ-কালে সেবন করিবেক।

পথ্য ব্যবস্থা।

উক্ত প্রকার উপদর্গ উপস্থিত হইলে গোগুম (গমের) পাল প্রভৃতি দ্রব্য জলেতে পাতলা করিয়া দিদ্ধ করিয়া কিঞ্চিৎ মিদ্রির দহিত এক এক বারে অপপ পরিমাণে পথ্য করি-বেক, কিন্তু যদ্যপি এই উপদর্গ অধিক কালস্থায়ী হয় ও প্রস্থৃতী ক্রমশঃ হর্বলা হইতে থাকে, তাদৃশ দময়ে মাংদের কাথ কিঞ্চিৎ পরিমাণে দেওয়া বিধেয়।

প্রসবের পর দের্বিলা।

সস্তান প্রসবের পর অধিক পরিমাণে শোণিত নির্গত হওয়াতে প্রস্থতীর দৌর্বল্য ও ক্ষীণতা হইয়া থাকে তৎকালে প্রথমতঃ।

ঔষধ—চায় না; পুর্নাতা প্রভাহ প্রাতঃকালে এবং, সন্ধ্যাকালে চারি দিবস পর্যন্ত দিবেক। যদ্যপি শিরা সম্বন্ধীয় দৌর্বল্য জন্য হর্বলত। হয় এবং তাহার সহিত অস্থিরতা ও অনিদ্রা থাকে, তাহা হইলে।

ি ঔষধ—একোনাইট্ অর্জমাতা ছয় ঘণ্টা অন্তর দিবেক কিন্তু যদাপি অস্থিরতা অত্যন্ত প্রবল হয় তাহা হইলে কফি, এবং পরেতে বেরাটুম্, ঐ রূপে দিবেক।

পথ্য ব্যবস্থা।

উক্ত প্রকার অবস্থায় লঘুপাক হয় এমত দ্রব্য এক এক বারে অপপ পরিমাণে দিবে এবং প্রস্থতীকে অতিস্থিরভাবে রাখিবে, কোন প্রকার উচ্চ ধ্বনি যাহাতে শুনিতে না পায় এ প্রকার স্থানে রাখিবেক, ও তাহার সহিত অধিক আলাপ আদি করা ও পরিবারের বহু লোক একত্রিত হইয়া তাহার নিকট থাকা কোন মতেই বিধেয় নহে।

শিশুর চিকিৎসা।

সদ্যজাত শিশুর স্তন্যপানে অনিচ্ছা।

প্রস্থত-সন্তান যদ্যপি, কিয়ৎকাল পরে মুখে স্তন দিলে ও স্তন্যপান করিতে অনিচ্ছা প্রকাশ করে, তাহা হইলে।

ঔষধ—সিনা, অর্দ্ধমাতা ছয় ঘণ্টা অন্তর, প্রস্থতীকে সেবন করিতে দিবে এবং একটা ক্ষুদ্র বটিকা একডোলা জলে দিয়া, মিশ্রিত হইলে প্রস্তুত জলের হারা শিশুর জিহ্না ভিজাইবে।

যদ্যপি উক্ত ঔষধ দেবন করার ছয় ঘণ্টা প্রেও ঐ রূপে শিশু স্তনপোনে অনিচ্ছা প্রকাশ করে, তাহা হইলে।

खेषध-मर्कि डेब्रियम्, शूर्वदः।

ষদ্যপি শিশু স্তন গ্রহণ করিয়া তৎক্ষণাৎ পরিত্যাগ করে, তাহা হইলে।

ঔষধ—मा**ই लिশিয়া, পূর্ম**বৎ।

পথ্য ব্যবস্থা—প্রসবের অব্যবহিত পর সময়ের ব্যবস্থার ন্যায়।

স্তন্য প্রদাহ অর্থাৎ স্তন ফোলা। (থুন্কা।)

যখন হঠাৎ স্তন্যস্রাব বদ্ধ হইয়া যায়, তৎকালে, স্তন, প্রদাহ বিশিষ্ট হইয়া ফুলিয়া কঠিন হয় এবং স্তনের কিয়দংশ পাকিয়া ফাটিয়া পুঁজ পড়ে, অবশিষ্টাংশ ফুলিয়া কঠিন হইয়া থাকে এবং পরিশেষে সমস্ত পাকিয়া যায় অথবা দৃঢ় হইয়া থাকে।

নিদান—ভয় হইতে, বা কোন প্রকার প্রবল রাগাদি জন্য হঠাৎ স্তন্যভ্রাব রোধ হইয়া অথবা শিশুকে অধিক কাল পরে স্তন্য প্রদান করা বা শিশুর মৃত্যু জন্য স্তন্য দিতে না পারায় এই রোগ উপস্থিত হয়, ইহাসুচিকিৎসিত না হইলে পরেতে এমত ক্ষতি হইতে পারে যে তদ্ধারা চিরকালের জন্য স্তনের হানি হইয়া যায়।

চিকিৎসা।

যখন স্তন, কঠিন, রক্তবর্ণ হইয়া, প্রথমতঃ প্রদাহের সহিত ফুলিয়া উঠে এবং যদ্যপি জ্বর থাকে, তথন।

ঔষধ—ব্রায়োনিয়া, একটা ক্ষুদ্র বটিকা একডোলা গরিমাণ জলে মিশ্রিত করিয়া ছয় ঘণ্টা জ্ঞুর দিবেক। ় যদ্যপি অতিশয় ফুলিয়া চর্ম্মের উপর রক্ত কুষ্ঠের ন্যায় প্রকাশ হয়, তাহা হইলে।

खेष४—रिकाएजाना, शूर्खद९।

যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধ সেবনের পর আংশিক লাঘব হয় এবং পুনর্বার রদ্ধি হইবার উপক্রম থাকে তৎকালে এবং যদ্যপি পাকিয়া স্থান বিশেষে ফাটিয়া অধিক পুঁজ নির্গত হইতে থাকে, এবং শীঘ্র ক্ষত পুরিয়া উঠিবার উপক্রম দেখা না যায় তাহা হইলে শীঘ্র সুখাইবার নিনিত্ত।

ঔষধ—সন্দর, পূর্ণমাতা। প্রত্যহ রাত্রি এবং প্রাতঃকালে চারি দিবস পর্যান্ত দিয়া পরেতে এক দিবস অন্তর রাত্রিতে শয়নের কালে এক মাত্রা করিয়া সেবন করিবেক।

যদ্যপি এই উপসর্গ শীতল বায়ু সেবন জন্য বা শীতল স্থানে থাকাতে হইয়া থাকে, তাহা হইলে।

ঔषধ—ডল্কেমেরা, পুর্ণমাত্রা আবেশ্যক হইলে ছয় ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি বাহ্যিক আঘাত জন্য হইয়া থাকে, তাহা হইলে আর্ণিকা, পূর্ব্ববৎ দেবন করিবেক ও আর্ণিকার অমিশ্র আরক এক তোলার সহিত দেড় ছটাক জল মিশ্রিত করিয়া প্রস্তুত জলের দ্বারা প্রদাহ বিশিষ্ট স্থান ধৌত করিবেক।

উক্ত সকল প্রকার চিকিৎসার পর যদ্যপি ফুলিয়া কঠিন হইয়া থাকে, তাহা হইলে।

ঔষধ—মর্কিউরিয়ন্, অর্জমাত্রা প্রভাহ প্রাতঃকালে তিন দিবস পর্যান্ত সেবন করিয়া আবশ্যক হইলে তাহার ছয় দিবস পরে পুনর্কার ঐক্যপে চাল্টাইবেক।

যদ্যপি উপরোক্ত ঔষধ প্রায়োগের পর পাকিয়া কোড়ার

ন্যায় হইয়া উঠে, অত্যন্ত যাতনা রদ্ধি এবং সময়ে সময়ে শীত বোধ হয়, স্তনের ভিতর দপ্ দপ্ করে, তাহা হইলে পাকিয়া নির্গত হওয়া নিবারণ জন্য।

ঔষধ—ফ্রুফর্স্, পূর্ণমাত্রা তিন ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি উক্ত ঔষধ ব্যবহারের পরে ও যাতনা ক্রমশঃ রৃদ্ধি হইতে থাকে ও অত্যন্ত উত্তাপ থাকে বিশেষতঃ যদ্যপি পাকা-ইয়া নির্মাত করার নিতান্তই প্রয়োজন হয়, তাহা হইলে।

ঔষধ—হেপার অর্দ্ধমাত্রা চারি ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি অন্য কোন প্রকার পোল্টিদ্ বা প্রালেপ দ্বারা কোন অজ্ঞ ব্যক্তি পাকাইয়া থাকে ও স্তন দিয়া হুগ্ধের ন্যায় জলবৎ পুঁজ নির্গত হইতে থাকে, তাহা হইলে।

উষধ—প্রথমতঃ দাইলিশিয়া, পূর্ণমাত্রা প্রভাহ প্রাভঃকালে ছয় দিবস পর্যান্ত দিয়া ভাহার শেষ মাত্রার চারি দিবস পরে,

যদ্যপি উক্ত প্রকার লক্ষণ থাকে অথবা ঈষৎ রক্ত মিশ্রিত পুঁজ নির্মাত হইতে থাকে, তাহা হইলে।

ঔষধ—কনুকরন্, অর্জমাত্রা প্রাতঃকালে ও সন্ধ্যাকালে সেবন করিবেক।

পথাব্যবস্থা।

যখন সামান্য প্রদাহ মাত্র থাকে, তৎকালে জ্বর কালীন ব্যবস্থার ন্যায় পথ্য দিয়া পরেতে পাকিলে লঘুপাক দ্রের অথচ কিঞ্চিৎ বলকারক হয় তাহাই ব্যবস্থা করিবে, শাক, মৎস্থা, অম্ল, ও গুরুপাক দ্রব্যাদি বর্জ্জন করিবেক।

স্তন্যভাব বা স্তন্যের অল্পতা।

শারীরিক শক্তির অপ্পতা বা প্রদাহ জন্য স্তন্যের অপ্পতা বা শুক্ষতা ঘটিয়া থাকে।

চিকিৎসা।

যদ্যপি এই উপসর্গ প্রদাহ জন্য হইয়া থাকে তাহা হইলে স্তনের প্রদাহ বিষয়ক চিকিৎসাম্মুযায়ী চিকিৎসা করিবেক।

যদ্যপি সাময়িক হুর্বলতা জন্য এই উপসর্গ উপস্থিত হইয়া থাকে, তাহা হইলে।

ঔষধ—পলেসটিলা পূর্ণমাত্রা, প্রভাহ রাত্রি এবং প্রাভঃকালে।

যদ্যপি দৌর্ব্বল্যাদি কোন প্রকার প্রকাশ্য কারণ না থাকাতেও স্তন্যের অপ্পতা হয় ও বিশেষতঃ যদ্যপি স্ত্রীলোকের অতিরিক্ত পরিমাণে আর্ত্তব নির্গত হওয়াতে এই উপসর্গ উপ-স্থিত হয়, তাহা হইলে।

ঔষধ-ক্যান্তেক্রিয়া, পূর্ণমাত্রা প্রভাহ প্রাভঃকালে সেবন করিবেক।

যে স্ত্রীলোকের মাসিক, কালবিলয় হইয়া, অপ্প পরিমাণে আর্ত্তব নির্মাত হয় ও স্তনের বোঁট ফাটা এবং ক্ষত থাকার ন্যায় দেখা যায় তাহার এই উপসর্গ উপস্থিত হইলে।

ঔষধ—ক্ষিক্ম, অৰ্দ্ধমাত্ৰ। প্ৰভাহ রাত্রি এবং প্রাভঃকালে সেবন ক্রিবেক।

পथा गावन।- পृद्धव ।

সদাজাত শিশুর চিকিৎসা।

সদ্যজাত সন্তান প্রথমতঃ ভূমিষ্ঠ হইবামাত্রতঃ এই এক আপদে পতিত হয়, যে নিঃশ্বাস প্রশ্বাস, রক্ত পরিচালন, এবং অঙ্গ-চালন-শক্তি বিহীন হইয়া মৃতবৎ হইয়া পড়ে।

নিদান—স্বাভাবিক হ্র্বলতা, কফে প্রস্থুত হওয়া, নাভির নাল অর্থাৎ নাড়ী গলায় জড়াইয়া যাওয়া, গলদেশের মধ্যে শ্লেয়া একত্রিত হওয়া, ও ফুস্ফুস্ যন্ত্রের কার্য্য আরম্ভ হইতে না হইতে হঠাৎ শীত হইতে গ্রীয় বা গ্রীয় হইতে শীতে পরিবর্ত্তিত হওয়া ইত্যাদি।

চিকিৎসা।

দদ্জাত শিশু উক্ত অবস্থা প্রাপ্ত হইলে তাহাকে উরুড়্
করিয়া বাম হইতে দক্ষিণ পার্ম্ম পর্যন্ত গড়াইবে, এইরপ উপর্যুপরি পাঁচ, শাত, বার অথবা প্রয়োজন হইলে ততােধিক বার
পর্যন্ত করিবেক। যদ্যপি এতদ্বারা জীবিত না হয়, তাহা হইলে
এক জন যুবক বা যুবতা শিশুর ওপ্ঠাধর আপন ওপ্ঠাধরে লগ্ন
করিয়া শিশুর, নাসিকাদ্বয়ের ছিদ্র অঙ্গুলি দ্বারা বদ্ধ করিয়া ও
পাকস্থলী, অঙ্গুলি দ্বারা চাপিয়া ধরিয়া, বলের সহিত মুখ দিয়া
বায়ু প্রবেশ করাইবে। অনন্তর বক্ষঃস্থল ফুলিয়া উঠিলে
ক্রমশঃ বক্ষঃস্থলের উপর চাপন্ দিয়া বায়ু নির্গত করাইবে,
যে পর্যন্ত স্বাভাবিক নিঃশ্বাস প্রশ্বাস বহিতে আরম্ভ না হয়
দে পর্যন্ত পুনঃ পুনঃ ঐ প্রকরণ করিবেক। এতদ্যতিরেকে
শিশুকে শীতল বায়ুতে রাখা ও তাহার বক্ষঃস্থলের উপর শীতল
জল দ্বারা আঘাত করা, শরীরের উপর চাপড় মারা, হস্ত পদাদি
অম্পা অম্পা চাপাও উপকারক হয়।

ঔষধের দ্বারা চিকিৎসা।

যদ্যপি পূর্ব্বোক্ত কোন প্রকরণের দ্বারা নিঃশ্বাস প্রশাস আদি শারীরিক কার্য্য আরম্ভ হইয়া সর্বতোভাবে জীবিত লক্ষণ না দেখা যায়, অথবা নাড়ী, সুত্রের ন্যায় অতি ক্ষীণা বোধ হয়, মুখ পাঞ্চুবর্ণ, হস্ত পদাদি বলহীন, কিয়া যদ্যপি মুখ ফুলিয়া বেগুনিয়া বর্ণ হয়, আরপ্ত যদ্যপি বায়ু-বাহক-নালী, শ্লেয়া দ্বারা অবরুদ্ধ হওয়া বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—এণ্টিমোনিয়ম্-টার্টেরিকম্, একটা ক্ষুদ্র বটিকা শিশুর জিহ্বার উপর দিবেক অথবা চারিটি ক্ষুদ্র বটিকা এক ছটাক জলে মিশ্রিত করিয়া প্রস্তুত জলের এক এক ফোটা করিয়া দিয়া শিশুর জিহ্বা ভিজাইবেক।

যদ্যপি উক্ত ঔষধ প্রয়োগের পোনের মিনিট্ পরে ক্রমশঃ উত্তমাবস্থা না দেখা যায়, অথবা নিঃশ্বাস প্রশ্বাস বদ্ধ থাকিয়। মুখ, ঈষৎ নীলবর্ণ, বা সম্পূর্ণ নীলবর্ণ দেখা যায়, তাহা হইলে। ঔষধ—ওপিয়ম পূর্মবং।

যদ্যপি শিশু দীর্ঘাক্ষতি ও পুষ্টাঙ্গ হয় এবং কিয়ৎ কাল পূর্ব্বে মুখ, ফুলা বা ঈষৎ নীলবর্ণ থাকিয়া পরেতে ক্রমশঃ নিঃশ্বাস প্রশ্বাস ত্যাগ করিতে থাকে, তাহা হইলে।

ঔষধ-একোনাইটু, একটা ক্ষুত্র বটিকা ছিল্পার উপরে দিবেক।

महकाती कर्खवा विधि।

যদ্যপি শিশুর গলার ভিতর শ্লেষ্মা বা অন্য কোন পদার্থ থাকে (যদ্ধারা নিঃশাস প্রশাস রোধ করে) তাহা প্রাগুক্ত কোন প্রকার ঔষধ দিবার পূর্ব্বে প্রথমতঃ দূর করা কর্ত্তব্য।

শিশুর নাভিক্ষুটন (নাইফোলা ৷) ভব্বেভর উপার দারা চিকিৎসা ৷

যখন সদ্যজাত শিশুর নাভি ফাটিয়া যায়, তৎকালে একটী জায়কল, দ্বিখণ্ড করিয়া কাটিয়া বস্ত্র খণ্ড মধ্যে আরত করিয়া স্ফীদ্বারা বন্ধ করিয়া, উক্ত জায়কল খণ্ড নাভির উপর রাখিয়া, আর এক খানি বস্ত্র খণ্ড দ্বারা হুই তিন শুর করিয়া জড়াইয়া দিবেক।

ঔ্ষধ দ্বারা চিকিৎসা।

উক্ত প্রকার চিকিৎসা দ্বারা যদ্যপি উপকার বোধ না হয়, তাহা হইলে।

উষধ—নক্স-বমিকা, ছয়টী ক্ষুদ্র বটিকা, ছয় তোলা জলের সহিত মিশ্রিত করিয়া প্রস্তুত জলের এক তোলা করিয়া বার ঘণ্টা অন্তর শিশুকে সেবন করাইবে।

উক্ত ঔষধের শেষ মাত্রার ছয় দিবস পরে যদ্যপি আরোগ্য বোধ না হয়, তাহা হইলে।

उत्रथ-(वत्राष्ट्रम्, शूर्ववर ।

যদ্যপি পূর্ব্বোক্ত চিকিৎসা দ্বারা কোন প্রকারে উপকার বোধ না হয় ও শিশু অত্যন্ত ছিল্লি প্রায় হয় এবং পেট কিষয়া ধরে ও পুনঃ পুনঃ হুর্গন্ধ পাতলা মল, নিঃসৃত হয়, তাহা হইলে।

উষধ—ক্যামোমিলা, একটা ক্ষুদ্র বটিকা চল্লিশ ঘন্ট। অন্তর দিবেক।
যদ্যপি উপরত্তে কোন প্রকার ঔষধ দিয়া কিঞ্জিয়াত্র উপশম বোধ হইয়া অধিককাল পর্যান্ত সমস্তীবে থাকে, অথবা (নাল
ছেদন) নাড়ী কাটার পর যদ্যপি নাভিতে ঘা হয়, তাছা হইলে।
ঔষধ—সহফর, একটা ক্ষুদ্র বটিকা চারি, পাঁচ দিন অত্তর।

(৩৫)

শিশুর অনিদ্রা।

যন্যপি শিশু, অস্থির হয় ও বহুকাল জাগরিত হইয়া কোন শতে সহজে নিদ্রিত না হয়, তাহা হইলে।

উষধ—কফি, একটা ক্ষুদ্র বটিকা প্রত্যন্থ রাজিডে দিবেক।

যদ্যপি শিশুর মুখ, রক্তবর্ণ দেখায় এবং অনিদ্রেতা থাকে, তাহা হইলে।

ঔষধ-- ওপিয়ম, পূর্বাবং।

যদ্যপি পেট ফুলিয়া বা কষিয়া ধরিয়া থাকে এবং পেটে বেদনা থাকার ন্যায় শিশু, উপরের দিগে পা টানিতে থাকে এবং চীৎকার করে, তাহা হইলে।

ঔষধ —ক্যামোমিলা, পূর্ববৎ। উক্ত তিন প্রকার ঔষধ চুই মাত্রা করিয়া দিবেক।

শৈবাবস্থার পীড়া।

শিশুর চক্ষুঃ ফোলা।

নিদান—এই উপদর্গ হঠাৎ আলোক বা অগ্নি শিখা দর্শন, বা মাতৃদোষে হইয়া থাকে। অনেকানেক সন্তান প্রথমতঃ এই রোগে আক্রান্ত হইয়া সুচিকিৎসিত না হওয়ায় জন্মান্ধ হইয়া যায়।

চিকিৎসা।

এই উপদর্গ উপস্থিত হওয়া, সাবধানতার সহিত পরীকা করিয়া স্থির হইলে।

উষধ—একোনাইট্, একটা ক্ষুদ্ৰ বটিকা বার ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি পিতৃ বা মাতৃ শারীরিক দোষ জ্বন্য এই উপদর্শ উপস্থিত হওয়া নিশ্চয় বোধ হয়, তাহা হইলে।

উষধ—প্রথমতঃ সলকর্, একটা কুদ্র বটিকা দিয়া ভাছার চারি দিবস পরে, ক্যালেকরিয়া, ঐ রূপে দিবেক উক্ত প্রকারে পুনর্কার সলকর্, এবং পরে ক্যালেকরিয়া উপর্যাপরি ভাবে চাল।ইবেক।

সহকারী উপায়।

ঈষহৃষ্ণ জল দিয়া শিশুর চক্ষুঃ, পুনঃ পুনঃ ধৌত করা-ইবেক।

শিশুর মন্তকে শ্লেদ্মাবদ্ধ।

এই উপসর্গ উপস্থিত হইলে শিশুর নাসিকা-দ্বার, রোধ হইয়া স্তন্য পানে অতিশয় ব্যাঘাত জন্মায়, সূত্রাং ক্রমশঃ শিশুকে হুর্মল করিতে থাকে।

চিকিৎসা।

যদ্যপি শিশুর নাসিকা অবরুদ্ধ থাকে অথবা রাত্রিতে শুক্ত হয়, দিবসে অত্যম্পানাত্র শ্লেয়া নির্মত হয়, তাহা হইলে।

ঔষধ—নক্স-বমিকা, একটা ক্ষুদ্র বটিকা একডোলা জলে মিশ্রিত করিয়া চবিশে ঘণ্টা অন্তর দিবেক।

ষদ্যপি মস্তকে শ্লেষ্মা বন্ধ হইয়া বক্ষঃস্থলের ভিতর সাঁই সুঁই শব্দ করে, নিঃশ্লাস বন্ধ হওয়ার ন্যায় যাতনা-বিশিষ্ট কাশী থাকে এবং ক্ষেতে ঘনশাস বহে, তাহাঁ হইলে ৷

ঔষধ—<u>এতিনোনিয়ন</u> -টার্টেরিকন্, একটা ক্ষুত্র বিটিকা, একভোলা জলে মিশ্রিত করিয়া চারি ঘণ্টা অন্তর দিবেক। যদ্যপি মন্তকে শ্লেগ্না বদ্ধ হইয়া নাদিকা দিয়া জল পড়ে, বিশেষতঃ যদ্যপি জ্বর বোধ থাকে, গণ্ডদেশ রক্তবর্ণ, ও নাদিকার ভিতর বেদনা হয়, তাহা হইলে।

ঔষধ—ক্যামোমিলা, ছুইটা ক্ষুদ্র বটিকা ভিনতোলা জলে মিশ্রিত করিয়া একতোলা পরিমাণে ছয় ঘন্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি সন্ধ্যার পূর্বে রন্ধি বোধ হয়, তাহা হইলে। ঔষধ—কার্বো-বেজিটেবিলিন্, একটা ক্ষুদ্র বটিকা পরিমাণে প্রভাহ প্রাতঃকালে দিবেক।

যদ্যপি পুনঃ পুনঃ হাঁচি হয় এবং নাসিকা-দার দিয়া সরুজ, বা পীতবর্ণ, বা রক্ত মিঞাত, অথবা পুঁজের ন্যায় শ্লোয়া নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—পচেসটিলা, একটা ক্ষুদ্র বটিকা বার ঘণ্টা অন্তর ছই দিবস পর্যান্ত দিয়া তাহাতে উপশম বোধ না হইলে, সলকর্, ঐ ক্লপে পুর্ববং দিবেক।

যদ্যপি নাদিকা-দার শুক্ষ হইয়া বদ্ধ হইয়া থাকে এবং দিবা কালে পুঁজের ন্যায় পীতবর্ণ হুর্গন্ধ শ্লেয়া নির্গত হয়, ও নাদিকায় বেদনা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—ক্যাল্কেরিয়া, একটা করিয়া ক্ষুদ্র বটিকা প্রতাহ প্রাতঃ কালে দিবেক।

সদাজাত শিশুর অনিক্রা ও রোদনপরায়ণতা।

যদ্যপি শিশু নিয়ত রোদন করিতে থাকে ও কোন মতে নিদ্রিত না হয় এবং 'অত্যস্ত বিরক্তি প্রকাশ করে অথচ তাহার কাণে জানা যায় না, তাহা হইলে।

উষধ—বেলাডোনা, একটা কুক্ত বটিকা চরিশে ঘন্ট! অন্তর দিবেক।

ষদ্যপি শিশু কোন কারণবশতঃ, (অর্থাৎ নিদ্রোয় ইচ্ছা থাকিতে তাহাকে চেতন করাণ হেতুক) ত্<u>যক্ত হইয়া রোদন</u> করিতে থাকে, তাহা হইলে।

ঔষধ —কফি, একটা ক্ষুদ্র বটিকা বার ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি শরীরে উত্তাপ থাকে ও অত্যন্ত ৃত্ত হয়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, একটা ক্ষুদ্ৰ বটিকা আবশ্যক হইলে ছয় ঘন্টা অন্তর এক এক বার করিয়া দিবেক।

যদ্যপি কোষ্ঠবদ্ধ জন্য যাতনায় উদর ক্ষীত হইয়া পেট বেদনা করে, পদম্বয় উপরের দিকে টানিতে থাকে এবং সময়ে সময়ে রোদন করে, তাহা হইলে।

ঔষধ—নক্ল-বমিকা, একটা ক্ষুদ্র বৃটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া ছয় ঘণ্ট। অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি অধিক ভোজন বা অবিধেয় দ্রুব্য ভোজন করাতে উদর ক্ষীত হইয়া পেট বেদনার সহিত অতিসার বা কোষ্ঠবদ্ধ হইয়া থাকে এবং ভজ্জন্য রোদন-পরায়ণ হয়, তাহা হইলে।

अयथ-- भारतमित भूकार ।

শিশুর উদর স্ফীততা।

এই উপদর্গ উপস্থিত হইলে ধাত্রী আপন হস্ত অগ্নি দ্বারা উত্তপ্ত করিয়া শিশুর উদরের উপর দিয়া ঈষৎ ঈষৎ চাপিলে তৎক্ষণাৎ উপশম বোধ হয়, কিন্তু যদ্যপি পুনঃ পুনঃ এই প্রকার করাতে আরোগ্য বোধ না হয়, তাহা হইলে নিম্ন লিখিত মতে চিকিৎসা কর্ত্তব্য । যদ্যপি কোষ্ঠবন্ধ থাকে এবং শিশু ক্ষীণকায় হয়, তাহ। হইলে।

শ ঔষধ—নক্স-বমিকা, একটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিত করিয়া বার ঘণ্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি অতিসার থাকে ও চক্ষুঃ দিয়া শ্লেষা নির্গত হয় অথবা আঁজিন হইয়া থাকে, তাহা হইলে।

अस्य-अत्मिष्टिमा, भूक्तरः।

যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধ প্রায়োগের পর উপশম বোধ না হয়, অথবা মুধ্যে মধ্যে অঙ্গ খেঁচনি বা অতিসার প্রকাশ হয়, তাহা হইলে।

उषध-कार्मामिला, शूर्ववर।

পূর্ব্বোক্ত কোন প্রকার ঔষধ প্রয়োগের পর যদ্যপি পুন-ব্বার তাদৃশ যাতনা উপস্থিত হইবার উপক্রম বোধ হয়, তাহা হইলে।

ঔষধ — সল্ফর্, ও ক্যান্কেরিয়া, প্রথমতঃ প্রথমোক্ত ঔষধের একটা কুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিত করিয়া এক দিবস প্রাতঃকালে এক নাত্রা দিয়া তাহার ছুই দিবস পরে শেষোক্ত ঔষধ ক্রমশঃ উক্ত রূপে ছুই দিবস দিবেক এবং পরেতে আবশ্যক হইলে পুনর্কার প্রথমোক্ত ঔষধ হুইতে আরম্ভ করিয়া উক্ত রূপে চালাইবে।

শিশুর ছঞ্চনুদ্রভি।

বন্তসঙ্খ্য ক্ষুদ্রক্ষুদ্র, ঈষৎ শ্বেতবর্গ ফুচ্চুড়ি একত্র হইয়া শিশুর বক্ষঃস্থলে প্রকাশ হয়।

লক্ষণ—প্রথমতঃ বদনে, গগুদেশে, এবং ললাটে প্রকা-গত ছইয়া সর্ব্ব শরীরে ব্যাপ্ত হয়, ফুচ্চুড়ির অন্তরস্থ রস, অম্প- কাল মধ্যে পীতবর্ণ, গাঢ়, অথবা শোণিতময় হইয়া ক্রমশঃ কাটিয়া যায়, অত্যন্ত চুল্কায় এবং পরেতে কেবল চক্ষুঃ ও নাসিকা ব্যতিরেকে সর্বাঙ্গে ব্যাপ্ত হয়।

চিকিৎসা।

যদ্যপি এই উপদর্গ উপস্থিত হইলে শিশু, অত্যন্ত অন্থির হয় এবং যে স্থানে ফুচ্চুড়ি উঠে তাহার চতুপ্পার্শে রক্তবর্ণ হইয়া ফুলিয়া অত্যন্ত চুল্কায়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্ৰ, একটা কুদ্ৰ বটিকা এক ভোলা জলে মিশ্রিত করিয়া ছয় ঘণ্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি পিতা মাতার দোষ জন্য এই রোগ উপস্থিত হয়, তাহা হইলে।

ঔষধ—রস্-টক্লিকোডেণ্ড্রন্, একটা ক্ষুদ্র বটিকা পরিমাণে প্রথমতঃ এক তোলা জলে মিশ্রিত করিয়া বার ঘন্টা অন্তর এক এক বার এক দিবস দিয়া তাহার তুই দিবস পরে পুনর্কার উক্ত রূপে দিবেক, অথবা ইহার সহিত সল্কর্ উপর্যুগরি দিবেক।

ষদ্যপি পূর্ব্বোক্ত ঔষধ প্রায়োগের পর কিঞ্চিৎ উপশম
বোধ হয় এবং ফুচ্চুড়ি দিয়া রস নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—ক্যান্টেক্রিয়া, একটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিত ক্রিয়া প্রভাহ প্রাভঃকালে দশ দিবস পর্যান্ত দিবেক।

এই উপসর্গ অধিক কাল স্থায়ী হইলে এবং যদ্যপি শীস্ত্র আরোগ্য হইবার উপক্রম না দেখা যায়, তাহা হইলে নিম্ন লিখিত মতে ঔষধ সকল প্রয়োগ করিবেক।

उष्य-, आकारे हिन्, निशिशा, वदः चेताकितिश्रा, अथमङः

প্র্যাক।ইটিস্, একটা ক্ষুদ্র বৃটিকা, এক ভোলা জলে নিশ্রিত করিয়া এক এক বার প্রাতঃ ও সন্ধাকালে চারি দিবস পর্যান্ত দিয়া ভাহার শেষ মাত্রার পঞ্চ দিবস পরে আবশ্যক হইলে ঐ ঔষধ অথবা সিপিয়া এবং ভাহার পর ন্যাফিসেগ্রিয়া, উক্ত নিয়মান্ত্রসারে দিবে।

কোষ্ঠ বদ্ধতা।

যদ্যপি কোষ্ঠাবরোধের সহিত উদর ক্ষীততা, উদরের কঠিনতা, অনিদ্রুতা, অস্থিরতা ও দৌর্বল্য থাকে, এবং জিহ্বা মলিন, ঢুলানি, পুনঃ পুনঃ কোষ্ঠের বেগ, ও কটাবর্ণ কঠিন মল নির্গত হয়, তাহা হুইলে।

ঔষধ—নক্ল-বমিকা, একটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিত করিয়া ছয় ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি শিশুর শীত বোধ অথবা স্পর্শ করিলে গাত্র শীতল বোধ হয়, বিশেষতঃ শিশু কিঞ্চিৎ বয়োধিক হইলে কোষ্ঠ-বদ্ধতার সহিত অসাধারণ বহুৎ আকারে গোলাক্কৃতি হইয়া মল নির্গত হয়, তাহা হইলে।

উষধ—ব্রায়োনিয়া, ছুইটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিত করিয়া চিকাশ ঘন্টা অন্তর ছুই দিবস দিবেক, ভাহার চারি দিবস পরে আবশ্যক হুইলে পুনর্কার উক্ত রূপে চালাইবেক, অথবা নক্ল-বমিকা, একটা ক্ষুদ্র বটিকা এক দিবস দিয়া পর দিনে, ব্রায়োনিয়া, ঐরূপে দিবেক, এই প্রকারাম্পারে ক্রমশঃ চারি দিবস পর্যন্ত উপর্যুপরি রূপে উভয় শ্রেষধ সেবন করাইয়া, শেষ মাতার চারি দিবস পরে আবশ্যক হুইলে পুনর্কার প্রথমোক্ত উষধ উক্ত প্রকারে চালাইবেক।

যদ্যপি উক্ত নিয়মান্ত্সারে, ঔষধ প্রয়োগের চারি দিবস পরে কোন উপশম বোধ না হয়, তাহা ছইলে।

ঔষধ—সলফর, ছইটী কুদ্র বটিকা এক ভোলা ললে মিঞাত করিয়া

চিক্সিশ ঘণ্টা অন্তর ক্রমশঃ চারি দিবস পর্যান্ত দিয়া আবশ্যক হইলে শের নাতার পাঁচ দিবস পরে, নক্ল-বমিকা, উক্ত ব্যবস্থানুসারে সেবন করাইবেক।

যদ্যপি শিশু বলবান্ বোধ হয় এবং তাহার উদর, ক্ষীত, ও স্পর্শ করিলে কঠিন, বোধ হয় ও গাঢ় কটাবর্ণ, গোলাক্ষতি কঠিন মল নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—ওপিয়ম্, দুইটী ক্ষুদ্র বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া চরিশে ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি কোষ্ঠবদ্ধতা থাকায় শিশু বিরক্ত স্বাভারিত না হয়, এবং গাঢ় সবুজ, বা ঈষৎশ্বেতবর্ণ, অত্যন্ত হুর্গন্ধ বিশিষ্ট, কঠিন মূল নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—পতেসটিলা, পূর্ব্ববৎ দিবেক।

উক্ত কোন প্রকার ঔষধে লক্ষণান্ত্রযায়ী কিঞ্চিৎ উপশম বোধ ছইলে, সর্ব্বতোভাবে আরোগ্য করিবার নিমিত্ত।

ঔষধ—সলফর্, ছুইটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিত করিয়া চিকাশ ঘণ্টা অন্তর দিবেক।

শিশুর স্বাভাবিক কোঠ বদ্ধতা।

যদ্যপি শিশু ক্ষীণতা প্রযুক্ত মল ত্যাগ করিতে অশক্ত হয় এবং অজীর্ণ দোষ, অর্থাৎ অমুত্ব, উদর-ক্ষীততা ইত্যাদি থাকে, তাহা হইলে।

উষধ—এলমিনা, ছুইটা ক্ষুদ্র বটিকা পরিমানে, এক ডোলা জলে মিশ্রিত করিয়া এক দিবস অন্তর প্রাতঃকালে ও সন্ধ্যাকালে আট দিবস পর্যন্ত দিবেক।

যদ্যপি . উক্ত উপদর্গ বিরেচক প্রিষধ দেবন জন্য উৎপন্ন (৩৬) হইয়া থাকে, এবং অজীর্ণতা দোষ থাকে, ও যদি শিশু হস্ত পদাদিতে বেদনা প্রকাশ করে, তাহা হইলে।

ঔষধ-লাইকোপেডিয়ম্, পূর্ব্ববং।

যদ্যপি উক্ত উপসর্গ পারা দোষ জন্য ঘটিয়া প্রাচীন হইয়া থাকে, তাহা হইলে।

ঔষধ—এসিডম্-নাইট্রিকম্, ছইটা ক্ষুদ্র বটিকা পরিমাণে, এক তোলা জলে মিশ্রিত করিয়া প্রতাহ প্রাতঃ ও সন্ধ্যাকালে চারি দিবস পর্যান্ত দিবেক, তাহার পর চারি দিবস পর্যান্ত উক্ত পরিমাণে এক এক দিবস অন্তর।

যদ্যপি পুনঃ পুনঃ মল ত্যাগের রথা বেগ÷হয় অথবা ক্রমি দোষ জন্য এই উপসর্গ উপস্থিত হইয়া থাকে এবং পেট বেদন। করে, তাহা হইলে।

अयथ-नाष्ट्रिमिया, अलगिनांत रात्यांत्र नार्य पिरवर ।

শৈশবাবস্থার অভিসার।

এই উপসর্গ অম্ল, বা অপাচ্য-দ্রব্য ভোজন জন্য অথবা দস্ত উঠিবার সময়ে উপস্থিত হয়।

চিকিৎসা।

উদর, স্ফীত হইয়া কঠিন হইয়া থাকে, পেট কাম্ডায়, অস্থিরতা, সদত রোদন, পদদ্বয় উপর দিকে টানা, পুনঃ পুনঃ পিতু মিশ্রিত, জলবৎ, পিচ্ছিল, ঈষৎ শুল্ল, বা পীত, বা সরুজ বর্ণ, তুর্গন্ধ বিশিষ্ট মল, নির্মত হয়, তৎপক্ষে।

ঔষধ — ক্যামোমিলা, ছুইটা ক্ষুদ্র বটিকা, দেড় ছটাক জলে মিশ্রিড করিয়া এক ভোলা পরিমাণে চারি ঘন্টা অন্তর এক এক বার দিবেক। যদ্যপি এই উপদর্গ অজীর্ণতা জন্য হয় এবং জলবৎ পিচ্ছিল, পিত মিশ্রিত বা ঈষৎ শ্বেত, বা সরুজবর্ণ, মল নির্গত হয়, রাত্রিতে রৃদ্ধি, ক্ষুধা থাকে না, বিশেষতঃ যদ্যপি ভয় জন্য হইয়া থাকে, তাহা হইলে।

अयथ--शत्मिष्टिमा, भूर्कावः।

ষদ্যপি শিশুর দন্ত উঠিবার সময় অথবা অন্ধপ্রাসনের পর এই উপসর্গ উপস্থিত হয়, ও বমন করে, বদন পাঞুবর্ণ, সদত রোদনপরায়ণ হয়, এবং পীতবর্ণ, অথবা ঈষৎ সরুজ, বা ক্লফবর্ণ, হুর্গন্ধ বিশিষ্ট মল নিঃসৃত হয়, কোপ্তের বেগ থাকে, তাহা হুইলে।

ঔষধ—ইপিকাাকুয়ানা, ছুইটা ক্ষুদ্র বটিকা দেড় ছটাক জলে নিশ্রিত করিয়া এক তোলা পরিমাণে চারি ঘণ্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি জলবৎ পিচ্ছিল মলের সহিত রক্ত মিশ্রিত থাকে অথবা ঈষৎ কাল, সরুজ, কিয়া শ্বেতবর্ণ মল নিঃসৃত হয়, ও অত্যন্ত বেগের সহিত মল ত্যাগ কালীন হারীষ নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—মর্কি উরিয়স্-করোসাইবস্, একটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিত করিয়া চারি ঘন্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি এই উপসর্গ সাময়িক উষ্ণতা জন্য সময়ে সময়ে উপস্থিত হয়, তাহা হইলে।

ঔষধ—ব্রায়োনিয়া, একটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিভ করিয়া সেবন করাইবে।

যদ্যপি এই রোগ, দীর্ঘকাল স্থান্নী হওয়াতে ক্রমশঃ শিশু, ক্ষীণ হইয়া মৃত্যুগ্রাদে পতিত হইবার উপক্রম বে ধ হয়, তাহা হইলে এবং যদ্যপি অধিক পরিমাণে জলবৎ পিচ্ছিল, ঈষৎ সরুজ, শ্বেত বা কটাবর্ণ, পচা গন্ধ বিশিষ্ট মল, নির্গত হয়, এবং তাদৃশ উপসর্গ রাত্রিতে বা ভোজন পানাদি করিলে উপস্থিত হয়, অত্যন্ত পিপাসা, অনিদ্রা, রোদন-পরায়ণতা, উদর রিদ্ধি, অতিশয় হুর্বলতা ও বিশেষতঃ যদ্যপি অতিসারের সহিত বমন হয়, তাহা হুইলে।

ঔষধ—আর্নে নিক্ম, চারিটী ক্ষুদ্র বৃটিকা দেড় ছটাক জলে মিশ্রিত করিয়া এক এক তোলা পরিমাণে ছয় ঘণ্টা অন্তর, চারি মাতা। পর্যান্ত দিয়া পরেতে, প্রভাহ প্রাভঃকালে এবং সন্ধ্যাকালে উক্ত পরিমাণামূদারে এক এক বার দিবেক।

যদ্যপি এই উপদর্গ বহুকাল স্থায়ী হয়, ও অত্যন্ত ক্ষীণতা, উদরের কঠিনতা, গুহুদ্বারের চতুষ্পার্শ্ব রক্তবর্ণ দেখা যায়, অথবা শরীরের উপর ক্ষুদ্র ক্ষুদ্ধ উঠে, তাহা হইলে।

ঔষধ---সন্ফর্, একটা ক্ষুদ্র বটিকা এক তোলা জলে মিশ্রিত বরিয়া ছুই দিবস পর্যান্ত প্রভাহ রাজি এবং প্রাতঃকালে দিয়া, তাহার চারি দিবস পরে পুনর্কার উক্ত রূপে চালাইবেক।

যদ্যপি উক্ত ঔষধ উক্ত প্রকারে প্রয়োগ করিয়া এক সপ্তাহের মধ্যে বিশেষ উপকার বোধ না হয়, তাহা হইলে।

ঔষধ---ক্যাত্তেক্রিয়া, পূর্ব্ববৎ, কিন্তু ইহা উক্ত ঔষধের শেষ মাতার এক সপ্তাহের পর আরম্ভ করিবেক।

যদ্যপি অতিসারের সহিত প্রদাহ থাকিয়া শারীরিক উষ্ণতা, নাড়ীর তীত্রগতি, ইত্যাদি লক্ষণ বিদ্যমান্ থাকে, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, একটা ক্ষুদ্ৰ বটক। এক ভোলা জলে মিশ্রিত করিয়া চারি ঘন্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি উক্ত ঔষধ প্রয়োগের পর উষ্ণতা প্রভৃতি নিবা-

রিত হইয়া কেবল শিশু নিয়ত রোদন করিতে থাকে, তাহা হইলে।

উষধ —বেলাডোনা, পূর্ববং তিন মাত্রা দিয়া পরেতে বার ছুন্টা অন্তর একটা করিয়া ক্ষুদ্র বটিকা এক ডোলা জলে মিশ্রিত করিয়া দিবেক।

ষদ্যপি অতিসারের সহিত মধ্যে মধ্যে কোষ্ঠবদ্ধতা লক্ষণ উপস্থিত হয়, এবং তলপেট ফুলিয়া উঠে, তাহা হইলে।

खेषध-लाकिंगिम्, शूर्खवर नित्वक ।

যদ্যপি এই উপদর্গ ভয় হইতে উৎপন্ন হয়, তাহা হইলে।

উষধ —ওপিয়ম্, গ্রহটী ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিত
করিয়া বার ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি অতিসার নিবারিত হইয়া পরেতে দৌর্বল্য ও
ঢুলানি থাকে, তাহা হইলে।

ঔষধ—প্রথমতঃ চায়্না, একটা ক্ষুদ্র বটিকা এক তোলা জলে মিপ্রিত করিয়া ছয় ঘণ্টা অন্তর দিবেক, তাহার ছই মাত্রার পর বার ঘণ্টা অপেক্ষা করিয়া আর্সেনিক্ম, উক্ত রূপে চালাইবেক।

মূত্রের অধারণত।।

এই উপসর্গ মূত্রস্থলীর শক্তি হীনতা, মূত্র নির্গমনের যন্ত্রের বিক্নতাবস্থা, স্বাভাবিক দৌর্ঝল্য, বা ক্লমি দোষ জন্য, হইয়া থাকে।

চিকিৎসা।

যদ্যপ্রি শিশু, নিদ্রিত হইয়া প্রথমাবস্থায় শয্যায় প্রস্রাব করে, তাহা হইলে।

ঔষধ—সৈপিয়া, ছুইটা ফুদ্র বৃটকা এক তোলা জলে মিঞ্জিত

করিয়া চারি দিবস পর্যান্ত প্রভাহ শয়নের পূর্বে সেবন করাইবেক, ভাহার পর চারি দিবস অপেকা করিয়া যদি প্রয়োজন হয়, ভাহা হইলে পুনুর্বার ঐ রূপে চালাইবেক।

যদ্যপি মস্তকের দোষ জন্য এই উপদর্গ উপস্থিত হওয়া স্থির করা হয়, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, একটা ক্ষুদ্র বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া প্রত্যেক চতুর্থ দিবসে এক এক বার করিয়া মেবন করাইবেক।

যদ্যপি এই রোগ প্রাচীন হয়, এবং শিশু অতি কোমল-স্বভাব হয়, বিশেষতঃ যদ্যপি তাহার গাত্রে ক্ষুদ্র ক্ষুদ্র ফুদ্রুড়ি উঠিয়া থাকে, তাহা হইলে।

ञ्जेषध-मल्कत्, भूर्वतः।

যদ্যপি ক্রমি দোষ জন্য এই রোগ উপস্থিত হওয়া স্থিরী-ক্রত হয়, তাহা হইলে।

ঔষধ—সিনা, ছইটী ক্ষুদ্র বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া প্রত্যেক চতুর্থ দিবসে এক এক বার করিয়া সেবন করাইবেক।

শিশুর মূত্রাবরোধ।

যদ্যপি প্রস্রাব অবরোধ হইয়া শিশুর, অত্যন্ত অস্থিরতা, কিয়ৎ পরিমাণে জ্বর বোধ এবং প্রস্রাবের বেগ থাকে, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্, একটা ক্ষুদ্ৰ বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া আবশ্যক হইলে তিন ঘন্টা অন্তর এক এক বার দিবেক।

উক্ত ঔষধ হুই মাত্রা দেওয়ার হুই ঘণ্টা পরে যদ্যপি উপকার বোধ না হয় এবং অন্ত্রের নিম্ন দেশে অত্যন্ত উত্তাপ বোধ হয়, তাহা হইলে।

अवध-भारतमारिका, भूकार ।

উপরোক্ত উপদর্গ বিদ্যমান্ থাকিয়া যদ্যপি তাহার স্হিত কোষ্ঠবদ্ধতা থাকে এবং শিশু, পিতাধিক্য ধাতু বিশিষ্ট হয়, তাহা হইলে।

ঔষধ---নক্স-বমিকা, একোনাইটের ব্যবস্থার ন্যায় দিবেক।

যদ্যপি পূর্ব্বাক্ত ঔষধ সকল প্রায়োগের পর বিশেষ উপ-কার বোধ না হয়, তাহা হইলে অথবা এই উপসর্গ উপস্থিত হইবার প্রথম সময়ে অন্য চিকিৎসা না করিয়া, কপুরের আরকের শিশির সিপি খুলিয়া পোনের মিনিটের মধ্যে, ক্ষণে ক্ষণে শিশুর নাসিকায় ধরিলে, বিশেষ উপকার বোধ হইবেক।

শিশুর কামলা রোগ।

নিদান—এই উপসর্গ যেরপে পূর্ব্বে (সাধারণ চিকিৎসা প্রাণালীর মধ্যে) উক্ত হইয়াছে, তজ্জন্য, অর্থাৎ সদ্য-প্রস্থত সন্তানকে পুনঃ পুনঃ বিরেচক ঔষধ ব্যবহার করানতে উপস্থিত হইয়া থাকে।

চিকিৎস।।

যদ্যপি হঠাৎ শীতল বায়ু বা জল লাগিয়া অথবা মানসিক উত্তেজনা হইতে উৎপন্ন হয় এবং সমস্ত শরীর হরিদ্রোবর্ণ দেখায় ও অত্যন্ত উদর স্ফীত হয়, তাহা হইলে।

ঔষধ— কামোমিলা, তুইটা কুদ্র বটিকা এক ছটাক জলে মিশ্রিত করিয়া প্রস্তুত জলের এক ডোলা পরিমাণে প্রত্যহ প্রাতঃকালে ও সন্ধ্যা-কালে এক এক বার দিবেক। যদ্যপি উক্ত ঔষধ হুই দিবস পর্য্যন্ত দিয়া কিঞ্চিৎ উপশয় বোধ হয়, তাহা হইলে শেষ মাত্রার তিন দিবস পরে।

উষধ—ম্কি উরিয়ন, উপরোক্ত রূপে ছুই দিবস পর্যান্ত দিবেক।

যদ্যপি এই উপসর্গ এমত ভাব ধারণ করে যে কখন প্রকাশিত ও কখন অদৃষ্ট হয়, অথবা যদ্যপি অতিরিক্ত ঘর্ম হয়, তাহা হইলে উপরোক্ত ঔষধ প্রয়োগের হুই দিবস পরে।

ঔষধ— চায়্না. ছুইটী ক্ষুদ্র বটিকা এক ছটাক জলে মিশ্রিত করিয়া এক তোলা পরিমাণে ছুই দিবস পর্যান্ত প্রত্যহ প্রাতঃকালে ও রাজিতে দিবেক।

্যদ্যপি রোগী বিরক্ত স্বভাবান্বিত হয় এবং এই রোগের সহিত কোষ্ঠবদ্ধতা থাকে, তাহা হইলে।

खेषध-नक्र-विमकां, शूर्ववर ।

শিশুর দাঁতি লাগা।

লক্ষণ—এই উপসর্গ জন্মের পর অপপ দিবস মধ্যেই ঘটিয়া থাকে, প্রথমতঃ স্তন্যপানে রথা চেফা, এবং পান করিলেও স্তন্য-হৃগ্ধ উদরস্থ হয় না, উভয় চোয়াল চাপিয়া ধরে, সমস্ত শরীর দৃঢ় হয়, এবং পরেতে মৃত্যু ঘটনা হয়। এই রোগ ছুই দিবস হইতে চারি দিবস পর্যান্ত থাকে।

নিদান—এই রোগ বাহ্যিক উত্তেজনা, শীতল দেবা, ভ্রম্ স্তন্যপান, এবং কদর্য্য বায়ু দেবন জন্য হইয়া থাকে।

किकिएमा।

এই রোগ উপস্থিত হইলে, প্রথমতঃ নিম্ন লিখিত প্রকারা-মুযায়ী আস্তরিক, এবং বাছিক চিকিৎসা কর্ত্তব্য।

উষধ—কার্ণিনা, ছইটা ক্ষুদ্রু বটিকা অর্ক্ন ভোলা শলে মিশ্রিত করিয়া প্রস্তুত জলের এক এক ফোটা পরিয়াণে তিন ঘন্তী অন্তর শিশুর মুর্থে দিবেক এই রূপে বার ঘন্টা পর্যান্ত দিয়া পরেতে ক্রমণঃ অধিক সময়ান্তর দিবেক এবং আনিনা, অমিশ্র আরক দশ ফোটা, দেড় ছটাক জলে মিশ্রিত করিয়া প্রস্তুত জলের দারা চোয়ালের উপরিভাগ চারিশ ঘন্টা অন্তর এক এক বার ধেতি করাইবেক।

যদ্যপি এই উপদর্গ হঠাৎ শীত লাগাতে বা শীতল-দেবা জন্য উপস্থিত হওয়া নিশ্চিত হয়, তাহা হইলে।

उपथ-कार्यामिला, कृष्ट विका, व्यार्थिकाद वावश्रात नागा

যদ্যপি উক্ত ঔষধ চারি মাত্রা দেওয়ার চবিশে ঘণ্টা পরে বিশেষ উপকার বোধ না হয়, বিশেষত্থ মদ্যপি শ্রাই উপসর্গ উপস্থিত হওয়ার কারণ নির্দিষ্ট করা না যায়, তাহা হুইলে।

®यथ----दिलाएगाना, श्रीविकात वादसायूमारत मिटवक।

যদ্যপি শেষোক্ত ঔষধের দারা বিশেষ উপকার বোধ না হয়, তাহা হইলে।

ভ্ৰীধ—হায়োসায়েমণ্, এবং লাকিনিস্, উপর্যুপরি রূপে অর্থাৎ আণিকার ন্যায় উভয় ঔষধ, খতত্র খতত্র পাত্রে প্রস্তুত করিয়া প্রথমভঃ প্রথমোক্ত ঔষধের এক ফোটা শিশুর মুখে দির্যা, তাহার ছয় ঘণ্টা পরে শোষোক্ত ঔষধ ঐ রূপে দিবেক এই প্রকার ক্রুমাণ্ব্রে উভয় ঔষধ ব্যবহার ক্রাইবেক।

দস্ত উঠিবার সময়ের রোগ।

লক্ষণ দস্ত উঠিকার সময় শিশু পূর্বাপেক। রাত্তিতে অধিক অস্থির হয়, শরীরে উষ্ণতা, কখন কখন পাণ্ডুবর্ণঅ, মাঢ়ী, ক্রমশঃ স্ফীত হইয়া উত্তপ্ত হয়, স্তন্যপানের ব্যাঘাত জন্মায়, অতিসার হয় প্রবং মুখ দিয়া লাল পড়ে।

চিকিৎসা।

যখন শিশু, অত্যন্ত উদ্বেদ্ধিত হয়, এবং নিদ্রিত হয় না ও মধ্যে মধ্যে চম্কিয়া উঠে তৎকালে।

ঔষধ—ক্ষি, একটা ক্ষুদ্র বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া ছয় ঘণ্টা অন্তর দিবেক।

যদ্যপি উক্ত ঔষধের ছই মাত্রা দেওয়ার পর বার ঘন্টা মধ্যে কোন উপকার বোধ না হয়, তাহা হইলে।

ঔষধ—একোনাইটু । একটা ক্ষুদ্ৰ বটিকা এক তোলা জলে মিশ্রিত ক্রিয়া বার ঘণ্টা অন্তর এক এক বার দিবেক।

যদ্যপি পূর্বোক্ত ঔষধে আংশিক উপশম মাত্র বোধ হয় এবং কিঞ্চিমাত্র কৈ শুনিলেই, শিশু চম্কিয়া উঠে, নিদ্রা-কুলীন পদাদি সঙ্কোচিত করে, অত্যন্ত পিপাসা থাকে, ঘনশ্বাস বহে, উৎকাশী হয়, অতিসার হইয়া সবুজবর্ণ, ঈষৎ শুল্রবর্ণ, অথবা জলবৎ মল নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—ক্যামোমিলা, একটা ক্ষুদ্র বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া ছয় ঘন্টা অন্তর দিবেক, এই রূপে তিন মাতার পর বার ঘন্টা অন্তর তিন মাতা দিবেক।

যদ্যপি হস্ত পদাদি সঙ্কোচনের সহিত কোষ্ঠবদ্ধতা থাকে, তাহা হইলে।

उषध-इत्भागा, भूकाव पित्क।

য়দ্যপি মাঢ়ী ফুলিয়া জত্যন্ত কন্টদায়ক প্রদাহ উপস্থিত হয় ও বদন রক্তবর্ণ, চর্ম উত্তপ্ত, হইয়া জ্বর বোধ হয়, তাহা হইলে।

ঔষধ-একোনাইট্, একটা ক্লুল বটিকা দেড় ভোলা জলে মিশ্রিড করিয়া অর্দ্ধ ভোলা পরিমাণে চারি ঘন্টা অন্তর দিবেক।

এই উপদর্গ উপস্থিত ছইয়া যদি মন্তিকের কার্য্য রহিত হয়, অর্থাৎ যদ্যপি গাঢ় নিদ্রো, চক্ষুদ্বিয়, অর্দ্ধ মুদ্রিত, অথবা গতি-শক্তিহীন হইয়া, চক্ষুর পুত্তলিকা অবরুদ্ধ হয়, সমস্ত শরীর শীতল হইয়া যায় এবং নীলবর্ণ হয়, নাড়ী প্রায় বৌধ হয় না, নিঃশ্বাস প্রশাস অবরুদ্ধপ্রায় হয়, তাহা হইলে।

ঔষধ-—জিস্কন্, তুইটী ক্ষুদ্র বঁটিকা শিশুর জিল্পার উপর অর্ক্র ঘন্টা অন্তর দিবেক এবং পরেতে যে পর্যন্ত সমস্ত শরীর উক্ত, নাড়ী বলবতী, এবং নিঃশ্বাস প্রশ্বাস নিয়মিত রূপে না চলে, তদব্ধি উক্ত পরিমানে চুই ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি দন্ত নির্গত হইতে কফ বোধ ও মাঢ়ি পাঞুবর্ণ, কঠিন, ক্ষীত, এবং যাতনা বিশিষ্ট হয়, ও শিশু হুর্ফল ও বিরক্ত স্বভাবান্থিত হইলে, দন্ত উঠিবার বিশেষ সাহায্যকারী।

ঔষধ—ক্যান্তেক্রিয়া, একটি ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে নিশ্রেত করিয়া এক নাস পর্যান্ত এক সপ্তাহে এক দিবস মাত্র প্রাতঃ ও সন্ধ্যা-কালে দিবে।

যদ্যপ্রি উদরক্ষীততা থাকে, জিহ্বা মলিন হয়, কিঞ্চিৎ জ্বর বোধ, অনিদ্রো, অথবা ঢুলানি, এবং দৌর্ব্বল্য থাকে, শুদ্ধ কাশী, কোষ্ঠবদ্ধতা, কটাবর্ণ, কঠিন গোলাক্ষতি মল, নিঃসরণ হয়, -রাত্রিতে জানিদ্রা এবং দিবসে নিমানি থাকে, তাহা হইলে।

ঔষধ—নক্স-বমিকা, ছইটা ক্ষুত্র বৃট্টিকা এক তেলা ফলে মিঞ্ত করিয়া চবিবশ দুকী অন্তর দুই দিবস দিবেক। উক্ত কোন প্রকার ঔষধে কিঞ্চিৎ উপশ্য হইলে সর্ব্যক্তা--ভাবে স্নারোগ্য করিবার নিমিত্তে।

া ঔষধ – সঞ্চর, দুইটা ক্ষুদ্র বটিকা প্রভাহ চরিশা ঘণ্টা অন্তর দিনেক, কিন্ত ইহা উক্ত কোন প্রকার উষ্ধের শেষ মাতার চারি দিবস পরে আরম্ভ করা কর্তব্য।

শিশুর অঙ্গ টক্ষার।

নিদান → শিশুর শারীৱিক অবস্থা অপেকা মস্তক এবং শিরা সম্বীয় গুরুত্ব জন্য এই রোগ উপস্থিত হইয়া থাকে।

পূর্বে লক্ষণ--এই রোগ উপস্থিত হইবার পূর্বে শিশু, হস্ত পদাদিও অঙ্গুলি সঙ্কোচিত করিতে থাকে, এবং চক্ষুর পুত্ত-লিকা হঠাৎ বিক্ফারিত, বা সঙ্কোচিত হয়, অতএব এক দিকে বিক্ষারিত অন্য দিকে সঙ্কোচিত ও চক্ষুঃ, স্থির বা সুদ্দত ক্রত-গতি বিশিষ্ট, শ্বাদের ফতি, অসমান, মুখ নীলবর্ণ, এবং পুনঃ পুনঃ বর্ণের পরিবর্ত্তন ইত্যাদি এই উপসর্গের পূর্বারূপ হইয়া থাকে।

লক্ষণ—এই রোগে ভাত্রান্ত হইলে শিশুর মুখমগুল এবং এক বা উভন্ন চকুঃ সঙ্কোচিত, অথবা অদ্ধান্ধ আক্রান্ত হইনা অবশিষ্টান্ধ স্থিনভাবে থাকে, চ্নুকুঃ, বিক্ষান্তিত হঠনা ইতন্ততঃ ঘূর্ণিত, কথন নিজ্ত ও কথন সঙ্কোচিত হয়, মুখ দিয়া কেণা উঠে, করম্বয় দৃঢ় মুক্তিবদ্ধ, বদন, প্রথান্তঃ রক্তবর্ণ হইনা পরেতে নীলবর্ণ দেখা যান্ত্র, প্রদাবস্থান্ত উক্ত ক্লান্ধণ সকল অন্তর্হিত হইনা, নিদ্রাক্ষয় ও পরেতে অতিনিক্ত মুন্ধ হইলে জাগরিত এবং সহজ অবস্থা প্রাপ্ত হয়ু।

. .]

চিকিৎসা |

যদ পি তয় হইতে উৎপন্ন

হটয়া থাকে....

হটয়া থাকে....

বাহা আঘাত জন্ম হইলে...

আনিকা, বা প্রয়েজন বশতঃ

নাইকিউটা, বা বেলাডোনা।

কামোমিলা, নক্ল-বমিকা,
পাকস্থলীর অমুত্র জন্ম হইলে...

আভিভোজন বা অপাচা দ্রব্য

ইপিক্যাকুয়ানা, নক্ল-বমিকা,
বা প্রেস্টিলা।

যদ্যপি কৃমি দেয়ে জন্ম হয়

তাহা হইলে....

সিনা, মহি উরিয়্স্, বা সাইকিউট

তাহা হইলে....

ক্যামোমিলা।

বিল্পের নোষ জন্ম হইলে ...

ক্যামোমিলা।

মন্তিক্লের নোষ জন্ম হইলে ...

ক্যামোমিলা।

মন্তিক্লের নোষ জন্ম হইলে ...

ক্যামোমিলা।

মন্তিক্লের নোষ জন্ম হইলে ...

নিক্লিডোনা।

যদ্যপি উৎপত্তির কারণ স্থির কবা না যায়...

ইপ্রেশিয়া।

উক্ত সকল ঔষধের মধ্যে যে কোন একটা ঔষধ লক্ষণা-স্থায়ী এক একটা ক্ষুদ্র বটিকা পরিমাণে অবস্থা বিবেচনায়, এক, হুই, বা তিন ঘণ্টা অন্তর দিবেক।

विष्मि नक्ष्वाञ्चायी विकिद्भा।

হঠাৎ এই রোগ উপস্থি হইলে যদ্যপি সমুদয় শারীর কঠিন, সর্বাঙ্গ শীতল হয়, বা দাঁতি লাগে, তাহা হইলে।

ঔষধ কা কর, আরকের শিশির মুখ খুলিয়া সময়ে সময়ে কর কালের জন্য শিশুর নালিকায় ধরিতে, অথবা কিঞ্ছিৎ কারিমাণ চিনির সহিত এক ফোটা আরক একত্রিত করিয়া তাছার মধ্যে হইতে অত্যল্প পরিমাণে এক এক বার লইয়া শিশুর জিহ্বার উপর দিবেক।

যদ্যপি দন্ত উঠিবার সময় অথবা অমুত্ব এবং পেট বেদনা জন্য অথবা কোন প্রকারে বিরক্ত হওয়াতে এই রোগ উপস্থিত হইয়া থাকে, বিশেষতঃ যদি অন্থিরতা, চেতন কালীন ঢুলানি, এক দিকের গণ্ডদেশ রক্তবর্ণ, ও অপর দিক পাণ্ডুবর্ণ হয়, অতিসার, অর্দ্ধ মুদ্রিত নয়ন, অতিশয় পিপাসা, ঘনৃশাস, জ্ঞান শূন্যতা, এবং মুফি বদ্ধ করিয়া থাকা, ও হস্ত পদাদির সঙ্কোচন, লক্ষিত হয়, তাহা হইলে

উষধ—কামেনিলা, একটা ক্ষুদ্র বটকা এক তোলা জলে মিশ্রিত করিয়া তাহার চতুর্থাংশ প্রথমতঃ এক বার রোগের আক্রমণ কালে দিবে, যদাপি তৎকালে নিবারিত হইয়া কিয়ৎকাল পরে পুনর্বার উপস্থিত হয়, ভাহা হইলে প্রয়োজন বশতঃ উক্ত প্রস্তুত ঔষধের অপর একাংশ সেবন করাইবেক।

যদ্যপি মন্তিক্ষের বিকার জন্য এই রোগ উপস্থিত হয়,
এবং পূর্ব্বোক্ত ঔষধ প্রয়োগের পর উপদর্গ শান্তি না হইয়া
পুনর্বার আক্রমণ করে, বিশেষতঃ যদি শিশু, নিদ্রাবস্থায় হঠাৎ
চম্কিয়া উঠিয়া ইতস্ততঃ দৃষ্টিপাত করে, চক্ষুর পুতলকা অতিশয় বিক্ফারিত, শরীর কঠিন, ললাট এবং হস্তদ্বয় শুক্ষ হয়,
এবং স্থালা করে, বিশেষতঃ যদ্যপি আক্রমণ কাল উপস্থিত
হইবার পূর্ব্বে শিশু, হাস্থা করে, তাহা হইলে।

अवध-(वनाद्धाना, शूर्ववृष्

যদ্যপি দক্ত উঠিবার সমরে, এই রোগ উপস্থিত হয় ও শিশু, পাণ্ডুরর্ণ, ম্লান-স্বাভান্থিত হয়, এবং হাস্ত করিয়া তৎ-ক্ষণাৎ রোদন এবং রোদনের পর-ক্ষণেই হাস্ত করিতে থাকে, হঠাৎ শরীর উত্তপ্ত হইয়া উঠে, চীৎকার করে, বিশেষতঃ যদ্যপি আঁক্রমণকাল, প্রত্যহ ঠিক এক সময়ে, অথবা এক দিবস্ অন্তর উপস্থিত হয় এবং তাহার পর জ্বর বাৈধ ও ঘর্ম হয়, তাহা হইলে।

' ঔষধ' - ইর্নেশিয়া, পূর ९।

যদ্যপি নাড়ীর অতি তীত্র গতি এবং জ্বর লক্ষণ বিদ্যমান্ থাকে, তাঁহা হইলে।

্তিষধ—একোনাইট্, একটা ক্ষুদ্র বটিকা দেও তোলা জলে মিশ্রিত করিয়া অর্দ্ধ তোলা পরিমাণে প্রত্যেক তিন ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি আক্রমণ কালে অথবা তাহার পরে বা পূর্বে অতিসার, বমন, আহারে অনিচ্ছা, নিঃশ্বাসে কন্ট এবং যদি জাতি-ভোজন বা অপাচ্য দ্রব্য ভোজন জন্য এই রোগ উপস্থিত হইয়া থাকে, তাহা হইলে।

উষধ—ইপিক্যাকুয়ানা, একটা ক্ষুদ্র বটকা, দুই ভোলা জলে মিশ্রিত করিয়া অর্দ্ধ ভোলা পরিমানে প্রতাক দুই ঘন্টা অন্তর এবং পরেতে ভিন ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি অজীর্ণ দোষ জন্য এই রোগ উপস্থিত হয়, ভুক্ত-দ্রুব্য বমন, কোষ্ঠবদ্ধতা, হস্ত পদাদির সঙ্কোচন, মস্তক, পশ্চাৎ দিকে লুগুন, প্রভৃতি স্কন্ধ দেখা যায়, তাহা হইলে।

ঔষধ—नक्र-विका शूर्वव €।

শিশুর দ্বিতীয় বার দন্ত উঠিবার সময়ে যদ্যপি এই রোগ উপস্থিত হয় এবং যাহাদিগের কুমি-দোষ, অথবা শয্যায় প্রস্রোব করা রোগ থাকে, এবং রোগ উপস্থিত হইলে, সর্বাঙ্গ কঠিন ও পাগুবর্গ হয়, তৎপক্ষে ও বক্ষঃস্থল চাপিয়া ধরা লক্ষিত হইলে। উষধ – সিনা, একটা কৃদ্ধ বটিকা ছুই ভোলো জলে মিশ্রিত করিয়া অর্দ্ধ ভোলা পরিমাণে আক্রমণ কালের পূর্বে দিয়া আক্রমণ কাল গত হুইলে পুনর্বার ঐ পরিমাণে দিবেক।

যদ্যপি আক্রমণ কালের পূর্বে ও আক্রমণ কাল উপস্থিত সময়ে, এবং পরেতে পাকস্থলী, ক্ষীত এবং কঠিন দেখা যাল, শিশুর কন্টদায়ক উদ্ধার উঠে, লাল নির্গত হয়, গাত্র-দর্ম আর্দ্র থাকিয়া জ্বর বোধ থাকে, এবং আক্রমণ কালের পরে শিশু অত্যন্ত ক্লান্ত হইয়া অধিক কাল পর্যন্ত মৃতবং পূর্্যতিত ইইয়া থাকে, তাহা হইলে।

उपथ-मर्कि उतिशम्, উপরোক্ত ব্যবস্থানুযায়ী দিবেক।

শিশুর দন্ত উঠিবার সময় এই রোগ উপস্থিত হইয়া
সর্বাঙ্গে উত্তাপ বোধ হয়, পদদ্ধ বিস্তৃত করিয়া হস্তদ্ধ পশ্চাদিকে সঙ্কোচিত করে, তদনস্তর হস্তদ্ধর প্রশার্কিত করিয়া অত্যন্ত
চীৎকারের সহিত শয্যার উপর গড়াইতে থাকে, অঙ্গুঠ বিস্তৃত
করিয়া মুন্টিবদ্ধ করে, অত্যন্ত পিপাসা, কিন্তু এক বারে অত্যাপ
মাত্র জলপান করে, অতিসার হইয়া অপক-ভুক্ত-দ্ব্য বিরেচিত
হয়, এবং আহারান্তে বমন হইলে।

श्वेषध-वार्त्रातक्ष्, तिनात वावद्यात वार्गत्र फिरवक ।

যদ্যপি এই রোগ ভয় জন্য উপস্থিত ছইয়া থাকে, ও সামান্যতঃ কম্প, হস্ত পদাদি নিঃক্ষেপ, এক দৃষ্টে দৃষ্টিপাত করা, রোদন, এবং অন্তে অজ্ঞানতা লক্ষিত হয়, তাহা হইলে।

ঔষধ—ওপিয়ম্, তিনটী ক্ষুদ্র বটিক। হই তোলা ললে মিশ্রিত করিয়া অর্দ্ধ তোলা পরিমাণে আক্রমণ কালের প্রারম্ভে এক বার এবং পরেতে এক বা ছই বন্টা অন্তর উক্ত পরিমাণে (উপসর্গের শান্তি হওয়া, প্রান্ত ক্রম্শঃ) দিবেক। যদ্যপি হঠাৎ ভয় জন্য এই রোগ উপস্থিত হইয়া স্বতঃই মল মূত্র নিঃসারিত হয়, এবং কোন উজ্জ্বল পদার্থ দেখিবা-মাত্র, রোগ উপস্থিত হয়, তাহা হইলে।

ঔষধ— উ্রামোনিয়ম্, একটা ক্ষুদ্র বটিকা অর্দ্ধ ঘন্ট। অন্তর শিশুর জিহ্বার উপর দিবেক অথবা এই ঔষধের সহিত উক্ত প্রকারে সিকেল্, উপর্যুপরি রূপে দিবেক।

শিরঃশোথঃ (মস্তকে জলভার)।

লক্ষণ—এই রোগ উপস্থিত হইবার প্রথমে পিত্ত বমন, শ্বেতবর্গ প্রস্রোব, নিঃশাস প্রশাসে গলার শব্দ ইত্যাদি উপস্থিত হয়, এবং পরেতে জ্বর বোধ, অনিদ্রো, ইতস্ততঃ বা পশ্চাদ্দিকে দৃষ্টিপাত, হুর্গন্ধ বিশিষ্ট বা শুক্ষবৎ মল নিঃস্বরণ, ঘনশাস, দীর্ঘ নিঃশাস ত্যাগ, আলোক বা শব্দ অসহা, স্তন্যপানে অনিচ্ছা, উদ্ধি দিকে হস্ত নিঃক্ষেপ, মুখের চতুম্পার্মে পাণ্ডু বা নীলবর্ণত্ব এবং মুর্চ্ছা আরম্ভ হইয়া, মৃত্যু পর্যন্ত ঘটনা হয়।

চিকিৎস।।

এই রোগ উপস্থিত হইয়া প্রথমতঃ যদ্যপি চর্ম্ম উত্তপ্ত এবং শুক্ষ, নাড়ী দ্রুতগতি বিশিষ্টা, বিশেষতঃ রোগীর শারীরিক লক্ষণ দেখিয়া যদ্যপি সবল বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট, একটা ক্ষুদ্র বটিকা অর্দ্ধ ভোলা জলে মিশ্রিত করিয়া প্রতাহ প্রাতঃকালে এক বার মাত্র এক সপ্তাহ পর্যান্ত নিবেক।

মস্তকে উত্তাপ, বদন রক্তবর্গ, যাড়ের শির দপ্ দপ্ করা,

মস্তকে অত্যন্ত বেদনা, শিরোলুঠন, আলোক অসহা, চক্ষুঃ রক্তবর্ণ এবং উজ্জ্বল, চক্ষুর পুত্তলিকা বিক্ষারিত অথবা সঙ্কোচিত,
প্রালাপ, জ্ঞান হীনতা, ও অত্যন্ত চীৎকার, দন্ত কড়ম্ডি, অজানতঃ, মল মূত্র নিঃসরণ হইলে।

ঔষধ—বেলাডোনা, একোনাইটের ব্যবস্থানুসারে দিবেক।

যদ্যপি অত্যন্ত অঙ্গ টঙ্কার, জ্ঞান হীনতা, অথবা অক্ষুট বাক্য কথন, বদন আরক্তবর্ণ, স্থির দৃষ্টি, জিহ্বা শুভ্রবর্ণ পদার্থে আচ্ছাদিত, বিক্ষারিত লোচন, শারীরিক উত্তাপ এবং শুক্ষতা, পিপাসা, ও অতিসার থাকে, তাহা হইলে।

ঔষধ--- হায়োসায়েমস্, পূর্মবৎ।

ি (কিন্তু এই ঔষধ বেলাডোনার সহিত উপধ্যুপরি রূপে দিলে উপকার বোধ হয়।)

পূর্ব্বোক্ত কোন ঔষধ প্রয়োগের পর যদ্যপি মস্তকে অত্যন্ত উত্তাপ, অতিশয় পিপাসা, চক্ষুঃ কখন বিক্ষারিত ও কখন মুদ্রিত থাকে, নিদ্রোর সহিত হঠাৎ চম্কিয়া উঠা, অথবা নিয়ত নিদ্রোলুতা, চর্ব্বণের ন্যায় নিয়ত মাঢ়ি চালন, জিহ্বার উপরিভাগ হরিদ্রোবর্ণ পদার্থে আচ্ছাদিত, মল মূত্র রোধ, অথবা মূত্র ত্যাগে অতিশয় কফ বোধ, অতিশয় পিপাসা, চর্ম শুক্ত, এবং অতিশয় উত্তপ্ত ঘনশ্বাস, ইত্যাদি লক্ষিত হইলে।

ঔষধ—ব্রায়োনিয়া, একটা ক্ষুদ্র বটিকা পরিমাণে এক, দুই, তিন, বা চারি ঘণ্টা অন্তর ক্রমশঃ দিবেক।

যদ্যপি উক্ত ঔষধে কিঞ্চিন্মাত্র উপশম বোধ হয়, কিন্তু শিশুর মৃত্যু আশঙ্কা থ'কে, তাহা হইলে।

ঔষধ — <u>হিলেবোরস্,</u> প্রথমতঃ দুইটী করিয়া ক্ষুত্র বটিকা শিশুর ক্ষিন্তার উপর চারি ঘন্টা অন্তর দিয়া কিছু উপশম বোধ হইলে, পরেতে ছয় ঘন্টা অন্তর দিবেক। যদ্যপি গাঢ় নিদ্রার সহিত নাসিকার শৃক্ত হয়, অর্দ্ধ মুদ্রিত নয়ন, সম্পূর্ণ অলস, চেতন হইলে মাথা ঘোরা থাকে, তাহা হইলে।

ঔষধ—ওপিয়ম্, তিনটা ক্ষুত্র বটিকা পরিমাণে পূর্ব্বোক্ত ব্যবস্থায়-সারে দিবেক।

যদ্যপি মস্তিক শক্তিহীন হয় এবং অজ্ঞানতা, অর্দ্ধ মুদ্রিত নয়ন, সমস্ত শরীর শীতল, হস্ত পদাদি নীলবর্ণ, নাড়ী হুর্বলা, ক্ষীণা, এবং কদাচিৎ বোধ হয়, এতাদৃশ লক্ষিত হইলে।

ঔষধ—জিহ্বন্, দুইটা ক্ষুত্র বটিকা পরিমাণে দুই ঘণ্টা অন্তর (ষে পর্যান্ত শরীরের উষণাদি পুনর্কার উপস্থিত না হয়) শিশুর জিহ্বার উপর দিবেক।

যদ্যপি পূর্ব্বোক্ত কোন ঔ্তথ্য লক্ষণান্ত্রযায়ী দিয়া উপ-দর্মের কিঞ্চিৎ লাঘৰ বোধ হয়, কিন্তু তাহার পর তদবস্থাতেই থাকে, অর্পাৎ দর্ব্বতোজ্ঞাবে রোগের শান্তি না হয়, তাহা হইলে।

ত্তিধ—সন্ফর্, দুইটা পরিমাণে ক্ষুত্র বটিকা ছয় ঘণ্টা অন্তর শিশুর জিহ্বার উপর দিবেক এবং প্রয়োজন বশতঃ লক্ষণামূষায়ী ঔষধ, ইছার সহিত উপর্যুপরি ভাবে দিবেক।

এই রোগ প্রাচীন হইলে।

ঔষধ—হিলেবোরস্, আর্দেনিকম্, বা সক্ষর্, ইহার অন্যতর প একটা ঔষধের একটা ক্ষুত্র বটিকা পরিমাণে প্রত্যহ প্রাতঃ এবং সন্ধ্যা-কালে এক সপ্তাহ পর্যান্ত দিয়া শেষ মাত্রার এক সপ্তাহ পরে আবেশ্যক হইলে দিতীয়, বা তৃতীয়োক্ত ঔষধ পুনর্মার উক্ত রূপে চালাইবেক।

পথাব্যবস্থা।

এই রোগ উপস্থিত কালীন শিশুকে এবং ধাত্রীকে লঘু পথ্য দেওয়া কর্ত্তব্য।

শিশুর শ্বাস কাশ রোগ (অর্থাৎ হাঁপানি)।

এই রোগে, শিশুর গলার ভিতর বায়ু-বাহক-প্রণালী সঙ্কো-চিত হইয়া শাসাবরোধের উপক্রম করে।

লক্ষণ—শাস উপস্থিত হইয়া গলার ভিতর সাঁই সুঁই শব্দ করে, এবং যদ্যপি অধিককাল স্থায়ী হয়, তাহা হইলে বদন, এবং হস্ত পদাদির অপ্রভাগ ধুমলবর্ণ দেখা যায় ও অঙ্গ টঙ্কা-রের ন্যায় অন্তুষ্ঠ, কর মধ্যে মুফি বদ্ধ করে এবং পদান্ধলি সঙ্কো-চিত হয়। যদ্যপি এই রোগের শীঘ্র দমন করা না হয়, তাহা হইলে পুনঃ পুনঃ আক্রান্ত হইয়া মৃত্যু ঘটনা হইয়া থাকে।

চিকিৎসা।

যদ্যপি রাত্রিকালে শ্বাস রোধের ন্যায় কাশী উপস্থিত হয়, স্বরভঙ্গ, ঘনশ্বাস, কটে নিঃশ্বাস পরিত্যাগ, চর্ম্ম উষ্ণ এবং শুক্ষ, নাড়ী স্থূলা, কঠিনা ও গীত্র গতি বিশিষ্টা হয়, তাহা হইলে।

ঔষধ—একোনাইট্ আটটা ক্ষুদ্র বটিকা বার ভোলা জলে মিশ্রিত করিয়া অর্দ্ধ ভোলা পরিমাণে (রোগের সামান্যাবস্থায়,) তিন ঘন্টা অন্তর এবং প্রবলাবস্থায় এক, বা অর্দ্ধ, ঘন্টা অথবা পোনের মিন্ট্ অন্তর ও দিবেক।

যদ্যপি অপাচ্য দ্রেব্য ভোজন জন্য বিরেচনের পরে এই

রোগ উপস্থিত হইয়া থাকে, অথবা বক্ষঃস্থলে শ্লেয়া একত্রিত হইয়া ঘড় ঘড় শব্দ করে, খাস রোধের উপক্রম বোধ হয়, বদন ধূমলবর্ণ এবং সমস্ত শরীর আড়ফী-প্রায় হয়, তাহা হইলে।

ঔষধ—ইপিকাকুয়ানা, তিনটা ক্ষুদ্র বটিকা তিন তোলা জলে মিশ্রিত করিয়া অর্দ্র তোলা পরিমাণে প্রথমতঃ পোনের মিনিট্ অন্তর তিন মাত্র। প্রয়ন্ত দিয়া, পরেডে ক্রমশঃ অধিক কাল বিলম্বে দিবেক।

যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধের শেষ মাত্রার অর্দ্ধ ঘণ্টা পরে প্রাপ্তক্ত লক্ষণ সকলের কোন মতে হ্রাস না হয়, বিশেষতঃ যদ্যপি আক্রমণ কালের পরেতে শীতল ঘর্মা, বলের হ্রাস, অত্যন্ত যাতনা ইত্যাদি লক্ষিত হয়, তাহা হইলে।

ঔষধ—আর্মেনিকন্, ছয়টা ক্ষুদ্র বটিকা চারি ভোলা জলে মিঞিত করিয়া অর্দ্ধ ভোলা পরিমাণে উপরোক্ত প্রকারে দিবেক।

যদ্যপি শিশু কিছু বয়োধিক হয়, এবং গন্ধকের ধূম নাসিকা দ্বারা প্রবিষ্ট হওয়ার ন্যায় কফ প্রকাশ করে, বক্ষ্ণ-স্থল মধ্যে অত্যন্ত খেঁচনি বোধ হয়, গলা খুস্ খুস্ করে, তাহা হইলে।

ঔষধ—পলেসটিলা, একটা ক্ষুদ্র বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া চারি ঘন্টা অন্তর এক এক বার দিবেক।

এই রোগ হঠাৎ উপস্থিত হইলে যদ্যপি শিশু, অত্যন্ত অস্থির হইয়া চীৎকার বা রোদন করে, এবংপঞ্জরের অধো-ভাগে টানিয়া ধরা বোধ হয়, তাহা হইলে।

ঔষধ —ক্যামোমিলা, একটা ক্ষুত্র বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া প্রয়োজন হইলে ছয় ঘণ্টা অন্তর এক্ এক বার দিবেক।

পথাব্যবস্থা ।

শিশুকে এবং ধাত্রীকে লঘু পথ্য করাইবে। অত্যস্ত শীতল বা উত্তপ্ত স্থানে, অথবা যে স্থানে হিম লাগিবার সন্তব সেখানে, রাখিবে না।

শৈশব পালা জ্ব।

পূর্ব্ব লক্ষণ— শৈশবাবস্থায় এই রোগ উপস্থিত হইবার পূর্ব্বে বলহীনতা, বৈরক্তি, রাত্রিতে অস্থিরতা, ক্ষুধার অভাব, জিহ্বার মলিনতা, মুখে হুর্গন্ধ, বমনেচ্ছা, বা বমন, পিপাসা, চর্ম্বের কিঞ্চিৎ উষ্ণতা, মাথা ধরা, পাকস্থলীতে যন্ত্রণা, উদর-ক্ষীততা, কোষ্ঠাবরোধ, অথবা অতিসার, এবং মূত্র, শ্বেতবর্ণ হইয়া থাকে।

আক্রমণ কালিক প্রকাশিত লক্ষণ—কিয়ৎ কাল পরে উক্ত লক্ষণ সকল ক্রমশঃ রিদ্ধি হইয়া রোগের লক্ষণ প্রকাশিত হয়, তৎকালে শ্বাস প্রশ্বাসে কয়্ট বোধ, নাড়ীর, তীত্র গতি, ভুক্ত-দ্রব্য বা পিত্ত বমন, পেট কিষয়া ধরা, কোষ্ঠ বদ্ধ, সময়ে সময়ে অতিসার, রথা মলত্যাগের বেগ, হুর্গন্ধ বিশিষ্ট, শ্লেম্বা, এবং রক্ত মিশ্রিত বা কৃমি সংযুক্ত মল নিঃসরণ, হস্ত পদ সর্বদা শীতল, অবশিষ্টাঙ্গ অত্যন্ত উত্তাপান্থিত, মস্তক উত্তপ্ত এবং ভার বিশিষ্ট হয়, রাত্রিতে জ্বর লক্ষণ উপস্থিত হইলে, শিশু অত্যন্ত অস্থির হইয়া ইতস্ততঃ অঙ্গ নিঃকেপ করিতে থাকে, ও দিবসে হইলে তৎপরিবর্তে অলস এবং বিমানি উপস্থিত হয়, জ্বরের কিঞ্চিৎ রিবাম কালে নাসিকা, ওষ্ঠাধর, অথবা জিহ্বা খুঁটিতে থাকে এবং কাশী হয়।

किकिश्मा ।

যদি অতিভোজন বা অপাচ্য-দ্রব্য ভোজন জন্য এই
রোগ উপস্থিত হয় এবং সন্ধ্যাকালের পূর্বে সর্ব্ব শরীর, বিশেযতঃ বাভ্রয় অত্যন্ত উত্তপ্ত, অতিশয় অস্থিরতা, রাত্রিতে ঘর্মা,
ঘনশ্বাস, জিহ্বা মলিন,বমনেচ্ছা, অথবা অত্যন্ত ক্ষুধার্ত্ত হইয়া,
আহারান্তে ভার বোধ, অতিশয় দৌর্বল্য, এবং অমুত্র ইত্যাদি
লক্ষিত হইলে।

ঔষধ—ইপিকাকুয়ানা, ছয়টা ক্ষুত্র বটিকা দেড় ছটাক জলে মিশ্রিত করিয়া, অর্দ্ধ ভোলা পরিমাণে রোগের উপক্রম কালে ছয় ঘন্টা অন্তর দিবেক এবং স্পাই একাশিত হইলে জর বিরাম কালে চারি ঘন্টা অন্তর।

যদ্যপি উক্ত ঔষধ প্রায়োগের চকিশে ঘণ্টা মধ্যে রোগের লক্ষণ সকল পরিবর্ত্তিত না হয় অথবা উদরভঙ্গ হইয়া পিত মিশ্রিত, ঈষৎ শ্বেতবর্ণ, হুর্গন্ধ মল, নির্গত হয় এবং পেট ক্ষিয়া ধরে, প্রস্রাব কটু, ও সন্ধ্যার সময় বা রাত্রিতে জ্বর বোর হয়, তাহা হইলে।

ঔষধ—প্রেসটিলা, ছয়টা ক্ষুদ্র বটিকা দেড় ছটাক জলে মিশ্রিভ করিয়া অর্দ্ধ ভোলা পরিমাণে চারি ঘন্টা অস্তুর দিবেক।

যদ্যপি উক্ত ঔষধ প্রয়োগের শেষ মাত্রার বার ঘন্টা পরে বমন বা বমনেচ্ছা নিরস্ত হইয়া যায়, কিন্তু উদর ভঙ্গ উপসর্গ থাকিয়া, উদর ক্ষীত হয়, তাহা হইলে।

ঔষধ—চায়্না, একটা ক্জু বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া প্রতাহ প্রাভঃকালে ও সন্ধাাকালে দিবেক।

যদ্যপি রোগী স্থুলাঙ্গ হয় অথবা অতিপ্রবল স্থারের সহিত অত্যন্ত পিপাসা, চর্ম শুক্ষ, নাড়ী স্থুলা, ও তীত্র গতি বিশিষ্টা, এবং মুত্রের অম্পতা হয়, তাহা হইলে। ঔষধ—একোনাইট, একটা ক্ষুদ্র বটিকা পরিমাণে প্রয়োজনবশতঃ চারি ঘন্টা অন্তর দিবেক। এই ঔষধ লক্ষণামূযায়ী অন্য কোন ঔষধের সহিত্র মধ্যে মধ্যে ব্যবহার করান যাইতে পারে।

এই রোগের প্রথমাবস্থায় যদ্যপি কোষ্ঠবন্ধ থাকিয়া পুনঃ পুনঃ মল-ত্যাগের বেগ উপস্থিত হয়, অথবা অত্যম্প পরিমাণে শ্লেয়া বা কিঞ্চিৎ রক্তের সহিত মিশ্রিত হইয়া জল-বৎ মল নির্গত হয়, বিশেষতঃ যদ্যপি শিশু অত্যন্ত অবাধ্য হইয়া উঠে, জিহ্বার পার্শ্ব রক্তবর্ণ, ক্ষুধা শূন্যতা, ভোজনে অনিচ্ছা, এবং রাত্রিতে কিয়ৎ পরিমাণে জ্বর বোধ হইয়া প্রাতঃকালে স্পাই জ্বর প্রকাশিত হয়, তাহা হইলে।

ত্তিষধ — নক্ল-বমিকা, পূর্বে লক্ষণের প্রবলতা কালীন দুইটা করিয়া কুদ্র বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া প্রত্যন্থ প্রাভঃকালে এবং সন্ধ্যাকালে দিবেক, এবং জ্বর, স্পান্ট প্রকাশিত হইলে একটা ক্ষুদ্র বটিকা পরিমাণে এক তোলা জলে মিশ্রিত করিয়া (জ্বর বিরাম কালে) ছয় ঘণ্টা অস্তর দিবেক।

উক্ত ঔষধ প্রয়োগের পর যদ্যপি জিহ্বা রক্তবর্ণ এবং খরম্পর্শ বা পীতবর্ণ পদার্থে আচ্ছাদিত হয়, গাঢ়-নিদ্রা, বা তন্দ্রা, নিদ্রোকালীন চম্কিয়া উঠা, শরীরের নানা স্থানে তাপ বোধ, মস্তক ভারি, নাড়ী ক্রত গামিনী, পিত্ত বমন, কোষ্ঠাবরোধ অথবা অত্যন্ত বেগের পর, পুনঃ পুনঃ অত্যন্প পরিমাণে, ঈষৎ সবুজবর্ণ মল, নিঃসরণ এবং মূত্র, ঘোরাল হরিদ্রোবর্ণ হয়, তাহা হইলে।

ঔষধ—ক্যামোমিলা, ছণ্নটা ক্ষুদ্র বটিকা দেড় ছটাক জলে মিশ্রিত করিরা অর্দ্ধ তেলা পরিমাণে জ্বর বিরাম কালে এবং জ্বর কালীন তিন বা চারি ঘণ্টা অন্তর দিবে। যদ্যপি উক্ত ঔষধ প্রয়োগের চরিশ্ ঘণ্টা পরেতেও, মস্তকের উষ্ণতা, নাড়ীর তীত্র গতি, জিহ্বা মলিন, বা শ্বেতবর্ণ, অথবা মধ্যস্থলে পীতবর্ণ, এবং পার্শ্বে রক্তবর্ণ হয়, পিপাসা, বমন, বা বমনেচছা, উদরে অত্যন্ত উত্তাপ, নিঃশ্বাস প্রশ্বাসে কফ বোধ থাকে, তাহা হইলে।

छेषध—दिलाएडाना, भूर्वरद।

পূর্ব্বোক্ত ঔষধের দ্বারা উপরোক্ত লক্ষণ সকলের কিঞ্চিৎ
লাঘব হইলে, যদ্যপি জিহ্বার মলিনতা, বমন, বা বমনেচ্ছা, ও
পিপাসা, অথচ পানীয় দ্রুব্যে অশ্রদ্ধা, ঘোরাল বা শ্বেতবর্ণ
প্রস্রাব, কোষ্ঠাবরোধ, অথবা অত্যন্ত বেগের পর আম বা
রক্ত মিশ্রিত মূল, পুনঃ পুনঃ নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ—মর্কি উরিয়স্, একটা ক্ষুদ্র বটিকা অর্দ্ধ ভোলা জলে মিশ্রিড করিয়া ছয় ঘন্টা অন্তর দিবেক।

যদ্যপি এই প্রকার জ্বরের সহিত ক্রমিদোষ থাকে, অর্থাৎ নাক্ থোঁটো, নিদ্রাবস্থায় চীৎকার করা ও চম্কিয়া উটা, চক্ষুর পুত্তলিকা বিক্ষারিত, পেট বেদনা, অতিসার, অথবা পিত্ত মিশ্রিত পাতলা মলের সহিত ক্রমি নির্গত হয়, তাহা হইলে।

ঔষধ্—সিনা, দুইটা ক্ষুদ্র বটিকা এক তোর। জলে মিশ্রিত করিয়া প্রতাহ প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে সেবন করাইবেক।

পূর্ব্বোক্ত কোন প্রকার ঔষধ লক্ষণামূসারে প্রয়োগের পর উপসর্গের কিঞ্চিৎ পরিমাণে শান্তি হইলে, সর্বতোভাবে আরোগ্য করিবার নিমিত্ত, এবং বিশেষতঃ যদ্যপি জ্বরের উত্তাপ, সন্ধ্যার সময়, প্রাতঃকালে, বা সমস্ত দিবসে, বোধ হয়, মুখ, পাঞ্চ্বর্ণ, কখন কখন রক্তবর্ণ হয়, চর্ম্মের শুক্ষতা, কর্টের সহিত ঘনশ্বাস, হৃৎকৃষ্প, চরণদ্বয়ের অগ্রভাগে অবসন্ধৃতা, ঈষৎ শ্বেতবর্ণ প্রস্রাব, শুক্ষ, কঠিন, বা আম মিশ্রিত তরল মল, নিঃসরণ হয়, তাহা হইলে।

ঔষধ—সলফর, রোগ উপস্থিতের পূর্ককালে বা প্রবলতা সময়ে লক্ষণাত্যায়ী ব্যবস্থা হইলে একটা ক্ষুদ্র বটিকা অর্দ্ধ ভোলা জলে মিশ্রিত করিয়া প্রভ্যেক ছয় ঘন্টা অন্তর দিবেক। অন্য ঔষধ, প্রয়োগের পর সর্ব্ধভোভাবে আরোগ্য করিতে হইলে, দুইটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিত করিয়া প্রভাহ প্রাভঃকালে এক সপ্তাহ পর্যন্ত দিবেক, এবং প্রয়োজন হইলে ভাহার চারি দিবেস পরে পুনর্বার ঐ রূপে চালাইবে।

এই রোগ বহুকালস্থায়ী বা অশুভ জনক হইলে তাহার চিকিৎসা।

যদ্যপি এই রোগ উপস্থিত হইয়া শিশুর, অতিশয় অব-সন্ধতা, এবং ক্ষুধাহীনতা, বা উত্তম দ্রেরে অত্যন্ত ইচ্ছা দেখা যায়, বদন পাণ্ডুবর্ণ, এবং অঙ্গ চালিত হইলে হাঁপানি উপস্থিত হয়, প্রাতঃকালে বা সন্ধ্যার সময়ে জ্বরের উত্তাপ বোধ, বিশেষতঃ যদি ক্লমিদোষ জন্য এই রোগ উপস্থিত হইয়া থাকে, তাহা ছইলে।

ঔষধ—সাইলিশিয়া, প্রথমতঃ একটা ক্ষুদ্র বটিকা অর্দ্ধ তোল। জলে মিশ্রিত করিয়া চারি দিবস পর্যান্ত প্রত্যহ তিন বার করিয়া দিয়া, শেষ মাত্রার দুই দিবস পরে, সিনা, উক্ত প্রকারে দিবেক।

উক্ত ঔষধে কিঞ্চিৎ উপশ্ম বোৰ হইলে অথবা রোগের প্রারম্ভকালে বিশেষ উপকারক।

खेषध—मन्फर्, शूर्वारः।

যদ্যপি স্বাত্যস্ত থাক্তি বিহীন হইয়া শিশু, নিয়ত হেলান দিয়া বা শয়ন করিয়া থাকিতে ইচ্ছা করে, এবং দর্ম শুদ্ধ ও উত্তপ্ত থাকে, জিহুরা উষ্ণ, অতিশয় প্রিপাসা, কিন্তু পানে অত্যাপ ইচ্ছা, আঠাল ঘর্মা, হস্ত পদাদি শীতল, পাকস্থলীর বিক্ষতি, উদর কঠিন, মুখের ভিতর ক্ষত, অম্প নিদ্রো, নাড়ী কখন বোধ হয়, কখন হয় না, এবং রোগী বিরক্ত স্বভাবাহিত হয়, তাহা হইলে।

ঔষধ—আর্সেনিকম্, একটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জ্বলে মিশ্রিভ করিয়া প্রভাহ তিন বার করিয়া দিবেক।

যদ্যপি জিহ্বা শুষ্ক এবং কটাবর্ণ, বা কোমলস্পর্শ, ও বাহুদ্বয় কম্পিত হয়, অত্যন্ত দৌর্ব্বল্য থাকে, সমস্ত শরীর উত্তপ্ত, নাড়ী ক্ষীণা, এবং বেগবতী, অত্যন্ত অস্থিরতা ও পাতলা মল নিঃসরণ হয়, তাহা হইলে।

उँघध-- तम्- त्रि जिंगान्, भूर्ववर।

যদ্যপি মস্তকের এবং ঘাড়ের শিরা সকল উত্তপ্ত হইয়া অত্যন্ত দপ্ দপ্ করে, গাঢ় নিদ্রো, হস্তদ্বয় শীতল, বদন, পাণ্ডু-বর্ণ ও শীতল, স্ফাণা বেগবতী নাড়ী, এবং উদর, উত্তপ্ত ও কঠিন, বোধ হয়, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, একটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিত করিয়া তিন তিন ঘন্টা অন্তর দিবেক।

পূর্ব্বোক্ত লক্ষণাস্থ্যায়ী উক্ত ঔষধ প্রয়োগের পর যদ্যপি গাঢ় দীর্ঘ-নিদ্রো, দন্ত ঘর্ষণ, মধ্যে মধ্যে অনিদ্রো, এবং নাড়ী, কখন বোধ হয়, কখন হয় না, এমত হয়, তাহা হইলে।

ঔষধ—ল্যাকিসিন্, তিনটী ক্ষুদ্র বটিকা ছুই তোলা জলে মিশ্রিভ করিয়া এক এক দিবস অন্তর এক সপ্তাহ পর্যান্ত প্রাতঃকালে এবং সন্ধান-কালে দিবেক্ [

সহকারী উপায়।

যদ্যপি পূর্ব্বোক্ত লক্ষণ সকল অনুসারে ঔষধ প্রয়োগ করিয়া অনিদ্রো এবং অন্থিরতা, ও চর্ম্মের উত্তাপ, শীদ্র দূর না হয়, তাহা হইলে, ঈষহৃষ্ণ জলে ফ্রানেল্ বা তাদৃশ কোন বস্ত্র বা স্পঞ্জ নামক দ্রেব্য, ভিজাইয়া তদ্বারা শিশুর অঙ্ক পরিক্ষার করিয়া দিবে।

পথ্য ব্যবস্থা।

এই রোগে পথ্য ব্যবস্থার প্রতি যতু রাখা নিতান্ত প্রয়োজন। রোগের অত্যন্ত প্রবলতা সময়ে শিশুর আহারে
সর্বতোভাবে অনিচ্ছা থাকে, তথন এবং রোগ শান্তির উপক্রম সময়ে, যখন ক্ষুধার উদ্দীপন হইতে থাকে, তৎকালে
ও কোনমতে প্রলোভন দ্রুব্য দ্বারা শিশুর পাকস্থলীকে ভারায়িত করিবে না। পাতলা যবের মণ্ড, অন্নের মণ্ড, অরোরুই,
প্রভৃতি লঘু-পাক দ্রুব্য মাত্র পথ্য দিবে, কোন প্রকার দৃঢ় দ্রুব্য,
বিশেষতঃ মৎস্থ মাংসাদি কদাচই দিবে না। এই রোগে কখন
কখন অতিরিক্ত ক্ষুধা হইয়া থাকে, তৎকালেও কোনমতে
প্রথমোক্ত ব্যবস্থার অন্যথা করিবে না। রোগ, বহুকালস্থায়ী
হইলে, বায়ু পরিবর্ত্তন করান বিশেষ উপকারক।

শিশুর ক্ষয় রোগ।

নিদান—এই রেগি পিশুর শারীরিক স্বভাববশতঃ, দস্ত উঠিবার সময়ে বা অতিরিক্ত স্তন্যপান, বা অপাচ্য দ্রব্য ভোজন করানতে, অথবা কৃমি দোষ জন্য উপস্থিত হইয়া থাকে।

চিকিৎসা।

যখন এই রোগ স্পাইতঃ প্রকাশিত হয়, তৎকালে এবং বিশেষতঃ যদ্যপি অতিক্ষুধা, অতিসার, বা অত্যন্ত কোষ্ঠবদ্ধতা থাকে, পাণ্ডুবর্ণঅ, চক্ষুঃ বসিয়া যায়, কুঁচ্কি এবং বগলের গুঠলি রদ্ধি হয়, তাহা হইলে।

ঔষধ—সক্ষর্, চুইটা ক্ষুদ্র বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া প্রত্যহ প্রাতঃকালে দশ দিবস পর্যান্ত দিবে, তাহার শেষ মাত্রার পাঁচ দিবস পরে, লক্ষণামূসারে পুনর্কার ঐ রূপে চালাইবেক।

যদ্যপি পূর্ব্বোক্ত ঔষধ আট দিবস পর্যন্ত দিয়া কোন বিশেষ উপকার বোধ না হয়, এবং অত্যন্ত ক্ষীণতা, অতিক্ষুধা, অতিশয় দৌর্বল্য, চর্ম্মের শিথিলতা, ও শুক্ষতা, পাঁকের ন্যায় মল, নিঃসরণ হয়, মধ্যান্ত্র-নিবিষ্ট গুঠলি রদ্ধি এবং কঠিন হয়, তাহা হইলে।

ঔষধ-ক্যাক্কেরিয়া, ছইটা ক্ষুদ্র বটিকা সলফরের ব্যবস্থার ন্যায় দিবেক।

যদ্যপি শিশু, পুনঃ পুনঃ চীৎকার করে, উপরের দিকে, পদম্বয় টানিতে থাকে, পেট ফাঁপিয়া কঠিন হইয়া থাকে, অত্যস্ত অন্থিরতা, এবং জ্বর বোধ, ও ঘাদের ন্যায় সরুজবর্ণ, বা অত্যস্ত হরিদ্রোবর্ণ, অথবা ঈষৎ শ্বেতবর্ণ, ফেণা বিশিষ্ট, পচা গদ্ধ যুক্ত, মল নিঃসৃত হয়, পিত্ত বমন, পিপাসা, কুধা হীনতাদি থাকে, তাহা হইলে।

ঔষধ—ক্যামোমিলা, তিনটা ক্ষুদ্র বটিকা তিন তোলা জলে মিশ্রিত করিয়া অর্দ্র তোলা পরিমাণে প্রতি দিবসু শতন বার করিয়া দিবেক।

যদ্যপি অত্যন্ত অন্থিরতা, ক্ষুধা এবং পিপাসা শূন্যতা, অথবা অতিশয় ক্ষুধা থাকে এবং উদ্গারের সহিত অমু জল

উঠে, ভুক্ত-দ্রব্য বমন হইয়া উঠিবার উপক্রম হয়, গুনঃ পুনঃ জলবৎ পিচ্ছিল পিত্ত মিশ্রিত, ঈষৎ সরুজ বা শ্বেতবর্ণ মল নির্মত হয়, তাহা হইলে।

उष्य-পट्मिना, भूर्यावर ।

যদ্যপি অতিসার অপেক্ষা বমন প্রবল হয়, এবং বমন হইয়া, উদর হইতে ঈষৎ সবুজবর্ণ জল উঠে, তাহা হইলে। ঔষধ—ইপিক্যাকুয়ানা, পূর্ববৎ।

যদ্যপি কোষ্ঠাবরোধ এবং অতিসার উপর্যুপরি রূপে হয়, ক্ষুধা হীনতা, বমন, পেট ফাঁপা, অমুত্ব, অত্যন্ত দৌর্বল্য, মুখের ভিতর ঘা দেখা যায়, তাহা হইলে।

ঔষধ—নক্ল-বমিকা, প্রথমতঃ পূর্ম্বৎ দিয়া তাহাতে বিশেষ উপকার বোধ না হইলে, ব্রায়োনিয়া, একটা ক্ষুদ্র বটিকা পরিমাণে প্রত্যেক ১২ ঘণ্টা অন্তর দিবেক।

চর্মা শুক্ষ, চক্ষুদ্বর কোটর প্রবিষ্ট, জলপান করিতে অত্যন্ত ইচ্ছা, কিন্তু এক বারে অত্যন্প পরিমাণে পান করা, রাত্রিতে অতিশয় অন্থিরতা, অনিদ্রো, পেট কাম্ডান, রাত্রিতে ঘর্মা, অতিশয় হ্র্বলতা, ঈষৎ সুরুজ, কটা, বা ক্লফবর্ণ, অথবা অপক-দ্রব্য মিশ্রিত, মল, নির্গত হইলে।

ঔষধ—আদে নিকম্, একটি ক্ষুদ্ধ বটিকা এক তোলা জলে মিশ্রিত করিয়া, চারি দিবস পর্যান্ত রাত্রি এবং প্রাতঃকালে দিয়া শেষ মাত্রার ছুই দিবস পরে আবশাক হুইলে পুনর্কার ঐক্লপে চালাইবেক।

যদ্যপি ঘাড়ের উপরের গুঠলি রৃদ্ধি হয়, এবং তলপেটের গুঠলি সকল কঠিন হইয়া ফুলিয়া উঠে, শিশু পুনঃ পুনঃ নিদ্রা যাইতে ইচ্ছা করে, অত্যন্ত অলস, আমোদ উৎসাহ ইত্যাদিতে অনিচ্ছা থাকে, আমাশয়, অথবা পাতলা মলের সহিত ক্রমি নির্গত হয়, তাহা হইলে। উষধ—বারায়্টা, ছইটা ক্ষুত্র বটিকা এক জোলা জলে মিঞ্তি করিয়া এক সপ্তাহ পর্যান্ত প্রতাহ প্রাতঃকালে, এবং সন্ধ্যাকালে দিয়া, শেষ মাতার চারি দিবস পরে আবশ্যক হইলে পুনর্কার ঐ ক্রপে চালাইবেক।

যদ্যপি উদর কষিয়া ধরিয়া কঠিন হইয়া থাকে ও হস্ত পদাদি বা এক চরণ মাত্র কখন কখন শীতল্ল হয়, কোষ্ঠবদ্ধতা বা অতিসার হইয়া অপক-ভুক্ত-দ্রব্য মিপ্রিত জলবৎ তরল মল, নির্গত হয়, তাহা হইলে।

उष्य-कानियम्, शूर्वादः।

যদ্যপি শিশু নিতান্ত অবাধ্য হয় এবং রাত্রিতে কাশীর সহিত গলার ভিতর শ্লেম্মা জড়াইয়া ঘড় ঘড় শব্দ হয়, ঘাড়ের গুঠলি রদ্ধি হয়, তাহা হইলে।

ঔষধ—বেলাডোনা, একটা ক্ষুদ্র বটিকা এক ভোলা জলে মিশ্রিড করিয়া চারি দিবস পর্যান্ত প্রভাহ প্রাভঃকালে এবং সন্ধানকালে দিয়া শেষ মাত্রার ছুই দিবস পরে প্রয়োজন হুইলে পুনর্কার ঐ রূপে চালাইবেক।

যদ্যপি শিশু, অত্যন্ত ক্ষীণ হইয়া যায় এবং অতিক্ষুধা, রাত্রিতে অতিসার হইয়া, পুনঃ পুনঃ শ্বেতবর্ণ, (চাউলের মণ্ডের ন্যায়) অথবা অপক-ভুক্ত-দ্রব্য মিশ্রিত মল নির্গত হয়, অত্যন্ত দৌর্বলা, অপপ নিদ্রো, এবং রাত্রিতে পুনঃ পুনঃ ঘর্ম হয়, তাহা হইলে।

ঔষধ—চায়্না, ছইটা ক্ষুদ্র বটিকা এক তোলা **জলে** মিশ্রিত করিয়া ক্রমশঃ প্রত্যন্ত রাক্রিকালে শয়নের পূর্বের সেবন করাইবে. এবং কিঞ্জিং লাঘ্য হইলে পাঁচ দিবস পরে পুনর্ব্বার উক্তনিয়মামুসারে দিবে।

যদ্পি ক্রমিদোষ লক্ষিত হয় অর্থবা রাজ্রিতে শিশু শয্যায় প্রস্রাব ত্যাগ করে ও অসম্ভব ক্ষুধা থাকে, তাহা হুইলে।

उध्य-मिना, भूक्तवर ।

অত্যন্ত দৌর্কল্য, অলস, সদত শয়ন করিয়া থাকিতে ইচ্ছা থাকিলে এবং অতিসার হইয়া রক্ত মিশ্রিত বা পিচ্ছিল মল, নিঃসরণ হইলে।

উষধ--রস্ -উক্লিকোডেগুনু, পূর্ববং।

পথা ব্যবস্থা।

যখন এই রোগ ছ্থাপোষ্য শিশুর হয়, তৎকালে ধাত্রী পরিবর্ত্তন করিয়া অন্য কোন সুস্থকায়া প্রস্থুতীর স্তন্যপান করাইবে। অথবা গর্দ্ধভের বা ছাগলের হ্ল্যা বা কখন কখন অত্যুক্ষা পরিমাণে পাতলা মাংসের কাথ (শরীর পোষণের নিমিন্ত) দিবে। যদ্যপি শিশু, স্তন্যপান ত্যাগ করিয়া, অন্য কোন প্রকার অল্লাদি ভোজন করিতে আরম্ভ করিয়া থাকে এবং ক্ষয় রোগে অধিক দিন আক্রান্ত না হইয়া থাকে, তাহা হইলে, আহারের পরিমাণের অক্পাতা এবং ক্ষ্যী-পাচ্য-দ্রব্যু পরিত্যাগ করাইলে অতি স্থরায় আরোগ্যে লাভ করিবে। যদ্যপি শৈশবাবস্থা উত্তীর্ণ হইয়া এই রোগ উপস্থিত হইয়া থাকে, তাহা হইলে (হ্ল্যা বিধেয় হইলে,) গাভী বা গর্দ্দভের হ্ল্যা তিন ভাগ এবং জল এক ভাগ একত্রিত করিয়া সদৃশ ব্যবস্থার নিয়মান্ত্রসারে জাল দিয়া দেওয়া যাইতে পারে, পরিক্ষত বায়ু সেবন এবং নিয়মিত ব্যায়াম এই রোগে বিশোষ উপকারী।

এই পুস্তকে যে সকল ঔষধ ব্যবহৃত হইল তাহাদিগের বিশেষ গুণ!

অরম্-মেটালিকম্।

প্রতিষেধক ও দোষত্ম ৷—বেলাডোনা, চার্না, কুপ্রম্, মর্কিউরিয়স্।

পুনঃ পুনঃ পারা ব্যবহার করাতে যে সকল রোগ উৎপন্ন হয়, হাড়ের ভিতরের রোগ, অত্যন্ত প্রদাহ বিশিষ্ট, শিরা বা অন্থি সম্বন্ধীয় যে সকল রোগ পারা ব্যবহার করাতে উপস্থিত হইয়া থাকে, জরায়ু যন্ত্রের রোগ, স্থতিকার পীড়া, চক্ষুঃ, কর্ণ, বিশেষতঃ অন্থি মধ্যে শ্লেষ্মজ রোগ, হৃৎপিণ্ডের এবং রক্ত পরিচালনের বিক্কৃতি, বক্ষঃস্থলের শোপঃ ইত্যাদি, রোগেতে এই ঔষধ বিশেষ উপকারী।

মন্তকের শীতলতা, বদনের এক দিকে ক্ষীততা, প্রাতঃকালে অধিক ঘর্মা, হস্ত পদাদির অগ্রভাগ শীতল, বদন উত্তপ্ত, সমুদয় শরীরে শীতল বোধ, শয়ন কালীন কম্প, চোয়ালের উপরিভাগের অন্থির ও লালটান্থির ক্ষীততা, নাসিকাতে হুর্গন্ধ বোধ, কর্ণের ভিতর ভোঁ ভোঁ শব্দ হয়, দৃষ্টিতে দৃষ্ট-পদার্থের উপর রেখা অঙ্কিত বোধ দৃষ্টি করিলে অগ্নিশিখা বা ক্লক্ষবর্ণ বোধ হয়, অক্সুলির হুর্বলতা, কোন প্রকার চিন্তা করিতে হইলে, মস্তিকের বিক্কৃতি উপস্থিত হয়, রোদনে ইচ্ছা, ক্ষীবন

আশার নৈরাশ্য, হৃশ্চিন্তা, কুস্বপ্ন দর্শন, নিদ্রিতাবস্থার বাক্য কথন, নাসিকার অস্থিতে ঘা, নাসিকা ফোলা, কর্ণের ভিতর ঘা হইরা হুর্গন্ধ পুঁজ নির্গত হয়, মাঢ়িতে ঘা, দন্ত শিথিল, অঙ্গুলির প্রস্থিত সকলে বেদনা বোধ, আহারে বিশেষতঃ, মৎস্থ মাংসাদিতে অনিচ্ছা, অতিরিক্ত ক্ষুধা এবং পিপাসা, পেটের এক স্থলে গদির ন্যায় ফুলিয়া থাকে, মধ্যে মধ্যে অন্ত্র-রিদ্ধির পীড়া উপ-স্থিত হয়, রাত্রিকালে অতিসার, মূত্রাবরোধ, দধির ন্যায়, ঈষৎ শুত্রবর্ণ বা পিচ্ছিল পদার্থ মিশ্রিত প্রস্রাব হয়, ইত্যাদি উপসর্গে এই ঔষধ উপকার জনক।

আর্ণিকা।

প্রতিষেধক ও দোষত্ম।—কর্প্র, ইগ্নেশিরা, ইপিক্যাকুরানা, বেরাট্রম্।

কোন প্রকার বাহ্ন আঘাত জন্য যে বেদনা উপস্থিত হয়,
অথবা রক্ত জনে, চর্ম্মের উপর স্থান বিশেষে ফুলিয়া রক্তবর্ণত্ব,
বাহ্ন আঘাত জন্য দাঁতি লাগা, স্থান বিশেষ হইতে রক্ত নির্গত
হওয়া, প্রদাহ জন্য শারীরিক কোন স্থানের শক্তিহীনতা,
ফোড়া ইত্যাদি, হুলবিশিষ্ট কীটাদির দংশন, রক্ত-বমন, বা
কাশীর সহিত রক্ত উঠা, স্ত্রীলোকের স্তন, এবং স্তনের অগ্রভাগের স্ফীততা, প্রভৃতি রোগে এই ঔষধ বিশেষ উপকারক।
শল্লীরের অধোভাগ শীতল, এবং উদ্ধভাগ উত্তপ্ত, মস্তক
চুল্কায়, শরীরের মধ্যে শীতল জল সেচনের ন্যায় শীত বোধ
হয়, রাত্রিতে অতিশয় পিপাসার সহিত কম্প, চর্ম্মের উপর,
প্রথমতঃ রক্তবর্ণ চিত্ন উপিত হইয়া পরেতে পীতবর্ণ হয়, ঘাড়ের

এবং চোয়ালের নীচের গুঠলি ফুলে, এক দিকের গণ্ডদেশ ফুলিয়া রক্তবর্ণ হয়, পেট ফুলে, হস্তের শিরা সকলের ক্ষীততা, মাঢ়িতে এবং ওপ্তেতে অত্যস্ত যাতনা, ভ্রমণ করিবার সময় বক্ষঃস্থলে এবং পার্শ্বে বেদনা বোধ, আহার করিতে বা শরীর চালিত করিবার সময়, মস্তকে অত্যস্ত যাতনা বোধ, পাক-স্থলীতে বেদনা, বক্ষঃস্থল হইতে ক্ষম্ম দেশ পর্যান্ত বেদনা।

দন্ত শিথিল, হঠাৎ বিনাকারণে মূর্চ্ছা, অন্ধুলি সকল ধারণ-শক্তি বিহীন, গমনকালীন জামু, শক্তিহীন হয়, চক্ষুঃ বহির্নিগত এবং অর্দ্ধ মুদ্রিত, চক্ষুতে ঘোর দর্শন, কর্ণের ভিতর ভোঁ ভাঁ শব্দ বোধ, নীচের চোয়াল শক্তিহীন হইয়া ঝুলিয়া পড়ে, মাঢ়ি আঁটিয়া ধরে, মুখ দিয়া তিক্ত জল উঠা, আহারে অনিচ্ছা, পাকস্থলীর হর্বলতা, রক্ত মিশ্রিত ভুক্ত-দ্রব্য বমন, দলা দলা রক্ত বমন, কোষ্ঠবদ্ধ, ঈষৎ কটাবর্ণ প্রস্রাব বা প্রস্রা-বের পরিবর্ত্তে রক্তত্মাব, মুখে অত্যন্ত হুর্গন্ধ, নিঃস্থাস প্রাথাসে কষ্ট বোধ, ঘনশ্বাস, বক্ষঃস্থলে অত্যন্ত ভার বোধ, শিশুর রোদনের পর কাশী, কাশ উঠিবার জন্য রুথা চেম্টা, শুক্ষ, . জ্বপ্প, কাশী, নিদ্রিত সময়ে কাশী। প্রাতঃকালে মুখ দিয়া অত্যন্ত হুর্মন্ধ নির্গত হয়, মুখ অতিশয় শুক্ষ, ওষ্ঠাধর স্ফীত, মাঢ়িতে বেদনা হইয়া দন্ত দীর্ঘ বোধ, জিহ্বা শুক্ষ বা কখন ক্থন রক্তবর্ণ, গলার ভিতর স্থালা বোধ অথবা তিক্ত শ্লেখ্রা একত্রিত হওয়া, নাসিকা দার দিয়া অতিরিক্ত রক্তস্রাব, নাসি-কার স্ফীততা, নার্দিকা রন্ধের ভিতর শুদ্ধতা এবং উত্তাপ বোধ। চক্ষুর ভিতর যাতনা, চক্ষুঃ ফুলিয়া লাল বর্ণ বা ঈষৎ নীল বর্ণ হয়, চক্ষুর পাতা ফুলা দেখা যায়, ইত্যাদি উপ্পদর্গে এই ঔষধ প্রয়োগ করা যায়।

আর্মেনিকম্।

প্রতিষেধক ও দোষত্ম।—চায়্না, ফেরম্, হেপার্, নক্স-বমিকা।

শারীরিক শিরা সকলের শক্তির অপ্রতা হইলে এই ঔষধ বিশেষ উপকারী হয়, তজ্জন্য বহুবিধ তরুণ বা প্রাচীন রোগে, যাহাতে শরীরের হানি করে, তাদৃশ অবস্থায় দেওয়া যায়, এবং চর্মরোগ, পচা, গলা ঘা, ফোড়া, গুঠলির ঘা, প্রভৃ-তিতে ব্যবস্থা করা যায়। অপিচ ভয়ানক পিত্ত জ্বর, যাহাতে ক্রমশঃ শরীরকে ক্ষীণ করে তাদৃশ স্থরে, এবং পাকস্থলী, অন্ত্র, যক্তৎ, ফুস্ ফুস্ যন্ত্র, প্রভৃতির স্ফীততা, বাহ্য শোথঃ, জরায়ু সমন্ধীয় যন্ত্র ঘটিত বিক্কৃতি, মস্তিক্ষের, বা নিঃশ্বাস প্রশ্বাসের যন্ত্রের প্রাচীন রোগ সকল, বহুকাল স্থায়ী শারীরিক দৌর্বল্য, এবং কুইনাইন্, বা আয়োডাইন্, অধিক পরিমাণে ব্যবহার করাতে যে সকল রোগ উৎপন্ন হয়, ওলাউঠা, অতিসার, বিকার-জ্বর, মূহ্ জ্বর, প্রভৃতিতে এই ঔষধ বিশেষ উপকারক। আহারে অনিচ্ছা, অত্যন্ত পিপাসা সত্তে অত্যম্প পরিমাণে এক বারে জল পানে শক্তি, ভুক্ত-দ্রুব্য বমন, উদ্দার, আহারের পর রোগী বসিতে অশক্ত হয়, বমনেচ্ছা, রাত্রিতে হিক্কা, পাকস্থলী হইতে অমু পদার্থ উঠা, শীতল জলে বা অমুে অত্যস্ত ইচ্ছা, কিঞ্চিৎ আহার করিলে বমন হয়, পাক স্থলীতে উত্তাপ এবং জ্বালা বোধ, অত্যম্ভ বেগের সহিত জলবৎ অতিসার, ক্ষীণতা, মূত্রা-বরোধ, বা জ্বালার সহিত, রক্ত মিশ্রিত প্রস্রাব নিঃসরণ, অন্ত সকল প্রান্থির ন্যায় একত্র ছওয়া, ঈষৎ শ্বেতবর্ণ মলের সহিত অপর-ভুক্ত-দ্রব্য নির্মত হয়, শীত বোধ, শরীরের নানা স্থানে

শোথঃ জন্য ফুলিয়া সেই সকল স্থানের ভিতর জ্বালা বোধ,
হুর্বল-কারী ঘর্মা, সর্বর শরীরে কম্পা, নিদ্রিতাবস্থায় ঘর্মা, নাভির
চতুম্পার্শ্বে ঘা, চর্মের শুক্ষতা, নথ, ঈষৎ নীলবর্ণ, জ্বালা বিশিষ্ট
ঘা, রাত্রিতে সর্বর শরীরে জ্বালা বোধ, মস্তক, উদর, চরণ, ফুলা,
বদনের উপর ঘা, শিরা ফুলা। নাড়ী, মুহুগামিনী, অসমান
গতি বিশিষ্টা, অত্যন্ত ক্ষীণা, রাত্রিতে অন্থিরতা, মস্তক দপ্
দপ্ করে, সম্পূর্ণ রূপে শক্তিহীনতা, রাত্রিতে কাশী, এবং
তজ্জন্য শাসাবরোধ, অনিদ্রো, চুলানি, মস্তিক্ষের হ্র্বেলতা,
জিহ্বাতে তিক্তাস্থাদন, চরণম্বয়ে অত্যন্ত শুম বোধ। নিঃশ্বাস
প্রশ্বাদে কষ্ট, রক্ত মিশ্রিত গ্রেক্লা উঠা, গলার ভিতর জ্বালা
বোধ, শরন করিবামাত্র শুক্ষ কাশী, গলায় ক্লোম্বা জড়াইয়া
থাকা, ফুস্ ফুস্ যন্ত্রের শক্তিহীনতা।

যে সকল জ্ব, সূর্য্য উদয় বা অস্তকালীন অথবা চল্লিশ ঘণ্টা বা ৭০ ঘণ্টা অস্তর নিয়মিত রূপে আক্রমণ করে, এক-জ্বরীতে অত্যন্ত ক্লান্ত করিয়া রোগীকে শক্তিহীন করে, এবং জ্বর কালীন রোগীর অজানতঃ মল নির্গত হয়। হস্ত পদাদির অগ্রভাগে, পাকস্থলীতে, উদর মধ্যে, মস্তকে, বা শরীরের অন্যান্য অংশে, জ্বালাবৎ অসন্থ যাতনা বোধ, প্রাতঃকালে বা রাত্রিতে শয়ন সময়ে যাতনার রৃদ্ধি, আহার করিলে মস্তকে যাতনা রৃদ্ধি, চক্ষুর জ্বালা, জাম্বর সংযোগ স্থানে জ্বালাবৎ যাতনা বোধ, মাজা হইতে উক্লদেশ পর্য্যন্ত টানিয়া ধরার ন্যায় যাতনা। মুখ অত্যন্ত শুদ্ধ এবং মুখ হইতে হুর্গন্ধ নির্গত হয়, মুখে এবং গলার ভিতর ঈষৎ সরুজ্ব বা ঈষৎ কটাবর্ণ শ্লেম্মা একত্র হয়, গলা, শুক্ষ, উত্তর্গ, ও প্রদাহ বিশিষ্ট, মাঢ়ি ফুলা, এবং কর-স্পূর্ণ মাত্র মাঢ়ি দিয়া রক্ত নির্গত হয়, দন্ত সকল

শিথিল, নাসিকা দিয়া জ্বালার সহিত, ঈষৎ ক্লফবর্ণ, ক্ষারবৎ পাতলা, জল নির্গত হয়, নাসিকার ভিতর শুক্ষতা বোধ।

চক্ষুঃ দিয়া জলতাব হয়, এবং ঘোর দেখায়, চক্ষুর শেত ভাগ পীতবর্ণ, চক্ষুর অভ্যন্তরস্থ স্বচ্ছ ভাগে ঘা, চক্ষুর পাতা ফুলিয়া রক্তবর্ণ হয়, চক্ষুর পাতা শ্লোগ্রা দ্বারা বদ্ধ হইয়া থাকে, চক্ষুঃ দিয়া ক্ষারবৎ জল নির্গত হয়, এবং সেই জল যে স্থানে পতিত হয় শরীরের সেই স্থানে বেদনা হয়। স্ত্রীলোকের নিয়মিত সময়ের পূর্ব্বে রজোনির্গত হওয়া এবং রজোদর্শন কালীন অতিরিক্ত পরিমাণে শ্বেত-প্রদর দেখা যায় ইত্যাদি রোগে এই ঐবধ বিশেষ উপকারী।

ইউদ্দেশিয়া।

প্রতিষেধক ও দোষত্ব।—কপুর, পল্সেটিলা।

এই ঔষধ, চক্ষুর, এবং চক্ষুর পাতায়, নাসিকায়, গলায়, বায়ু নির্গমনের পথের পীড়ায় এবং যান্ত্রিক শিরার উপর বিশেষ অধিকার রাখে। চক্ষুর, চক্ষুর পাতায়, প্রদাহ এবং ঘা, নাসিকা রক্ষের ভিতর অত্যন্ত উত্তাপ ও অতিরিক্ত, জল আব, প্রাচীন ঘা হইতে জলবং পদার্থ নিঃসরণ, অমুত্র, কাশী, এবং যে কাশীতে অতিরিক্ত শ্লেয়া উঠে, তৎপক্ষে বিশেষ উপকারী।

চক্ষুর অভ্যন্তরন্থ স্বচ্ছ-অংশ ফুলিয়া ঘা হয়, চক্ষুর পাতার প্রদাহ বিশিষ্ট ঘা হইয়া তাহার সহিত মাথাধরা থাকে, উভয় চক্ষুঃ কোলা ও অত্যন্ত বাতনা, চক্ষুঃ দিয়া ক্ষারবৎ উষ্ণ জল নির্মাত হয়, এবং তৎকালে নাসিকাদ্বার দিয়াও তাদৃশ জল নির্মত হয়, বা উক্ত প্রকার জলের সহিত রক্ত মিঞ্জিত থাকে, চক্ষুর পাতা রদ্ধি হয়, ও আঁটিয়া থাকে, চক্ষুঃ, নাসিকা, এবং নাঢ়ি দিয়া রক্তপ্রাব হয়। নিঃশ্বাস প্রশ্বাসে কট কোধ, ও কাশী হইয়া শ্বাস রোধ করে। শরীর স্বভাবতঃ শীতল, যা হইতে বহুকাল পর্যান্ত রস নির্গত হয়, অঙ্কুলির গ্রন্থি সকল হঠাৎ ফুলিয়া উঠে, বদনের চর্ম্মে উত্তাপ হইয়া রক্তবর্ণ হয়, বদনের চর্মে উত্তাপ কালীন, এমত ক্যা বোধ হয়, যে বদন চালিত করিলে বদনের চর্ম্ম ফাটিয়া যাওয়ার ন্যায় কট্ট

চক্ষুতে আলোক অসহ এবং চক্ষুর উপর ভার বোধ, মস্তকের রক্ত পরিচালনের নিয়মিত গতি ভঙ্গ, নিদ্রা হ্ইতে হঠাৎ চম্কিয়া উঠা, স্মরণ–শক্তি বিহীনতা, কর্ম বিশেষে মনো–থোগের বিচ্ছিন্নতা, অন্ধুলি সকলের শক্তিহীনতা। শারী–রিক বা মানসিক ব্যায়ামে অনিচ্ছা ইত্যাদি রোগে এই ঔষধ প্রয়োগ করা যায়।

ইগ্লেশিয়া।

প্রতিবেধক ও দোষত্ম।---আর্ণিকা, কর্পুর, ক্যামোমিলা, পল্সেটিলা।

এই ঔষধ যান্ত্রিক শিরা সমূহে এবং মস্তিক্ষের ও আবক যন্ত্র সকলের উপর বিশেষ অধিকার রাখে।

হঠাৎ কোন প্রকার মনোবেগ জন্য মূর্চ্ছা ইত্যাদি ও শারীরিক ও মানসিক রত্তির লঘুতা, যাতনার সহিত শিরা সম্ব-ন্ধীয় উপসর্গ, আর্ত্তবের দোষ, পাকস্থলীর বিক্কৃতি, ইত্যাদি রোগে এই ঔষধ বিশেষ উপকারী হয়। মস্তকে শলাকা বিদ্ধ করার ন্যায় যাতনা, এক দিকের জ্ব বা মস্তকের এক দিকে ছেদন করার ন্যায় যাতনা, এক পার্শ্বে শয়ন করিলে, সেই পার্শ্বের অন্থি সকলে মোচ্ড়ানির ন্যায় বেদনা বোধ, উত্তান-শায়ী হইলে যাতনার নির্ভি, হস্তের গ্রান্থি সকলে এবং অন্থি সমূহে, অসহ্থ যাতনা বোধ, মস্তকের পশ্চান্তাগে ও সম্মুথে কাম্ড়ানি, চক্ষুর ভিতর বালি পড়ার ন্যায় কন্ট বোধ, রজস্বলা কালীন জরায়ু মধ্যে মোচ্ড়ানির ন্যায় বেদনা, উরু দেশের পশ্চান্তাগে ছিঁড়িয়া ফেলার ন্যায় যাতনা।

শরীর কঠিন হইয়া পশ্চাদিকে নত হয়, মুখ দিয়া জল উঠে,জ্ঞান শূন্যতা, হাঁই উঠা, অম্প নিদ্রা, স্বপ্রদর্শন করিয়া চীৎকার করা, অদম্য স্বভাব, গলার ভিতর চাপিয়া থাকাতে গিলিবার ব্যাঘাত, চক্ষুর সমূখে অগ্রি শিখা দর্শন, সর্ব্ব শরীরে কম্প, অন্য সমুদয় শব্দ অপেক্ষা মন্থবেয় শব্দ স্পাই শুনিতে পায়, প্রত্যেক বার আহারের পর হিক্কা, পাকস্থলীর মধ্যে শূন্য বোধ হয়।

স্ত্রীলোকের রজস্বলা কালীন অতিরিক্ত রজঃস্রাব হয়, এক পক্ষের মধ্যে পুনর্কার রজোদর্শন, রজস্বলা কালীন হৃৎকম্প।

হ্য় এবং তামাকুতে অশ্রদ্ধা, মুখে মুন্তিকার ন্যায় আস্বা-দন, তিক্ত শ্লেয়া বা ভুক্ত-দেব্য উঠা, কোষ্ঠাবরোধ, মল নিঃস-রণে অত্যন্ত বেগ, হারীষ নির্গত হয়, মলের সহিত ক্লমি মিশ্রিত থাকে, উদর ভঙ্গ হইয়া রক্ত মিশ্রিত কেণা বিশিষ্ট পাতলা মল নির্গত হয়, অথবা তদ্বিপরীতে অধিক বেগের পর হরিদ্রো-বর্ণ বা ঈষৎ শ্বেভবর্ণ, কঠিন, রহৎ, মল খণ্ড সকল নির্গত হয়।

বক্ষঃক্রল এবং গলা চাপিয়া ধরে ও তাহার সহিত শুদ্ধ কাশী থাকে, দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ, কটে নিঃশ্বাস প্রশ্বাস বাহিত হয়। শরীরের চর্ম উত্তেজিত হইয়া চুল্কায়, বদন কথন রক্তরণ এবং কখন নীলবর্ণ দেখা যায়, সমুদয় শরীরে উত্তাপ, এক দিকের গগুদেশ রক্তবর্ণ, আহার কালীন ঘর্ম নির্গত হয়, কর্ণের নীচের গুঠলি ফুলে, চুল উঠিয়া যায়, হস্ত ঘামে, গমন কালীন চরণের গুল্ফে বেদনা বোধ হয়।

মুখ মধ্যে অম্ল জল একত্র হয়, বদনের অভ্যন্তর এবং তালু ফুলে, জিহ্বার নীচের গুঠলিদ্বয়ের উপর ক্ষুদ্র ক্ষুদ্র ঘায়ের চিহ্ন দেখা যায়, চর্ব্বণ বা বাক্য কথন সময়ে, জিহ্বা দংশন।

নাসিকার ভিতর শুক্ষতা এবং চুল্কানি, নাসিকাতে উন্তাপ, অথবা বহির্ভাগ ফুলা, আলোক দর্শন করিলে চক্ষুঃ দিয়া জল-আব হর, চক্ষুর উপরের পাতা ফুলা ইত্যাদি রোগে এই ঔষধ ব্যবহার করা যায়।

ইপিক্যাকুয়ানা।

প্রতিষেধক ও দোষত্ব।—আর্ণিকা, আর্দেনিকম্, চায়্না।

অপাচ্য দ্রের ভোজন জন্য পাকস্থলীর বিকৃতি জন্মাইয়া বমনেচ্ছা বা অতিশয় বমন, অজীর্ণ বা পিত্ত লক্ষণ বিশিষ্ট বোরতর স্বর, নিঃশ্বাস প্রশ্বাসের প্রণালীর প্রদাহ, শারীরিক নানা রক্ত্র হইতে রক্তপ্রাব, মূহু স্বর, বমন, পিত্ত বমন, কাশী, উদর ভঙ্গ, বিশেষতঃ অতিরিক্ত কুইনাইন্ ঔষধ ব্যবহার জন্য যে সকল পীড়া উপস্থিত হয়, ইত্যাদি রোগে এই ঔষধ বিশেষ উপকারী।

একোনাইটু।

- প্রতিবেধক ও দোষত্ম।—বিনিগার্, কর্পুর, মদ্য, নক্স-বমিকা, উদ্ভিজ্জ অমু।

শারীরিক যন্ত্রে বা শরীরের কোন বিশেষ স্থানে রক্ত নিবদ্ধ হইলে, বাহ্য প্রদাহ বা প্রদাহ বিশিষ্ট রোগ সকল, বাহ্য উত্তাপ, রক্তবর্ণত্ব ও অধিক যাতনা থাকে, পাকস্থলী বা যক্তং ক্ষীত হইলে, তাহার প্রথমাবস্থায়, নিঃশ্বাস প্রশাসের যন্ত্রাদিতে প্রদাহ, শ্বাস কাশাদি, ভয় জন্য যে সকল মূর্চ্ছণ ইত্যাদি রোগ উৎপন্ন হয়, জরায়ুর প্রদাহ জন্য বিক্কৃতি, কামলা, প্রভৃতি রোগে এই ঔষধ বিশেষ উপকারী।

এন্টিমে। নিয়ম্-ক্রুডম্।

প্রতিষেধক ও দোষত্ব।—হেপার্, মর্কিউরিয়্রস্, পল্সেটিলা।
ত্বপাচ্য-দ্রব্য ভোজন বা অতি ভোজন জন্য পাকস্থলীর
বিক্রতি, পাকস্থলীর এবং অন্ত্রের স্ফীততা, প্রবল পিত্ত লক্ষণ
বিশিষ্ট পাকস্থলীর বিকার, অধিক বয়ক্ষ ব্যক্তিগণের উদরের
পীড়া, নিঃশ্বাস প্রশ্বাসের যন্ত্রে হাঁপানি রোগের ন্যায় উপসর্গ,
স্ত্রীলোকের প্রসব কালীন অতিশয় চক্ষুর পাতার স্ফীততা,
মাংসপেশী সকলের বাত রোগ, পানি বসন্ত, বা অন্য প্রকার
তাদৃশ চর্ম্ম রোগ, গ্রন্থি-বাত জন্য ফুলা, ইত্যাদিতে এই ঔষধ
বিশেষ উপকারী।

এ তিশানিয়ন্-টাটেরিকন্।,

প্রতিষেধক ও দোষত্ম।—চায়্না, ইপিক্যাকুয়ানা।

নিঃশাস প্রশ্বাসের যন্ত্রের রোণের প্রথমাবস্থায় বা শেষা-বস্থায়, শিশুর গলার ভিতর শ্লেয়া একত্রিত হইয়া ঘড় ঘড় শদ হয়, ও নিঃশ্বাস প্রশ্বাস অবরোধ করে, বসস্ত এবং তাদৃশ চর্মা রোগা, উৎকাশী, পিত্ত দোষ জন্য পাকস্থলীর বিক্নতি, তীব্র বাত রোগা, বিশেষতঃ যাহাতে নিঃশ্বাস প্রশ্বাসের যন্ত্র সকলকে অথবা হৎপিগুকে আক্রমণ করে, উক্ত লক্ষণাক্রান্ত রোগা সকলে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

এলমিন ।

প্রতিষেধক ও দোষত্ম।—ত্রায়োনিয়া, ক্যামোমিলা, ইপি-ক্যাকুয়ানা।

পেট বেদনার সহিত অত্যন্ত কোষ্ঠবদ্ধতা, গর্ভবতী স্ত্রীলো-কের, এবং শিশুগণের পীড়া, গর্ভ কালীন কোষ্ঠাবরোধ, বহু-কাল স্থায়ী মস্তকে শ্লোগ্ধা বদ্ধ, আঙ্কুল হারা এবং কুষ্ঠ প্রভৃতি চর্মা রোগ, মস্তকে রক্ত বদ্ধ, হইয়া শিরঃ শূল, গর্ভ কালীন দন্ত রোগ, এবং মাথাধরা, ও মূর্চ্ছা রোগ ইত্যাদিতে এই ঐষধ বিশেষ উপকারী।

এদিডম্-নাইট্রিক্।

প্রতিবেধক ও দোষত্ম।—ক্যালেকরিয়া, কপূর, কোনিয়ম্, হেপার, সল্ফর্।

মর্করি, প্রভৃতি পারা, অধিক পরিমাণে ব্যবহার করাতে

অন্থি সকলে এবং চর্মের উপর যে সকল রোগ হয়, এবং পারা ব্যবহার জন্য যে সকল চক্ষুঃ রোগ, শিরা সহন্ধীয় বিক্লতি, গুঠলি সকলের রোগ, উৎপন্ন হয়, বাত রোগ, প্রাচীন ক্ষত, সঞ্চিত গৃহিণী, রক্তামাশয়, জরায়ুর এবং মূত্র-স্রোবক যন্ত্রের পীড়া, নিঃশ্বাস প্রশ্বাসের যন্ত্রের প্রাচীন রোগ, মুখ-রোগ, প্রাচীন কাশী, এবং অজীর্ণ রোগ, প্রভৃতিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

এসিডম্-ফদ্ফরিকম্।

প্রতিষেধক ও দোষত্ব। — কপূর, কলি।

অস্থি সম্বন্ধীয় রোগ সকল, বলিষ্ঠ শরীরে রোগ ছইয়া পরিশেষে যে হুর্বলতা, ও ক্ষীণতা জন্মে, চিকিৎসা জন্য বা অত্যন্ত তীত্র রোগ জন্য যে ক্ষীণতা হয়, মনোবেগ জন্য যে মূদ্র জ্বর হয়, প্রাচীন রোগ জন্য যে ক্ষয় রোগ উৎপন্ন হয়, বহু কাল স্থায়ী গ্রন্থি-বাত, উদরের পীড়া, গৃহিণী, রক্তামাশয়, গ্রীয়া-প্রধান দেশ বিশেষে পিত্ত জ্বর জন্য নিয়ত উদরের পীড়া, প্রভৃ-তিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

এসিডম্-সল্ফরিকম্।

প্রতিষেধক ও দোষত্ম।—পল্সেটিলা।

মদ্যপায়ী দিগের প্রাতঃকালিক পীড়া, ধাতুস্থ জ্বর, অনিদ্রো, অজীর্ণ, প্রাচীন অতিসার, নিঃশ্বাস প্রশ্বাসের যন্ত্র সকলের বিক্কৃতি, আর্ত্ত্ব দোষ, চক্ষুঃ এবং চক্ষুর পাতার প্রাচীন রোগ,

সদৃশ বাবস্থা চিকিৎসা দীপিকা।

চর্ম্মের উপরের ঘা. এবং অন্যান্য রোগা, যদ্ধারা রোগীর শুরীর ক্রমশঃ রুশ হইতে থাকে, ইত্যাদি রোগে এই ঔর্ষধ বিশেষ উপকারী।

ওপিয়ম্।

প্রতিষেধক ও দোষত্ম।—বেলাডোনা, কর্পুর, নক্স-বমিকা, মদ্য।

এই ঔষধ শিরা সম্বন্ধীয় শারীরিক যন্ত্রের উপর বিশেষ কার্য্য করে, এবং উদর, মাংসপেশী ও মস্তিক্ষের উপর ও অধিকার রাখে। হঠাৎ ভয় বা মনোবেগ জন্য মূর্চ্ছাদি রোগ, সর্ব্বতোভাবে শক্তি হীনতা, স্থানীয় বা সর্ব্বাঙ্গিক অবসন্ধতা, সম্পূর্ণ অলস, ত্বগিন্দ্রিয়ের বোধ বা যাতনা শূন্যতা, শরীরের কোন বিশেষ স্থানে বা সমস্ত শরীরে কাম্ড়ানি, অন্ত্র কার্য্যের অভাব জন্য, বা অতিরিক্ত অতিসারের পর, কোন্ঠ বন্ধতা, ফুস্ ফুস্ যন্ত্রের অবসন্ধতা, মাদক দ্রুব্য পান জন্য প্রলাপ, ও অদ্ধাঙ্গ ইত্যাদি রোগ, এবং রদ্ধাবস্থায় যে সকল নানাবিধ রোগ উপস্থিত হয়, তাহাতে এই ঔষধ বিশেষ উপকারী।

ককিউলস্।

প্রতিষেধক ও দৌষত্ম।—কপূর, নক্স-বমিকা।

এই ঐষধ প্রথমতঃ পাকস্থলীতে এবং অন্ত মধ্যে, দ্বিতী-য়তঃ মস্তিকে, শিরা সমূহেতে বা বিশেষ রূপে জরায়ু এবং তন্নিকটস্থ স্থান সকলে, কার্য্য করে। অত্যন্ত বমনেচ্ছা বা বমন এবং পিত্ত দোষ জন্য যে রোগ হয়, অজীর্ণতা, উদর ক্ষীততা, অথবা কিফার্ত্তবা স্ত্রীলোকগণের উদর মধ্যে যে সকল শূলবং যাতনা উপস্থিত হয়, শারীরিক কোন স্থানে গর্ভকালীন রক্ত বদ্ধ হইয়া যে উপসর্গ উপস্থিত হয়, চরণদ্বয়ের অগ্রভাগের অবসন্ধতা, বন্ধনী শিরায় বাহ্য আঘাত, বা রজস্বলা কালীন কফ জন্য, যে সকল উপসর্গ উপস্থিত হয়, অথবা তীত্র রোগ সকলের পর অত্যক্ত দৌর্বল্যের সহিত যে সকল প্রাচীন জ্বর হয়, তাহাতে এই ঔষধ বিশেষ উপকারজনক।

কফি।

প্রতিষেধক ও দোষত্ম।— একোনাইট্।

এই ঔষধ যান্ত্রিক শিরা সকলের উপরে শীঘ্র কার্য্য করে।
জ্বর ব্যতিরেকে সমস্ত শরীরের বিক্বতি উপস্থিত হইয়া যে উত্তেজনা হয়, হঠাৎ আনন্দ বা তাদৃশ মনোবেগ জন্য মস্তকে রক্ত বন্ধ হইয়া বিক্বতি ভাব, ইত্যাদি রোগে এই ঔষধ বিশেষ উপকারী।

কপুরের আরক বা কপুর।

প্রতিষেধক ও দোষত্ম।—ওপিয়ম্, বিনিগার্, মদ্য।

সুর্য্যের উক্তাপে জ্ঞান শূন্য হইয়া, মৃত প্রায় হয়, শারীরিক যন্ত্রের খেঁচনি প্রভৃতি বিক্কৃতি, সামান্য কক, শ্বরের সহিত কক, অথবা হিম হইতে যে সকল রোগ উৎপন্ন হয়, অত্যন্ত তীব্র রোগ সকল প্রথমতঃ প্রকাশিত হইয়া পরেতে ক্রমশঃ শক্তিহীন করে, ওলাউঠা রোগের প্রথমাবস্থায়, প্রাচীন বা তরুণ অপস্মার রোগ, ও কএক প্রকার বিকার স্থারে এই ঔষর্ধ বিশেষ উপকারী।

কলে। সিহুবা কলে। সিহিস্।

প্রতিষেধক ও দোষত্ম।—কৃষ্টিকম্, ক্যামোমিলা, ষ্ট্যাফি-দেগ্রিয়া।

এই ঔষধ পাকস্থলীর উপরি ভাগে, এবং যান্ত্রিক শিরা সকলের উপরে, বিশেষতঃ বৃহদদ্দের উপর ও গ্রন্থি সকলে, শিরার বন্ধনিতে, বিশেষ রূপে অধিকার করে।

অন্ত্রের মোচ্ড়ানি এবং ক্ষীততা, মানসিক বিকার জন্য উদর ভঙ্গ, রক্তামাশয়, প্রাচীন অতিসার, শরীরের দক্ষিণ দিকে বহদক্রের মধ্যে ফাঁপিয়া থাকা, গ্রন্থিবাত, হস্ত পদাদির মধ্যে কোন একটীর সঙ্কোচন, প্রভৃতি রোগেতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

কলিচকম্।

প্রতিষেধক ও দোষত্ম।—ক্কিউলস্, নক্স-ব্যাকী, পল্সে-

এই ঔষধ পরিপাক এবং নিশ্বাস প্রশ্বাসের যন্ত্র সকলের উপর, অন্ত্র, রক্ত পরিচালনের, ও মূর্ত্র গ্রন্থিইরের, মূত্রস্থলীর, উপর বিশেষ ফলদায়ক। পাকস্থলীর বিক্তৃতি, আমাশীয়, প্রকাশ-রের এবং উদরের প্রদাহ বিশিষ্ট পীড়া, উদরের ক্ষীত্তার সহিত শূলবৎ বেদনা, রাত্রিতে শুক্ষ কাশী, উদরের বা বক্ষঃ-স্থলের শোপঃ, মূত্র গ্রন্থি এবং মূত্রস্থলীর প্রদাহ বিশিষ্ট বিক্ষৃতি ইত্যাদিতে এই ঔষধ বিশেষ উপকারী।

ক ষ্টিক মূ

প্রতিষেধক ও দোষত্ব।—কফি, কলোসিন্থ, নক্স-বমিকা।
এই ঔষধ যান্ত্রিক শিরা এবং বাছিক যন্ত্র সকলের উপর
বিশেষ অধিকার রাখে।

স্থীলোকের গর্ভ সমন্ধীয় মূর্চ্ছা রোগ, বহুকালস্থায়ী শিরার যাতনা, শিরার বাত রোগ, পক্ষাঘাত, অপস্মার, প্রাচীন চর্ম-রোগ, শ্লেমাজ চক্ষুর এবং চক্ষুর পাতার স্ফীততা ও মধ্যান্ত্র নিবিষ্ট গুঠলি সকলের রদ্ধি, কফ জন্য নিঃশ্বাস প্রশ্বাসের প্রণালীর প্রাচীন রোগ, গ্রান্থির অবসন্মতা, অর্শঃ, আর্ত্তবের বিসমতা, প্রাচীন অগ্নিমান্দ্য, প্রভৃতি রোগে এই ঔষধ বিশেষ ফলদায়ক।

कार्त्या-रविक्रिष्टिविन्या

প্রতিবেধক ও দোবত্ম ৷—আর্সেনিকম্, (ক্যাম্ফর্,) কপূরি ল্যাকিসিন্ ।

এই ঐষধ যান্ত্রিক আব, শোষণ, এবং রক্ত-পরিচালন, বিষয়ে, বিশেষ অধিকার রাখে।

প্রাচীন শ্বাস, শ্বর ভঙ্ক, অথবা বয়ু-বাহক-প্রণালীর অন্তরস্থ শ্লেষ্মজ রোগ, প্রাচীন ঘা, তীত্র রোগের প্রাচীন অবস্থায় শারী- রিক দৌর্বল্য জন্য যে সকল উপসর্গ উপস্থিত হয়, পারা ব্যবহার জন্য শারীরিক গুঠলি সকলে যে সকল প্রাচীন রোগ হইয়া থাকে, মাঢ়ির ঘা, ক্ষয় রোগের প্রথমাবস্থা, উদরক্ষীততা থাকিয়া অজীর্ণ রোগের প্রথমাবস্থা, কিঞ্চিৎ সময়ের পরিবর্ত্তন হইলে শীতোফ জন্য যে সমস্ত উপসর্গ উপস্থিত হয়, ও শারী-রিক দৌর্বল্য জন্য চর্ম্মের উপর যে সকল ফুক্ষুড়ি উঠে, ইত্যাদি রোগে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

क् श्रग्।

প্রতিষেধক ও দোষত্ম।—বেলাডোনা, ক্যাল্কেরিয়া, ডদ্কে-মেরা, হেপার্।

এই ঔষধ যান্ত্রিক শিরা সকলের উপর শীন্ত্র কার্য্য করে, তরিমিত্তে মস্তিক্ষের,ও নিঃখাস প্রাখাসের যন্ত্র সকলের উপর এবং পাকস্থলী ও অন্তর সমস্কে বিশেষ অধিকার রাখে।

পাকস্থলীর, এবং অন্ত্র সকলের অতিশয় বিক্কৃতি জন্য বমন, বিরেচন এবং বাহ্য টক্কার ইত্যাদি যাহা হইয়া থাকে, নিঃশাস প্রশাসের যন্ত্রের বিক্কৃতি, ওলাউঠা, অতিসার, শ্বাস রোগ, এবং বহুকাল স্থায়ী অতিরিক্ত কাশী, ইত্যাদিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

কে†নিয়ম।

প্রতিষেধক ও দেখিল্প।—কফি।

এই ঔষধ নিঃশ্বাস প্রশ্বাসের যন্ত্র সকলের এবং পাকস্থলী ও অক্তের উপর বিশেষতঃ জরায়ু, ও তরিকটম্ব স্থান সকলে (৪২) বিশেষ অধিকার রাখে। হাঁপ্ কাশী এবং বার্দ্ধক্যে যে সকল রোগের দ্বারা জীবনী-শক্তির ক্ষয় উপস্থিত হয়, স্ত্রীলোক দিগের রজস্বলা বা গর্ভধারণ কালিক উপসর্গ, গুঠলি র্দ্ধি, গুঠলির প্রাচীন রোগ, পাকস্থলীর অথবা পরিপাকের যন্ত্র সকলের প্রাচীন বিক্কৃতি, প্রচীন পচা ঘা, প্রভৃতি রোগেতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

ক্যাস্থার।ইডিস্থা ক্যাস্থারিস্।

... প্রতিষেধক ও দোষদ্ব।—কপূর্, বিনিগার্, এল্কোহল্।

এই ঔষধ শিরা সকলের ক্ষুদ্র গ্রন্থিতে এবং রক্ত পরি-চালন বিষয়ে অতি শীপ্র কার্য্য করে ও মূত্র-স্থলী, মূত্র গ্রন্থিতে এবং তাহার নিকটস্থ স্থানের উপর বিশেষ অধিকার রাখে। মস্তিক্ষের এবং মেরুদণ্ড সংশ্লিষ্ট শিরা সকলের প্রদাহ, মস্তিক্ষ প্রদাহ জন্য প্রবল জ্বর, মূত্রস্থলী, মূত্র গ্রন্থির স্ফীততা ও প্রদাহ এবং জরায়ু ও তরিকটস্থ যন্ত্র সকলের বিকৃতি, ইত্যাদি উপ-সর্গে এই ঔষধ বিশেষ উপকারী।

ক্যাপ্সিকন্।

প্রতিষেধক ও দোষন্ন।—কপূর।

এই ঔষ্ধ মস্তকের এবং পরিপাক যন্ত্রের নানাবিধ রোগে বিশেষ উপকারক।

कारमानिला।

প্রতিষেধক ও দোষত্ম।—একোনাইট্, ইগ্নেশিয়া, নুক্স- • বমিকা, পল্সেটিলা।

এই ঔষধ যান্ত্রিক শিরা সম্বন্ধে ও যক্ততের উপর, পাক-স্থলী, অন্ত্রের, সামান্তিঃ রক্ত পরিচালনের, মূত্র-স্থলী ও মূত্র গ্রন্থি ও তন্মিকটস্থ স্থানের উপর বিশেষ অধিকার রাখে।

প্রায় সমস্ত প্রকার পিত্ত জন্য প্রদাহ বিশিষ্ট রোগ, কামলা, শিরা সম্বন্ধীয় যন্ত্রের প্রবল বিক্তি, এবং তাদৃশ বিক্তি জন্য, বিশেষতঃ স্বাভাবিক ঘর্মাবরোধ বশতঃ যে সকল টক্ষার উপসর্গ উপস্থিত হয়, প্রদাহ বিশিষ্ট দম্ভ রোগ, বর্ণঃ- স্থলের গুঠলি সকলের স্ফীততা, অথবা হীম সেবন জন্য যে সকল চক্ষুঃ, কর্ণ, ইত্যাদিতে প্রদাহ বিশিষ্ট উপসর্গ উপস্থিত হয়, অত্যন্ত যাতনা বিশিষ্ট প্রদাহ জন্য রোগ, নিঃশ্বাস প্রশ্বাদের যন্ত্রের এবং প্রাশয়ের বিক্তি, ইত্যাদি রোগে এই ঔষধ বিশেষ উপকারী।

ক্যাভেক্রিয়া।

প্রতিষেধক ও দোষত্ম।—কপূর, এসিডম্-নাইট্রিকম্।

এই ঔষধ শারীরিক স্বাস্থ্য রক্ষা, যান্ত্রিক পোষণ, রক্ত-পরি-চালন এবং শারীরিক মলাদি নির্মমন, ও পরিশোষণ বিষয়ে সমভাব রক্ষার নিষিত্তে অসীম শক্তি ধারণ করে।

শৈশবাবস্থায় এবং বাল্যকালে অবসান্ধ সুংঘটিত যে সকল রোগ উপস্থিত হয় তৎপক্ষে এই ঔষধ পরমোপকারক। অহি অথনা চর্মের হর্দ্দম্য রোগ সকলের পক্ষে, ইহা উপকারক ও অতিশৈশবাস্থায় শারীরিক যন্ত্র বিক্তৃতি জন্য দৌর্বল্য হইলে এই প্রথ প্রয়োগ করিলে সর্বতোভাবে বলিষ্ঠকায় করে। পরিশাক যন্ত্রের প্রাচীন রোগ সকল, প্রাচীন চক্ষুই রোগ, ও চক্ষুর পাতার ক্ষীততা জন্য রোগ সমুদয়, প্রাচীন কর্ণ-রোগ, গুঠলির কঠিনতা এবং যা, নানাবিধ ক্ষোটক, আন্ধুলহারা, প্রাচীন ক্ষত, স্বাভাবিক মস্তকে শ্লেয়াবদ্ধতা, ও জরায়ু সমন্ধীয় নানাবিধ প্রাচীন উপসর্গ, স্বাভাবিক গর্ভজ্ঞাব, শিশুর উদর রৃদ্ধি, ও নিঃশ্বাস প্রশ্বাসের যন্ত্র সমন্ধীয় প্রাচীন রোগ সকলে এই তিষধ বিশেষ উপকারী হয়।

कार्गिकिश्दर्गिकम्।

প্রতিষেধক ও দোষত্ব।—কপূর, কফি।

এই ঔষধ, মূত্রস্থলীয় ক্ষীততা, পাকস্থলীয় অমু উদ্গীরণ, কফ, শোখঃ, কোষ্ঠাবরোধ, মাঢ়ি দিয়া রক্তত্থাব, গর্ভকালীন পশ্চান্তাগে বেদনা, অনিদ্রা, প্রভৃতি রোগে উপকারক।

कालि-वाहे कामान्।

প্রতিষেধক ও দোষত্ম।—প্রকাশিত হয় নাই।

এই ঔবধ, মস্তকে শ্লেষ্মা বদ্ধ, মাজা ছইতে চরণ পর্য্যস্ত শিরার যাতনা, এক প্রকার কাশী, অজীর্ণ, গ্রন্থিবাত প্রভৃতি রোগেতে উপকারক হয়।

कार्तिखिडेना ।

প্রতিষেধক ও দোষত্ম।—প্রকাশিত হয় নাই।

এই ঐষধ প্রায় বাহে প্রয়োগ করা যায়, এবং অস্ত্র চ্ছেদন জন্য যা, ও কীটাদি দংশন জন্য উত্তাপ নির্ভির নিমিত্ত বিশেষ রূপে কেবল বাহ্যিক, ও ছেঁচা ঘা, স্থান বিশেষের মোচ্-ড়ানি, শুঠলির রৃদ্ধিতে, অস্তর বাহে ব্যবহৃত হইয়া থাকে।

গ্ৰাকাইটিন্।

প্রতিষেধক ও দোষত্ম।—আর্দেনিকম্, নক্স-বর্মিকা, মদ্য। এই ঔষধ চর্মো, এবং গুঠলি সকলে, পাকস্থলী, জরা-য়ুতে ও তন্নিকটস্থ স্থানে, বিশেষ অধিকার রাখে।

ক্লেদ বিশিষ্ট দক্রবৎ চুল্কানি, বহুকালস্থারী যা, গুঠলি সকলের রাদ্ধি এবং কঠিনতা, প্রস্থিত বা রসবাত ব্যতি-রেকে প্রস্থি সকলের ক্ষাততা, ও তাদৃশ রোগ জন্য অজী-র্গতা, শরীরের যে সকল স্থান সর্বদা সংলগ্ধ থাকে সেই সকল স্থান ফাটা, ত্র্দ্দিয় অর্শঃ, প্রাচীন কোষ্ঠবদ্ধতা, কাছ্দাউদ্, আবু, লোম বিশিষ্ট স্থানে দক্র, ইত্যাদি রোগে এই ঔষধ বিশেষ উপকারক।

চায়্না ৷

প্রতিষেধক ও দোষত্ম ।—আর্দেনিকম্, ইপিক্যাকুয়ানা, নক্স-বমিকা, সল্ফর্।

ওই ঔষণ পাকস্থলী ও অন্তের, পাত, প্লীহা, যক্কতের

উপর, এবং মলাদির শোষণ ও নিঃসরণ বিষয়ে, বিশেষ অধি-কার রাখে।

পারা ব্যবহার বা বিরেচক ঔষধ সেবন জন্য শারীরিক রসক্ষয় হওয়াতে, বা অতিরিক্ত পরিমাণে রক্ত ক্ষয় জন্য যে দৌর্বল্যজ রোগ উপস্থিত হয়, প্রথমতঃ শরীরের উপর হরি-দোক্ত হইয়া পিত্ত চিহ্ন প্রকাশানন্তর যে সকল দৈশিক বা সাময়িক দোষ জন্য জ্বর উৎপন্ন হয়, এবং যে সকল পীড়াতে পূর্বের কুইনাইন্, ব্যবহৃত না হইয়া থাকে, তৎপক্ষে প্রাচীন ও মূহ জ্বর, পিত্ত চিহ্ন সংযুক্ত পাকস্থলীর এবং উদরের প্রাচীন রোগ, দৌর্বল্য, যক্কৎ এবং প্লীহার তরুণাবস্থায় ও প্রাচীনা-বস্থায়, প্রাচীন অতিসার, শোথঃ ও উদরীয় শোথঃ প্রভৃতি নানাবিধ রোগে পরমোপকারী হয়।

জিন্ধ ।

প্রতিষেধক ও দোষত্ব।—কপূর, হেপার্, ইগ্নেশিয়া।

এই ঔষধ যান্ত্রিক শিরা সম্বন্ধে, এবং স্বতঃ-পরিচালন-বিষয়ক মাংসপেশী সকলের, ও মস্তিক্ষের উপর আশু অধিকার করে।

মস্তিক্ষের প্রবল বিক্নতির দহিত প্রদাহ, কোন প্রকার স্বাভাবিক আবের হঠাৎ অবরোধ জন্য মস্তিক্ষে বিক্নতি, স্বতঃ-পরিচালন-শক্তি, বা স্থানিক অবসন্নতা, মস্তিক্ষ উত্তেজনা জন্য টক্ষার রোগ, ইত্যাদিতে এই ঔষধ বিশেষ উপকারী।

টারি ক্লিক্ম।

প্রতিষেধক ও দোষত্ম।—(?) অর্থাৎ প্রকাশিত হয়-নাই।

এই ঔষধ পিতু আবের হ্রাসতা জন্য যক্তের জড়তা,
উদরাদ্ধান, দক্ষিণ পার্শ্বে বেদনা, প্রভৃতিতে বিশেষ উপকারী
হয়

ডল্কেমেরা।

প্রতিবেধক ও দোষত্ম ।—কপূর, ইপিক্যাকুয়ান। মর্কিউ-রিয়স্।

এই ঔষধ শ্লেষ্মা-পরিচালক-যন্ত্রের নানা বিভাগে, ক্ষুদ্র ও
রহদক্র ও মূত্র নিঃসরণের প্রণালির, এবং রক্ত পরিচালক
শুঠলি সকলের উপর বিশেষ অধিকার রাখে। জল মধ্যে
প্রবিষ্ট থাকাতে বা হিম লাগাতে, বায়ু-প্রবাহক-প্রণালীতে,
গলার ভিতর, চক্ষুর পাতায়, নাসিকারদ্রের ভিতর, শ্লেষ্মা একত্র
হওয়াতে যে সকল পীড়া হয়, তাহার প্রারন্তে এই ঔষধ সেবন
করিবামাত্র তৎক্ষণাৎ নিবারিত হয়। শুঠলি সকলের কঠিনতা
গুক্ষাততা, গন্ধক বা পারা ইত্যাদি অধিক পরিমাণে সেবন জন্য
যে সকল চর্মা রোগ, চুল্কানি, ক্লেদ বিশিষ্ট চক্ষুঃ ফুলা, সরল কাশী,
হাঁপানি, অথবা বয়ু-প্রবাহ-প্রণালী মধ্যে, যে সকল শ্লেষ্মজ
রোগ উপন্থিত হয়, হর্দ্দেয় মস্তকে শ্লেষ্মা-বদ্ধতা, মূত্র নিঃসারকপ্রণালী দ্বারা বহু কাল স্থায়ী আবে, এবং শোথঃ জন্য ক্ষীততা
প্রভৃতি শ্লোগেতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

ডিজিটেলিস্।

প্রতিষেধক ও দোষত্ম।—নক্স-বিমিকা, অহিকেণ (আকিং)।
এই ঔষধ রক্ত পরিচালক যন্ত্র সকলের এবং পাকস্থলীর
উপরিভাগে ও মূত্রস্থলী ও তন্নিকটস্থ স্থানের উপর বিশেষ
অধিকার রাখে।

হৃৎপিণ্ডের, এবং শারীরিক রহৎ যন্ত্র সকলের রোগাদি, রক্ত পরিচালনের অবরোধ বা ঘোরতর বিকার, প্লীহা, পাত বা যান্ত্রিক গুঠলির রোগ, যাহাতে কামলা প্রকাশিত হয়, পর্কাশ-য়ের এবং অন্ত্র সকলের প্রদাহ বিশিষ্ট রোগাদি, পিত বিক্তৃতি, বক্ষঃস্থলের বা উদরের অথবা সর্বাঙ্গিক শোথঃ, মস্তুকে জলবদ্ধ, মৃত্র ধাতুস্থ জ্বর, প্রভৃতিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

ড্রোদেরা।

প্রতিষেধক ও দৌষত্ম।—কপূর।

নিঃশাস প্রশাসের যন্ত্র সকলের রোগ, বিশেষতঃ বায়ু-বাহক-প্রণালির অগ্রভাগের শ্লেয়জ রোগ, সামান্য কফ জন্য স্থরভঙ্গ, উৎকাশী, গলদেশের স্ফীততা, দর্শনেন্দ্রিয়ের অসা-ধারণ পরিবর্ত্তন, পাকস্থলীর বিকৃতি প্রভৃতি রোগেতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

मृग वावद्यं विकिश्मा मीशिका।

থুজা।

প্রতিষেধক ও দোষত্ম।—ক্যামোমিলা, ককিউলস্, মর্কিউ-রিয়স্।

এই ঔষধ বসন্ত রোগ নিবারণের পক্ষে বিশেষ উপকারক, এবং চর্ম্মের উপর মাংস রদ্ধি, স্থানীয় কঠিনতা, বা উপদংশ প্রভৃতি নানাবিধ রোগে উপকারী হয়।

নক্ল-বমিকা।

প্রতিষেধক ও দোষত্ম।—বেলাডোনা, কপুর, ক্যামোমিলা, কফি, ওপিয়ম্।

এই ঔষধ, পাকস্থলীর বা যান্ত্রিক শিরা সকলের, ভুক্ত-দ্রব্য-বাহক-প্রণালীর উপর বিশেষ অধিকার রাখে। মস্তিক, যক্তৎ, মূত্র-গ্রন্থি, প্রভৃতির উপর ও শীদ্র কার্য্য করে।

পাকস্থলীর বিক্কতি, পিত্ত জন্য পীড়া, ক্ষীণ, পিতাধিক্য ধাতু বিশিষ্ট, অথবা বলিষ্ঠ, বা গৃহিণী রোগ বিশিষ্ট ব্যক্তি-গণের উদরের পীড়া, শিরা সমন্ধীর উত্তেজনার আধিক্যতা, উপর্যুপরিভাবে কোষ্ঠবদ্ধতা, ও অতিসার, যক্কতের যান্ত্রিক বিক্কতি, প্রদাহ বিশিষ্ট স্থরাদি, স্ত্রীলোকের জরায়ু-দোষ জন্য মূর্চ্ছা রোগ, পিত্তজ বিরতি স্থর, পাকস্থলীর প্রাচীন বিক্কতি, শ্লোয়োডুত স্থর এবং উদরের পীড়া, অর্শঃ, অত্যন্ত পাঠে নিমগ্ন থাকায়, রাত্রি জাগরণ, ও তীত্র মদ্যাদি সেবন জন্য যে সকল উপসর্গ উপস্থিত হয়, কএক প্রকার অন্তর্যন্থ বা সন্ততঃ স্থার, গর্ভ কালীন পাঁকস্থলীর বিক্কতি, মৃত্রস্থলীর এবং মৃত্র প্রস্থিয়ের প্রদাহ বিশিষ্ট উপসর্গ, বাত রোগ, প্রভৃতিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

না টুম্-মিউরিএটিকম্।

প্রতিষেধক ও দোষত্ম।—আর্সেনিকম্, কর্পুর।

পরিপাক-শক্তির বা আর্ত্তবের স্বাচ্চাবিক বা প্রাচীন বিক্লতি, সন্তত জ্বর কালীন অতিরিক্ত পরিমাণে কুইনাইন্ সেবন জন্য যক্ততের বা প্লীহার, যে সকল প্রাচীন রোগ হয়, ধাতুস্থ জ্বর, শারীরিক রসোভাগের অম্পতা জন্য হর্ষলতা, চর্ম্বের বা মাঢ়ির প্রাচীন রোগ, ঘাড়ের গুঠলির র্দ্ধি, হর্দ্দম্য কোষ্ঠবদ্ধতা, বা অতিসার, প্রাচীন চক্ষুঃ রোগ, অর্শঃ প্রভৃতি রোগেতে এই শুষধ বিশেষ উপকারী হয়।

পডোফায় লম ৷

প্রতিষেধক ও দোষত্ব।—(?) অর্থাৎ প্রকাশিত হয় নাই।
এই ঔষধ পিত্ত জন্য পাকস্থলীয় বিক্রতি, যক্ততের জড়তা,
যক্তৎ রদ্ধি, ও যক্কতের উপর স্ফোটক প্রভৃতি রোগে বিশেষ
উপকারী হয়।

পरकारिका ।

প্রতিষেধক ও দোষত্ব।—ক্যামোমিলা, কফি, ইগ্নেশিয়া, নক্স-বমিকা।

এই ঔষধ হাম স্থার বা মূহ্ ধাতুস্থ স্থার, অজীণের সহিত প্রবল স্থার, অতিরিক্ত আবের সহিত চক্ষুঃ এবং কর্ণের প্রাদাহ বিশিষ্ট রোগ, পিত্ত স্থার, পিত্ত বিক্তৃতি, পিতৃজ বিরতি স্থার, শিশুর বিরতি জ্বর, হিম-সেবা জন্য নিঃশ্লাস প্রশাসের বা পরিপাকের যন্ত্র সকলের বিকৃতি, গুরু-পাক দ্রুব্য ভোজন, জন্য পাকস্থলীর বিকৃতি, সন্তান প্রস্নবের সময় অধিক কাল-স্থায়ী বেদনা, আর্ত্তব দোষ অর্থাৎ বদ্ধার্ত্তব, কন্টার্ত্তব ও তজ্জন্য যে সকল উপসর্গ উপস্থিত হয়, অতিসার এবং উদরের অন্যান্য পীড়া, গ্রন্থিবাত ও বাত রোগ প্রভৃতিতে বিশেষ উপকারী হয়।

পিট্রোলয়ম্।

প্রতিষেধক ও দোষত্ম।—একোনাইট্, নক্স-বমিকা।

প্রাচীন চর্মা রোগ, সাধারণতঃ ক্লেদ বিশিষ্ট কৃচ্চুড়ি ইত্যাদি, চর্মা ফাটিয়া যাওয়া, শ্লেয়া জন্য চন্দুঃ এবং চন্দুর পাতা কোলা, শিশুর ক্লয় রোগ, প্রাচীন কর্ণ রোগ, হর্মলতার সহিত প্রাচীন পাকস্থলীর বিক্তি, ইত্যাদিতে এই ঔষধ বিশেষ উপকারী।

क्षच्य ।

প্রতিষেধক ও দোষত্ম ৷—বেলাডোনা, মর্কিউরিয়স্,
নক্স-বমিকা, ওপিয়ম্ ৷

সাম্প্রতঃ শোধঃ রোগ, উদরের জড়তা, পরিপাক-শক্তির বাধাদায়ক যান্ত্রিক কার্য্যের লঘুতা, উদরের শৃশবৎ বেদনা, অপস্মার, প্রভৃতি টক্কার বিশিষ্ট রোগ সকল, পাকস্থলীর এবং উদরের প্রদাহ বিশিষ্ট রোগ, প্রাচীন যক্তৎ এবং প্লীহা রোগ, ফ্রা রোগের সহিত শারীরিক অবসন্নতা, হুর্দ্দম্য কোষ্ঠ-বদ্ধতা বা অতিসার, ও শ্বাস রোগাদিতে এই ঔষধ বিশেষ উপকারী।

প্লাটিনম্ ৷

প্রতিষেধক ও দোষত্ম।—পল্সেটিলা।

উপ্র স্বাভাবা স্ত্রীলোকদিগের স্থৃতিকা রোগ, সতিরিক্ত রজঃস্রাব জন্য রজস্বলা কালীন যাতনা এবং মূর্চ্ছা রোগ প্রভৃ-তিতে এই ঔষধ বিশেষ উপকারী।

ফশ্রস্

প্রতিষেধক ও দোষত্ম-কপূর, কফি, নক্স-বমিকা, মদ্য।

শরীর পোষক যন্ত্র সকলের এবং নিঃশ্বাস প্রশ্বাসের ও পরিপাকের বিক্কৃতি, হুর্বলকারক অতিসার, ফুস্ফুস্ যন্ত্রের বা বায়ু-বাহক-প্রণালীর ক্ষীততা, মূহ স্থারের সহিত অন্ত্র মধ্যে, মন্তিক্ষে অথবা ফুস্ফুস্ যন্ত্রের স্থান বিশেষে রক্তবদ্ধতা, বৈকা-লিক জ্বর, মূহ স্থার, ক্ষয় রোগ বিশিষ্ট স্থার, প্রাচীন বাত রোগ, অগ্রি-মান্দ্য, হ্র্বলকারক ঘর্মের সহিত রাত্রিকালের জ্বর, জলবং আবের সহিত শারীরিক গুঠলির প্রাচীন ঘা, (যাহা আরোগ্য হইয়া পুনর্বার প্রকাশিত হয়,) পাক-স্থুলীর এবং সাজ্বের প্রাচীন ক্ষ্যীততা, ওলাউঠার শেষ রোগ প্রভৃতিতে এই ঔষধ বিশেষ উপকারজনক হয়।

ফেরম।

প্রতিষেধক ও দোষত্ম।—আর্দেনিকম্, চায়্না, ইপিক্যা— কুয়ানা, পল্সেটিলা।

এই ঐষধ পাকস্থলী এবং নিঃশ্বাস প্রশ্বাসের যন্ত্র সকল, জরায়ু ও তরিকটস্থ স্থান সকলের উপর বিশেষ অধিকার রাখে।

শারীরিক পরিশোষক যন্ত্র সকলের হর্বলতা, রসঃ বা রক্ত ক্ষয় জন্য দৌর্বল্য, হর্বলতার সহিত শারীরিক যন্ত্রে বা স্থান বিশেষে রক্তবদ্ধ, হস্ত পদাদির অগ্রভাগে আরম্ভ হইয়া সর্বাঙ্গীন শোখঃ, স্বাভাবিক অগ্রিমান্য, ভুক্ত-দ্রুব্য বমন, বা বিরেচন, বক্ষঃস্থলে রক্ত বদ্ধ, প্রাচীন কাশী, কফ, ইত্যাদি, (যদ্ধারা ক্ষয় রোগ উপস্থিত হইবার সম্ভব থাকে,) ক্রমশঃ মাংশ ক্ষয়, হ্র্বলতার সহিত হাৎকম্প, হৃদ্দিম্য প্রদর রোগ, বহু পরিমাণে কুইনাইন্ ব্যবহার করাতে যে সকল পালা জ্বর হয়, ইত্যাদি রোগে এই ঔষধ বিশেষ উপকারী।

বেরাটুম।

প্রতিষেধক ও দোষত্ম।—একোনাইট্, কপূর, কফি,।

পিত্তজ সন্তত জ্বর, সামান্যতঃ পিত্ত বিক্কৃতি, পিত্ত-বিক্কৃতি জন্য বমন এবং বিরেচন, ওলাউঠা, অতিসার, তয় জন্য টক্কার রোগ, শুক্ষ, ও চক্রাকার চর্ম্ম-রোগ, স্থৃতিকার পীড়া, আর্ত্তব দোষ জন্য বার্ত ব্যাধি ইত্যাদিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

(रलाएजाना।

প্রতিষেধক ও দোষত্ম ।—কিফি, ওপিয়ম্, পল্সেটিলা, মদ্য।

এই ঔষধ মস্তিক্ষ, গুঠলি, এবং যান্ত্রিক শিরা সকলের
উপর বিশেষ অধিকার রাখে।

শারীরিক অত্যন্ত প্রয়োজনীয় যন্ত্র সকলের বা স্থান বিশেষের মধ্যে রক্তবদ্ধ হইয়া প্রদাহ জন্য টক্কার উপদর্গা, মন্তিক্ষ এবং শিরা সম্বন্ধীয় বিক্রতি জন্য প্রদাহ বিশিষ্ট প্রবল স্থার, রসঃ ও পিত্তজ স্থার, মন্তিক্ষের প্রদাহ, মেরু দণ্ডের স্ফীততা, পাকস্থলী, অন্ত্র, যক্তৎ, কুস্কুস্ যন্ত্রাদির স্ফীততা, নিঃশ্বাস প্রশান সের যন্ত্র সকলের নানাবিধ বিক্রতি, জরায়ুর স্ফীততার সহিত বিক্রতি, প্রদাহ যুক্ত চর্মা রোগ, সামান্যতঃ প্রদাহ বিশিষ্ট স্ফীততা, গুঠলির স্ফীততা এবং প্রদাহ, প্রলাপ, বিষযুক্ত জন্তু, দংশন জন্য জলভীতি, শিশুর দন্ত উঠিবার সময় টক্কার রোগ প্রদাহের সহিত মুধ বা দন্ত রোগ, গলার ভিতর রক্তবর্ণ হইয়া ফুলা প্রভৃতিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

ব্রায়েশিয়া।

প্রতিষেধক ও দোষত্ব।—একোনাইট্, ক্যামোমিলা, নক্স-বমিকা, ইগ্নেশিয়া।

পাকস্থলীর প্রবল বিক্নতির সহিত প্রদাহ বিশিষ্ট উপসর্গ সকল, প্রদাহান্তিত ধাতুস্থ জ্বর, বিকার জ্বর, ফুস্ফুস্ যন্ত্রের প্রবল প্রদাহ, পাকস্থলীর এবং যক্তবের প্রদাহ, পিত জ্বর, পিত্ত জন্য পালা জ্বর, প্রদাহ বিশিষ্ট চর্মা রোগ, প্রবল বাত রোগ, নানাস্থানীয় প্রদাহ সংশ্লিষ্ট স্ফীততা, গ্রন্থি সকলের নিকট, উত্তপ্ত ও রক্তবর্ণ ক্ষোটক সকল, প্রান্থি সকলের উত্তাপের সহিত ক্ষীততা, প্রবল কোষ্ঠবদ্ধতার সহিত প্রদাহ যুক্ত উদ্রেক্ত প্রীড়া, এবং জরায়ু সম্বন্ধীয় প্রদাহ বিশিষ্ট, রোগাদিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

बाबाग्री।

প্রতিষেধক ও দোষদ্ব।—বেলাডোনা, কপূর, ডল্কেমেরা, মর্কিউরিয়স্।

নিঃশাস প্রশাসের যন্ত্রের প্রাচীন রোগ, গুঠলি সকলের প্রদাহান্থিত ক্ষীততা, বা কাঠিন্য, প্রদাহ বিশিষ্ট বেদনার সহিত জিহ্বাব গোড়ার গুঠলি রদ্ধি, প্রাচীন বা শিশুগণের সাধারণ রোগ, প্রাচীন চর্ম রোগ, হর্দ্দম্য দক্ত রোগ, শ্লেয়া জন্য কর্ণ, চক্ষুঃ, চক্ষুর পাতা, এবং গুঠলি সকলের রোগ, পাকস্থলীর প্রাচীন বিক্লতি, প্রভৃতি রোগেতে এই ঔষধ বিশেষ উপকারক হয়।

মকিউরিয়স্। *

• এই মামে চারি প্রকার ঔষধ ব্যবহৃত হইর। খাকে অর্থাৎ মর্কিউরিয়্রন্-করোলাইবল্, মর্কিউরিয়ল্-লোলিউবিলিল্, মর্কিউরিয়ল্-বাইবল্, এবং মর্কিউরিয়ল্-আরোডেটল্, ইহাদিগের মধ্যে শেবোজনী ভিন্ন এই পুস্তকে পুর্কোক্ত তিমটী ব্যবহৃত হইয়াছে, অতএব বে লক্ল স্থানে বিশেষ নাম লিখিত না হইয়া কেবল মর্কিউরিয়ল্ লিখিত আছে দেই সকল স্থানে পুর্কোক্ত তিম্টীর মধ্যে যে কোন একটা দেওয়া বিধের।

় মকিউরিয়স্-করোস∤ইবস্।

প্রতিষেধক ও দোষত্ম ।—এসিডম্-নাইট্রিকম্, হেপার্, ওপিয়ম্, সার্সাপ্যারিলা, সল্ফর্।

এই ঔষধ যন্ত্র সকলের, বিশেষতঃ রক্তামাশয় প্রভৃতির উপর বিশেষ কার্য্য করে।

यर्कि छेत्रियम्-(मोनिউविनिम्।

প্রতিষেধক ও দোষত্ম ৷—মর্কিউরিয়স্-করোসাইবসের ন্যায় ৷

এই ঔষধ এবং উপরোক্ত ঔষধ, রক্ত পরিচালন বিষয়ে, সমস্ত শিরা সম্বন্ধে, শ্লেয়া পরিচালক-স্ক্রম-চর্মের, ও অন্থি, স্লায়ু প্রভৃতি শারীরিক অত্যন্ত প্রয়োজনীয় যন্ত্র সকলের উপর, বিশেষ অধিকার রাখে। তজ্জন্য বিষম পোষ্ণবশতঃ শারীরের মধ্যে যে সকল রোগ উপন্থিত হয়, তাহাতে বিশেষ উপকার করে। যে সকল কত দিয়া জলবৎ পাতলা রসঃ নির্গত হয়, গুঠলি সকল প্রদাহ বিশিষ্ট হইয়া স্ফীত, বক্ষঃস্থল, য়য়্রহ্ বা শ্লীহার স্ফীততা, আমাশয়, পিত্ত নিঃসরণ, শুদ্ধ কণ্ডু, য়য়্র-তের বিক্রতি জন্য কামলা, বদনের স্ফীততা, ক্রমি রোগ, শ্লেয়জ ব্যাধি সকল, কাশী, কএক প্রকার শোথঃ, প্রবল উদর বিক্র-তির সহিত য়য় জ্বর, প্রভৃতিতে পূর্ব্বোক্ত এবং এই ঔষধ বিশেষ উপকারজনক।

মর্কিউরিয়স্-বাইবস্।

প্রতিষেধক ও দোষত্ম।—পূর্ব্বের ন্যায়।

এই ঔষধ, জ্বরের সহিত, দক্ষিণ পার্ম্বে, পঞ্চরের নীচে, বেদনা থাকিয়া যক্কতের দোষ থাকিলে, গলার বেদনা, অতি-সার, কফ, অত্যস্ত ঘর্মের সহিত প্রবল জ্বর, শোথঃ, এবং মূত্রস্থলীর নানাবিধ উপসর্গে, বিশেষ উপকারী হয়।

রস্-টক্সিকোডেগ্রন্।

প্রতিষেধক ও দোষত্ব।—ব্রায়োনিয়া, ক্যাক্ষর্, কফি, সল্ফর্।

স্নায়ু, বন্ধনী-শিরা প্রভৃতি, এবং পাকস্থলী ও উদরের শ্লেয়া-পরিবাহক-স্ক্রম-চর্ম্মের ও রক্ত পরিচালনের উপর বিশেষ অধিকার রাখে। স্নায়ু সম্বন্ধীয় বাত রোগ, শ্লেয়াধিক্য ধাতৃ বিশিষ্ট ব্যক্তিগণের চর্মা রোগ, স্কুদ্রে ফোহ্না, লোম বিশিষ্ট স্থানের দক্রে রোগ, দৈশিক দোষ জন্য বিকার জ্বর, অজীর্ণ দোষ জন্য বিকার জ্বর, ধাতুস্থ জ্বর, অতিসার, আমাশয়, বাত রোগের তরুণাবস্থা, পাকস্থলী, অন্ত্র, বা ফুস্ফুস্ যন্ত্রের প্রদাহ. ইত্যাদি রোগে এই ঔ্রষধ বিশেষ উপকার করে।

রস্-রেডিকাান্স।

প্রতিষেধক ও দোষত্ম।—পূর্ববং !

এই ঐষধ উক্ত ঔষধের ন্যায় লক্ষণানুযায়ী ফলদায়ক হয়, বিশেষতঃ বিকারাবস্থায় নাড়ী অত্যন্ত ক্ষীণা হইলে বিশেষ কার্য্য করে।

লাইকোপোডিয়ম্।

প্রতিষেধক ও দোষত্ম।—কফি, কপূরি, পল্সেটিলা।

ইহা শারীরিক পরিশোষক এবং প্রক্ষারক যন্ত্র সকলের উপর প্রবল রূপে অধিকার রাখে। কিশেষতঃ পরিপাক-শক্তির বিকৃতি, নিঃশাস প্রশাসের প্রাচীন রোগ, প্রাচীন চর্ম্ম রোগ, অস্থি রোগ, স্ফোটক, কোষ্ঠবদ্ধতা, চক্ষুঃ এবং চক্ষুর পাতার স্ফীততা, যক্তের প্রাচীন রোগ, যান্ত্রিক দোষের সহিত প্রাচীন এবং মূহু জ্বর, স্থান বিশেষের শোগঃ, প্রকাশ্য কারণ ব্যতিরেকে মাংস ক্ষয়, প্রাচীন কফ, বহুকাল স্থায়ী বাত রোগ, প্রভৃতিতে, এই ঔষধ বিশেষ উপকারক।

नाकिमिम्।

প্রতিষেধক ও দোষত্ম।—আর্সেনিকম্, বেলাডোনা, চায়্না, এেসিডম্-ফস্ফরিকম্।

এই ঔষধ, যান্ত্রিক শিরা সকলের উপর অতুল্য শক্তি ধারণ করে।

জীবনী-শক্তির ব্রাসতা জন্য যে সকল বিক্কৃতি হয়, তৎপক্ষে বিশেষতঃ তীত্র প্রদাহ বিশিষ্ট রোগ সকলের দ্বিতীয় এবং তৃতীয় অবস্থার ক্ষীণতায়, অত্যন্ত মাদক দ্রুব্য ব্যবহার বা অতি-রিক্ত পরিমাণে পারা প্রভৃতি অন্যান্য প্রচণ্ড ধাতু ঘটিত ঔষধ সেবন জন্য যে সকল রোগ হয়, প্রায় যাবতীয় শিল্প সমন্ধীয় বহুকাল স্থায়ী রোগেতে, পিত্ত দোষ জন্য পাকস্থলীর এবং ভুক্ত-দ্রুব্য-বাহক-প্রণালির মধ্যন্থ প্রদাহ, খাস, কাশ, প্রভৃতি নিঃশ্বাস প্রশ্বাসের প্রণালীর রোগ, হৃৎপিণ্টের এবং রক্ত পরি-চালনের বিষমতা, ও বিক্কৃতি, মস্তিক্ষের প্রদাহ বিশিষ্ট, রোগ, প্রভৃতিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

क्षानम् ।

প্রতিষেধক ও দোষত্ম।—পল্সেটিলা।

এই ঔষধ ক্ষয় রোগের সহিত নিঃশাস প্রশাসের যন্ত্রের প্রাচীন রোগ, আন্তরিক মূহু জ্বর, প্রাচীন শ্লেয়া উঠা, এবং হর্মল শরীরে শ্লেয়া জন্য যে সকল রোগ হয়, উৎকাশী, স্ত্রীলো-কের স্থৃতিকা রোগ, শ্বেত প্রদর, এবং প্রাচীন জরায়ু যন্ত্রের রোগ, প্রভৃতিতে বিশেষ উপকারক হয়।

स्रो। किरमिथिश।

প্রতিষেধক ও দোষত্ম।—কপূর।

চুল্কানির ন্যায় প্রাচীন চর্ম্ম রোগ, রসংস্রাব বিশিষ্ট ফুক্ষ্ডি, পারা ব্যবহার জন্য যে সকল প্রাচীন রোগ হয়, মান-সিক বৈরক্তি জন্য পীড়া, আহারের আতিশয্য জন্য প্রাচীন উপসর্গ সকল, মাঢ়ির পীড়া, চক্ষুর পাতার প্রাচীন স্ফীততা, প্রবল দক্তে, জরায়ু সমন্ধীয় যান্ত্রিক রোগ সকল, আমাশয় প্রভৃতি প্রাকস্থলী, বা উদরের দোষ জন্য পীড়া, অন্থি রোগ, মুখ রোগ ইত্যাদিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

ষ্ট্রামোনিয়ম্।

গ্রতিবেধক ও দোষত্ম।—নক্স-বমিকা, আফিং, তামাকু, উদ্ভিজ্জ অমু।

শিরা সকলের প্রবল উত্তেজনার সহিত, পিত্ত জন্য প্রাদাহ বিশিষ্ট বিষম জ্বর, ধাতুস্থ জ্বর, প্রবল মস্তিক্ষের বিক্কতির সহিত বিকার জ্বর, মস্তিক্ষের স্ফীততা, এবং প্রাদাহ, মস্তিক্ষের প্রাদাহ জন্য টক্ষার ও অপস্মারাদি রোগ, প্রালাপ, মস্তিক্ষের শোখঃ, প্রভৃতি রোগেতে এই ঔষধ বিশেষ উপকারক হয়।

সাইকিউটা।

প্রতিষেধক ও দোষত্ম।—আর্ণিকা, তামাকু।

এই ঔষধ, মস্তিক্ষ, যান্ত্রিক শিরা সকল, ও বাহ্নিক চর্মা-দির উপর, বিশেষ অধিকার রাখে।

তামাকু ইত্যাদি কটু-দ্রব্য-ব্যবহার জন্য যে সকল টক্কার রোগ হয়, বহ্নিক আঘাত বা আন্তরিক যন্ত্রের বিক্কৃতি, ও মন্তিক্ষের প্রদাহ জন্য যে সকল অপস্মার, পক্ষাঘাত প্রভৃতি রোগ হয়, পাকস্থলীর এবং উদরের প্রদাহ বিশিষ্ট রোগ সকল, মাংসপেশীর সক্ষোচন, বা প্রসারণ, দাঁতি লাগা, স্থৃতিকাবস্থার মুর্চ্ছাদি রোগ, প্রভৃতিতে এই ঔ্বধ বিশেষ উপকারী।

সাইলিশিয়া।

প্রতিষেধক ও দোষত্ম।—কপুরি, ছেপার্।

শরীরের স্থান বিশেষে রক্ত বা অন্য প্রকার রসঃ, একত্র হওয়াতে গুঠলির প্রদাহ, এবং ক্ষত, বর্ণবিহীন স্ফোটক ইত্যাদি, থান্ত্রিক রদ্ধি ও কঠিনতা, চর্ম ফাটা, অস্থি রোগ, সমস্ত প্রকার শোপঃ, চক্ষুঃ এবং কর্ণ রোগ, পাকস্থলীর ও উদরের প্রাচীন - রোগ, মস্তকে স্বাভাবিক শ্লেয়া বদ্ধতা, যে সকল শ্লেয়জ ব্যাধিতে শক্তিহীন করে, প্রাচীন ঘা, হ্র্মলতা বা ক্ষীণতার সহিত স্থতিকা রোগ প্রভৃতিতে, এই ঔষধ বিশেষ উপকারী।

সিনা।

প্রতিষেধক ও দোষত্ম।—ব্রায়োনিয়া, কুইনাইন্, হায়ো-সায়েমস্, ইপিক্যাকুয়ানা।

এই ঔষধ যান্ত্রিক শিরা সকলের, পাকস্থলীর, ভুক্তবাহক-প্রণালীর ও মস্তিক্ষের উপর বিশেষ অধিকার রাথে।
শরীর পোষণের অপ্পতা জন্য সম্পূর্ণ মাংস-ক্ষয়ের সহিত যে
সকল মূর্চ্ছা ইত্যাদি রোগ হয়, অজীর্ণ রোগের সহিত ক্রমি
দোষ, মস্তিক্ষের শোথঃ এবং প্রদাহ, ও স্বাভাবিক ক্রমিদোষ
জন্য বালকগণের শয্যায় প্রস্রাব করা, প্রভৃতি রোগের পক্ষে
এই ঔষধ বিশেষ উপকারক।

मल्कत्।

প্রতিষেধক ও দোষত্ম।—একোনাইট্, কপূর, ক্যামো-মিলা, মর্কিউরিয়স্, নক্স-বমিকা, সিপিয়া।

এই ঔষধ ্রীনানাবিধ রোগের প্রথমাবস্থায় বা শেষাবস্থায়, বিশেষতঃ কোন প্রাকার পারা ঘটিত ঔষধ সেবন চারা যে সকল রোগ উপস্থিত হয় তৎপক্ষে বিশেধ উপকারী; আরও অনেকা- নেক রোগের চিকিৎসার প্রথমাবস্থায়, ইছা ব্যবহার করাইয়া পুনর্বার চরমাবস্থায়, ব্যবস্থা করা যায়। অপিচ গুঠলি
বা চর্ম্মের যাবতীয় প্রাচীন রোগ, বা যক্তৎ, প্লীহা, পাত
রোগ, প্রাচীন অজীর্গ রোগ, নিঃশ্বাস প্রশ্বাসের প্রণালীর এবং
রক্ত পরিচালনের যন্ত্রের প্রাচীন রোগাদিতে এই ঔষধ মধ্যে
মধ্যে প্রয়োজন হয়। বহুকাল স্থায়ী বাত রোগ, ছর্নিবার ঘা,
অহিসমন্ধীয় রোগ সকল, শোথঃ, এবং দৌর্বল্য জন্য রোগ
সমুদয়, স্ফোটক প্রভৃতি নানাবিধ চর্মা রোগের তরুণাবস্থায়,
ও প্রাচীন চক্ষুরোগ, শিরারোগ, বৈকালিক এবং মৃত্র ধাতুস্থ
জ্বর, বহুকাল স্থায়ী হুর্দ্দয়্য কোষ্ঠবদ্ধতা, বা ক্ষীণকারক অতিসার,
শ্বেত প্রদর, কফার্ভব, প্রভৃতি স্ত্রীলোকের রোগ ও যে সকল
রোগে এই ঔষধ পূর্বের অধিক পরমাণে ব্যবহৃত না হইয়া
থাকে তৎসমুদায়ে ইছাকে সাফল্যের সহিত ব্যবহার করা
যাইতে পারে।

সিকেল্।

প্রতিষেধক ও দোষত্ম।—কপূর।

এই ঔষধ জরায়ু এবং তন্নিকটস্থ শিরা সকলের উপর বিশেষ অধিকার রাখে। হুর্বলা, স্থৃতিকা-রোগ বিশিষ্টা স্থ্রীলোক সকলের টঙ্কার রোগ, শারীরিক নানাবিধ রস্কু হইতে রক্ত আব, ওলাউটার ঘোরতর বিকারাবস্থা, জরায়ুর অতিপ্র-বল রোগ, ও উদ্বেজনা, অতিশার রজঃআব, গর্ভ পাতের প্রারম্ভ কাল, অতিরিক্ত প্রসব বেদনা ইত্যাদিতে এই ঔষধ বিশেষ উপকারী হয়।

সিপিয়া।

প্রতিষেধক ও দোষত্ম।—একোনাইট্, এণ্টিমোনিয়ম্-টার্টে-রিকম্, বিনিগার্।

ওই ঔষধ নানাবিধ যান্ত্রিক দোষ জন্য প্রাচীন উপসর্গ, যাহা হুর্মলা এবং ক্ষীণা স্ত্রীলোকগণের হইয়া থাকে, তৎপক্ষে এবং দক্ত ও স্ত্রীলোকের আর্ত্তব দোষ জন্য অজীর্ণাদি রোগে বিশেষ উপকারী।

ম্পঞ্জিয়া।

প্রতিষেধক ও দোষত্ম।—কপূর।

এই ঔষধ শ্লেয়া-বাহক-সুক্ষম-চর্ম্মের উপর এবং বায়ু-বাহক প্রাণালীর রোগ সকলে ও নানাবিধ শুঠলির রদ্ধি রোগেতে বিশেষ উপকারী হয়।

ম্পাইজিলিয়া।

প্রতিষেধক ও দোষত্ম ৷—অরম্, ক্যাম্ফর্, ৷

বদনের শিরাতে এবং বাত রোগ জন্য যে সকল যাতনা সময়ে সময়ে উপস্থিত হয়, সামান্যতঃ শিরার যাতনা, তীত্র বাতরোগ, ক্বমি জন্য উপসর্গ সকল, উদরের প্রবল বিক্কৃতির সহিত জ্বর, বক্ষঃস্থলে জল বন্ধ, কফ্ জন্য জ্বর, হৃৎপিত্তের যান্ত্রিক রোগাদির গাক্ষে এই ঔষধ বিশেষ উপকারী।

স্থাবাইনা।

প্রতিষেধক ও দোষত্ম।--কর্পুর, পল্সেটিলা।

এই ঔষধ জরায়ু এবং তন্নিকটস্থ স্থানে রক্ত বন্ধ জন্য যে সকল যান্ত্রিক উদ্বেজনা উপস্থিত হয়, তৎপক্ষে বিশেষ অধি-কার রাখে। গর্ভপাত আশক্কার সহিত গর্ভ কালীন অতিরিক্ত রজঃ আব, ও অত্যন্ত বেদনা, গর্ভকালীন, বা গর্ভপাতের পর, জরায়ু হইতে অতিরিক্ত পরিমাণে রক্ত আব, আর্ত্তব দোষ, গ্রন্থিয়াত এবং বাতরোগ, স্থৃতিকাবস্থায় দন্তরোগ, প্রভৃতিতে এই ঔষধ বিশেষ উপকারী।

হায়োসায়েমস্।

প্রতিষেধক ও দোষত্ম ৷--বেলাডোনা, কপূর্র, সিন্কোনা, বিনিগার্, ৷

এই ঔষধ মন্তিক্ষ এবং যান্ত্রিক শিরা সকলের ও রক্ত পরিচালনের উপর বিশেষ অধিকার রাখে। প্রবল শিরা সম্বন্ধীয় বিক্লতির সহিত প্রদাহ যুক্ত বা টক্কার বিশিষ্ট রোগ সকল, প্রদাহ বিশিষ্ট অপস্মার রোগ, প্রদাহ জন্য মন্তিক্কের এবং মানসিক বিক্লতি, প্রলাপ, ধাতুস্থ জ্বর, পশু কর্তৃক দংশন জন্য জলভীতি, প্রস্ব কালীন মূর্চ্চাদি রোগ, মন্তিক্কের শোথের তরুণাবস্থা, প্রভৃতি রোগেতে এই ঔষধ বিশেষ উপকারী।

হেপার্।

প্রতিষেধক ওলোষত্ম —িবেলাডোনা, ক্যামোমিলা, বিনিগার্। এই ঔষধ বায়ু-প্রবাহ-প্রণালীর সুক্ষম-ত্মকের উপর, যাব-তীয় গুঠলি এবং সর্বাঙ্গীন চর্ম্মের ও পরিশোষক ও প্রক্ষারক যন্ত্র সকলের, এবং লালা উৎপাদক গুঠলি সকলের উপর বিশেষ অধিকার রাখে। বদনে এবং মস্তকে বা শরীরের জেন্য স্থানে যে সকল প্রদাহ বিশিষ্ট ত্র্দ্দিয় চর্দ্ম রোগ উপস্থিত হয়, পারা দোষ জন্য নানাবিধ উপসর্গ, ত্র্ণিবার ঘা, (যাহা পচিয়া এবং গলিয়া যাইবার উপক্রম বোধ হয়,) বায়ু-বাহক-প্রণালির ভিতর প্রদাহ বিশিষ্ট স্ফোটকাদি, (যাহা পাকিবার সন্তাবনা), অতিরিক্ত পারা সেবন জন্য মাঢ়িতে বেদনা, নানাবিধ কাশী, এবং ক্ষয় কাশের উপক্রম, কর্ণের প্রদাহ, কর্ণ হইতে রসঃ আব, স্ফীততার সহিত গুটলি পাকিবার ন্যায় প্রদাহ, প্রাচীন বা তরুণ স্ফোটক, গুঠলির যা প্রভৃতিতে এই ঔষধ বিশেষ উপকারী।

शिलात्वातम्।

প্রতিষেধক ও দোষত্ব।—কপূর, চায়্না।

হঠাৎ হিম সেবন জন্য বা কোন প্রকার বিষ-ক্ষোটকাদি নিবারণ জন্য যে সকল শোথঃ রোগ উপস্থিত হয়, মস্তিক্ষের, কশেরুকা সম্বন্ধীয় প্রদাহ বিশিষ্ট উপসর্গ, অথবা শিরা সমূহের অবসন্ধতা প্রযুক্ত রোগাদিতে, এই ঔষধ বিশেষ উপকারী।

এই গ্রন্থে যে সকল ঔষধ ব্যবহৃত হ'ইয়ৄচিছ্ তাহার নিঘণ্ট ৷ *

া ককিউলস অরম। আর্ণিকা। কফি। আর্ফেনিকম্। কপূর্বের আরক। কলোসিস্থিস্। ইউফ্শেয়া। কল্চিকম্। हेट्या निया। ক্ষিক্য। একোনাইট্। কর্বো-বেজিটেবিলিস্ এণ্টিমোনিয়ন-ক্রুডম্। কুপ্রম্। এণ্টিমোনিয়ম্-টার্টেরিকম্ কোনিয়ম্। এলম্ । িক্যান্থ্যারাইডিম্ এসিডম্-নাইট্রিকম্। । ক্যাপ্সিকম্। এসিডম্-ফস্ফরিকম্। ক্যামোমিলা। এসিডম্-সল্ফরিকম্। ক্যান্কেরিয়া। ওপিয়ম।

• সদৃশ ব্যবস্থাস্থারী ঔষধে গুণমিশ্র ব্যবহৃত হইরা থাকে, তদ্বারা ঔষধের গুণনি ব্যবহৃত্ব হানে তারতম্য হয়, তাত এব এত দা ছে যে সকল স্থানে ঔষধের গুণমিশ্র বিষয়, বিশেষ রূপে লিখিত হইরাছে তথ তথ স্থানে সেই মত এবং তাস্ক্ত স্থানে যই গুণ মিশ্র ঔষধ ব্যবহার করিবেক। গুণমিশ্র, লিখিবার নিয়ম, যথা তারম্ ১ অর্থাথ এক গুণ মিশ্র, তারম্ ৬ অর্থাথ বিহংশ গুণ মিশ্র তারম্ ৪ অর্থাথ বিহংশ গুণ মিশ্র তারম্ ৪ অর্থাথ বিহংশ গুণ মিশ্র তারম্ ৪ অর্থাথ বিহংশ গুণ মিশ্র তার্থাথ বিহংশ গুণ মিশ্র তার্থাথ বার্থাথ বিহংশ গুণ মিশ্র তার্থাথ বার্থাথ বার

कार्णि-कार्तिनिकम्। ক্যু,লি-কাইকোম্যাস্ ক্যালেণ্ডিউলা। গ্ৰ্যাকাইটিস্। চায়্না। জিশ্বমূ। ট্যারেক্**সে**কম্। ডল্কেমের।। **ডिकिए** । ড়ে'শেরা। থুজা। নক্স-বমিক।। পডোকায়্লম্। পল্সেটিল।। পিট্রোলিয়ম্। क्षत्रम्। भ्राष्टिनम्। ফক্ষরিকম্। কেরম্। বৈরাটুম্। বেলাডোনা। ব্রায়োনিয়।। ব্যারায়টা।

মর্কিউরিয়স্-করোসাইবস্। মর্কিউরিয়স্-বাইবস্। মর্কিউরিয়স্-সোলিউবিলিস্ রস্-টক্সিকোডেন্ডুন্। রস্-রেডিক্যান্। লাইকোপোডিয়ম। ল্যাকিসিস। ষ্ট্যান্য। ষ্ট্যাফিসেগ্রিয়া। ক্রিনামে। माइकिউটা। সাইলিশিয়। मिना । সল্ফর। সিকেল। সিপিয়া। স্পঞ্জিয়া। স্পাইজিলিয়া। मार्गिश्वा। হায়োসায়েমস। হেপার্। (অর্পাৎ হেপার্-সল্-কর্) হিলেবোরস।

এতদ্যুম্থে যে সকল কঠিন শব্দ ব্যবহৃত হইয়াছে তাহার অর্থ।

অবসরতা, অবসাদ; এক প্রকার শক্তির হানি। অনু, সাঁত্ড়ি, ছুঁড়ি। আর্ত্তব, জ্রীলোকের মাসিক ঋতুকালীন যে রক্তবর্ণ পদার্থ নির্গত হয়। আবল্য, এক প্রকার অলম। উদরাদ্ধান, পেট ফাঁপা। উত্তানশায়ী, চিৎ হইয়া শয়ন করা। উপদংশ, গর্মির পীড়া। উপর্যুপরি, এক বার একটা পুনর্বার অপরটা, পুনর্বার প্রথম হইতে ঐ রূপে। কর্কশ কাশী, যে কাশীতে কর্কশ শব্দ হয়। কণ্ডু, চুল্কন। কফার্ত্তব, স্ত্রীলোকের বাধকের পীড়া। কশেরুকা, পিঠের ভাঁড়ার হাড়। ক্ষার, ভন্মের হার। কুদোর, পাকস্থলী হইতে রহদন্ত পর্যান্ত যে নাল-ভাগ ২৪ কুট্ দীর্ঘ। গৃহিণী, প্রাচীন অতিসার রোগ। ছিল্লি, বিরক্তিজনক সভাব। জরায়, ত্রীলোকের গর্ত্তে, যে স্থানে সন্তান পাকে। টক্কার, এক প্রকার শরীরের টান্।

ইন্দ্রিয় দ্বারা শরীরের উপর স্পর্শ বোধ হয়।

াবিশেষ বা যন্ত্রবিশেষ দিয়া জলবৎ পদার্থ নিঃসরণ।

যধ দ্বারা অন্ত ঔষধের বিষ দোষ নফ হয়।

👣 ভাষিক অবস্থা বিশেষ।

নিদান, রোগের আদি কারণ।
নিঃশেষিত, এক কালীন নিবারিত হওয়।।
পাকাশয়, আহার করিলে ভুক্ত-দ্রব্য প্রথমতঃ যে স্থানে থাকে।
প্রতিষেধক, যে ঔষধ, অস্থ ঔষধের গুণের বাধক হয়।
পারশোষক যন্ত্র, শরীরের যে যন্ত্র, রসঃ শোষণ করে।
পাকস্থলী, পকাশয় দেখ।
পিচ্ছিল, পিছ্লা, তৈলের স্থায় যাহা লিখিত হইয়াছে সেই অনুসারে।
প্রাক্রেক-যন্ত্র, শারীরিক যে যন্ত্র হইতে বাম্প উঠে।
ফুস্ফুস্ যন্ত্র, যে যন্ত্র হইতে নিঃশ্বাস প্রশ্বাসের গতি হয়।
বন্ধনি শিরা, শরীরের অভ্যন্তরন্থ এক প্রকার শিরা বিশেষ।
বলি, এক প্রকার রুটি।
বয়ু-বাহক-প্রণালী, কুস্ কুস্ যন্ত্র হইতে যে পথ দিয়া বায়ু চালিত হয়।

বায়ুরন্ত্র, শারীরিক যে সকল গহরে মধ্যে বায়ু নিবিষ্ট থাকে।
বিরাম, যখন আর কিছুই থাকে না।
বিরেচন, মলাদি নির্গত হওয়া।
বিষম, যাহা সমভাবে চলে না।
রহদন্ত্র, মলদার হইতে উদ্ধিদিগে হুই হস্ত পরিমাণ পর্যন্ত নাল।
ভুক্ত-দ্রেন্ত-প্রবাহক-প্রণালী, আহার করিলে যে পথ দিয়া ভুক্ত-দ্রা, মল-ভাতের দিকে চালি তহয়।
ভাতৃই, পক্ষীবিশেষ।

মল নিঃসরণের প্রাণালী, মলদার হইতে উদরের মধ্যে পরিমাণ যে নাল আছে ও যাহার মধ্যে মল থাকে।

মস্তিক, সাধারণ ভাষায় মগজ, মস্তকের ভিতর তুলার স্থ্যায় যে পদ

মাং সপেনী, শারীরিক মাংসবিশেষ যাহা স্বচ্ছ-স্ক্র-চর্মের দ্বারা^{র্ট} আরত

মূত্রস্থলী, উদরের অধোভাগে স্থিত থলিয়া যাহার মধ্যে মূত্র থাকে। মূত্রস্থাবক যন্ত্র, যে যন্ত্র দিয়া মূত্র নির্গত হয়।

মূত্র**ান্তি,** যে স্থানে মূত্র উৎপন্ন হয়।

মেরুদণ্ড, মন্তকের নিম্নভাগ হইতে কটিদেশ পর্যান্ত যে সকল অন্থি খণ্ড সজ্জিত আছে, অর্থাৎ পিঠের ডাঁড়া।

যান্ত্রিকস্রাব, শরীরের মধ্যন্থিত যন্ত্র হইতে রসাদি: নির্গমন।
যান্ত্রিকপোষণ, শরীরের অভ্যন্তরন্থ যন্ত্র, রসাদি দারা পোষিত হওয়া।
যান্ত্রিকশোষণ, যে ক্রিয়া দারা শরীরিক যন্ত্র, রসাদি টানিয়া লয়।

রেচন, রসাদি নির্থমন।

लाला, जनवर পिছना भार्थ।

সং মিষ্ট্ৰ, মিশ্ৰিত হওয়া, বা মিলিয়া থাকা।

স্তন্য, • স্তনের হ্রধ।

সূতিকা, সন্তান প্রদাব কাল সম্বন্ধীয়।

্রাবকষম্ভ্র, শরীরের যে যন্ত্র দিয়া রসাদি আব হয়।

স্থায়, শারীরিক শিরা বিশেষ।

হৃৎপিণ্ড, বক্ষঃস্থলের বাম ভাগের মধ্যে স্থিত ফুস্ ফুস্ যন্ত্রের একাংশ যাহার মধ্যে অপরিষ্কৃত রক্তভাগ প্রবিষ্ঠ হইয়া পরিষ্কৃত হঠয়ার পর সমস্ত শরীরে চালিত হয়।

বিজ্ঞাপন।

---600m

সদৃশ ব্যবস্থা (হোমিওপ্যাথি) মতের ঔষধ সকল মহানগর কলিকাতা লাল বাজারের ১২ নম্বর বাটীতে বেরিনি কোম্পানির ঔষধালয়ে পাওয়া যায়, অতএব ঘাঁহার উক্ত ঔষধ সকল গ্রহণেচ্ছা হইবে, তিনি উক্ত ঠিকানায় পত্র বা লোক প্রেরণ করিলে পাইতে পারিবেন।

প্রথধের মূল্য জানিবার আবশ্যক হইলে উক্ত কোম্পানির নিকট জানিতে এবং আবশ্যকীয় ঔষধের উপযুক্ত মূল্য প্রেরণ করিলে অনায়াসে পাইতে পারিবেন। প্রয়োজনীয় ঔষধ অনাইবার জন্য পত্র লিখিতে হইলে নিম্ন লিখিত নিয়মান্স্সারে লিখিতে হইবে।

निश्रम यथ।।

---000...:

একোনাইট্ ক্ষুদ্ৰ-বটিকা^ও ১ এক ড্ৰান্। আর্মেনিকন্^{১২} ... আরক ৪ চারি ড্ৰান্। ২ হুই ড্ৰান্। ১ এক আউন্স। ৪ চারি ডাম ইত্যাদি।